Ans B Solve অ্যালবুমিন, গ্লোবিউলিন, গ্লুটেনিন হলো সরল প্রোটিন। অপরদিকে নিউক্লিওপ্রোটিন, গ্লাইকোপ্রোটিন, লিপোপ্রোটিন ইত্যাদি সংশ্লেষিত প্রোটিন।

08. কোন এনজাইমের মাধ্যমে তৃণভোজী প্রাণী সেলুলোজ হজম করতে পারে? [BAU : 02-03]

Ⓐ ম্যাল্টেজ Ⓑ নিউক্লেজ Ⓒ β-গ্লাইকোসাইড Ⓓ ডায়াস্টেজ

Ans C Solve β-গ্লাইকোসাইড সেলুলোজ হজম করতে সাহায্য করে।

09. গ্লাইসিন কী? [BAU : 00-01]

Ⓐ লিপিড Ⓑ নিউক্লিক অ্যাসিড
Ⓒ কার্বোহাইড্রেট Ⓓ অ্যামিনো অ্যাসিড Ans D

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়

01. কোনটি প্রোটিন সংশ্লেষী? [SAU : 18-19]

Ⓐ অরনিথিন Ⓑ ট্রিপ্টোফ্যান Ⓒ সাইট্রুলিন Ⓓ হোমোসেরিন

Ans B Solve ট্রিপ্টোফ্যান হলো প্রোটিন সংশ্লেষী অ্যামিনো অ্যাসিড। অন্যদিকে অরনিথিন, সাইট্রুলিন ও হোমোসেরিন হলো নন-প্রোটিন অ্যামিনো অ্যাসিড। [Ref : হাসান]

02. রাইবুলোজের রাসায়নিক সংকেত কোনটি? [SAU : 18-19]

Ⓐ $C_5H_{10}O_5$ Ⓑ $C_6H_{12}O_6$ Ⓒ $C_{10}H_{22}O_{11}$ Ⓓ $C_4H_8O_4$

Ans A Solve এতে একটি (– CHO) গ্রুপ থাকায় এদের অ্যালডোপেন্টোজ বলা হয়। RNA-তে কেবলমাত্র রাইবোজ শুগারই নিউক্লিওটাইড বা নিউক্লিওসাইড তৈরিতে অংশগ্রহণ করে। [Ref : হাসান]

03. উদ্ভিদের সবচেয়ে গুরুত্বপূর্ণ ডাইস্যাকারাইড সুক্রোজের রাসায়নিক সংকেত– [SAU : 17-18]

Ⓐ $C_6H_{12}O_4$ Ⓑ $C_{12}H_{22}O_{11}$ Ⓒ $C_4H_{22}O_7$ Ⓓ $C_9H_{35}O_3$

Ans B Solve উদ্ভিদের প্রধান ডাইস্যাকারাইড হলো সুক্রোজ। সুক্রোজের রাসায়নিক সংকেত $C_{12}H_{22}O_{11}$।

04. ভিটামিন A, D, E, K, B_6 and B_{12} কোথায় সঞ্চিত হয়? [SAU : 16-17]

Ⓐ বৃক্ক Ⓑ অগ্ন্যাশয় Ⓒ পাকস্থলি Ⓓ যকৃৎ

Ans D Solve ভিটামিন A, D, E, K, B_6 ও B_{12} মানবদেহের যকৃতে সঞ্চিত হয়। [Ref : আজমল]

05. এনজাইমের বৈশিষ্ট্য নয় কোনটি? [SAU : 14-15]

Ⓐ এনজাইম হলো প্রোটিন
Ⓑ এর কার্যকারিতা pH দ্বারা নিয়ন্ত্রিত
Ⓒ এরা তাপপ্রবণ নয়
Ⓓ সাধারণত বহিঃক্ষরা গ্রন্থি থেকে নিঃসৃত হয়

Ans C Solve A, B ও D অপশনের বৈশিষ্ট্যগুলো এনজাইমের বৈশিষ্ট্য। তবে C অপশনের বৈশিষ্ট্যটি এনজাইমের জন্য সত্য নয়। [Ref : হাসান]

06. কোনটি পলিস্যাকারাইড? [SAU : 13-14]

Ⓐ সোলোবায়োজ Ⓑ সেলুলোজ Ⓒ রাইবুলোজ Ⓓ সুক্রোজ

Ans B Solve পলিস্যাকারাইড– স্টার্চ, সেলুলোজ, গ্লাইকোজেন ইত্যাদি।

07. কোনটি মেমব্রেন এনজাইম? [SAU : 13-14]

Ⓐ টায়ালিন Ⓑ পেপসিন Ⓒ ট্রিপসিন Ⓓ সুক্রেজ

Ans D Solve মাইক্রোভিলাই কোষের প্লাজমা মেমব্রেনে বিদ্যমান এনজাইমকে মেমব্রেন এনজাইম বলে। প্রধান মেমব্রেন এনজাইম হলো : অ্যামিনো পেপটাইডেজ, ম্যাল্টেজ, সুক্রেজ, ল্যাক্টেজ প্রভৃতি। [Ref : আলীম]

08. প্রোটিনের মূল গাঠনিক একক কী? [SAU : 12-13]

Ⓐ ফ্যাটি অ্যাসিড Ⓑ অ্যামিনো অ্যাসিড
Ⓒ নাইট্রিক অ্যাসিড Ⓓ নাইট্রাস অ্যাসিড

Ans B Solve • প্রোটিনের মূল গাঠনিক একক – **অ্যামিনো অ্যাসিড**।
• লিপিডের মূল গাঠনিক একক – **ফ্যাটি অ্যাসিড ও গ্লিসারল**।
• কার্বোহাইড্রেটের মূল গাঠনিক একক – **গ্লুকোজ**।

09. মাতৃদুগ্ধের কোন উপাদান শিশুর মস্তিষ্ক গঠনে সাহায্য করে? [SAU : 11-12]

Ⓐ Calcitonin Ⓑ Taurine Ⓒ Secretin Ⓓ Albumin Ans B

10. কোলেস্টেরল (Cholesterol) কোন জাতীয় পদার্থ? [SAU : 09-10]

Ⓐ লিপিড Ⓑ স্টেরয়েড Ⓒ কার্বোহাইড্রেট Ⓓ প্রোটিন

Ans B Solve কোলেস্টেরল স্টেরয়েড জাতীয় পদার্থ।

11. অত্যাবশ্যক ওমেগা-3 ফ্যাটি অ্যাসিড প্রাপ্তির জন্য কোন তেল বেশি উপকারী? [SAU : 09-10]

Ⓐ সয়াবিন Ⓑ পাম Ⓒ তিল Ⓓ তিসি

Ans B Solve অত্যাবশ্যক ওমেগা-3 ফ্যাটি অ্যাসিড প্রাপ্তির জন্য পাম তেল বেশি উপকারী।

12. কনজুগেটেড এনজাইমের প্রোটিন অংশকে বলে– [SAU : 08-09]

Ⓐ সরল এনজাইম Ⓑ অ্যাপোএনজাইম
Ⓒ প্রোসথেটিক গ্রুপ Ⓓ এপিমারেজ

Ans B Solve • শুধু প্রোটিন দিয়ে গঠিত এনজাইমকে বলে সরল এনজাইম।
• যে এনজাইমের প্রোটিন অংশের সাথে অপ্রোটিন অংশ যুক্ত থাকে তাকে কনজুগেটেড এনজাইম বলে।
• কনজুগেটেড এনজাইমের প্রোটিন অংশকে অ্যাপোএনজাইম এবং অপ্রোটিন অংশকে প্রোসথেটিক গ্রুপ বলে।
• প্রোসথেটিক গ্রুপটি কোনো মেটাল হলে তাকে কো-ফ্যাক্টর বলে।

সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়

01. ভিটামিন B_{12} এর রাসায়নিক নাম কী? [SylAU : 17-18]

Ⓐ Ascorbic acid Ⓑ Pentathonic acid
Ⓒ Cyanocobalamin Ⓓ Menaquinon

Ans C Solve ভিটামিন B_{12} এর রাসায়নিক নাম Cyanocobalamin। এটি ভিটামিন সাপ্লিমেন্টস এবং ফার্মাসিউটিক্যালস এ ব্যবহৃত হয়।

02. কোন এনজাইম দ্বারা ডায়াবেটিস রোগীর রক্তের শর্করার পরিমাণ নির্ণয় করা হয়? [SylAU : 15-16]

Ⓐ অ্যামাইলেজ Ⓑ লাইপেজ Ⓒ অক্সিডেজ Ⓓ ইউরোবাইলেজ

Ans C Solve মস্তিষ্ক ও ধমনির জমাট রক্ত গলাতে ইউরোবাইলেজ নামক এনজাইম ব্যবহৃত হয়।

03. তাপে জমাট বাঁধে না কোন প্রোটিন? [SylAU : 15-16]

Ⓐ অ্যালবুমিন Ⓑ গ্লোবিউলিন Ⓒ গ্লুটেনিন Ⓓ কাইটিন

Ans C Solve গ্লুটেলিন পানি ও লবণে অদ্রবণীয়। লঘু এসিডে বা লঘু ক্ষার দ্রবণে দ্রবণীয়। গ্লুটেলিন তাপে জমাট বাঁধে না। [Ref: হাসান]

04. উদ্ভিদের প্রধান ট্রান্সলোকেটেড সুগার কোনটি? [SylAU : 15-16]

Ⓐ গ্লুকোজ Ⓑ ফ্রুক্টোজ Ⓒ সুক্রোজ Ⓓ মল্টোজ Ans C

05. সাবস্ট্রেটের কনফিগারেশন পরিবর্তনকারী এনজাইমকে বলা হয়– [SylAU : 12-13]

Ⓐ ট্রান্সফারেজ Ⓑ এপিমারেজ Ⓒ আইসোমারেজ Ⓓ কার্বোক্সিলেজ

Ans B Solve এপিমারেজ এনজাইমসমূহ কোনো পদার্থকে এর এপিমারে পরিণত করতে সহায়তা করে। এপিমার অণুগুলো কেবলমাত্র একটি কার্বন এটমের কনফিগারেশন দিয়ে পরিবর্তন হয়। [Ref : হাসান]

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

06. চালে প্রাপ্ত প্রোটিন কোনটি? [SylAU : 10-11]

Ⓐ গ্লুটেনিন Ⓑ গ্লিয়াডিন
Ⓒ অরাইজেনিন Ⓓ জেইন

Ans C Solve **গুরুত্বপূর্ণ তথ্য :**

- গমের গ্লুটেনিন ও ধানের অরাইজেনিন হলো গ্লুটেনিন প্রোটিন।
- গমের গ্লিয়াডিন, ভুট্টার জেইন হলো প্রোলামিন প্রোটিন। [Ref: আলীম]

07. রাইবোজ কোন ধরনের স্যাকারাইড? [SylAU : 09-10]

Ⓐ অলিগোস্যাকারাইড Ⓑ পলিস্যাকারাইড
Ⓒ ট্রাইস্যাকারাইড Ⓓ মনোস্যাকারাইড

Ans D Solve পাঁচ কার্বনবিশিষ্ট মনোস্যাকারাইড হলো পেন্টোজ। এরা নিউক্লিক এসিড গঠনে অংশগ্রহণ করে। যেমন: রাইবোজ, ডিঅক্সিরাইবোজ, রাইবুলোজ, জাইলুলোজ প্রভৃতি। [Ref: আলীম]

পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

01. গ্লাইসিন কি? [PSTU : 04-05]

Ⓐ লিপিড Ⓑ কর্বোহাইড্রেট
Ⓒ নিউক্লিক অ্যাসিড Ⓓ অ্যামিনো অ্যাসিড

Ans D Solve গ্লাইসিন হলো অ্যামিনো অ্যাসিড। প্রোটিন তৈরি হয় অ্যামিনো অ্যাসিড দ্বারা। ২০ প্রকার অ্যামিনো অ্যাসিড দিয়ে সকল প্রোটিন গঠিত হয়।

ঝিনাইদহ সরকারি ভেটেরিনারি কলেজ

01. সেলুলোজ কী? [JGVC: 19-20]

Ⓐ α-D গ্লুকোজ পলিমার
Ⓑ উদ্ভিদদেহে সঞ্চিত খাদ্য হিসেবে থাকে
Ⓒ β-D গ্লুকোজ পলিমার
Ⓓ এটি মানুষ হজম করতে পারে

Ans C Solve অসংখ্য β-D গ্লুকোজ অণু পরস্পর β-1-4 কার্বন বন্ধনে আবদ্ধ হয়ে সেলুলোজ গঠিত হয় যা উদ্ভিদের অবকাঠামো নির্মাণে ভূমিকা পালন করে। মানুষের পরিপাক নালির বিভিন্ন অংশে (মুখগহ্বর, পাকস্থলি ও অন্ত্র) সেলুলোজ এনজাইম না থাকায় মানুষ সেলুলোজ হজম করতে পারে না। [Ref : হাসান]

02. কোনটি রিডিউসিং শ্যুগার (Reducing sugar)? [JGVC: 19-20]

Ⓐ ফ্রুক্টোজ Ⓑ শ্যুক্রোজ
Ⓒ ট্রেহালোজ Ⓓ সেলুলোজ

Ans A Solve গ্লুকোজ, ফ্রুক্টোজ, ম্যানোজ ইত্যাদি রিডিউসিং শ্যুগারের উদাহরণ।

03. সাপের বিষ এক ধরনের– [JGVC: 19-20]

Ⓐ শর্করা Ⓑ আমিষ Ⓒ চর্বি Ⓓ হরমোন

Ans B Solve বিভিন্ন জীবের বিপাকীয় বিক্রিয়ায় প্রোটিন থেকে বিষাক্ত পদার্থ উৎপন্ন হয়। এসব পদার্থ জীবের আত্মরক্ষার জন্য বিশেষ সহায়ক। যেমন– সাপের বিষ বা ভেনম। [Ref : হাসান]

04. ট্যানারিতে লেদার তৈরি করার সময় কাঁচা চামড়া থেকে লোম আলাদা করতে কোন ধরনের এনজাইম ব্যবহার করা হয়? [JGVC: 19-20]

Ⓐ অ্যামাইলেজ Ⓑ লাইপেজ
Ⓒ ক্যাটালেজ Ⓓ প্রোটিওলাইটিক **Ans D**

05. যন্ত্রিক ও ধমনির জমাট রক্ত গলাতে কোন এনজাইম ব্যবহৃত হয়? [JGVC: 18-19]

Ⓐ ইউরিয়েজ Ⓑ ইউরোবাইলেজ
Ⓒ ট্রিপসিন Ⓓ ফেমিন

Ans B Solve রক্তে ইউরিয়া ও ইউরিক অ্যাসিড শনাক্তকরণে ইউরিয়েজ ও ইউরিকেজ নামক এনজাইম ব্যবহার করা হয়। [Ref : মাজেদা]

06. সেলোবায়োজ কোন ধরনের কার্বোহাইড্রেট? [JGVC: 18-19]

Ⓐ মনো Ⓑ ডাই Ⓒ অলিগো Ⓓ পলি **Ans B**

চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়

01. কোনটি ডাইস্যাকারাইড নয়? [CVASU: 14-15]

Ⓐ স্টার্চ Ⓑ সুক্রোজ
Ⓒ ল্যাক্টোজ Ⓓ ম্যাল্টোজ

Ans A Solve দুটি মনোস্যাকারাইড একত্রে মিলে যে কার্বোহাইড্রেট গঠন করে তাকে ডাইস্যাকারাইড বলে। যেমন : সুক্রোজ, সেলোবায়োজ, ম্যাল্টোজ, ল্যাক্টোজ প্রভৃতি। [Ref : হাসান]

সিরাজগঞ্জ সরকারি ভেটেরিনারি কলেজ

01. কোলেস্টেরল কোন জাতীয় পদার্থ? [SGVC: 19-20]

Ⓐ Terpins Ⓑ Steroid
Ⓒ Glycolipid Ⓓ Lipoprotein

Ans B Solve কোলেস্টেরল প্রাণীর চর্বিতে বিদ্যমান সাধারণ স্টেরল বা মডিফায়েড স্টেরয়েড যা প্লাজমামেমব্রেনের অতিপ্রয়োজনীয় উপাদান। পিত্তের প্রধান উপাদান এবং ভিটামিন D এর পূর্বসূচক।

02. প্রোটিন যে বন্ধন দিয়ে গঠিত তাকে কী বলে? [SGVC: 19-20]

Ⓐ Lipase Ⓑ Ester
Ⓒ Peptide Ⓓ A & B

Ans C Solve একটি অ্যামিনো অ্যাসিডের কার্বোক্সিল গ্রুপ (–COOH) অপর একটি অ্যামিনো অ্যাসিডের α অ্যামাইনো গ্রুপের সাথে যুক্ত হয়ে যে অ্যামাইড বন্ড গঠন করে তাকে পেপটাইড বন্ড বলে।

বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের কৃষি অনুষদ

01. $H_2O + CO_2 \rightarrow H_2CO_3$ বিক্রিয়াটি কোন এনজাইম দ্বারা সংক্রমণ হয়? [KU : 19-20]

Ⓐ অ্যামাইলেজ Ⓑ লাইগেজ
Ⓒ কার্বোনিক অ্যানহাইড্রেজ Ⓓ হাইড্রোলেজ

Ans C Solve

- অ্যামাইলেজ এনজাইম স্টার্চের অ্যামাইলোজ-কে ভেঙে ফেলে।
- লাইগেজ এনজাইম দুই বা ততোধিক সাবস্ট্রেটকে ATP - এর সহায়তায় সংযুক্ত করে।
- কার্বনিক অ্যানহাইড্রেজ H_2O ও CO_2-এর বিক্রিয়া দ্রুততর করে।
- হাইড্রোলেজ এনজাইম পানির অণু ব্যবহার করে নির্দিষ্ট কোন অণুকে ভেঙে ফেলে (হাইড্রোলাইসিস বিক্রিয়া)। [Ref : হাসান]

02. কনজুগেটেড প্রোটিনের অপ্রোটিন অংশকে কী বলে? [KU: 19-20]

Ⓐ মেটাল Ⓑ প্রস্থেটিক গ্রুপ
Ⓒ কো-ফ্যাক্টর Ⓓ অ্যাক্টিভেটর

Ans B Solve • কনজুগেটেড প্রোটিনের প্রোটিন অংশকে বলে অ্যাপোপ্রোটিন (এনজাইমের ক্ষেত্রে প্রোটিন অংশটি অ্যাপোএনজাইম)।
• অপ্রোটিন অংশকে বলে প্রোসথেটিক গ্রুপ।
• প্রোসথেটিক গ্রুপ মেটাল আয়ন হলে তাকে কো-ফ্যাক্টর বলে, যাকে পূর্বে অ্যাক্টিভেটর বলা হত। [Ref : হাসান]

03. কাঁচা ফল পাকাবার জন্য ব্যবহার করা হয় কোনটি? [BSMRSTU : 19-20]

Ⓐ প্রোপিন Ⓑ ইথিন Ⓒ বিউটিন Ⓓ সালফার **Ans B**

04. কোনটি প্রোলামিন প্রোটিনের উদাহরণ? [BSMRSTU : 19-20]

Ⓐ ভুট্টার জেইন Ⓑ চালের অরাইজেনিন
Ⓒ ডিমের কুসুম Ⓓ ডিমের সাদা অংশ

Ans A Solve ভুট্টার জেইন, গম ও রাইয়ের গ্লিয়াডিন এবং যব ও বার্লির হর্ডিন প্রোলামিন প্রোটিনের উদাহরণ। [Ref: হাসান]

05. উপজাতীয় অঞ্চলে কোনটি থেকে দেশীয় মদ তৈরি করা হয়? [BSMRSTU : 19-20]

Ⓐ গম Ⓑ ভূট্টা Ⓒ চাল Ⓓ যব **Ans Blank**

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

06. প্রোটিন অণুর মধ্যে অ্যামাইনো এসিড অণুসমূহ যে বন্ধন দ্বারা যুক্ত থাকে? [BSMRSTU : 19-20]

Ⓐ Glycosidic bond Ⓑ Peptide bond
Ⓒ Hydrogen bond Ⓓ Metallic bond

Ans B Solve • Glycosidic bond → শর্করায় থাকে ও DNA, RNA এর বেস ও শুগারের মাঝে থাকে।
• Peptide bond → প্রোটিন ও এনজাইমে বিদ্যমান।
• Hydrogen bond → 'H' ও আরেকটি তড়িৎ ঋণাত্মক পরমাণুর মাঝে।
Metallic bond → ধাতুর খণ্ডে বিদ্যমান।

07. নিচের কোনটি নন্-প্রোটিন অ্যামিনো এসিড? [JUST : 19-20]

Ⓐ লাইসিন Ⓑ অ্যালানিন Ⓒ গ্লাইসিন Ⓓ হেমোসেরিন

Ans D Solve সাধারণত ২০টি অ্যামিনো এসিড এবং সীমিত ক্ষেত্রে হাইড্রোক্সিপ্রোলিন নিয়ে প্রোটিন গঠিত। নন - প্রোটিন Amino acid - এর মধ্যে আছে অরনিথিন, সাইট্রুলিন, হেমোসেরিন। [Ref : হাসান]

08. নিউক্লিক এসিডে বেস ও শর্করার মধ্যে কোন বন্ধনী থাকে? [JUST : 19-20]

Ⓐ গ্লুকোসাইড Ⓑ এস্টার Ⓒ গ্লাইকোলিপিড Ⓓ ফসফোলিপিড

Ans A Solve গ্লাইকোসাইডিক বন্ধনী হচ্ছে এমন ধরনের সমযোজী বন্ধন যেটি কোনো স্যুগার অণুর হেমি-এসিটাল বা হেমিকিটাল (১ নং কার্বন)- এর সাথে অন্য কোনো অণুকে যুক্ত করে। নিউক্লিক এসিডে পেন্টোজ স্যুগারের সাথে গ্লাইকোসাইডিক বন্ধন দ্বারা নাইট্রোজেন বেস যুক্ত থাকে। [Ref : হাসান]

09. চোখের ছানির অস্ত্রোপচারে নিচের কোন এনজাইম ব্যবহার করা হয়? [JUST : 19-20]

Ⓐ ট্রিপসিনেজ Ⓑ অ্যামাইলেজ Ⓒ ট্রিপসিন Ⓓ লাইপেজ

Ans C Solve ড. যোসেফ স্পিনা ১৯৮০ সালে ট্রিপসিন প্রয়োগ করে চোখের লেন্সের খোলা অংশ গলিয়ে ছানির অস্ত্রোপচার করেন। [Ref : হাসান]

10. নিচের কোন কোলেস্টেরল মানবদেহের জন্য ক্ষতিকর? [HSTU : 19-20]

Ⓐ LDL Ⓑ HDL Ⓒ VLDL Ⓓ IDL

Ans A Solve রক্তে HDL বেশি থাকা মন্দ নয় তবে LDL বেশি থাকা খুবই ক্ষতিকর। [Ref: হাসান]

Part 4 গুরুত্বপূর্ণ MCQ

01. নিচের কোনটি ডাইস্যাকারাইড?
Ⓐ β-গ্লুকোজ Ⓑ ফ্রুক্টোজ
Ⓒ ম্যাল্টোজ Ⓓ র‍্যাফিনোজ **Ans C**

02. কি কারণে স্টার্চ দ্রবণে আয়োডিন যোগ করলে কালো বর্ণ ধারণ করে?
Ⓐ অ্যামাইলোপেকটিন Ⓑ অ্যামাইলোজ
Ⓒ সেলোবায়োজ Ⓓ সুকরোজ **Ans B**

03. নিচের কোনটি রিডিউসিং স্যুগার?
Ⓐ গ্লুকোজ Ⓑ স্টার্চ
Ⓒ সেলুলোজ Ⓓ গ্লাইকোজেন **Ans**

04. কোনটি মনোস্যাকারাইড কার্বোহাইড্রেট নয়?
Ⓐ রাইবোজ Ⓑ রাইবুলোজ Ⓒ গ্লুকোজ Ⓓ সুক্রোজ **Ans D**

05. আমাদের দেহের শক্তি প্রদানকারী প্রধান খাদ্য উপাদান হলো-
Ⓐ কার্বোহাইড্রেট Ⓑ চর্বি Ⓒ তেল Ⓓ প্রোটিন **Ans A**

06. উদ্ভিদের মূলত বীজে খাদ্য হিসেবে সঞ্চিত থাকে?
Ⓐ গ্লাইকোজেন Ⓑ সেলুলোজ Ⓒ স্টার্চ Ⓓ সুক্রোজ **Ans C**

07. কোনটি রিডিউসিং সুগার নয়-
Ⓐ গ্লুকোজ Ⓑ সুক্রোজ Ⓒ রাইবোজ Ⓓ মলটোজ **Ans B**

08. হাইড্রোফোবিক (Hydrophobic) পদার্থ কোনটি?
Ⓐ স্টার্চ Ⓑ সেলুলোজ Ⓒ প্যারাফিন Ⓓ জিলাটিন **Ans C**

09. কোনটি পিউরিন জাতীয় ক্ষারক?
Ⓐ সাইটোসিন Ⓑ থাইমিন Ⓒ অ্যাডেনিন Ⓓ ইউরাসিল **Ans C**

10. স্টার্চের আর্দ্র বিশ্লেষণকারী এনজাইমকে কি বলা হয়?
Ⓐ সেলুলোজ Ⓑ অ্যামাইলেজ Ⓒ জাইলোজ Ⓓ ক্যাটালেজ **Ans B**

11. সেলুলোজ কোন প্রকৃতির রাসায়নিক দ্রব্য?
Ⓐ শর্করা Ⓑ এনজাইম Ⓒ লিপিড Ⓓ নিউক্লিক **Ans A**

12. সেলুলোজের মনোমার–
Ⓐ গ্লুকোজ Ⓑ ইরিথ্রোজ Ⓒ ম্যালটোজ Ⓓ ফ্রুক্টোজ **Ans A**

13. নিচের কোনটির আপেক্ষিক মিষ্টতা সবচেয়ে বেশি?
Ⓐ মল্টোজ Ⓑ মন্যালেলিন Ⓒ গ্লুকোজ Ⓓ স্যাকারিন **Ans B**

14. তরুণাস্থির প্রধান দ্রব্য-
Ⓐ কোলাজেন Ⓑ মিউসিন Ⓒ গ্লুকোসামিন Ⓓ সেলুলোজ **Ans C**

15. শুষ্ক বীজে পানির পরিমাণ কত?
Ⓐ ৮৫% Ⓑ ৬৫-৯৬% Ⓒ ৫-১০% Ⓓ ৩৫% **Ans C**

16. নিচের কোনটির স্টার্চ কণিকা বৃহত্তম?
Ⓐ গোল আলু Ⓑ চাল Ⓒ মিষ্টি কুমড়া Ⓓ শসা **Ans A**

17. আখের কাণ্ড রসে সুক্রোজের পরিমাণ কত?
Ⓐ ৫% Ⓑ ১৫% Ⓒ ৩৫% Ⓓ ২৭% **Ans B**

18. কার্বোহাইড্রেটের সাধারণ ফর্মূলা হচ্ছে–
Ⓐ $[CH_2O]_n$ Ⓑ $[C_2HO]_n$
Ⓒ $[CH_3O]_n$ Ⓓ কোনোটিই নয় **Ans A**

19. নিচের কোনটি হাইড্রোলাইসিস প্রক্রিয়ায় ফ্যাটি এসিড ও গ্লিসারল-এ পরিণত হয়?
Ⓐ লিপিড Ⓑ স্টার্চ Ⓒ নিউক্লিক এসিড Ⓓ গ্লুকোজ **Ans A**

20. সেফালিন হলো–
Ⓐ চর্বি Ⓑ ফসফোলিপিড
Ⓒ গ্লাইকোপ্রোটিন Ⓓ গ্লাইকোলিপিড **Ans B**

21. কোনটি স্টেরয়েড?
Ⓐ ডিজিট্যালিন Ⓑ সেফালিন
Ⓒ গ্লাইকোজেন Ⓓ সেলুলোজ **Ans A**

22. ক্লোরোপ্লাস্টের পর্দায় কোন যৌগিক লিপিডের পরিমাণ সবচেয়ে বেশি?
Ⓐ গ্লাইকোলিপিড Ⓑ ফসফোলিপিড
Ⓒ সালফোলিপিড Ⓓ লিপোপ্রোটিন **Ans A**

23. উদ্ভিদে সৃষ্ট স্টেরল হচ্ছে–
Ⓐ ফাইটোস্টেরল Ⓑ জুওস্টেরল
Ⓒ কোলেস্টানল Ⓓ কোনোটিই নয় **Ans A**

24. গ্লাইকোলিপিডে কোনটি থাকে না?
Ⓐ ফ্যাটি এসিড Ⓑ নাইট্রোজেন ঘটিত পদার্থ
Ⓒ পেন্টোজ সুগার Ⓓ হেক্সোজ সুগার **Ans C**

25. মোমে কার্বন সংখ্যা–
Ⓐ ২-১০ Ⓑ ২৭-২১ Ⓒ ২৪-৩৬ Ⓓ ১০-৪০ **Ans C**

26. নিচের কোনটি ফসফোলিপিড নয়?
Ⓐ লেসিথিন Ⓑ সেফালিন
Ⓒ প্লাজমালোজেন Ⓓ ডিজিট্যালিন **Ans D**

27. মানুষের দেহে কোলেস্টেরলের স্বাভাবিক মাত্রা কত?
Ⓐ ০.৫১ – ০.৭৫% Ⓑ ০.১৫ – ১.২০%
Ⓒ ০.২৩–১.৫৭% Ⓓ ০.৭০–১.৫০% **Ans B**

28. হৃৎপিণ্ডের চিকিৎসায় ব্যবহৃত হয় কোনটি?
Ⓐ সিটোস্টেরল Ⓑ কোলেস্টেরল
Ⓒ আর্গোস্টেরল Ⓓ ডিজিট্যালিন **Ans D**

29. টারপিনস কোন একক দিয়ে তৈরি?
Ⓐ C_4H_8 Ⓑ C_6H_{12} Ⓒ C_5H_8 Ⓓ C_5H_{10} **Ans C**

Welcome to Aimission all types of pdf solution

Part 5 SELF TEST

01. লেসিথিন কী?
Ⓐ ফসফোলিপিড Ⓑ অ্যামিনো অ্যাসিড
Ⓒ কার্বহাইড্রেড Ⓓ ভিটামিন

02. আখের কাণ্ডরসে কী পরিমাণ সুক্রোজ থাকে?
Ⓐ ১০% Ⓑ ১৫%
Ⓒ ২০% Ⓓ ২৫%

03. অ্যামিনো অ্যাসিডের পলিমারকে বলে–
Ⓐ লিপিড Ⓑ স্টার্চ
Ⓒ নিউক্লিক অ্যাসিড Ⓓ প্রোটিন

04. বায়োইথানল তৈরিতে কোনটি ব্যবহৃত হয়?
Ⓐ গ্লুকোজ Ⓑ সুক্রোজ
Ⓒ ফ্রুক্টোজ Ⓓ সেলুলোজ

05. লাইপেজ এনজাইম তৈরিতে কোন অণুজীব ব্যবহৃত হয়?
Ⓐ *Aspergillus* Ⓑ *Penicillium chrysogenum*
Ⓒ *Bacillus cereus* Ⓓ *Endothia parasitica*

06. গ্লাইকোসাইডিক বন্ধন আছে–
Ⓐ গ্লুকোজে Ⓑ প্রোটিনে
Ⓒ সেলুলোজে Ⓓ ফ্যাটে

07. ভুট্টার জেইন, গমের গ্লিয়াডিন, বার্লির হর্ডিন–
Ⓐ Globulins Ⓑ Glutelins
Ⓒ Prolamins Ⓓ Albumins

08. প্রোটিন সংশ্লেষণে মোট অ্যামিনো অ্যাসিড থাকে–
Ⓐ 28টি Ⓑ 20টি
Ⓒ 10টি Ⓓ 18টি

09. গ্লাইকোসাইডিক লিংকেজ দেখা যায়–
Ⓐ সুক্রোজ-এ Ⓑ গ্লুকোজ-এ
Ⓒ ফ্রুকটোজ-এ Ⓓ রাইবোজ-এ

10. পানিতে দ্রাব্য ভিটামিন কোনটি?
Ⓐ ভিটামিন-এ Ⓑ ভিটামিন-বি
Ⓒ ভিটামিন-ডি Ⓓ ভিটামিন-ই

11. মস্তিষ্কের বিকাশের জন্য কোনটি একান্ত প্রয়োজন?
Ⓐ গ্লুকোজ Ⓑ মল্টোজ
Ⓒ গ্যালাকটোজ Ⓓ ল্যাকটোজ

12. কোন এনজাইমটি জমাট রক্ত গলাতে ব্যবহৃত হয়?
Ⓐ পেপসিন Ⓑ ট্রিপসিন
Ⓒ ইউরোবাইলেজ Ⓓ ইউরিয়েজ

13. শক্তির প্রধান উৎস কোনটি?
Ⓐ প্রোটিন Ⓑ লিপিড
Ⓒ এস্টার Ⓓ কার্বোহাইড্রেট

14. হৃদ্‌রোগে ব্যবহৃত স্টেরয়েড হলো–
Ⓐ আরগোস্টেরল Ⓑ ডিজিট্যালিন
Ⓒ স্টিগমাস্টেরল Ⓓ বিটা-সিটোস্টেরল

15. এনজাইমের প্রকৃতি কীরূপ?
Ⓐ কলয়েড Ⓑ কঠিন
Ⓒ তরল Ⓓ স্ফটিক

16. উদ্ভিদে সবচেয়ে বেশি পরিমাণে থাকে কোনটি?
Ⓐ সেলুলোজ Ⓑ হেমিসেলুলোজ
Ⓒ স্টার্চ Ⓓ লিগনিন

17. কেরাটিন পাওয়া যায়–
Ⓐ চুলে Ⓑ তরুণাস্থিতে
Ⓒ হাড়ে Ⓓ লিগামেন্টে

18. চর্বিতে দ্রবণীয় ভিটামিন কোনটি?
Ⓐ ভিটামিন বি Ⓑ ভিটামিন ডি
Ⓒ ভিটামিন সি Ⓓ ভিটামিন এইচ

19. প্রোটিন চেইন গঠনে ব্যবহৃত নির্ধারিত এমাইনো অ্যাসিডের সংখ্যা–
Ⓐ 15 Ⓑ 20
Ⓒ 25 Ⓓ 30

20. অ্যামাইনো অ্যাসিডের পলিমার কী?
Ⓐ লিপিড Ⓑ প্রোটিন
Ⓒ শর্করা Ⓓ চর্বি

21. ডি-অক্সিরাইবোজ কী?
Ⓐ টেট্রোজ Ⓑ ট্রায়োজ
Ⓒ হেক্সোজ Ⓓ পেন্টোজ

22. পনির তৈরিতে ব্যবহৃত এনজাইমের নাম–
Ⓐ পেপেইন Ⓑ রেনিন
Ⓒ ক্যাটালেজ Ⓓ পেকটিন

23. নিচের কোনটি ফসফোলিপিড?
Ⓐ মোম Ⓑ রাবার
Ⓒ সিটোস্টেরল Ⓓ সেফালিন

24. গ্লুকোজ ভেঙে ইথাইল অ্যালকোহল ও পানিতে রূপান্তরিত হওয়ার বিক্রিয়ায় যে এনজাইম জড়িত–
Ⓐ Cellulase Ⓑ Cellubiase
Ⓒ Zymase Ⓓ Catalase

25. নিচের কোনটি অ-প্রোটিনীয় অ্যামিনো অ্যাসিড?
Ⓐ লিউসিন Ⓑ লাইসিন
Ⓒ অরনিথিন Ⓓ ভ্যালিন

26. নিচের কোনটি ডাইস্যাকারাইড?
Ⓐ β-গ্লুকোজ Ⓑ ফ্রুক্টোজ
Ⓒ মল্টোজ Ⓓ র‍্যাফিনোজ

27. ঈস্টে কোন ধরনের এনজাইম আছে?
Ⓐ Amylase Ⓑ Lipase
Ⓒ Zymase Ⓓ Cellulase

28. কোনটি সালফার যুক্ত অ্যামিনো অ্যাসিড?
Ⓐ Lysine Ⓑ Threonine
Ⓒ Cystine Ⓓ Tyrosine

29. কোনটি রিডিউসিং স্যুগার নয়?
Ⓐ glucose Ⓑ sucrose Ⓒ fructose Ⓓ none

30. কোন শর্করাটি মানব দেহে পরিপাকের কাজে এবং শক্তি উৎপাদনে সবচেয়ে বেশি ব্যবহৃত হয়?
Ⓐ Fructose Ⓑ Glucose Ⓒ Ribose Ⓓ Galactose

OMR

01.ⒶⒷⒸⒹ	02.ⒶⒷⒸⒹ	03.ⒶⒷⒸⒹ	04.ⒶⒷⒸⒹ	05.ⒶⒷⒸⒹ
06.ⒶⒷⒸⒹ	07.ⒶⒷⒸⒹ	08.ⒶⒷⒸⒹ	09.ⒶⒷⒸⒹ	10.ⒶⒷⒸⒹ
11.ⒶⒷⒸⒹ	12.ⒶⒷⒸⒹ	13.ⒶⒷⒸⒹ	14.ⒶⒷⒸⒹ	15.ⒶⒷⒸⒹ
16.ⒶⒷⒸⒹ	17.ⒶⒷⒸⒹ	18.ⒶⒷⒸⒹ	19.ⒶⒷⒸⒹ	20.ⒶⒷⒸⒹ
21.ⒶⒷⒸⒹ	22.ⒶⒷⒸⒹ	23.ⒶⒷⒸⒹ	24.ⒶⒷⒸⒹ	25.ⒶⒷⒸⒹ
26.ⒶⒷⒸⒹ	27.ⒶⒷⒸⒹ	29.ⒶⒷⒸⒹ	29.ⒶⒷⒸⒹ	30.ⒶⒷⒸⒹ

Answer

30.B	29.B	28.C	27.C	26.C	25.C	24.C	23.D	22.B	21.D
20.B	19.B	18.B	17.A	16.A	15.A	14.B	13.D	12.C	11.C
10.B	09.A	08.B	07.C	06.C	05.A	04.A	03.D	02.B	01.A

জীববিজ্ঞান ১ম পত্র

অধ্যায় ৪

অণুজীব

Part 1 গুরুত্বপূর্ণ তথ্যাবলি

ভাইরাস সম্পর্কিত প্রাথমিক আলোচনা :

ভাইরাস হলো নিউক্লিক অ্যাসিড ও প্রোটিন দিয়ে গঠিত অকোষীয়, অতি আণুবীক্ষণিক সত্ত্বা, বাধ্যতামূলক পরজীবী জৈবকণা যা জীবদেহের অভ্যন্তরে সক্রিয় হয়ে রোগ সৃষ্টি করে কিন্তু জীবদেহের বাইরে নিষ্ক্রিয় অবস্থায় বিরাজ করে। ভাইরাসের প্রকৃতি নির্ণয়ের ব্যাপারে বিজ্ঞানীরা এখনো দ্বিধাবিভক্ত। ভাইরাসের আবিষ্কারক আইভানোভস্কি। **বিজ্ঞানী Lwoff ১৯৫২ সালে মন্তব্য করেন- ভাইরাস জীবও নয়, জড়বস্তুও নয়, ভাইরাস ভাইরাসই**। ১৯৭৪ সালে বিজ্ঞানী Salie বলেন- ভাইরাস রাসায়নিক অণু ও সজীব কোষের মধ্যবর্তী পর্যায়ের এক প্রকার বস্তু।

ভাইরাসের বৈশিষ্ট্য : ভাইরাসের বৈশিষ্ট্যসমূহকে দুভাগে ভাগ করা যায় । যথা : (ক) জড় রাসায়নিক বৈশিষ্ট্য (খ) জীবীয় বৈশিষ্ট্য

(ক) ভাইরাসের জড়-রাসায়নিক বৈশিষ্ট্য	(খ) ভাইরাসের জীবীয় বৈশিষ্ট্য
i. ভাইরাস অকোষীয়। এদের সাইটোপ্লাজম, কোষঝিল্লি, কোষপ্রাচীর, রাইবোসোম, মাইটোকন্ড্রিয়া এসব নেই।	i. পোষক কোষের অভ্যন্তরে ভাইরাস সংখ্যাবৃদ্ধি (multiplication) করতে পারে।
ii. এদের নিজস্ব কোনো বিপাকীয় এনজাইম নেই এবং খাদ্য গ্রহণ করে না ফলে পুষ্টি ক্রিয়াও নেই।	ii. ভাইরাসের দেহ জেনেটিক বস্তু DNA বা RNA এবং প্রোটিন দিয়ে গঠিত।
iii. ভাইরাস জীবকোষের সাহায্য ছাড়া স্বাধীনভাবে প্রজননক্ষম নয়।	iii. ভাইরাস পরিব্যক্তি (mutation) ঘটাতে এবং প্রকরণ (variation) তৈরি করতে সক্ষম।
iv. জীবকোষের বাইরে ভাইরাস রাসায়নিক কণার মতো নিষ্ক্রিয়।	iv. এদের অভিযোজন ক্ষমতা রয়েছে।
	v. এদের বংশগতীয় পুনঃসমন্বয় (genetic recombination) ঘটে।

ভাইরাস সম্পর্কে আরো কিছু গুরুত্বপূর্ণ তথ্য:

ভাইরাসের আকৃতি : ভাইরাসের গড় ব্যাস 8-300 ন্যানোমিটার (nm)। তবে কিছু ভাইরাস আরো ক্ষুদ্রাকৃতির হয়ে থাকে। গবাদি পশুর ফুট অ্যান্ড মাউথ রোগ সৃষ্টিকারী ভাইরাস সবচেয়ে ক্ষুদ্র (8-12 ন্যানোমিটার)। ভ্যাকসিনিয়া ও ভেরিওলা ভাইরাসগুলো বৃহত্তর, 280-300 ন্যানোমিটার পর্যন্ত হয়।

- পোলিও ভাইরাস ১২ nm
- TMV ৩০০ nm
- ভ্যাকসিনিয়া ভাইরাস বৃহদায়তনের ২৮০-৩০০ nm
- কমন বিন মোজাইক ভাইরাস সূত্রাকার যা ৪৮০-২০০০ μm লম্বা ও প্রস্থ ১০-১৩ μm

ভাইরাস : প্রকারভেদ বা শ্রেণিবিন্যাস

পোষক দেহ, নিউক্লিক অ্যাসিড ও আকৃতি অনুসারে ভাইরাসের প্রকারভেদ :

ক) আকৃতি অনুসারে ভাইরাসের প্রকারভেদ :

i. দণ্ডাকার ভাইরাস				ii. গোলাকার ভাইরাস					iii. ঘনক্ষেত্রাকার ভাইরাস		
ছন্দ	A	T	M	Ti	C	P	H	D	হা	ভাতে	পাউরুটি খাই
তথ্য	↓	↓	↓	↓	↓	↓	↓	↓	↓	↓	↓
	আলফা মোজাইক ভাইরাস	TMV	মাম্পস	TIV	Corona	পোলিও	HIV	ডেঙ্গু	হার্পিস	ভ্যাক্সিনিয়া	পাউরুটি আকৃতির

iv. ব্যাঙাচি আকৃতির ভাইরাস : T_2, T_4, T_6

v. ডিম্বাকার ভাইরাস : ইনফ্লুয়েঞ্জা

খ) পোষকদেহ অনুসারে ভাইরাসের প্রকারভেদ :

ভাইরাসের নাম	উদাহরণ	ভাইরাসের নাম	উদাহরণ
i. প্রাণী ভাইরাস	হাম, পোলিও ইত্যাদি।	iii. ব্যাকটেরিওফায	ব্যাকটেরিয়া বিধ্বংসী ভাইরাস (T_2 ফায)
ii. উদ্ভিদ ভাইরাস	টোবাকো মোজাইক ভাইরাস (TMV), কিউক্যাম্বর মোজাইক ভাইরাস (CMV), ব্যাকটেরিওফায ল্যাম্বডা।	iv. জাইমোফায	ঈস্টকে আক্রমণ করে
		v. সায়ানোফায	নীলাভ সবুজ শৈবালকে ধ্বংস করে। যেমন, LPP_2

গ. নিউক্লিক অ্যাসিডের ভিত্তিতে ভাইরাসের প্রকারভেদ :

i. DNA ভাইরাস :

ছন্দ	টিপুর	ভাই	টিটু	ভ্যানিলা	হাতে	ফুফুর	কাছে	এলো
তথ্য	↓	↓	↓	↓	↓	↓	↓	↓
	TIV	ভ্যারিওলা	T_2	ভ্যাক্সিনিয়া	হার্পিস, হেপাটাইটিস-B	ফুলকপির মোজাইক ভাইরাস	কলিফায	এডিনো

ii. RNA ভাইরাস :

ছন্দ	তো	যার	মাম্মির	বা	বার	ডেঙ্গু	পেলো
তথ্য	↓	↓	↓	↓	↓	↓	↓
	TMV	HIV	মাম্পস	ধানের বামুন রোগ	রেবিস, রিও	ডেঙ্গু	পোলিও

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

মানুষের কয়েকটি ভাইরাস রোগ ও সংশ্লিষ্ট ভাইরাসের নাম :

রোগের নাম	ভাইরাসের নাম	রোগের নাম	ভাইরাসের নাম
১. এইডস	HIV	৫. হাম	রুবিওলা ভাইরাস
২. পোলিও	পোলিওমাইলাইটিস	৬. ভাইরাল নিউমোনিয়া	অ্যাডেনো ভাইরাস
৩. গুটি বসন্ত	ভেরিওলা ভাইরাস	৭. ভাইরাল হেপাটাইটিস	হেপাটাইটিস বি ভাইরাস
৪. জলাতঙ্ক	র‍্যাবিস ভাইরাস		

প্রাণীর কয়েকটি ভাইরাস রোগ ও সংশ্লিষ্ট ভাইরাসের নাম:

রোগের নাম	ভাইরাসের নাম
১. গো-বসন্ত	ভ্যাক্সিনিয়া ভাইরাস
২. গরু, ভেড়া, ছাগল, মহিষ ইত্যাদির পা ও মুখের ক্ষত	'ফুট এন্ড মাউথ' ভাইরাস
৩. ইঁদুরের টিউমার	পলিওমা ভাইরাস
৪. বার্ডফ্লু (হাঁস-মুরগি, পাখি)	অ্যাভিয়ান ইনফ্লুয়েঞ্জা (H_5N_1) ভাইরাস
৫. সোয়াইনফ্লু	H_5N_1, H_1N_1 ভাইরাস

কয়েকটি উদ্ভিদ ভাইরাস রোগের নাম, পোষকদেহ এবং ভাইরাসের নাম:

রোগের নাম	পোষকদেহ	ভাইরাসের নাম
তামাকের মোজাইক রোগ	তামাক	টোবাকো মোজাইক ভাইরাস (Tobacco Mosaic virus)
শিমের মোজাইক রোগ	শিম	বীন মোজাইক ভাইরাস (Bean Mosaic virus)
টমেটোর বুশিস্টান্ট রোগ	টমেটো	বুশিস্টান্ট ভাইরাস (Bushystant virus)
ধানের টুংরো রোগ	ধান	টুংরো ভাইরাস (Tungro virus)
কলার বানচি টপ রোগ	কলা	বানচি টপ ভাইরাস (Banchy Top virus)
গোল আলুর মোজাইক রোগ	গোল আলু	পটেটো মোজাইক ভাইরাস (Potato Mosaic virus)

আরো কিছু ভাইরাসের নাম, বিস্তারকারী মাধ্যম, সংক্রমণ স্থান ও চিকিৎসা :

রোগের নাম	ভাইরাসের নাম	বিস্তার মাধ্যম	সংক্রমণ স্থান	চিকিৎসা
পোলিও	পোলিওমাইলাইটিস	খাদ্য ও পানি	সুষুম্নাকাণ্ড	OPV, IPV ইত্যাদি ভ্যাকসিন
গুটি বসন্ত/Small pox	ভেরিওলা ভাইরাস	বায়ু	ত্বক ও সংবহন তন্ত্র	ভ্যাকসিন
হাম	রুবিওলা ভাইরাস	বায়ু	শ্বাসতন্ত্র	MMR ভ্যাকসিন
এইডস (AIDS) (রোগ নয়, লক্ষণ সমষ্টি)	HIV	রক্ত, বীর্য	CD_4^+T কোষ B লিম্ফোসাইট, ম্যাক্রোফাজ	সুরক্ষিত যৌনতা ও রক্ত সঞ্চারণ লোপিনাভির, রিটোনাভির ইত্যাদি ওষুধ এবং HAART (হাইলিঅ্যাকটিভ অ্যান্টি রেট্রোভাইরাল থেরাপি)
SARS	নিপা ভাইরাস	বায়ু ও খাদ্য	–	–
জলাতঙ্ক	র‍্যাবিস ভাইরাস (Rabis virus)	রক্ত, খাদ্য, লালা রস	–	–
ডেঙ্গু	ফ্ল্যাভি ভাইরাস	এডিস মশা	স্নায়ুতন্ত্র ও অস্থি	অ্যাসপিরিন জাতীয় ও অন্যান্য আনুষঙ্গিক ওষুধ
চিকুনগুনিয়া	চিকুনগুনিয়া ভাইরাস	এডিস স্ত্রী মশা	স্নায়ুতন্ত্র ও অস্থি	অ্যাসপিরিন জাতীয় ও অন্যান্য আনুষঙ্গিক ওষুধ
পোলিও মাইলাইটিস	পোলিও ভাইরাস	খাদ্য ও জল	স্নায়ুতন্ত্র	ভ্যাকসিন
ইনফ্লুয়েঞ্জা	ইনফ্লুয়েঞ্জা ভাইরাস	বায়ু (ড্রপলেট কনট্যাক্ট)	শ্বাসতন্ত্র	ভ্যাকসিন/অ্যামানটিডিন, রিম্যানটিডিন ড্রাগ
হার্পিস অথবা ক্যাপুসি সারকোমা	হার্পিস সিমপ্লেক্স	বীর্য, লালারস	প্রজননতন্ত্র, ঠোঁট	ভাইরাস মলম
ভাইরাল নিউমোনিয়া	অ্যাডেনো ভাইরাস	বায়ু	–	–
হেপাটাইটিস - A	হেপাটাইটিস - A ভাইরাস (HAV)	পানি, পানীয় ও খাদ্য	যকৃৎ	সহজপাচ্য খাদ্য ও বিশ্রাম
হেপাটাইটিস - B	হেপাটাইটিস - B ভাইরাস (Hepatitis B)	পানীয় ও খাদ্য, বীর্য, লালারস, মাতৃদুগ্ধ	যকৃৎ	হেপাটাইটিস B ভ্যাকসিন
হেপাটাইটিস - C	হেপাটাইটিস-C ভাইরাস (HCV)	রক্ত ও বীর্য	যকৃৎ	সুরক্ষিত যৌনতা ও রক্ত গ্রহণের মাধ্যমে প্রতিরোধযোগ্য চিকিৎসা সীমাবদ্ধ নিয়ন্ত্রিত খাদ্যাভাস
কোষের লাইসিস	Ebola virus	–	–	–
সাধারণ সর্দি	Rhino virus	বায়ু	শ্বাসনালি	প্যারাসিটামল জাতীয় ওষুধ
এনসেফালাইটিস	এনসেফালাইটিস ভাইরাস	কিউলেক্স মশা	স্নায়ুতন্ত্র	নির্দিষ্ট অ্যান্টিবায়োটিক

Academic Analysis of All Types of Any Publication
JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

ব্যাকটেরিয়া সম্পর্কিত প্রাথমিক আলোচনা :

ব্যাকটেরিয়া হলো নিউক্লিয়াস ও কোষীয় অঙ্গাণুবিহীন, জড় কোষপ্রাচীরবিশিষ্ট, ক্ষুদ্রতম সরল প্রকৃতির এককোষী আণুবীক্ষণিক জীব। অ্যান্টনি ভ্যান লিউয়েনহুক ১৬৭৫ খ্রিস্টাব্দে সর্বপ্রথম পানি থেকে ব্যাকটেরিয়া আবিষ্কার করেন।

ব্যাকটেরিয়ার ইতিহাস

- **আবিষ্কার :** ওলন্দাজ বিজ্ঞানী **অ্যান্টনি ভন লিউয়েনহুক** ১৬৭৫ খ্রিষ্টাব্দে সরল অণুবীক্ষণ যন্ত্র আবিষ্কার করেন এবং এক ফোঁটা বৃষ্টির পানিতে ব্যাকটেরিয়া দেখতে পান। তিনি এর নাম দেন Animalcule বা ক্ষুদ্র প্রাণী। তাকে ব্যাকটেরিওলজির জনক বলা।
- **নামকরণ :** জার্মান বিজ্ঞান এরেনবার্গ ১৮২৯ খ্রিষ্টাব্দে এর নামকরণ করেন।
- **তত্ত্ব প্রতিষ্ঠা :** ফরাসি বিজ্ঞানী **লুই পাস্তুর** ব্যাকটেরিয়া তত্ত্ব প্রতিষ্ঠা করেন।
- ব্যাকটেরিয়ার কোষ প্রাচীরের প্রধান উপাদান পেপটিডোগ্লাইকান বা মিউকোপ্রোটিন, সাথে মুরামিক অ্যাসিড (Muramic acid) এবং টিকোয়িক অ্যাসিড (Teichoic acid) ও পলি স্যাকারাইড থাকে।
- এরা এককোষী জীব, তবে একসাথে অনেকগুলো কলোনি করে বা দল বেঁধে থাকতে পারে।
- (– 17°C থেকে 80°C) তাপমাত্রায় ব্যাকটেরিয়া বেঁচে থাকে এবং তীব্র অভিযোজনক্ষম।

ব্যাকটেরিয়ার বৈশিষ্ট্য :


i. আণুবীক্ষণিক জীব, এককোষীয়।	iii. দ্বিবিভাজন প্রক্রিয়ায় এদের সংখ্যাবৃদ্ধি ঘটে।
ii. এরা প্রাককেন্দ্রিক অর্থাৎ এদের নিউক্লিয়াসে কোনো নিউক্লীয় আবরণী ও নিউক্লিওলাস নেই।	iv. ফ্ল্যাজেলাযুক্ত ব্যাকটেরিয়া তরল মাধ্যমে চলাচল করতে পারে।

ব্যাকটেরিয়ার বিভিন্ন অংশের গঠন ও কাজ :

ব্যাকটেরিয়ার অঙ্গ	গঠন
পৃষ্ঠীয় উপাঙ্গ	ক. ফ্ল্যাজেলা : ফ্ল্যাজেলিন নামক প্রোটিন দিয়ে গঠিত। ফ্ল্যাজেলাযুক্ত ব্যাকটেরিয়াকে ট্রাইকাস এবং ফ্ল্যাজেলাবিহীন ব্যাকটেরিয়াকে অ্যাট্রাইকাস বলে।
	খ. পিলি গ্রাম নেগেটিভ ব্যাকটেরিয়ার বহিঃগাত্রে বিদ্যমান।
ক্যাপসিউল/স্লাইম স্তর	কোষপ্রাচীরের বাইরের পলিস্যাকারাইড় বা পলিপেপটাইড স্তর।
কোষ প্রাচীর	প্রধান উপাদান মিউকোপেপটাইড এবং গৌণ উপাদানগুলো প্রোটিন, লিপিড, পলিস্যাকারাইড।
সাইটোপ্লাজমিক মেমব্রেন	কোষ প্রাচীরের নিচে ফসফোলিপিড ও প্রোটিন দ্বারা সৃষ্ট একটি একক পর্দা।
মেসোসোম	ব্যাকটেরিয়ার শ্বসনে ভূমিকা পালন করে।
সাইটোপ্লাজম	সালোকসংশ্লেষণে সহায়তাকারী ক্রোম্যাটোফোর বিদ্যমান। ভলিউটিন কোষের প্রয়োজনীয় ফসফেট সরবরাহ করে।
সিউডোনিউক্লিয়াস	কোষে সুগঠিত নিউক্লিয়াস অনুপস্থিত। নিউক্লিয়ার মেমব্রেন, ক্রোমাটিন জালিকা, নিউক্লিওলাস ও হিস্টোন প্রোটিন থাকে না।
নিউক্লিওয়েড বা নগ্ন ব্যাকটেরিয়াল ক্রোমোসোম	কেন্দ্রে RNA ও RNA কে ঘিরে পলি অ্যামিনস বা নিউক্লিওয়েড প্রোটিন। এর বিভাজন ক্ষমতা পরিব্যক্তি ও বংশানুসরণ ক্ষমতা বিদ্যমান।
প্লাজমিড	সাইটোপ্লাজমে দৃশ্যমান DNA জিন প্রকৌশলে বাহক হিসেবে কাজ করে।
সঞ্চিত পদার্থ	লিপিড, গ্লাইকোজেন।

ব্যাকটেরিয়ার জনন :

ব্যাকটেরিয়া অঙ্গজ, অযৌন ও যৌন (আদর্শ যৌন জনন অনুপস্থিত) উপায়ে জননকার্য সম্পন্ন করে।

অঙ্গজ	• দ্বিবিভাজন (Binary fission) ; উদাহরণ : *Streptococcus, E.coli* • মুকুলোদগম (Budding) ; উদাহরণ : *Ancalomicrobium adetum* • খণ্ডায়ন (Fragmentation) • শাখা উৎপাদন (By producing branches)	 চিত্র : ব্যাকটেরিয়ার যৌন জনন।
অযৌন	• কনিডিয়া ; উদাহরণ- *Streptomyces* (সূত্রাকার ব্যাকটেরিয়া) • গনিডিয়া ; উদাহরণ- *Leucothrix* • অন্তঃরেণু (Endospore) ; উদাহরণ : *Clostridium* (প্রতিকূল অবস্থা অতিক্রম করে) • জুওস্পোর (Zoospore) ; উদাহরণ : *Azotobacter, Rhizobium* (কিছু ব্যাকটেরিয়ার ক্ষেত্রে)	
যৌন	• কনজুগেশন: নালিপথে দুই ব্যাকটেরিয়ার মধ্যে প্লাস্টিড বিনিময়। • ট্রান্সডাকশন: বাহক হিসেবে ভাইরাস কাজ করে। • ট্রান্সফরমেশন: মৃত বা অন্য ব্যাকটেরিয়ার DNA (জেনেটিক বস্তু) গ্রহীতা কোষে প্রবেশ।	

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

ব্যাকটেরিয়া : উপকারিতা ও অপকারিতা (Must to know)

৬ ব্যাকটেরিয়ার উপকারী দিক (V.V.I) :

ব্যাকটেরিয়ার প্রয়োগ	উদাহরণ
অ্যান্টিবায়োটিক ওষুধ তৈরিতে	• সাবটিলিন- *Bacillus subtilis* • পলিমিক্সিন- *Bacillus polymyxa* • স্ট্রেপটোমাইসিন- *Actinomycetes* • গ্রামিসিডিন- *Bacillus brevis*
প্রতিষেধক টিকা তৈরিতে	• ডিপথেরিয়া, হুপিংকাশি, ধনুষ্টংকার [DPT] • কলেরা, টাইফয়েড, যক্ষ্মা প্রভৃতি।
নাইট্রোজেন সংবন্ধনে	• সরাসরি বায়ু থেকে নাইট্রোজেন সংবন্ধন- ***Azotobacter, Pseudomonas, Clostridium*** প্রভৃতি ব্যাকটেরিয়া। • শিম জাতীয় উদ্ভিদের মূলের নডিউলে নাইট্রোজেন সংবন্ধন- *Rhizobium* ব্যাকটেরিয়া।
পতঙ্গনাশক হিসেবে	• *Bacillus thuringiensis*
পাট শিল্পে	• পাটের আঁশ ছাড়াতে - *Clostridium*।
রাসায়নিক পদার্থ তৈরিতে	• ভিনেগার- *Acetobacter xylinum*
ভিটামিন তৈরিতে	• ভিটামিন K, E, B_{12} – *E.coli*
ব্যাকটেরিয়া হতে প্রস্তুতকৃত অ্যান্টিবায়োটিক	• স্ট্রেপটোমাইসিন, ক্লোরোমাইসিটিন, নিওমাইসিন, টেরামাইসিন, পলিমিক্সিন প্রভৃতি।
নাইট্রিফিকেশনে	*Nitrosomonas, Nitrococcus, Nitrobacter* ইত্যাদি।
চা, কফি, তামাক প্রক্রিয়াজাতকরণ	*Bacillus megaterium*
চামড়া শিল্পে	*Bacillus*
জিন প্রকৌশলে	*E. coli, Agrobacterium*

৬ ব্যাকটেরিয়ার অপকারী দিক (V.V.I):

	রোগের নাম	রোগ সৃষ্টিকারী ব্যাকটেরিয়া
মানুষের রোগ সৃষ্টিতে	যক্ষ্মা	*Mycobacterium tuberculosis*
	টাইফয়েড	*Salmonella typhi/typhosa*
	কলেরা	*Vibrio cholerae*
	আমাশয়	*Bacillus dysenteri*
	ধনুষ্টংকার	*Clostridium tetani*
	নিউমোনিয়া	*Diplococcus pneumoniae*
	হুপিংকাশি	*Bordetella pertussis*
	গনোরিয়া	*Neisseria gonorrhoeae*

	রোগের নাম	রোগ সৃষ্টিকারী ব্যাকটেরিয়া
অন্যান্য প্রাণীর রোগ সৃষ্টিতে	গরু-মহিষের যক্ষ্মা	*Mycobacterium bovis*
	ভেড়ার অ্যানথ্রাক্স	*Bacillus anthracis*
	হাঁস-মুরগির কলেরা	*Bacillus avisepticus*
	হাঁস-মুরগির গলাফোলা রোগ	*Pasteurella multocida*
উদ্ভিদের রোগ সৃষ্টিতে	গমের টুণ্ডুরোগ	*Agrobacterium tritici*
	ধানের পাতা ধ্বসা	*Xanthomonas oryzae*
	আখের আঠাঝরা রোগ	*Xanthomonas vasculorum*
	লেবুর ক্যাংকার	*Xanthomonas citri*

কৃষিক্ষেত্রে ও ওষুধ শিল্পে ব্যাকটেরিয়ার অবদান :

৬ কৃষিক্ষেত্রে ব্যাকটেরিয়ার গুরুত্ব :

কৃষিক্ষেত্রে ব্যাকটেরিয়ার গুরুত্ব	
• ব্যাকটেরিয়া মৃত উদ্ভিদ ও প্রাণিদেহকে পচিয়ে মাটির উর্বরা শক্তি বৃদ্ধি করে।	• ব্যাকটেরিয়া দ্বারা ধানের খড়, ঘাস, লিগিউম জাতীয় উদ্ভিদ থেকে উন্নতমানের গোখাদ্য তৈরি করা হয়।
• *Azotobacter, Clostridium, Pseudomonas* প্রভৃতি ব্যাকটেরিয়া জৈবিক পদ্ধতিতে বায়ুস্থ মুক্ত নাইট্রোজেন সংবন্ধন করে উদ্ভিদের ব্যবহার উপযোগী করে।	• কীট-পতঙ্গের জৈবিক দমনে বর্তমানে *Bacillus* গণের ব্যাকটেরিয়া ব্যবহৃত হয়।
• ব্যাকটেরিয়া গৃহস্থালির আবর্জনা, গোবর ইত্যাদিকে পচিয়ে জৈব সারে পরিণত করে।	

৬ ওষুধ শিল্পে ব্যাকটেরিয়ার গুরুত্ব :

ব্যাকটেরিয়া থেকে সাবটিলিন (*Bacillus subtilis*), পলিমিক্সিন (*Bacillus polymyxa*) জাতীয় ব্যাকটেরিয়া থেকে আমরা শত শত প্রকার গুরুত্বপূর্ণ অ্যান্টিবায়োটিক পেয়ে থাকি।

যেমন : স্ট্রেপটোমাইসিন, টেট্রামাইসিন ইত্যাদি। আবার বিভিন্ন প্রকার ব্যাকটেরিয়া থেকে কলেরা, যক্ষ্মা, টাইফয়েড এবং ডিপথেরিয়া, হুপিংকাশি, ধনুষ্টংকার (DPT) ৩টি রোগের টিকা একত্রে; D = Diphtheria, P = Pertussis, T = Tetanus) প্রভৃতি টিকা তৈরি হয়।

ম্যালেরিয়া পরজীবীর ইতিহাস :

বিজ্ঞানীর নাম	অবদান
টর্টি	সর্বপ্রথম ম্যালেরিয়া (অর্থ দূষিত বায়ু) শব্দটি ব্যবহার করেন
ফরাসি ডাক্তার চার্লস ল্যাভেরন	ম্যালেরিয়া পরজীবী আবিষ্কার করেন
রোনাল্ড রস	অ্যানোফিলিস মশকী ম্যালেরিয়ার পরজীবী বহন করে
স্যার প্যাট্রিক ম্যানসন	ম্যালেরিয়ার জীবাণু মশকীর সাহায্যে মানবদেহে সংক্রামিত হয়

MEDISTRY

COLLECTION

You'll find here everything Exactly What You Need.

Join to our Channel to find Academic to Admission preparation

(Medical, Dental, Varsity & Engineering) All types of pdf.

ম্যালেরিয়া পরজীবীর বিভিন্ন প্রজাতি ও জ্বরের নাম :

ম্যালেরিয়া পরজীবীর নাম	রোগের নাম	সৃষ্ট জ্বরের প্রকৃতি	সুপ্তাবস্থাকাল
Plasmodium falciparum	ম্যালিগন্যান্ট টারশিয়ান ম্যালেরিয়া	৩৬-৪৮ ঘণ্টা পর পর জ্বর আসে	৮-১৫ দিন
Plasmodium malariae	কোয়ারটান ম্যালেরিয়া	৭২ ঘণ্টা পর পর জ্বর আসে	১৮-৪০ দিন
Plasmodium vivax	বিনাইন টারশিয়ান ম্যালেরিয়া	৪৮ ঘণ্টা পর পর জ্বর আসে	১২-২০ দিন
Plasmodium ovale	মৃদু টারশিয়ান ম্যালেরিয়া	৪৮ ঘণ্টা পর পর জ্বর আসে	১১-১৬ দিন

ম্যালেরিয়া জীবাণুর জীবনচক্রের আরোও কিছু গুরুত্বপূর্ণ ধাপ ও উৎপত্তিস্থল :

নং	সাইজোগনি চক্রের সর্বশেষ ধাপ/গুরুত্বপূর্ণ ধাপ	উৎপত্তিস্থল	নং	সাইজোগনি চক্রের সর্বশেষ ধাপ/গুরুত্বপূর্ণ ধাপ	উৎপত্তিস্থল
১	স্পোরোজোয়াইট	মশকীর পাকস্থলীর বহিঃপ্রাচীরে সৃষ্টি হয়	৮	মাইক্রো ও ম্যাক্রো গ্যামেটোসাইট	মানুষের লোহিত কণিকায়
২	গ্যামেটোসাইট	মানুষের লোহিত কণিকায়	৯	ম্যালেরিয়া জীবাণুতে ফ্ল্যাজেলা সৃষ্টি বা এক্সফ্ল্যাজেলেশন ঘটে	মশকীর পাকস্থলী বা ক্রপে
৩	ক্রিপ্টোমেরোজোয়াইট	মানুষের যকৃতে	১০	পুংজনন কোষ সৃষ্টি হয়	মশকীয় পাকস্থলী বা ক্রপে
৪	মেরোজোয়াইট	মানুষের লোহিত কণিকায়	১১	স্ত্রী জনন কোষ সৃষ্টি হয়	মশকীয় পাকস্থলী বা ক্রপে
৫	সিগনেট রিং	মানুষের লোহিত কণিকায়	১২	নিষেক বা জাইগোট সৃষ্টি হয়	মশকীয় পাকস্থলী বা ক্রপে
৬	সাইজন্ট	মানুষের লোহিত কণিকায়, যকৃতে	১৩	উওকিনেট	মশকীয় পাকস্থলী বা ক্রপে
৭	রোজেট	মানুষের লোহিত কণিকায়	১৪	উওসিস্ট	মশকীয় পাকস্থলীর বহিঃপ্রাচীরের ঠিক নিচে

Part 2 At a glance [Most Important Information]

- সর্বপ্রথম টোবাকো মোজাইক রোগের কথা বলেন– **Adolf Mayer**
- হেপাটাইটিস-সি আবিষ্কার করেন– **Hervey J. Alter**
- ভাইরাসের রাসায়নিক প্রকৃতি বর্ণনা করেন– **Bawden and Pirie**
- TMV, HIV, ডেঙ্গু, পোলিও হচ্ছে– **RNA ভাইরাস**
- বহিঃস্থ আবরণহীন ভাইরাস– **TMV, T_2 ভাইরাস**
- বহিঃস্থ আবরণযুক্ত ভাইরাস– **ইনফ্লুয়েঞ্জা, হার্পিস, HIV**
- পোষকদেহে ভাইরাস আক্রান্ত হয়– **রিসেপ্টর সাইটের উপস্থিতিতে**
- T_2-ব্যাকটেরিওফায আক্রমণ করে– ***E. coli*** **কে**
- কেবল তামাক গাছকেই আক্রমণ করে– **TMV ভাইরাস**
- পোষক পরিবর্তন করে রোগ সৃষ্টি করে– **ইমার্জিং ভাইরাস**
- HIV, SARS, Nile Virus, Ebola হচ্ছে– **ইমার্জিং ভাইরাস**
- সংক্রমণ ক্ষমতাসম্পন্ন ভাইরাস কণাকে বলে– **ভিরিয়ন**
- নিউক্লিক অ্যাসিডকে ঘিরে ক্যাপসিড সমন্বয়ে গঠিত– **ভিরিয়ন**
- সংক্রমণ ক্ষমতাবিহীন ভাইরাস– **নিউক্লিয়োক্যাপসিড**
- ব্যাকটেরিয়াকে animalcule নাম দেন– **লিউয়েনহুক**
- রবার্ট কচ নোবেল পুরস্কার পান– **1905 সালে**
- AIDS থেকে ব্যাকটেরিয়া সংক্রমণে বেশি মারা যায়– **যুক্তরাষ্ট্রে**
- আর্কিব্যাকটেরিয়াতে জিনোম সিকোয়েন্সিং করা হয়– **১৯৯৬ সালে**
- আর্কিব্যাকটেরিয়ার জিন সংখ্যা– **১৭৩৮ টি**
- আর্কিব্যাকটেরিয়ার কোষ প্রাচীরে নেই– **পেপটিডোগ্লাইকান**
- Protista, Fungi, Plantae, Animalia– **অধিরাজ্য-৩ এর অন্তর্ভুক্ত**
- Heat lover আর্কিব্যাকটেরিয়াকে বলে– **Thermophiles**
- বৃহত্তম ব্যাকটেরিয়া– ***Thiomargarita namibiensis***
- বাংলাদেশে প্রোটিওব্যাকটেরিয়া আছে–**60 প্রজাতির**
- বাংলাদেশে ফিরমিকিউটস আছে–**42 প্রজাতির**
- বাংলাদেশে অ্যাকটিনে ব্যাকটেরিয়া রয়েছে– **70 প্রজাতির**
- Protista নামে রাজ্য সৃষ্টি করেন– **Arnest Heckle**
- ক্ষুদ্রতম ব্যাকটেরিয়া– ***Dialister Pneumosintes*** **(মাহফুজা)**
- অধিকাংশ হেপাটাইটিস ঘটে– **হেপাটাইটিস-B ভাইরাস দ্বারা**
- হেপাটাইটিস-B অপেক্ষা মারাত্মক– **হেপাটাইটিস-C**
- হেপাটাইটিস-A ভাইরাস হচ্ছে– **এন্টারো ভাইরাস**
- হেপাটাইটিস-B ভাইরাস হচ্ছে– **হেপাডিএনএ ভাইরাস**
- সাধারণ ডেঙ্গু জ্বরে শরীরের তাপমাত্রা থাকে– **১০৩-১০৫° F**
- ডেঙ্গু জ্বর হয় মশকী কামড়ানোর– **২-৭ দিন পর**
- সবচেয়ে মারাত্মক – **হেমোরেজিক ডেঙ্গু জ্বর ও ডেঙ্গু শক সিন্ড্রোম**
- তীব্র ডেঙ্গু জ্বরে রক্তে অ্যান্টিবডির পরিমাণ হয়– **৪ গুণ**
- ডেঙ্গু জ্বরে রক্তে প্লেটিলেট থাকে– **১৫০০০০/mm^3 এর কম**
- ডেঙ্গু জ্বরে রোগীর জন্য নিষিদ্ধ– **অ্যাসপিরিন জাতীয় ওষুধ**
- ব্যথা ও জ্বর কমানোর জন্য ডেঙ্গু জ্বরে দেওয়া যায়– **প্যারাসিটামল**
- পেঁপের রিংস্পট রোগের নামকরণ করেন– **জেনসন (১৯৪৯)**
- জাব পোকার দেহে PRSV প্রবেশে সময় লাগে– **১৫ সেকেন্ড**
- PRSV সংক্রমণে প্রথম রোগ লক্ষণ প্রকাশ পায়–**৩০-৪০ দিনে**
- ভারতে কর্মরত বৃটিশ সেনাবাহিনীর ডাক্তার ছিলেন– **Ronald Ross**
- মেরুদণ্ডী প্রাণীতে রোগ সৃষ্টি করে *Plasmodium* এর– **৬০টি প্রজাতি**
- ম্যালেরিয়া পরজীবীর শ্রেণিবিন্যাস করেন– **Levin et al. (1980)**
- রক্ত পানের সময় মশকী হতে মানবদেহে জীবাণু প্রবেশ করে– **১০%**
- অন্তঃপরজীবী প্রোটোজোয়া প্রাণী– **ম্যালেরিয়া জীবাণু**
- *P. vivax* সৃষ্ট ম্যালেরিয়ার লক্ষণ– **কাঁপুনি দিয়ে জ্বর আসা**
- *P. vivax* দ্বারা সৃষ্ট ম্যালেরিয়ার জ্বর আসে– **৪৮ ঘণ্টা পর**
- পৃথিবীতে *Anopheles* মশকীর প্রজাতি রয়েছে– **২০০**
- জীবাণুর ব্যাপক বিস্তার ঘটায়– ***Anopheles*** **এর মাত্র ৬টি প্রজাতি**
- *A. culicifacies, A. stephensi*- **জীবাণু বিস্তারকারী প্রজাতি**

Part 3 কৃষি বিশ্ববিদ্যালয়ের বিগত বছরের প্রশ্ন ও সমাধান

গুচ্ছভুক্ত কৃষি বিশ্ববিদ্যালয়

01. ভাইরাসের গাঠনিক উপাদান কী কী? [Agri Cluster : 19-20]
Ⓐ প্রোটিন ও চর্বি Ⓑ প্রোটিন ও ভিটামিন
Ⓒ নিউক্লিক অ্যাসিড ও প্রোটিন Ⓓ চর্বি ও নিউক্লিক অ্যাসিড
Ans C Solve ভাইরাসের কেন্দ্রে নিউক্লিক অ্যাসিড এবং এর চারপাশে প্রোটিন নির্মিত ক্যাপসিড থাকে। কিছু ভাইরাসে বহিঃস্থ আবরণ হিসেবে লিপোপ্রোটিন থাকে। [Ref : আজমল]

02. মাটিতে ফ্রি-লিভিং নাইট্রোজেন সংবন্ধনকারী ব্যাকটেরিয়া কোনটি? [Agri Cluster : 19-20]
Ⓐ *Azotobacter* Ⓑ *Rhizobium* Ⓒ *Nitrosomonas* Ⓓ *Pseudomonas*
Ans A Solve ফ্রি-লিভিং নাইট্রোজেন সংবন্ধনকারী ব্যাকটেরিয়া :
সায়ানোব্যাকটেরিয়া : *Nostoc, Anabaena.*
ব্যাকটেরিয়া : *Azotobacter, Beijerinckia, Clostridium.*

03. কী কারণে রক্তশূন্যতা ঘটে? [Agri Cluster : 19-20]
Ⓐ হিমোজয়েনের কারণে Ⓑ স্পোরোজয়েটের কারণে
Ⓒ হিমোলাইসিসের কারণে Ⓓ মেরোজয়েটের কারণে
Ans C Solve ম্যালেরিয়া পরজীবী হিমোলাইসিস নামক এক প্রকার অ্যান্টিবডি সৃষ্টি করে যা স্বাভাবিক অনাক্রান্ত লোহিত কণিকায় হিমোলাইসিস সটায় যার ফলে দেহে রক্তশূণ্যতা ঘটে।

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়

01. ম্যালেরিয়া পরজীবীর জীবনচক্রের কোন দশা মানুষে সংক্রামিত হয়? [BAU : 18-19]
Ⓐ উওকিনেট Ⓑ মেরোজয়েট Ⓒ স্পোরোজয়েট Ⓓ ট্রফোজয়েট
Ans C Solve ম্যালেরিয়া পরজীবীর জীবনচক্রের দশাসমূহ :

উওকিনেট	জাইগোট সৃষ্টির দশা।
মেরোজয়েট	এরিথ্রোসাইটিক সাইজোগনির দশা।
স্পোরোজয়েট	স্পোরোগনি সৃষ্টির দশা।
ট্রফোজয়েট	লোহিত রক্তকণিকায় অবস্থিত স্ফীত ও গোলাকার মাইক্রো-মেটাক্রিপ্টোমেরোজয়েটগুলোকে ট্রফোজয়েট দশা বলে।

[Ref : আজমল]

02. ম্যালেরিয়ার জীবাণু মানবদেহে প্রবেশের পর প্রথম কোথায় আশ্রয় নেয়? [BAU : 17-18]
Ⓐ ক্ষুদ্রান্ত্র Ⓑ পাকস্থলি Ⓒ বৃহদন্ত্র Ⓓ যকৃৎ
Ans D Solve *Anopheles* মশকীর লালাগ্রন্থিতে অবস্থিত *Plasmodium*-এর স্পোরোজয়েট দশার পরিণত জীবাণু মশকীর দংশনের মাধ্যমে মানবদেহে প্রবেশ করে এবং রক্তস্রোতের মাধ্যমে বাহিত হয়ে কেমোট্যাক্সিস-এর কারণে যকৃতে এসে আশ্রয় নেয়। [Ref : হাসান]

03. ভাইরাস হতে কীসের টিকা প্রস্তুত করা হয়? [BAU : 16-17]
Ⓐ কলেরার Ⓑ টাইফয়েডের Ⓒ জন্ডিসের Ⓓ যক্ষ্মার **Ans C**

04. নিচের কোনটি ভাইরাস দ্বারা সংক্রমিত রোগ? [BAU : 15-16]
Ⓐ ডেঙ্গু Ⓑ কলেরা Ⓒ টাইফয়েড Ⓓ যক্ষ্মা
Ans A Solve ব্যাকটেরিয়াজনিত কয়েকটি রোগ :

রোগের নাম	ব্যাকটেরিয়া
কলেরা	*Vibrio cholerae*
টাইফয়েড	*Salmonella typhi/typhosa*
যক্ষ্মা	*Mycobacterium tuberculosis*

05. নিচের কোনটি ম্যালেরিয়া জ্বরের লক্ষণ? [BAU : 15-16]
Ⓐ প্লীহা ও যকৃৎ বড় হয়ে যাওয়া Ⓑ তীব্র ক্ষুধা অনুভব
Ⓒ পানি পানে অনীহা Ⓓ বুকে প্রচণ্ড ব্যথা
Ans A Solve ম্যালেরিয়া রোগের লক্ষণসমূহ :
→ বমি বমি ভাব, আহারে অরুচি, অনিদ্রা, মাথা ব্যথা, পেশির ব্যথা।
→ কাঁপুনি দিয়ে জ্বর (104 - 106°F পর্যন্ত)।
→ প্লীহা ও যকৃৎ অস্বাভাবিকভাবে স্ফীত হয়ে যাওয়া। [Ref : আজমল]

06. হেপাটিক সাইজোগনি শেষে কী তৈরি হয়? [BAU : 13-14]
Ⓐ ক্রিপ্টোজয়েট Ⓑ ক্রিপ্টোমেরোজয়েট
Ⓒ মেটাক্রিপ্টোমেরোজয়েট Ⓓ সিগনেট রিং
Ans C Solve এরিথ্রোসাইটিক সাইজোগনির শেষ ধাপ মেরোজয়েট।

07. কোনটি ভাইরাসজনিত রোগ? [BAU : 13-14]
Ⓐ পোলিও Ⓑ কলেরা Ⓒ টিটেনাস Ⓓ বটুলিজম
Ans A Solve ভাইরাস দ্বারা সৃষ্ট রোগ :

ছন্দ :	হায়	দেশে	বসন্ত	এল	ভাইকে	ইনফ্লুয়েঞ্জা	জ্বরে	পেল
	↓	↓	↓	↓	↓	↓	↓	↓
তথ্য :	হাম	হার্পিস	বসন্ত	এইডস	ভাইরাল হেপাটাইটিস	ইনফ্লুয়েঞ্জা	জলাতঙ্ক	পোলিও

08. অযৌন চক্রের সর্বশেষ ধাপ কোনটি? [BAU : 11-12]
Ⓐ স্পোরোজয়েট Ⓑ ট্রফোজয়েট Ⓒ গ্যামিটোসাইট Ⓓ উওসাইট
Ans C Solve যৌন চক্রের সর্বশেষ ধাপ স্পোরোজয়েট।

09. মানুষ জলাতঙ্ক রোগে আক্রান্ত হয় কোন ভাইরাসের কারণে? [BAU : 10-11]
Ⓐ ফ্ল্যাভি ভাইরাস Ⓑ ভেরিওলা Ⓒ র‍্যাবিস Ⓓ রুবিওলা **Ans C**

10. Bird flu রোগ কীসের দ্বারা হয়? [BAU : 09-10]
Ⓐ Virus Ⓑ Bacteria Ⓒ Fungi Ⓓ Parasite
Ans A Solve বার্ড ফ্লু একটি ভাইরাসজনিত রোগ। অ্যাভিয়ান ইনফ্লুয়েঞ্জা H_5N_1 ভাইরাসের আক্রমণে হাঁস-মুরগিতে বার্ড ফ্লু নামক মারাত্মক রোগের সৃষ্টি হয়। [Ref : হাসান]

11. টোবাকো মোজাইক ভাইরাসের দেহ কী দ্বারা গঠিত? [BAU : 08-09]
Ⓐ DNA এবং প্রোটিন Ⓑ RNA এবং প্রোটিন
Ⓒ DNA এবং লিপিড Ⓓ RNA এবং গ্লাইকোপ্রোটিন
Ans B Solve টোবাকো মোজাইক ভাইরাস (TMV) একটি দণ্ডাকৃতির ভাইরাস। এর দৈর্ঘ্য প্রস্থের প্রায় ১৭ গুণ। TMV এর দৈর্ঘ্য 280-300nm এবং প্রস্থ 15-18 nm। RNA এবং প্রোটিন আবরণ দিয়ে TMV গঠিত। এর বাইরে একটি পুরু প্রোটিন আবরণ আছে এবং অভ্যন্তরে এক সূত্রক RNA কোর আছে। ওজন হিসেবে এর প্রায় 95% ই প্রোটিন। [Ref : মাজেদা]

12. ম্যালেরিয়া জীবাণুর চলমান জাইগোটকে কী বলে? [BAU : 08-09]
Ⓐ উওসিস্ট Ⓑ উওকিনেট Ⓒ স্পোর Ⓓ স্পোরোজয়েট
Ans B Solve মশকী রক্ত শোষণের ১২-১৪ ঘণ্টা পর গোল ও নিশ্চল জাইগোটটি সচল হয় এবং কিছুটা লম্বাকৃতি আকার ধারণ করে উওকিনেট-এ পরিণত হয়।

13. মাটিস্থ নাইট্রেট যে প্রক্রিয়ায় নাইট্রোজেন গ্যাসে পরিণত হয় তার নাম– [BAU : 06-07]
Ⓐ নাইট্রিফিকেশন Ⓑ নাইট্রোজেন ফিক্সেশন
Ⓒ অ্যানোফিকেশন Ⓓ ডিনাইট্রিফিকেশন **Ans D**

14. মানুষ জলাতঙ্ক রোগে আক্রান্ত হয় কোন ভাইরাসের কারণে? [BAU : 06-07]
Ⓐ ফ্ল্যাভি ভাইরাস Ⓑ ভেরিওলা Ⓒ র‍্যাবিস Ⓓ রুবিওলা
Ans C Solve কয়েকটি ভাইরাসজনিত রোগ :

ভাইরাসের নাম	সৃষ্ট রোগ
ফ্ল্যাভি ভাইরাস	ডেঙ্গু জ্বর
ভেরিওলা ভাইরাস	গুটি বসন্ত
র‍্যাবিস ভাইরাস	জলাতঙ্ক
রুবিওলা ভাইরাস	হাম

15. ম্যালেরিয়া জীবাণু মানবদেহে প্রবেশের পর কোথায় প্রথমে আশ্রয় নেয়? [BAU : 06-07]
Ⓐ বৃহদন্ত্রে Ⓑ পাকস্থলিতে Ⓒ যকৃতে Ⓓ ক্ষুদ্রান্ত্রে **Ans C**

16. ম্যালেরিয়া জীবাণুর একটি স্ত্রী গ্যামিটোসাইট হতে কয়টি ডিম্বাণু তৈরি হয়? [BAU : 06-07]
Ⓐ 8 টি Ⓑ 4 টি Ⓒ 2 টি Ⓓ 1 টি **Ans D**

17. ইনফ্লুয়েঞ্জা ভাইরাসের আকৃতি কেমন? [BAU : 05-06]
Ⓐ দণ্ডাকার Ⓑ গোলাকার Ⓒ ডিম্বাকার Ⓓ বর্তুলাকার
Ans C Solve ইনফ্লুয়েঞ্জা ভাইরাসের আকৃতি ডিম্বাকার।

18. 'স্ত্রী মশকীরাই ম্যালেরিয়ার জীবাণু বহন করে' এই তথ্য প্রকাশ করেন কোন বিজ্ঞানী? [BAU : 05-06]
Ⓐ স্যার প্যাট্রিক ম্যানসন Ⓑ মেজর রোনাল্ড রস
Ⓒ ল্যাভেরন Ⓓ টর্টি
Ans B Solve "স্ত্রী মশকীরাই ম্যালেরিয়া জীবাণু বহন করে"-এই তথ্য প্রকাশ করেন মেজর রোনাল্ড রস।

19. সর্বপ্রথম ভাইরাস দিয়ে সৃষ্ট মোজাইক রোগের বর্ণনা করেন কোন বিজ্ঞানী? [BAU : 04-05]

Ⓐ Mayer Ⓑ Ivanovsky Ⓒ Dr. W.M. Stanley Ⓓ N.W. Pirie

Solve • সর্বপ্রথম ভাইরাস দিয়ে সৃষ্ট মোজাইক রোগের বর্ণনা করেন বিজ্ঞানী মায়ার। বিজ্ঞানী স্টানলি তামাকের মোজাইক রোগের ভাইরাস পৃথক করেন ও কেলাসিত করেন।

• সর্বপ্রথম ভাইরাসের রাসায়নিক প্রকৃতি বর্ণনা করেন F.C. Bawden এবং N.W Pirie

20. আঙুরের গোছার মতো সজ্জিত ব্যাকটেরিয়ার নাম কী? [BAU : 04-05]

Ⓐ মাইক্রোকক্কাস Ⓑ ডিপ্লোকক্কাস Ⓒ স্ট্রেপটোকক্কাস Ⓓ স্টেফাইলোকক্কাস

Solve একটি মাত্র গোলাকার ব্যাকটেরিয়া একক ভাবে অবস্থান করলে তাকে মাইক্রোকক্কাস বলে। এভাবে দুটি বা চারটি গোলাকার ব্যাকটেরিয়া একত্রে যুক্ত থাকলে যথাক্রমে ডিপ্লোকক্কাস ও টেট্রাকক্কাস বলে। আঙুরের গোছার মতো সজ্জিত ব্যাকটেরিয়াকে স্টেফাইলোকক্কাস বলে।

21. ম্যালিগন্যান্ট টারশিয়ান ম্যালেরিয়া কোন প্রজাতির দ্বারা হয়? [BAU : 03-04]

Ⓐ *P. vivax* Ⓑ *P. malariae* Ⓒ *P. falciparum* Ⓓ *P. ovale*

Solve ম্যালেরিয়া মূলত আমাদের দেহে চার ধরনের রোগ চার প্রকার জীবাণুর দ্বারা তৈরি করে। নিচে একটি ছকের মাধ্যমে দেখানো হলো :

পরজীবীর নাম	রোগের নাম
Plasmodium falciparum	ম্যালিগন্যান্ট টারশিয়ান ম্যালেরিয়া
Plasmodium malariae	কোয়ারটান ম্যালেরিয়া
Plasmodium vivax	বিনাইন টারশিয়ান ম্যালেরিয়া
Plasmodium ovale	মৃদু টারশিয়ান ম্যালেরিয়া

সুতরাং, রোগগুলো মানবদেহে সৃষ্টি হয় *Plasmodium* গণের বিভিন্ন প্রজাতি দ্বারা।

22. ভাইরাসের বৈশিষ্ট্য নয় যেটি– [BAU : 03-04]

Ⓐ এতে DNA বা RNA আছে
Ⓑ জীবকোষের অভ্যন্তরে এরা বংশবৃদ্ধি করতে পারে
Ⓒ এতে জেনেটিক রিকম্বিনেশন ঘটে না
Ⓓ এতে মিউটেশন ঘটতে দেখা যায়

Solve ভাইরাসের কতগুলো বৈশিষ্ট্য রয়েছে। যথা :

• এতে DNA বা RNA আছে।
• এরা জীব কোষের অভ্যন্তরে সংখ্যা বৃদ্ধি করতে পারে।
• এতে জেনেটিক রিকম্বিনেশন ঘটে।
• এতে প্রকরণ সৃষ্টি ও পরিব্যপ্তি ঘটতে দেখা যায়।

23. ব্যাকটেরিয়ার নামকরণ করেছেন যে বিজ্ঞানী, তার নাম– [BAU : 03-04]

Ⓐ C. G Ehrenberg Ⓑ Robert Koch
Ⓒ Louis Pasteur Ⓓ Leeuwenhoek

Solve সর্ব প্রথম ব্যাকটেরিয়া পর্যবেক্ষণ করেন লিউয়েনহুক। নামকরণ করেন সি. জি. এরেনবার্গ ও ব্যাকটেরিয়া তত্ত্বকে উপস্থাপন করেন লুই পাস্তুর।

24. নিচের যেটি পাটের আঁশ ছাড়াতে কাজে লাগে– [BAU : 03-04]

Ⓐ *E. coli* Ⓑ *Clostridium* Ⓒ *Azotobacter* Ⓓ *Rhizobium*

Solve পাটের আঁশ ছাড়াতে সাহায্য করে *Clostridium*.

25. বাণিজ্যিকভাবে পেনিসিলিন তৈরি হয়– [BAU : 03-04]

Ⓐ *Penicillium camemberti* হতে Ⓑ *Penicillium roqueforti* হতে
Ⓒ *Penicillium notatum* হতে Ⓓ *Penicillium chrysogenum* হতে

Solve বাণিজ্যিকভাবে পেনিসিলিন তৈরি করা হয় *Penicillium chrysogenum* হতে। তবে পূর্বে *Penicillium notatum* হতে তৈরি করা হতো।

26. ম্যালেরিয়া জীবাণু মানবদেহে প্রবেশের সাধারণত কয়দিন পর মানুষের জ্বর আসে? [BAU : 03-04]

Ⓐ 3 দিন Ⓑ 10 দিন Ⓒ 21 দিন Ⓓ 28 দিন

Solve মানবদেহের ম্যালেরিয়া পরজীবী প্রবেশের পর থেকে রোগের লক্ষণ প্রকাশ পাওয়ার পূর্ব পর্যন্ত সময়কে সুপ্তাবস্থা বলে। *P. vivax* এর সুপ্তাবস্থা ১২-২০ দিন, *P. falciparum* এর ৮-১৫ দিন, *P. malariae* ১৮-৪০ দিন, *P. ovale* ১১-১৬ দিন।

27. ম্যালেরিয়া পরজীবী একটি– [BAU : 02-03]

Ⓐ বহিঃপরজীবী Ⓑ অন্তঃপরজীবী
Ⓒ আবশ্যক পরজীবী Ⓓ অনাবশ্যক পরজীবী

Solve পরজীবী বিভিন্ন রকম হয়ে থাকে। যেমন–

জীবন পদ্ধতির ভিত্তিতে :

১. **বহিঃপরজীবী** → স্তন্যপায়ীর গাত্রের এটুলি, *Boophilus*
২. **অন্তঃপরজীবী** → ম্যালেরিয়ার জীবাণু, *Plasmodium*

জীবন পদ্ধতির ভিত্তিতে :

১. **আবশ্যিক পরজীবী** → ম্যালেরিয়া পরজীবী, *Plasmodium.*
২. **অনাবশ্যিক পরজীবী** → *Acanthamoeba.*

28. প্লাজমোডিয়াম স্পোরোজয়েট দেখতে কেমন? [BAU : 02-03]

Ⓐ ডিম্বাকৃতি Ⓑ মাকু আকৃতি Ⓒ গোলাকার Ⓓ প্যাঁচানো

Solve প্লাজমোডিয়াম স্পোরজয়েট দেখতে মাকু আকৃতির।

29. ভাইরাসের দেহ কী দিয়ে গঠিত? [BAU : 02-03]

Ⓐ প্রোটিন ও চর্বি Ⓑ প্রোটিন ও ভিটামিন
Ⓒ নিউক্লিক অ্যাসিড ও প্রোটিন Ⓓ চর্বি ও নিউক্লিক অ্যাসিড

Solve ভাইরাসের দেহ নিউক্লিওপ্রোটিন দ্বারা গঠিত। নিউক্লিও প্রোটিন হলো নিউক্লিক অ্যাসিড ও প্রোটিনের সমষ্টি।

30. ম্যালেরিয়া জীবাণুর চলমান জাইগোটকে কি বলে? [BAU : 01-02]

Ⓐ উওসিস্ট Ⓑ উওকিনেট Ⓒ স্পোর Ⓓ স্পোরোজয়েট

Solve স্ত্রী অ্যানোফিলিস মশকীর লালাগ্রন্থিতে *Plasmodium* এর স্পোরোজয়েট নামক দশাটি পরিণত অবস্থায় সঞ্চিত থাকে। এ জাতীয় মশকীর দংশনের ফলে লালারসের সাথে মানবদেহে প্রবেশ করে।

31. ম্যালিরিয়া পরজীবীর পুংগ্যামেট ও স্ত্রী গ্যামেটের মিলন হয় কোথায়? [BAU : 01-02]

Ⓐ যকৃতে Ⓑ মশকীর লালা গ্রন্থিতে
Ⓒ লোহিত কণিকায় Ⓓ ক্রুপে

Solve গুরুত্বপূর্ণ কিছু তথ্য :

• ম্যালেরিয়া জীবাণুর যৌন প্রজনন বা গ্যামেটোগনি স্ত্রী অ্যানোফিলিস মশকীর পৌষ্টিক নালিতে সংঘটিত হয়।
• ম্যালেরিয়া জীবাণুর অযৌন প্রজনন বা সাইজোগনি মানবদেহের যকৃৎ ও লোহিত রক্ত কণিকায় সংঘটিত হয়। সাইজোগনি দু'টি পর্যায়ে সম্পন্ন হয়।
• হেপাটিক সাইজোগনি বা যকৃৎ সাইজোগনি যকৃতে সংঘটিত হয়
• এরিথ্রোসাইটিক সাইজোগনি লোহিত রক্তকণিকায় সংঘটিত হয়।

ম্যালেরিয়া জীবাণুর নির্দিষ্ট পোষক	মশকী
ম্যালেরিয়া জীবাণুর মাধ্যমিক পোষক	মানুষ
ম্যালেরিয়া জীবাণু	অন্তঃপরজীবী

32. ভাইরাস হতে কোনটি প্রস্তুত করা হয়? [BAU : 01-02]

Ⓐ জন্ডিস এর টিকা Ⓑ কলেরার টিকা Ⓒ টাইফয়েডের টিকা Ⓓ যক্ষ্মার টিকা

Solve ভাইরাস দ্বারা বসন্ত, প্লেগ, পোলিও, জলাতঙ্ক ইত্যাদির টিকাও প্রস্তুত করা হয়। কলেরা, টাইফয়েড এবং যক্ষার টিকা ব্যাকটেরিয়া হতে প্রস্তুত করা হয়।

33. কোন ব্যাকটেরিয়া শিমের মূলের নডিউলে নাইট্রোজেন সংবন্ধন করে? [BAU : 01-02]

Ⓐ রাইজোবিয়াম Ⓑ ব্যাসিলাস Ⓒ বরডেটাল্লা Ⓓ এরউনিয়া

Solve শিমের মূলের নডিউলে রাইজোবিয়াম থাকে। এরা Leguminosae গোত্রের।

34. আমাশয় রোগ সৃষ্টি করে কোন পরজীবী? [BAU : 00-01]

Ⓐ *Entamoeba histolytica* Ⓑ *Plasmodium vivax*
Ⓒ *Wuchereria bancrofti* Ⓓ কোনোটিই নয়

Solve

জীবাণু	সৃষ্ট রোগ
Wuchereria bancrofti	গোদ রোগ
Entamoeba histolytica	অ্যামিবিয়াসিস

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

35. মানবদেহে ম্যালেরিয়া জীবাণুর সুপ্তাবস্থা কতদিন? [BAU : 00-01]

Ⓐ 9 Ⓑ 12 Ⓒ 14 Ⓓ 18

Solve • ম্যালেরিয়া হচ্ছে *Anopheles* মশকীবাহিত এক ধরনের মারাত্মক জ্বররোগ।

• *Plasmodium vivax*- ম্যালেরিয়া রোগসৃষ্টিকারী পরজীবী।

• বিভিন্ন প্রজাতির ম্যালেরিয়ার সুপ্তাবস্থা :

প্রজাতি	সুপ্তাবস্থা
Plasmodium vivax	12-20 দিন
Plasmodium ovale	11-16 দিন
Plasmodium malariae	18-40 দিন
Plasmodium falciparum	8-15 দিন

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়

01. ভাইরাসঘটিত রোগ নয়– [SAU : 18-19]

Ⓐ জলাতঙ্ক Ⓑ টাইফয়েড Ⓒ ডেঙ্গু Ⓓ পোলিও

Solve Option A, C, D হলো ভাইরাসঘটিত রোগ এবং Option B হলো ব্যাকটেরিয়াঘটিত রোগ। [Ref : হাসান]

02. কোনটি ডিনাইট্রিফাইং ব্যাকটেরিয়া নয়? [SAU : 15-16]

Ⓐ *Thiobacillus denitrificans* Ⓑ *Nitrobacter*
Ⓒ *Micrococcus denitrificans* Ⓓ *Pseudomonas* Ans Ⓑ

03. ম্যালেরিয়া পরজীবীর আক্রমণকারী দশার নাম কী? [SAU : 13-14]

Ⓐ Sporozoite Ⓑ Cryptozoite Ⓒ Oocyst Ⓓ Merozoite

Solve মানবদেহে ম্যালেরিয়া পরজীবীর অযৌন জনন সম্পন্ন হয়। [Ref: হাসান]

04. হেপাটিক সাইজোগনি কোথায় ঘটে? [SAU : 11-12]

Ⓐ লোহিত কণিকায় Ⓑ যকৃতে
Ⓒ শ্বেত কণিকায় Ⓓ মশকীর পাকস্থলিতে

Solve হেপাটিক সাইজোগনি সংঘটিত হয় যকৃতে। অন্যদিকে এরিথ্রোসাইটিক সাইজোগনি হয় লোহিত রক্ত কণিকায়। [Ref : হাসান]

05. ছত্রাক আক্রমণকারী ভাইরাস কোনটি? [SAU : 11-12]

Ⓐ ব্যাকটেরিওফায Ⓑ সায়ানোফায Ⓒ একটিনোফায Ⓓ মাইকোফায

Solve গুরুত্বপূর্ণ তথ্য :

• ব্যাকটেরিয়া আক্রমণকারী ভাইরাসকে বলে ব্যাকটেরিওফায।

• ছত্রাক আক্রমণকারী ভাইরাস হলো মাইকোফায। [Ref : হাসান]

06. গরুর অ্যানথ্রাক্স রোগ হয় নিচের কোনটি দ্বারা? [SAU : 10-11]

Ⓐ ব্যাকটেরিয়া Ⓑ ছত্রাক Ⓒ শৈবাল Ⓓ ভাইরাস

Solve গরুর অ্যানথ্রাক্স রোগ হয় *Bacillus anthracis* নামক ব্যাকটেরিয়া দ্বারা। [Ref : হাসান]

07. ম্যালেরিয়া (Malaria) শব্দের অর্থ কি? [SAU : 08-09]

Ⓐ দূষিত রক্ত Ⓑ দূষিত বায়ু Ⓒ দূষিত পানি Ⓓ দূষিত মাটি

Solve আগে ধারণা করা হতো দূষিত বায়ু সেবনে ম্যালেরিয়া হয়। Malaria শব্দের অর্থ দূষিত বায়ু (ইতালীয়, mal = দূষিত+aria = বাতাস)।

08. *Plasmodium vivax* এর জীবন চক্রটি সম্পন্ন করতে সম্পূর্ণ ভিন্ন ধরনের কয়টি পোষকের প্রয়োজন হয়? [SAU : 08-09]

Ⓐ একটি Ⓑ দুইটি Ⓒ তিনটি Ⓓ চারটি

Solve *Plasmodium vivax* এর জীবনচক্র সম্পন্ন করতে সম্পূর্ণ ভিন্ন দুটি পোষকের প্রয়োজন :

• মানুষ– মাধ্যমিক পোষক। • *Anopheles* প্রজাতির মশকী– নির্দিষ্ট পোষক।

09. ম্যালেরিয়া জীবাণুর অযৌনচক্র অতিবাহিত হয়– [SAU : 05-06]

Ⓐ মশাতে Ⓑ ব্যাঙে Ⓒ পানিতে Ⓓ মানুষে

Solve ম্যালেরিয়ার জীবাণুর অযৌন চক্রকে সাইজোগনি বলে। এটি মানুষের দেহে সম্পন্ন হয়। এটি দুটি পর্যায়ে বিভক্ত :

১. হেপাটিক সাইজোগনি, ২. এরিথ্রোসাইটিক সাইজোগনি।

• মানুষ এ পরজীবীর মাধ্যমিক পোষক।

• মশকীদেহে যৌন প্রজনন সম্পন্ন হওয়ায় মশকী এর নির্দিষ্ট পোষক।

10. অল্টারনেশন অব জেনারেশন দেখা যায়– [SAU : 05-06]

Ⓐ আরশোলায় Ⓑ মশায় Ⓒ প্লাজমোডিয়াম Ⓓ হাইড্রা

Solve প্লাজমোডিয়ামে অল্টারনেশন অব জেনারেশন বা জনুক্রম দেখা যায়।

11. ম্যালেরিয়া পরজীবীর খাদ্যগ্রহণকারী দশাকে বলা হয়– [SAU : 04-05]

Ⓐ স্পোরোজয়েট Ⓑ ট্রোফোজয়েট Ⓒ সাইজন্ট Ⓓ মেরোজয়েট

Solve • স্পোরোজয়েট সঞ্চালনক্ষম, অতি ক্ষুদ্র সামান্য বাঁকানো, উভয়প্রান্ত সুঁচালো দেহবিশিষ্ট।

• মেরোজয়েট লোহিত রক্তকণিকার ভেতর খাদ্যগ্রহণ করে স্ফীত ও গোল হয়ে ট্রফোজয়েট পরিণত হয়।

• ম্যালেরিয়া জীবাণুর বহু নিউক্লিয়াসযুক্ত অবস্থার নাম সাইজন্ট।

সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়

01. ব্যাকটেরিয়ার যৌন জনন প্রক্রিয়ার সর্বশেষ ধাপ কোনটি? [SylAU : 18-19]

Ⓐ গ্যামিটোসাইট Ⓑ মেরোজাইগোট Ⓒ গনিডিয়া Ⓓ ট্রফোজয়েট

Solve ব্যাকটেরিয়ার দুটি বিপরীত কোষের (পুং ও স্ত্রী) মধ্যে মিলনের ফলে যে জাইগোট সৃষ্টি হয়, তাকে মেরোজাইগোট বলে। এটি যৌন জনন প্রক্রিয়ার সর্বশেষ ধাপ। এটি দাতা কোষ (পুং) এবং গ্রহীতা কোষের (স্ত্রী) আংশিক ক্রোমোসোম বহন করে। [Ref : মাজেদা]

02. মানবদেহে *Plasmodium malariae* এর সুপ্তাবস্থা কত দিন? [SylAU : 18-19]

Ⓐ ১২-২০ দিন Ⓑ ৮-১৫ দিন Ⓒ ১৮-৪০ দিন Ⓓ ১১-১৬ দিন

Solve ম্যালেরিয়া জীবাণুর বিভিন্ন প্রজাতির সুপ্তাবস্থার সময়কাল :

(i) *Plasmodium vivax* – ১২ - ২০দিন।

(ii) *Plasmodium falciparum* – ৮ - ১৫ দিন।

(iii) *Plasmodium ovale* – ১১ - ১৬ দিন।

03. ভাইরাস এর দেহ গঠিত হয় যে উপাদান দিয়ে তার নাম– [SylAU : 17-18]

Ⓐ প্রোটিন ও ভিটামিন Ⓑ প্রোটিন ও নিউক্লিক এসিড
Ⓒ প্রোটিন ও ফ্যাট Ⓓ নিউক্লিক এসিড ও ফ্যাট

Solve ভাইরাস হলো নিউক্লিক এসিড ও প্রোটিন দিয়ে গঠিত অকোষীয়, অতি আণুবীক্ষণিক সত্তা যা জীবদেহের অভ্যন্তরে সক্রিয় রোগ সৃষ্টি করে কিন্তু জীবদেহের বাইরে নিষ্ক্রিয় অবস্থায় বিরাজ করে। [Ref: হাসান]

04. 'বানচি টপ ভাইরাস' কোন উদ্ভিদে রোগ সৃষ্টি করে? [SylAU : 16-17]

Ⓐ কলা Ⓑ টমেটো Ⓒ ধান Ⓓ বেগুন

Solve ভাইরাসজনিত উদ্ভেদের কয়েকটি রোগ: শিমের মোজাইক রোগ, টমেটোর বুশিস্ট্যান্ট রোগ, ধানের টুংরো রোগ, কলার বানচি টপ রোগ প্রভৃতি। [Ref: হাসান]

05. মাটিতে সরাসরি নাইট্রোজেন সংবন্ধন করতে পারে কোন ব্যাকটেরিয়া? [SylAU : 15-16]

Ⓐ অ্যাজোটোব্যাকটার Ⓑ রাইজোবিয়াম
Ⓒ সালমোনিলা Ⓓ ব্যাসিলাস

Solve পচনশীল ফল-মূল, সবজি, মাংস, জ্যাম, জেলি, পনির, ইত্যাদিতে পেনিসিলিন অসংখ্য সবুজ বা নীল স্পোর উৎপন্ন করে বলে *Penicillium* কে সবুজ বা নীল ছত্রাক (Green or Blue Mold) বলা হয়। [Ref : হাসান]

04. সাইট্রিক এসিড, ফিউমারিক এসিড, অক্সালিক এসিড তৈরি করতে ব্যবহৃত হয়– [SylAU : 12-13]

Ⓐ *Agaricus* Ⓑ *Penicillium* Ⓑ *Saprolegnia* Ⓓ *None*

Solve জৈব এসিড বিশেষ করে সাইট্রিক এসিড, ফিউমারিক এসিড, অক্সালিক এসিড, ম্যালিক এসিড প্রভৃতি তৈরি করতে *Penicillium* ব্যবহৃত হয়। [Ref : হাসান]

05. কোন শৈবালে ট্রাইকোব্লাস্ট থাকে? [SylAU : 11-12]

Ⓐ *Polysiphonia* Ⓑ *Spirogyra*
Ⓒ *Chlamydomonas* Ⓓ *Vaucheria*

Solve *Polysiphonia* শৈবালের দেহ হোল্ডফাস্ট, স্টাইপ ও ট্রাইকোব্লাস্ট এ তিন অংশে বিভক্ত। [Ref : হাসান]

06. *Agaricus* এর জনন অংশকে বলা হয়? [SylAU : 10-11]

Ⓐ মাইসেলিয়াম Ⓑ ফ্রুট বডি Ⓒ স্ট্রাইপ Ⓓ পাইলিয়াস

Solve একটি পূর্ণাঙ্গ *Agaricus* দেহকে দুটি অংশে ভাগ করা যেতে পারে। দৈহিক অংশ তথা মাইসেলিয়াম এবং জনন অংশ তথা ফ্রুট বডি। [Ref : হাসান]

07. নিচের কোনটি সমাঙ্গদেহী উদ্ভিদ নয়? [SylAU : 09-10]

Ⓐ *Spirogyra* Ⓑ *Mucor*
Ⓒ *Rhizopus* Ⓓ *Selaginella*

Ans Ⓓ

08. সায়ানোব্যাকটেরিয়া কী? [SylAU : 09-10]

Ⓐ ব্যাকটেরিয়া Ⓑ ভাইরাস
Ⓒ সবুজ শৈবাল Ⓓ নীলাভ-সবুজ শৈবাল

Solve সায়ানোফাইটা বিভাগের নীলাভ সবুজ শৈবালদেরকেই বলা হয় সায়ানোব্যাকটেরিয়া। যেমন: *Nostoc* হলো একটি সায়ানোব্যাকটেরিয়া। [Ref: হাসান]

09. কাপ আকৃতির ক্লোরোপ্লাস্ট পাওয়া যায় নিচের কোনটিতে? [SylAU : 09-10]

Ⓐ *Chlamydomonas* Ⓑ *Oedogonium*
Ⓒ *Spirogyra* Ⓓ *Ulothrix*

Solve বিভিন্ন শৈবালে ক্লোরোপ্লাস্টের আকৃতি :

- *Chlamydomonas* এর ক্লোরোপ্লাস্ট পেয়ালাকার।
- *Oedogonium* এর ক্লোরোপ্লাস্ট জালিকাকার।
- *Spirogyra* এর ক্লোরোপ্লাস্ট সর্পিলাকার।
- *Ulothrix* এর ক্লোরোপ্লাস্ট গার্ডল আকৃতির। [Ref: হাসান]

10. পাউরুটি প্রস্তুত করতে ব্যবহৃত হয়– [SylAU : 09-10]

Ⓐ Yeast Ⓑ *Saccharomyces*
Ⓒ *Penicillin* Ⓓ *Mucor*

Solve *Saccharomyces* এর সাধারণ নাম ঈস্ট (Yeast)। *Saccharomyces* কে চিনির ছত্রাক বলা হয়। রুটি, শিল্পে ঈস্ট বা *Saccharomyces* ব্যবহৃত হয়। [Ref: হাসান]

পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

01. কোন উদ্ভিদে প্লাস্টিড নাই? [PSTU : 12-13]

Ⓐ শৈবাল Ⓑ স্পাইরোগাইরা Ⓒ ছত্রাক Ⓓ সবকটি

Solve শৈবাল ও স্পাইরাগাইরাতে প্লাস্টিড থাকে। কিন্তু ছত্রাকে প্লাস্টিড থাকে না। [Ref: হাসান]

02. ছত্রাকের এর কোষপ্রাচীর কোন উপাদান দিয়ে গঠিত? [PSTU : 12-13]

Ⓐ কাইটিন Ⓑ সেলুলোজ Ⓒ লিগনিন Ⓓ পেকটিন

Solve ছত্রাকের কোষপ্রাচীর কাইটিন নির্মিত। শৈবালের কোষপ্রাচীর সেলুলোজ নির্মিত। [Ref: হাসান]

03. ব্যাঙের ছাতা বা মাশরুম নামে কোন ছত্রাকটি পরিচিত? [PSTU : 09-10]

Ⓐ *Yeast* Ⓑ *Agaricus*
Ⓒ *Penicillium* Ⓓ *Helminthosporium*

Solve *Agaricus* ছত্রাকটি ব্যাঙের ছাতা বা মাশরুম নামে পরিচিত। এটি একটি পুষ্টিকর খাদ্য। [Ref: হাসান]

04. কোন প্রকৃত কোষে উদ্ভিদের সঞ্চিত খাদ্য গ্লাইকোজেন– [PSTU : 02-03]

Ⓐ Algae Ⓑ Moss Ⓒ Fern Ⓓ Fungi

Solve ছত্রাকে ক্লোরোফিল নামক বর্ণ কণিকা নেই। এদের সঞ্চিত খাদ্য গ্লাইকোজেন। [Ref: হাসান]

ঝিনাইদহ সরকারি ভেটেরিনারি কলেজ

01. শৈবাল ও ছত্রাক মিলিতভাবে সম্পূর্ণ পৃথক ধরনের একজাতীয় উদ্ভিদের সৃষ্টি করে যাকে বলা হয়? [JGVC: 19-20]

Ⓐ অয়ডিয়া Ⓑ ঈস্ট Ⓒ লাইকেন Ⓓ অয়ডিয়া

Solve প্রকৃতিতে সহাবস্থানের এক উজ্জ্বল দৃষ্টান্ত লাইকেন। দুটি মিথোজীবী জীবের (শৈবাল ও ছত্রাক) সহাবস্থানের ফলে লাইকেন সৃষ্টি হয়। ছত্রাক পরিবেশ থেকে পানি, খনিজ লবণ ইত্যাদি শোষণ করে শৈবালকে প্রদান করে আর শৈবাল তা দিয়ে সালোকসংশ্লেষণ প্রক্রিয়ায় খাদ্য প্রস্তুত করে। প্রস্তুতকৃত খাবার শৈবাল ও ছত্রাক উভয়ই ভাগ করে গ্রহণ করে।

02. স্পোর সৃষ্টির মাধ্যমে জননকার্য সম্পন্ন হয় কোনটিতে? [JGVC: 18-19]

Ⓐ শৈবাল Ⓑ ভাইরাস Ⓒ ভুট্টা Ⓓ ধান

Solve স্পোর সৃষ্টির মাধ্যমে অযৌন জনন ঘটে থাকে। অযৌন জননের একক হলো রেণু বা স্পোর। বিভিন্ন ধরনের রেণু তৈরির মাধ্যমে যে জনন প্রক্রিয়া সম্পন্ন হয় তাকে অযৌন জনন বলা হয়। [Ref : হাসান]

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়

01. কোন শৈবালে সিনোবিয়াম পাওয়া যায়? [CVASU: 18-19]

Ⓐ *Chara* Ⓑ *Volvox* Ⓒ *Cladophora* Ⓓ *Ulothrix*

Solve সিনোবিয়াম হলো এক ধরনের কলোনি। *Volvox* এ এই ধরনের কলোনী দেখা যায়। [Ref : হাসান]

02. ভক্ষণযোগ্য মাংসল ব্যাসিডিওকার্প হলো– [CVASU: 18-19]

Ⓐ ফাইকোবায়োন্ট Ⓑ রাইজোমর্ফ Ⓒ ঈস্ট Ⓓ মাশরুম

Solve ব্যাসিডিওমাইসিটিস শ্রেণির ছত্রাকের ফ্রুট বডিকে ব্যাসিডিওকার্প বলে। *Agaricus* এর ব্যাসিডিওকার্পের গোড়ায় দণ্ডের ন্যায় স্টাইপ, স্টাইপের মাথার দিকে অ্যানুলাস এবং মাথা ছাতার ন্যায় পাইলিয়াস নিয়ে গঠিত। [Ref : হাসান]

03. কোনটিকে 'রেইনডিয়ার মস' বলা হয়? [CVASU: 18-19]

Ⓐ শৈবাল Ⓑ ছত্রাক Ⓒ লাইকেন Ⓓ ফার্ন

Solve লাইকেনকে (*Cladonia rangiferina*) "রেইনডিয়ার মস" বলা হয়। এগুলো সাধারণত ঝোপপূর্ণ এবং শাখান্বিত হয় এবং আর্কটিক অঞ্চলে প্রচুর পরিমাণে পাওয়া যায়। এগুলো বলগা হরিণ ও গবাদিপশুর প্রিয় খাদ্য। [Ref : হাসান]

04. ছত্রাকের স্বতন্ত্র সূত্রকে বলে– [CVASU: 18-19]

Ⓐ থ্রেড Ⓑ থ্যালাস Ⓒ হাইফা Ⓓ মাইসেলিয়াম

Solve ছত্রাকের স্বতন্ত্র সূত্রকে বলা হয় হাইফা। প্রতিটি হাইফা সরু, স্বচ্ছ ও নলাকার। [Ref : হাসান]

05. ফ্ল্যাজেলাযুক্ত স্পোরকে বলে– [CVASU: 17-18]

Ⓐ হিপনোস্পোর Ⓑ ক্লামাইডোস্পোর Ⓒ বেসিডিওস্পোর Ⓓ জুস্পোর

Solve স্পোর ফ্ল্যাজেলাবিশিষ্ট ও সচল হলে তাকে চলরেণু বা জুস্পোর বলে। যেমন- *Ulothrix*। [Ref : হাসান]

06. ছত্রাকের কোন গণ ঈস্ট নামে পরিচিত? [CVASU: 16-17]

Ⓐ *Saprolegnia* Ⓑ *Saccharomyces*
Ⓒ *Agaricus* Ⓓ *Penicillium* Ans Ⓑ

07. কোনটি *Agaricus* এর অংশ নয়? [CVASU: 16-17]

Ⓐ Pileus Ⓑ Annulus Ⓒ Lamelae Ⓓ Metula

Solve *Agaricus* এর অংশগুলো হলো:

- পাইলিয়াস
- গিল বা ল্যামেলি
- অ্যানুলাস
- স্টাইপ
- মাইসেলিয়াম

08. নিচের কোনটি খাওয়ার যোগ্য ছত্রাকের জেনাস? [CVASU: 14-15]

Ⓐ *Saprolegnia* Ⓑ *Penicillium* Ⓒ *Saccharomyces* Ⓓ *Agaricus*

Solve মাশরুম (*Agaricus, Volvariella*), মোরেল (*Morchella*) প্রভৃতি নামে পরিচিত। বিভিন্ন প্রজাতির ছত্রাক বাংলাদেশসহ পৃথিবীর বিভিন্ন দেশে খাদ্য হিসেবে ব্যবহারের জন্য চাষ করা হয়। [Ref : হাসান]

09. বায়ুকুণ্ঠুরী কোন শৈবালের সাথে পাওয়া যায়– [CVASU: 14-15]

Ⓐ *Spirogyra* Ⓑ *Penicillium* Ⓒ *Sargassum* Ⓓ *Polysiphonia*

Solve *Sargassum* একটি সামুদ্রিক শৈবাল। এরা দেখতে বাদামি এবং এদের দেহে বায়ুকুণ্ঠুরি বিদ্যমান। [Ref : হাসান]

বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের কৃষি অনুষদ

01. অ্যালকোহল শিল্পে ব্যবহৃত ঈস্টকে নিচের কোন ভাইরাসটি ধ্বংস করে? [KU : 19-20]

Ⓐ সায়ানোফায Ⓑ জাইমোফায Ⓒ ইবোলা Ⓓ পলিহাইড্রোসিস

Solve Xymophage (জাইমোফায) Virus ঈস্টকে ধ্বংস করে। Ebolavirus দেহের কোষ ফাটিয়ে দেয়। λ (ল্যামডা) ফায, P_1 ফায, M_{13} ফায *E. coli* কোষে লাইসোজেনিক চক্র সম্পন্ন করে। [Ref : বিলকিস]

02. আলুর বিলম্বিত ধ্বসা রোগের জন্য দায়ী জীবাণুর নাম কী? [KU : 19-20]

Ⓐ *Pithophora rubens* Ⓑ *Phytophthora infestans*
Ⓒ *Alternaria solani* Ⓓ *Agaricus bisporus*

Solve

- *Phytophthora infestans* - নামক ছত্রাক দিয়ে আলুর Late blight বা বিলম্বিত ধ্বসা রোগ হয়।
- *Alternaria solani* - দ্বারা আলুর Early blight হয়ে থাকে।
- *Agaricus bisporus* - মাশরুম প্রজাতি খাদ্য হিসেবে গ্রহণযোগ্য। [Ref : হাসান]

03. মাশরুমের মধ্যে নিচের কোন উপাদানটি অনুপস্থিত? [BSMRSTU : 19-20]

Ⓐ প্রথম শ্রেণির আমিষ Ⓑ স্টেরল জাতীয় চর্বি
Ⓒ পলিস্যাকারাইড জাতীয় শর্করা Ⓓ পেপটাইডোগ্লাইকেন Ans Ⓓ

04. পামেলা দশা সৃষ্টি হয় কোন শৈবালে? [BSMRSTU : 19-20]

Ⓐ *Chlamydomonas* Ⓑ *Chlorococcus*
Ⓒ *Ulothrix* Ⓓ *Spirogyra*

Solve পামেলা দশায় জেলাটিন দ্বারা আবদ্ধ ফ্ল্যাজেলাবিহীন কোষের কলোনি বিদ্যমান থাকে। সাধারণত *Chlamydomonas* এ দেখা যায়। *Ulothrix* এ এই দশা দেখা পারে। [Ref: হাসান]

05. "pyrrophyta" শ্রেণির শৈবালের সঞ্চিত খাদ্য কোনটি? [BSMRSTU : 19-20]

Ⓐ ক্রাইসোল্যামিনারিন Ⓑ প্যারামাইলন
Ⓒ ম্যানিটল Ⓓ ক্যারাজীনান

Solve কয়েকটি শৈবাল শ্রেণির সঞ্চিত খাদ্য :

শৈবাল শ্রেণি	সঞ্চিত খাদ্য
Chrysophyta	ক্রাইসোল্যামিনারিন
Pyrrhophyta	প্যারামাইলন
Phaephyta	ল্যামিনারিন, ম্যানিটল, এলগিন
Rhodophyta	ফ্লোরিডিয়ান স্টার্চ, এগার- এগার, ক্যারাজিনান

[Ref: হাসান]

06. সমস্ত দেহকোষটিই জননকাজে ব্যবহৃত হলে তাকে কী ধরনের ছত্রাক বলে? [BSMRSTU : 19-20]

Ⓐ ইউকার্পিক Ⓑ হলোকার্পিক Ⓒ ক্যারিওগ্যামিক Ⓓ হিস্টোপ্লাজমিক

Solve হলোকারপিক ছত্রাকে দৈহিক ও জননাঙ্গের কোন পার্থক্য থাকে না; যেমন. *Synchytrium*. ইউকার্পিক ছত্রাকের আলাদা জননযন্ত্রের সৃষ্টি হয়। যেমন- *Saprolegnia*। [Ref: হাসান]

07. মাছের স্যামন রোগ সৃষ্টি করে কোন ছত্রাক? [JUST : 19-20]

Ⓐ *Trichophyton* Ⓑ *Saprolegnia* Ⓒ *Microsporum* Ⓓ *Aspergillus*

Solve

Trichophyton	মানুষের দাদ রোগ
Microsporum	কুকুর ও ঘোড়ার দাদ রোগ
Saprolegnia	মাছে স্যামন রোগ হয়
Aspergillus	চামড়া ও কাপড়ে চিতি তৈরি করে।

[Ref : মাজেদা]

08. ভ্রূণ সৃষ্টি হয়না নিচের কোনটিতে? [JUST : 19-20]

Ⓐ ফার্ন বর্গ Ⓑ সমাঙ্গ বর্গ Ⓒ সম বর্গ Ⓓ কোনোটিই নয়

Solve সমাঙ্গ বা Thallophyte বলতে শৈবাল, ছত্রাক - কে বুঝিয়েছে; এদের ভ্রূণ সৃষ্টি হয়না। এর চেয়ে উঁচু শ্রেণিতে যেমন - মস, ফার্ন, নগ্নবীজী, আবৃতবীজী উদ্ভিদে ভ্রূণ সৃষ্টি হয়। [Ref : মাজেদা]

09. নিচের কোন গ্রুপের জীব থ্যালোফাইটা প্রকৃতির? [HSTU : 19-20]

Ⓐ ফানজাই Ⓑ ব্যাকটেরিয়া Ⓒ প্লান্ট Ⓓ নেমাটোড

Solve শৈবাল (Algae) ও ছত্রাক (Fungi) থ্যালোফাইটা বিভাগের অন্তর্ভুক্ত দুটো শ্রেণি। [Ref: হাসান]

Part 4 গুরুত্বপূর্ণ MCQ

01. জীববিজ্ঞানের যে শাখায় শৈবাল বিষয়ে পড়াশুনা করা হয় তাকে বলে–
Ⓐ Mycology Ⓑ Phycology
Ⓒ Algology Ⓓ Planktology **Ans B**

02. কোন প্রকৃতকোষী উদ্ভিদের দেহকোষে সঞ্চিত খাদ্য গ্লাইকোজেন পাওয়া যায়?
Ⓐ শৈবাল Ⓑ মস
Ⓒ ফার্ণ Ⓓ ছত্রাক **Ans A**

03. কোনটি এককোষী সচল শৈবালের উদাহরণ?
Ⓐ *Chlorococcus* Ⓑ *Chlorolla*
Ⓒ *Euglena* Ⓓ *Gloeocapsa* **Ans C**

04. কোষে বহু নিউক্লিয়াসযুক্ত শৈবালকে কী বলে?
Ⓐ পিনোসাইটিক Ⓑ এন্ডোসাইটিক
Ⓒ সিনোসাইটিক Ⓓ কোনোটিই নয় **Ans C**

05. *Ulothrix*-এর ক্লোরোপ্লাস্ট কীরূপ?
Ⓐ সর্পিলাকার Ⓑ জালিকাকার
Ⓒ বেল্ট আকৃতির Ⓓ ফিতার মতো **Ans C**

06. কোন শৈবালটিকে মূল, কাণ্ড ও পাতার ন্যায় অংশে বিভক্ত করা যায়?
Ⓐ *Ulothrix* sp. Ⓑ *Sargassum* sp.
Ⓒ *Ulva* sp. Ⓓ *Chara* sp. **Ans B**

07. উচ্চ শ্রেণির ছত্রাকে শক্ত রশির মতো গঠনকে কী বলে?
Ⓐ হস্টোরিয়াম Ⓑ স্টাইপ
Ⓒ রাইজোমর্ফ Ⓓ হোল্ডফাস্ট **Ans C**

08. ফ্ল্যাজেলাযুক্ত স্পোরকে বলে–
Ⓐ জুস্পোর Ⓑ অ্যাপ্লানোস্পোর
Ⓒ হিপনোস্পোর Ⓓ অটোস্পোর **Ans A**

09. শৈবাল কোন জাতীয় উদ্ভিদ?
Ⓐ পরভোজী Ⓑ মৃতভোজী
Ⓒ স্বভোজী Ⓓ পরাশ্রয়ী **Ans C**

10. শৈবালের স্পোরাঞ্জিয়াম সাধারণত কত কোষী?
Ⓐ এক Ⓑ দুই
Ⓒ তিন Ⓓ বহু **Ans A**

11. পাইরিনয়েড তৈরি হয়–
Ⓐ প্রোটিন Ⓑ চিনি
Ⓒ চর্বি Ⓓ কোনোটিই নয় **Ans A**

12. কোন শৈবালে যৌন জনন 'কনজুগেশন' পদ্ধতির মাধ্যমে হয়?
Ⓐ *Chara* Ⓑ *Polysiphonia*
Ⓒ *Sargassum* Ⓓ *Spirogyra* **Ans D**

13. নিচের কোনটি শৈবাল?
Ⓐ Chlorophyta Ⓑ Bacillariophyta
Ⓒ Phaeophyta Ⓓ ওপরের সবকটিই **Ans D**

14. কোনটি অগ্নি শৈবাল হিসেবে পরিচিত?
Ⓐ *Euglenophyta* Ⓑ *Pyrrhophyta*
Ⓒ *Chrysophyta* Ⓓ *Chlorophyta* **Ans B**

15. পামেলা দশা কোন শৈবালে দেখা যায় ?
Ⓐ *Ulothrix* Ⓑ *Porphyra*
Ⓒ *Chlamydomonas* Ⓓ *Ulva.* **Ans C**

16. এগারিকাস কোন শ্রেণির ছত্রাক?
Ⓐ ওমাইসেটিস Ⓑ ব্যাসিডিওমাইসেটিস
Ⓒ ফাইকোমাইসেটিস Ⓓ ডিউটেরোমাইসেটিস **Ans B**

17. Zoospore পাওয়া যায় কোন ছত্রাক (fungus)-এ?
Ⓐ *Penicillium* Ⓑ *Rhizopus*
Ⓒ *Saprolegnia* Ⓓ *Aspergillus* **Ans B**

18. কোন ছত্রাকটি মানুষের খাবার হিসেবে ব্যবহৃত হয়?
Ⓐ *Yeast* Ⓑ *Agaricus*
Ⓒ *Aspergillus* Ⓓ *Phytopthera* **Ans B**

19. মাশরুম কোন গ্রুপের অন্তর্ভুক্ত?
Ⓐ শৈবাল Ⓑ ছত্রাক
Ⓒ ব্রায়োফাইটা Ⓓ লাইকেন **Ans B**

20. কোন অণুজীব থেকে পেনিসিলিন তৈরি হয়?
Ⓐ শৈবাল Ⓑ ছত্রাক
Ⓒ ভাইরাস Ⓓ ব্যাকটেরিয়া **Ans B**

21. Ergot সৃষ্টিকারী ছত্রাকের নাম–
Ⓐ *Penicillium notatum* Ⓑ *Helminthosporium oryzae*
Ⓒ *Calviceps* Ⓓ *Aspergillus niger* **Ans C**

22. *Xanthomonas oryzae* দ্বারা সৃষ্ট রোগ কোনটি?
Ⓐ গমের টুন্ডুরোগ Ⓑ ধানের পাতা ধ্বসা রোগ
Ⓒ আখের আঠাঝরা রোগ Ⓓ আলুর স্ক্যাব রোগ **Ans B**

23. ঈস্টে কোন ধরনের এনজাইম আছে?
Ⓐ Amylase Ⓑ Lipase
Ⓒ Zymase Ⓓ Cellulase **Ans C**

24. ছত্রাকে সঞ্চিত খাদ্য–
Ⓐ সেলুলোজ Ⓑ গ্লাইকোজেন ও সেলুলোজ
Ⓒ গ্লাইকোজেন ও তৈলবিন্দু Ⓓ চর্বি ও প্রোটিন **Ans C**

25. ছত্রাক এর কোষপ্রাচীরে কোনটি থাকে না?
Ⓐ প্রোটিন Ⓑ লিপিড
Ⓒ সেলুলোজ Ⓓ কাইটিন **Ans C**

26. *Penicillium* এর জনন কোষের নাম–
Ⓐ Oospore Ⓑ Ascospore
Ⓒ Basidiospore Ⓓ Conidia **Ans D**

27. কতিপয় সাধারণ চর্ম রোগ নিরাময়ে ব্যবহৃত হয় কোনটি?
Ⓐ ঈস্ট Ⓑ পেনিসিলিন
Ⓒ সায়ানো ব্যাকটেরিয়া Ⓓ নেভিকুলা **Ans B**

28. লিগিউম জাতীয় উদ্ভিদ ও *Rhizobium*-এর মধ্যকার সম্পর্ক হলো–
Ⓐ প্যারাসাইটিক Ⓑ পারথিনোজিনেটিক
Ⓒ সিমবায়োটিক Ⓓ পারথেনোকারপিক **Ans C**

29. *Agaricus* -এ সবচেয়ে বেশি থাকে–
Ⓐ Vit-B Ⓑ Vit-A
Ⓒ Vit-C Ⓓ Naicin **Ans D**

Part 5 SELF TEST

01. কোনটি Cyanobacteria?
Ⓐ *Anabaena* Ⓑ *E. coli*
Ⓒ *Azotobacter* Ⓓ *Chlorella*

02. *Agaricus*-এর দেহে সঞ্চিত খাদ্য হিসেবে কী বিদ্যমান থাকে?
Ⓐ আমিষ Ⓑ তৈল বিন্দু
Ⓒ ক্লিস্টোথেসিয়াস Ⓓ গ্লুকোজ

03. নিচের কোনটিতে একিনিটি এবং হেটারোসিস্ট পাওয়া যায়?
Ⓐ *Escherichia* Ⓑ *Nostoc*
Ⓒ *Zygnema* Ⓓ *Chlorella*

04. নিচের কোনটিতে হরমোগোনিয়া থাকে–
Ⓐ *Sargassum* Ⓑ *Ocillatoria*
Ⓒ *Volvox* Ⓓ *Zygnema*

05. কোনটি চা গাছে রোগ সৃষ্টি করে?
Ⓐ *Penicillium* Ⓑ *Phytophthora*
Ⓒ *Alternaria* Ⓓ *Cephaleuros*

06. কোনটি সিনোসাইটিক শৈবালের উদাহরণ?
Ⓐ *Ulothrix* Ⓑ *Botrydium*
Ⓒ *Nostoc* Ⓓ *Polysiphonia*

07. লাইকেনে শতকরা কত ভাগ শৈবালের উপস্থিতি থাকে?
Ⓐ 90 – 95% Ⓑ 5 – 10%
Ⓒ 50 – 60% Ⓓ 65 – 85%

08. কোনটি দাদরোগের জন্য দায়ী?
Ⓐ *Phytophthora* Ⓑ *Alternaria*
Ⓒ *Rhizopus* Ⓓ *Trichophyton*

09. কোনটি রেনডিয়ার মস নামে পরিচিত?
Ⓐ *Endocarpon miniatum* Ⓑ *Cladonia rangiferina*
Ⓒ *Xanthoria sp.* Ⓓ *Peltigera sp.*

10. বাণিজ্যিকভাবে নিচের কোনটি থেকে পেনিসিলিন তৈরি হয়?
Ⓐ *Penicillium notatum* Ⓑ *Penicillium chrysogenum*
Ⓒ *Penicillium roqueforti* Ⓓ *Penicillium camemberti*

11. নিচের কোনটিতে সি-ফাইকোসায়ানিন থাকে?
Ⓐ *Spirogyra* Ⓑ *Nostoc*
Ⓒ *Oedogonium* Ⓓ *Ulothrix*

12. নিচের কোনটিতে হোল্ডফাস্ট আছে?
Ⓐ *Chlamydomonas* Ⓑ *Ulothrix*
Ⓒ *Pyrobotrys* Ⓓ *Volvox*

13. নিচের কোনটির দেহে নডিউল আছে?
Ⓐ *Navicula* Ⓑ *Spirogyra*
Ⓒ *Clostridium* Ⓓ *Sargassum*

14. নিচের কোনটির সঞ্চিত খাদ্য ফ্লোরিডিয়ান স্টার্চ?
Ⓐ *Spirogyra* Ⓑ *Navicula*
Ⓒ *Polysiphonia* Ⓓ *Sargassum*

15. কোনটি "ব্লু মোল্ড"?
Ⓐ *Penicillium* Ⓑ *Saprolegnia*
Ⓒ *Agaricus* Ⓓ *Helminthosporium*

16. ইলেটারের কাজ কী?
Ⓐ খাদ্য তৈরি করা Ⓑ খাদ্য সঞ্চয় করা
Ⓒ স্পোর নির্গমনে সাহায্য করা Ⓓ বংশ বিস্তারে অংশ গ্রহণ করা

17. নিচের কোনটি জলজ ছত্রাক?
Ⓐ *Saccharomyces* Ⓑ *Aspergillus*
Ⓒ *Saprolegnia* Ⓓ *Agaricus*

18. নিচের কোনটি অ্যান্টিবায়োটিক শিল্পে ব্যবহৃত হয়?
Ⓐ *Mucor* Ⓑ *Saccharomyces*
Ⓒ *Chlorella* Ⓓ *Penicillium*

19. ট্রাইকোব্লাস্ট পাওয়া যায়–
Ⓐ *Polysiphonia* Ⓑ *Sargassum*
Ⓒ *Spirogyra* Ⓓ *Nostoc*

20. কোনটি থেকে অ্যাসকাস তৈরি হয়?
Ⓐ পেনিসিলিয়াম Ⓑ মিউকর
Ⓒ ব্যাকটেরিয়া Ⓓ শৈবাল

21. কোনটি ডায়াটম?
Ⓐ *Spirogyra* Ⓑ *Polysiphonia*
Ⓒ *Navicula* Ⓓ *Sargassum*

22. কোনটিতে সঞ্চিত খাদ্য চর্বি ও ভলুটিন–
Ⓐ *Nostoc* Ⓑ *Sargassum*
Ⓒ *Polysiphonia* Ⓓ *Navicula*

23. খাদ্য উপযোগী মাশরুম কোনটি?
Ⓐ *Agaricus bisporus* Ⓑ *Agaricus xanthodermus*
Ⓒ *Helminthosporium oryzae* Ⓓ *Saccharomyces cerevisiae*

24. শৈবাল কোষে পাইরিনয়েড কোথায় থাকে?
Ⓐ ক্লোরোপ্লাস্টে Ⓑ মাইটোকন্ড্রিয়াতে
Ⓒ গলগি বডিতে Ⓓ সাইটোপ্লাজমে

25. নিচের কোনটি 'water mould'?
Ⓐ *Penicillium* Ⓑ *Saprolegnia*
Ⓒ *Agaricus* Ⓓ *Helminthosporium*

26. ট্রাইকোব্লাস্ট পাওয়া যায়–
Ⓐ *Nostoc* Ⓑ *Spirogyra*
Ⓒ *Polysiphonia* Ⓓ *Sargassum*

27. ঈস্ট রুটি তৈরিতে কেন ব্যবহৃত হয়?
Ⓐ অ্যালকোহল তৈরির জন্য Ⓑ CO_2 তৈরির জন্য
Ⓒ O_2 ব্যবহার করার জন্য Ⓓ চিনি ব্যবহার করার জন্য

28. কোষপ্রাচীর সিলিকাযুক্ত এবং কপাটিকা উপস্থিত যে শৈবালে তার নাম হচ্ছে–
Ⓐ *Navicula* Ⓑ *Spirogyra*
Ⓒ *Sargassum* Ⓓ *Polysiphonia*

29. সঞ্চিত খাদ্য 'ফ্লোরিডিয়ান স্টার্চ' পাওয়া যায় যে শৈবালে তার গোত্রের নাম হচ্ছে–
Ⓐ Chlorophyta Ⓑ Cyanophyta
Ⓒ Rhodophyta Ⓓ Phaeophyta

30. কোন শৈবালে যৌন জনন 'কনজুগেশন' পদ্ধতির মাধ্যমে হয়?
Ⓐ *Chara* Ⓑ *Polysiphonia*
Ⓒ *Sargassum* Ⓓ *Spirogyra*

OMR

01.ⒶⒷⒸⒹ	02.ⒶⒷⒸⒹ	03.ⒶⒷⒸⒹ	04.ⒶⒷⒸⒹ	05.ⒶⒷⒸⒹ
06.ⒶⒷⒸⒹ	07.ⒶⒷⒸⒹ	08.ⒶⒷⒸⒹ	09.ⒶⒷⒸⒹ	10.ⒶⒷⒸⒹ
11.ⒶⒷⒸⒹ	12.ⒶⒷⒸⒹ	13.ⒶⒷⒸⒹ	14.ⒶⒷⒸⒹ	15.ⒶⒷⒸⒹ
16.ⒶⒷⒸⒹ	17.ⒶⒷⒸⒹ	18.ⒶⒷⒸⒹ	19.ⒶⒷⒸⒹ	20.ⒶⒷⒸⒹ
21.ⒶⒷⒸⒹ	22.ⒶⒷⒸⒹ	23.ⒶⒷⒸⒹ	24.ⒶⒷⒸⒹ	25.ⒶⒷⒸⒹ
26.ⒶⒷⒸⒹ	27.ⒶⒷⒸⒹ	29.ⒶⒷⒸⒹ	29.ⒶⒷⒸⒹ	30.ⒶⒷⒸⒹ

Answer

30.D	29.C	28.A	27.B	26.C	25.B	24.A	23.A	22.D	21.C
20.A	19.A	18.D	17.C	16.C	15.A	14.C	13.A	12.B	11.B
10.B	09.B	08.D	07.B	06.B	05.D	04.B	03.B	02.B	01.A

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

জীববিজ্ঞান ১ম পত্র

অধ্যায় ৬

ব্রায়োফাইটা ও টেরিডোফাইটা

Part 1 গুরুত্বপূর্ণ তথ্যাবলি

ব্রায়োফাইটার সংক্ষিপ্ত পরিচিতি :

1864 সালে বিজ্ঞানী ব্রাউন (Braun) সর্বপ্রথম Bryophyta নামটি ব্যবহার করেন।

৬ আবাস : পৃথিবীর প্রায় সর্বত্র এদের বাস। কতিপয় প্রজাতি ছাড়া প্রায় সকল ব্রায়োফাইটা প্রধানত স্থলজ (terrestrial)। এরা ভেজা স্যাঁতসেঁতে ঠান্ডা পরিবেশে জন্মায়। এছাড়া এরা গাছের গুঁড়িতে, পাথরে, পুরাতন প্রাচীরগাত্রে জন্মাতে পারে। কিছু সদস্য মরুজ। পানির মাধ্যমে এদের নিষেক ক্রিয়া সম্পন্ন হয়।

৬ ব্রায়োফাইটার বৈশিষ্ট্য :
- ব্রায়োফাইটা বহুকোষী, বীজহীন অপুষ্পক উদ্ভিদ।
- অধিকাংশ ব্রায়োফাইটা স্থলজ। স্থলজ হলেও নিষেকের সময় এদের পানির প্রয়োজন হয়।
- এদের প্রধান উদ্ভিদদেহ গ্যামিটোফাইট বা লিঙ্গধর এবং হ্যাপ্লয়েড।
- দেহ থ্যালয়েড অর্থাৎ দেহকে সত্যিকার মূল, কাণ্ড ও পাতার মতো অংশে চিহ্নিত করা যায় না।
- এদের দেহে কোনো ভাস্কুলার টিস্যু নেই।
- যৌন জনন উগ্যামাস (বড় নিশ্চল স্ত্রী গ্যামেটের সাথে ক্ষুদ্র ও সচল পুং গ্যামেটের মিলন ঘটে)।
- এদের ভ্রূণ বহুকোষী, ভ্রূণ স্ত্রী জননাঙ্গের অভ্যন্তরে থাকে।
- জীবনচক্রে গ্যামিটোফাইট প্রধান এবং স্পোরোফাইট গৌণ।

Riccia র শ্রেণিবিন্যাসগত অবস্থান ও বৈশিষ্ট্য :

৬ *Riccia* এর বৈশিষ্ট্য :
- উদ্ভিদ দেহ থ্যালয়েড এবং গ্যামিটোফাইটিক।
- স্পোরোফাইট সরল প্রকৃতির এবং সম্পূর্ণরূপে গ্যামিটোফাইটের ওপর নির্ভরশীল।
- থ্যালাসের নিম্নতল হতে দুধরনের এককোষী রাইজয়েড ও বহুকোষী শল্ক নির্গত হয়।
- একমাত্র ***Riccia fluitans*** ছাড়া বাকি সবগুলো প্রজাতিই স্থলজ।
- থ্যালাসের অন্তর্গঠন জটিল এবং এর টিস্যু দুটি অঞ্চলে বিভক্ত (১. সবুজ আত্তীকরণ অঞ্চল ও ২. বর্ণহীন সঞ্চয়ী অঞ্চল)।

৬ *Ricca*-র থ্যালাসের সংখ্যাবৃদ্ধি : নিম্নলিখিত উপায়ে *Riccia* থ্যালাসের সংখ্যাবৃদ্ধি ঘটে–

পুরাতন অংশের পচন	*Riccia*-র থ্যালাস দ্ব্যগ্রশাখান্বিত। থ্যালাসের পুরাতন অংশ ক্রমান্বয়ে মারা যায় ও ক্ষয়প্রাপ্ত হয়। ফলে শাখাগুলো পৃথক হয় এবং স্বাধীন থ্যালাস হিসেবে বিকাশ লাভ করে।
অস্থানিক শাখার সাহায্যে	*Riccia*-র কতিপয় প্রজাতির থ্যালাসের নিম্নতল হতে অস্থানিক শাখা উৎপন্ন হয়। এরা বিচ্ছিন্ন হয়ে নতুন থ্যালাস গঠন করে। যেমন : *Riccia fluitans.*
টিউবারের সাহায্যে	অনেক প্রজাতিতে বৃদ্ধি মৌসুমের শেষে থ্যালাসের অগ্রস্থ খাঁজে বিশেষভাবে রূপান্তরিত কোষগুচ্ছ টিউবারে পরিণত হয়।
প্রতিকূল পরিবেশে থ্যালাস নষ্ট হয়ে গেলেও টিউবার যুক্ত অবস্থায় মাটিতে মিশে থাকে। অনুকূল পরিবেশের টিউবার বৃদ্ধি পেয়ে নতুন থ্যালাস গঠন করে। যেমন : *Riccia discolor*	

৬ শ্রেণিবিন্যাসগত অবস্থান :

Kingdom : Plantae
Division : Bryophyta
Class : Hepaticae
Order : Marchantiales
Family : Ricciaceae
Genus : *Riccia*

টেরিডোফাইটা বা ফার্নবর্গীয় উদ্ভিদের বৈশিষ্ট্য (Must to know) :
- এরা অপুষ্পক ও অবীজী উদ্ভিদ।
- এরা স্পোরোফাইটিক উদ্ভিদ অর্থাৎ ডিপ্লয়েড।
- এদের পুংগ্যামেট সচল এবং অ্যান্থেরিডিয়ামে উৎপন্ন হয়।
- এদের স্ত্রীগ্যামেট নিশ্চল এবং আর্কিগোনিয়ামে উৎপন্ন হয়।
- গ্যামিটোফাইট পর্যায়কে প্রোথ্যালাস বলে, যা থ্যালাস প্রকৃতির।
- এদের দেহকে মূল, কাণ্ড ও পাতায় বিভক্ত করা যায়।
- এদের ভাস্কুলার টিস্যু আছে।
- এদের জননাঙ্গ বহুকোষী এবং জননাঙ্গের চারদিকে বন্ধ্যাকোষের বেষ্টনী থাকে।

Pteris-এর শ্রেণিবিন্যাসগত অবস্থান ও শনাক্তকারী বৈশিষ্ট্য :

***Pteris*-এর শ্রেণিবিন্যাস :**

Kingdom : Plantae
Divission : Filicinophyta
Class : Filicineae
Order : Filicales
Family : Polypodiaceae
Genus : *Pteris*

***Pteris*- এর শনাক্তকারী বৈশিষ্ট্য :**
- দেহ মূল, কাণ্ড ও পাতায় বিভক্ত।
- কাণ্ড রাইজোমে রূপান্তরিত হয়।
- পাতা যৌগিক, কচি অবস্থায় কুণ্ডলিত থাকে।
- রাইজোমের নিচে অস্থানিক মূল বের হয়।
- প্রোথ্যালাস (গ্যামিটোফাইট) সবুজ, হৃৎপিণ্ডাকার এবং সহবাসী।



চিত্র : একটি *Pteris* উদ্ভিদ।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

মস ও ফার্ন এর মধ্যে পার্থক্য :

মস	ফার্ন
১. মসের প্রধান দেহ গ্যামিটোফাইট।	১. ফার্ন এর প্রধান দেহ স্পোরোফাইট।
২. এর কাণ্ড বায়বীয় এবং সরু ও নমনীয়।	২. এর কাণ্ড ভূনিম্নস্থ এবং রাইজোম জাতীয়।
৩. এর মুকুল পত্রবিন্যাস কুণ্ডলিত নয়।	৩. এর মুকুল পত্রবিন্যাস কুণ্ডলিত।
৪. মসের পাতায় কোনো র‍্যামেন্টা থাকে না এবং পাতা সোরাস ও বহন করে না।	৪. ফার্নের পাতায় র‍্যামেন্টা থাকে এবং পাতার নিম্নপৃষ্ঠ সোরাস উৎপন্ন করে।
৫. এর স্পোর অঙ্কুরিত হয়ে প্রোটোনেমা উৎপন্ন করে।	৫. এর স্পোর অঙ্কুরিত হয়ে প্রোথ্যাল্যাস উৎপন্ন করে।
৬. গ্যামিটোফাইট রাইজয়েড, কাণ্ড ও পাতায় বিভক্ত।	৬. গ্যামিটোফাইট রাইজয়েড এবং হৃৎপিণ্ডাকার পাতার ন্যায় সবুজ অংশে বিভক্ত।
৭. স্পোরোফাইট পদ, সিটা ও ক্যাপসিউলে বিভক্ত।	৭. স্পোরোফাইট মূল, কাণ্ড ও পাতায় বিভক্ত।
৮. শুক্রাণু দ্বিফ্ল্যাজেলাযুক্ত।	৮. শুক্রাণু বহুফ্ল্যাজেলাযুক্ত।
৯. উদাহরণ: *Riccia*।	৯. উদাহরণ: *Pteris*।

Part 2 At a glance [Most Important Information]

- কাণ্ড ও পাতাযুক্ত কিন্তু মূলবিহীন উদ্ভিদ– **Bryophyta**
- ব্রায়োফাইটসের অধিকাংশ প্রজাতি– **স্থলজ (কিছু জলজ)**
- ব্রায়োফাইটস্ এর প্রজাতি সংখ্যা– **২৪,০০০ (হাসান)**
- ব্রায়োফাইটা নামটি ব্যবহার করেন– **ব্রাউন (Braun, 1864)**
- ব্রায়োফাইটার স্পোর থেকে সরাসরি উৎপন্ন হয়– **প্রোটোনেমা**
- কলুমেলা থাকে– ***Anthoceros*** **উদ্ভিদের ক্যাপসিউলে**
- স্টোম্যাটাযুক্ত এপিডার্মিস থাকে– ***Anthoceros*****-এ**
- ক্যাপসিউলের গোড়ায় ভাজক টিস্যু থাকে– ***Anthoceros*****-এ**
- শৈবাল অপেক্ষা উন্নত কিন্তু ফার্ন অপেক্ষা অনুন্নত– **ব্রায়োফাইটস্**
- প্রধান উদ্ভিদদেহ লিঙ্গধর এবং হ্যাপ্লয়েড– **ব্রায়োফাইটার**
- ভ্রূণ সৃষ্টিকারী উদ্ভিদের মধ্যে সবচেয়ে সরল– **ব্রায়োফাইটস্**
- Amphibious plant/উভচর উদ্ভিদ বলা হয়– **ব্রায়োফাইটাকে**
- *Ricciocarpus natans, Riella* sp.- **জলজ ব্রায়োফাইটস্**
- *Riccia fluitans* **হচ্ছে– জলজ ব্রায়োফাইটস্**
- **সমগ্র পৃথিবীতে ব্রায়োফাইটার প্রজাতি রয়েছে– ২৫,০০০ (মাজেদা)**
- ব্রায়োফাইটার শ্রেণি– **৩টি (হেপাটিকি, অ্যান্থোসেরোটি, মাসাই)**
- 'প্রোটোনেমা' নামক গ্যামিটোফাইটিক পর্যায় রয়েছে– **'মাসাই'-এর**
- 'মাসাই' এর স্পোরোফাইট গঠিত– **পদ, সিটা, ক্যাপসিউল নিয়ে**
- যকৃৎ আকৃতির পাতার মতো গঠনবিশিষ্ট মসকে বলে– **লিভারওয়ার্ট**
- উন্নত বৈশিষ্ট্যবিশিষ্ট ব্রায়োফাইট– ***Anthoceros*** **(হর্নওয়ার্ট)**
- ব্রায়োফাইটার আকৃতি হতে পারে– **1-3 cm (ছোট) ও 360 cm (বড়)**
- Bryopsida শ্রেণির অন্তর্ভুক্ত–**95% মস প্রজাতি**
- *Semibarbula, Sphagnum, Polytrichum, Funaria*- **প্রকৃত মস**
- টেরিডোফাইটস্ স্থলভাগে বিস্তার লাভ করে– ৪০০ মিলিয়ন বছর পূর্বে
- ভাসমান জলজ টেরিডোফাইটা– *Azolla, Salvinia, Marsilea*
- সবচেয়ে বৃহত্তম ফার্ন– ***Cyathea*****/ট্রি ফার্ন/বৃক্ষ ফার্ন**
- বৃক্ষ ফার্ন পাওয়া যায়– **চট্টগ্রাম ও সিলেটের বনে**
- টাইগার ফার্ন (*Acrostichum*) পাওয়া যায়– **সুন্দরবনে**
- ক্লাব মস/স্পাইক মস বলা হয়– ***Selaginella*** **কে**
- গোল্ডেন ফার্ন বলা হয়– ***Onychium*** **কে**
- *Lycopodium, Dryopteris*- **সমরেণুপ্রসূ**
- *Selaginella, Marsilea*- **অসমরেণুপ্রসূ**
- টেরিডোফাইটার পত্র– **২ ধরনের (শল্কপত্র ও পর্ণপত্র)**
- টেরিডোফাইটার স্পোরাঞ্জিয়াম বহনকারী পাতা– **স্পোরোফিল**
- টেরিডোফাইটার ভাস্কুলার টিস্যুকে বলে– **স্টিলি**
- উন্মুক্ত জায়গা বা রোদে জন্মাতে পছন্দ করে– ***Pteris***
- বাংলাদেশে *Pteris* এর প্রজাতি জন্মে– **১৬টি**
- পুরাতন ও ভাঙা স্যাঁতসেঁতে প্রাচীরে জন্মায়– ***Pteris***
- *Pteris* এর রাইজোমের নিম্নতলে উৎপন্ন হয়– **অস্থানিক মূল**
- র‍্যাকিস ও পিনা মিলে গঠিত হয়– ***Pteris*** **এর পাতা**
- পিনার স্পোরাঞ্জিয়াম সৃষ্টিকারী টিস্যুকে বলে– **অমরা/প্লাসেন্টা**
- ফলস ইন্ডুসিয়াম দেখা যায়– ***Pteris*** **এর পিনার কিনারায়**
- *Pteris* এর পত্রফলকের বাঁকানো প্রান্ত– **ফলস ইন্ডুসিয়াম**
- *Pteris* এর স্পোরাঞ্জিয়ামের অংশ– **২টি (বৃন্ত ও ক্যাপসুল)**
- *Pteris* এর ক্যাপসুল আবৃতকারী কাইটিনযুক্ত শক্ত কোষ– **অ্যানুলাস**
- রেণু/স্পোর উৎপন্ন হয়– **স্পোরাঞ্জিয়ামের অভ্যন্তরে**
- আর্কিগোনিয়ামে ডিম্বাণু থাকে– **1টি (উদরের নিচে)**
- আর্কিগোনিয়ামে উদরীয় নালিকা কোষ থাকে– **1টি**
- *Pteris* এর অ্যান্থেরিডিয়ামের আকৃতি– **গোলাকার**
- শুক্রাণু মাতৃকোষ পরিবেষ্টিত থাকে– **বন্ধ্যা আবরণ দিয়ে**
- শুক্রাণু মাতৃকোষ রূপান্তরিত হয়ে পরিণত হয়– **শুক্রাণুতে**

Part 3 কৃষি বিশ্ববিদ্যালয়ের বিগত বছরের প্রশ্ন ও সমাধান

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়

01. ফার্নের কাণ্ডকে কী বলা হয়? [BAU : 15-16]

Ⓐ স্টাইপ Ⓑ রাইজোম Ⓒ রাইবোসোম Ⓓ কোনোটিই নয়

Solve (B) টেরিডোফাইটা গ্রুপের Filicineae শ্রেণির উদ্ভিদসমূহকে সাধারণভাবে ফার্ন বলা হয়। ফার্ন স্পোরোফাইটিক উদ্ভিদ। এদের দেহকে মূল, কাণ্ড ও পাতায় বিভক্ত করা চলে। ফার্ন উদ্ভিদ অপুষ্পক কিন্তু ভাস্কুলার। ফার্ন উদ্ভিদের পাতা পক্ষল যৌগিক। কচি পাতা কুণ্ডলিত অবস্থায় থাকে। ফার্নের গ্যামিটোফাইটকে প্রোথ্যালাস বলে। [Ref : হাসান]

02. ফার্নের রাইজোম এক প্রকার শল্কপত্র দ্বারা আবৃত থাকে, তাকে কি বলা হয়? [BAU : 15-16]

Ⓐ র‍্যামেন্টাম Ⓑ ক্রোজিয়ার Ⓒ পিনা Ⓓ ফ্রন্ড

Solve (A) **গুরুত্বপূর্ণ কয়েকটি সংজ্ঞা :**

- র‍্যামেন্টাম → ফার্নের রাইজোম যে বাদামি রঙের শল্কপত্র দ্বারা আবৃত, তাকে র‍্যামেন্টাম বলে।
- ক্রোজিয়ার → কুণ্ডলিত কচি পাতাকে ক্রোজিয়ার বলে।
- পিনা → পত্র যৌগপত্র এবং প্রতিটি পত্রখণ্ডককে পিনা বলে।
- ফ্রন্ড → ফার্নের পাতাকে ফ্রন্ড বলে।

03. মস এর মূলকে কী বলা হয়? [BAU : 09-10]

Ⓐ রাইজয়েড Ⓑ গুচ্ছমূল
Ⓒ অস্থানিক মূল Ⓓ প্রধান মূল

Ans (A)

04. মসের স্পোর অঙ্কুরোদগমের মাধ্যমে সৃষ্ট সবুজ ক্ষুদ্রাকার দেহকে কী বলা হয়? [BAU : 08-09]

Ⓐ প্রোথ্যালাস Ⓑ আর্কিগোনিয়াম Ⓒ ফ্রুটিং বডি Ⓓ প্রোটোনেমা

Solve (D) মস ক্যাপসিউলে সৃষ্ট স্পোর ক্যাপসিউল হতে নির্গত হবার পর সুবিধাজনক স্থানে পতিত হলে অনুকূল পরিবেশে অঙ্কুরিত হয়। মাইটোসিস প্রক্রিয়ায় ক্রমাগত বিভাজনের মাধ্যমে অঙ্কুরিত স্পোরটি একটি সবুজ, সূত্রাকার ও শাখান্বিত শৈবালের ন্যায় অঙ্গে পরিণত হয়। স্পোর অঙ্কুরোদগমের মাধ্যমে সৃষ্ট এ সবুজ ক্ষুদ্রাকার শাখান্বিত দেহকেই প্রোটোনেমা বলে।

05. মস উদ্ভিদের ক্যাপসুলের কেন্দ্রস্থলে বন্ধ্যা কোষ নিয়ে গঠিত অঞ্চলের নাম– [BAU : 06-07]

Ⓐ কলুমেলা Ⓑ অপারকুলাম Ⓒ অ্যানুলাস Ⓓ অ্যাপোফাইসিস

Solve (A) কলুমেলা ক্যাপসিউলের কেন্দ্রস্থলে অবস্থিত। এটি বন্ধ্যাকোষ নিয়ে গঠিত। কলুমেলা দিয়ে স্পোরোফাইটে পানি ও খাদ্য পরিবাহিত হয়। এটি গোড়ায় অ্যাপোফাইসিস হতে মাথায় অপারকুলাম পর্যন্ত প্রলম্বিত। [Ref : হাসান]

06. হৃৎপিণ্ডাকার ফার্ন গ্যামিটোফাইটের নাম কি? [BAU : 05-06]

Ⓐ প্রোথ্যালাস Ⓑ সোরাস Ⓒ অ্যানুলাস Ⓓ স্টোমিয়াম

Solve (A) হৃৎপিণ্ডাকার ফার্ন গ্যামিটোফাইটের নাম প্রোথ্যালাস।

07. মস ক্যাপসিউলের উপরে একটি হ্যাপটেরার মতো ঢাকনা থাকে তার নাম কী? [BAU : 04-05]

Ⓐ ক্যাপসিউল প্রাচীর Ⓑ কলুমেলা Ⓒ ক্যালিপ্ট্রা Ⓓ পেরিস্টোম

Solve (C) ক্যালিপ্ট্রা, ক্যাপসিউল, সেটা, পদ এগুলো মস-এর স্পোরোফাইটিক অংশ। এদের মধ্যে ক্যালিপ্ট্রা দেখতে হ্যাপটেরার ন্যায়।

08. ফার্ন উদ্ভিদের হৃৎপিণ্ডাকার গ্যামিটোফাইটের নাম কী? [BAU : 00-01]

Ⓐ Prothallus Ⓑ Sorus
Ⓒ Archegonium Ⓓ Antheridium

Solve (A) ফার্নের পুংজননাঙ্গকে অ্যান্থেরেডিয়াম বলে। রৌদ্রে জন্মাতে পারে বলে *Pteris* বা ফার্নকে সানফার্ন বলে। বাংলাদেশে ২ প্রজাতির ফার্ন বেশি দেখা যায়। *P. longifolia* এবং *P. vittata*।

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়

01. ফার্নের গ্যামিটোফাইটকে কী বলে? [SAU : 15-16]

Ⓐ থ্যালাস Ⓑ ক্লাব মস Ⓒ প্রোটোনেমা Ⓓ প্রোথ্যালাস

Solve (D) ফার্নের স্পোরোফাইট থেকে সৃষ্ট স্পোর বা রেণু হলো লিঙ্গধর বা গ্যামিটোফাইটের প্রথম কোষ। ফার্নের গ্যামিটোফাইট কোষ হলো প্রোথ্যালাস। [Ref : হাসান]

02. কোনটি হর্সটেইল নামে পরিচিত? [SAU : 12-13]

Ⓐ *Selaginella* Ⓑ *Cycas*
Ⓒ *Equisetum* Ⓓ *Polysiphonia*

Solve (C) **সাদৃশ্যপূর্ণ তথ্য :**

- কার্পেট মস– *Selaginella*
- হর্সটেইল– *Equisetum*
- পাম ফার্ন– *Cycas*
- লোহিত শৈবাল– *Polysiphonia*

03. ফার্নের পাতাকে কী বলে? [SAU : 12-13]

Ⓐ শল্কপত্র Ⓑ ফ্রন্ড Ⓒ পিনা Ⓓ সোরাস

Solve (B) গুরুত্বপূর্ণ কিছু তথ্য :

- সারসিনেট ভার্নেশন– কঁচি অবস্থায় ফার্নের কুণ্ডলিত পাতা।
- ক্রোজিয়ার– কুণ্ডলিত কঁচি পাতা।
- পিনা– ফার্নের যৌগপত্র এর প্রতিটি খণ্ডককে পিনা বলে।
- সোরাস– পিনার নিম্নতলের দু কিনারা বরাবর ক্ষুদ্র ক্ষুদ্র স্পোরাঙ্গিয়া (একবচনে-স্পোরাঙ্গিয়াম) থাকে। স্পোরাঙ্গিয়াগুলো গুচ্ছাকারে অবস্থান করে। এ গুচ্ছকে সোরাস বলে।
- স্পোরাঙ্গিয়ার অভ্যন্তরে রেণু বা স্পোর নামক অযৌন জনন কোষ উৎপন্ন হয়।

সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়

01. ব্রায়োফাইটা এর দেহ কোন কোষ দিয়ে গঠিত? [SylAU : 18-19]

Ⓐ ক্লোরেনকাইমা Ⓑ স্ক্লেরেনকাইমা
Ⓒ প্যারেনকাইমা Ⓓ কোনোটিই নয়

Solve (C) ব্রায়োফাইটার দেহে কোনো ভাস্কুলার টিস্যু নেই। এদের জননাঙ্গ বহুকোষী এবং বন্ধ্যাকোষাবরণ দিয়ে আবৃত। [Ref: হাসান]

02. মসের স্পোর অঙ্কুরোদগমের মাধ্যমে সৃষ্ট সবুজ ক্ষুদ্রাকার দেহকে কী বলা হয়? [SylAU : 17-18]

Ⓐ প্রোথ্যালাস Ⓑ আর্কিগোনিয়াম
Ⓒ ফ্রুটিং বডি Ⓓ প্রোটোনেমা

Solve (D) মসের হ্যাপ্লয়েড স্পোরের অঙ্কুরোদগমের মাধ্যমে সৃষ্টি হয় হ্যাপ্লয়েড প্রোটোনেমা এবং এই প্রোটোনেমা হতে হ্যাপ্লয়েড গ্যামিটোফোর বা মস উদ্ভিদ সৃষ্টি হয়। [Ref : হাসান]

03. কোনটি উচ্চতর উদ্ভিদ নয়? [SylAU : 17-18]

Ⓐ ঢেঁকিশাক Ⓑ কলমি শাক Ⓒ কচু শাক Ⓓ পালং শাক

Solve (A) B, C, ও D অপশনের উদ্ভিদগুলো A অপশনের উদ্ভিদের তুলনার উচ্চতর।

04. বাংলাদেশে কত প্রজাতির Sunfern আছে? [SylAU : 17-18]

Ⓐ ১০ Ⓑ ১৬ Ⓒ ২০ Ⓓ ২৬

Solve (B) রোদে জন্মাতে পছন্দ করে বলে *Pteris* উদ্ভিদ সানফার্ন নামে পরিচিত। বাংলাদেশে *Pteris* এর ১৬টি প্রজাতি জন্মে থাকে। [Ref: হাসান]

05. *Spirogyra*-এর কোষপ্রাচীর কত স্তরে গঠিত? [SylAU : 13-14]

Ⓐ তিন Ⓑ দুই Ⓒ এক Ⓓ কোনোটিই নয়

Ans A Solve *Spirogyra* এর প্রতিটি কোষে তিন স্তর বিশিষ্ট একটি কোষপ্রাচীর রয়েছে। *Spirogyra* এর সঞ্চিত খাদ্য শ্বেতসার। [Ref : হাসান]

06. কোষপ্রাচীর সিলিকাযুক্ত এবং কপাটিকা উপস্থিত যে শৈবালে তার নাম– [SylAU : 13-14]

Ⓐ *Navicula* Ⓑ *Spirogyra*
Ⓒ *Sargassum* Ⓓ *Polysiphonia*

Ans A Solve *Navicula* এর কোষপ্রাচীর সিলিকাযুক্ত ও কপাটিকাবিশিষ্ট। এদের সঞ্চিত খাদ্য চর্বি ও ভলিউটিন। [Ref : হাসান]

07. সারসিনেট ভার্নেশন তৈরি হয় কোন টেরিডোফাইটে? [SylAU : 11-12]

Ⓐ *Selaginella* Ⓑ *Pteris*
Ⓒ *Marchantia* Ⓓ *Lycopodium*

Ans B Solve ফার্নের *(Pteris)* পাতাকে ফ্রন্ড বলে। কচি অবস্থায় *Pteris* এর পাতা কুণ্ডলিত থাকে। একে সারসিনেট ভার্নেশন বলে। [Ref : হাসান]

পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

01. The sperm of fern (ফার্নের শুক্রাণু)– [PSTU : 02-03]

Ⓐ Without flagella Ⓑ One flagellated
Ⓒ Two flagellated Ⓓ Many flagellated **Ans D**

চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়

01. কোন গ্রুপের উদ্ভিদ উভচর প্রকৃতির? [CVASU : 17-18]

Ⓐ ব্রায়োফাইটা Ⓑ টেরিডোফাইটা
Ⓒ শৈবাল Ⓓ ছত্রাক

Ans A Solve ব্রায়োফাইটা প্রজাতির অধিকাংশই হ্রলজ, কিছু জলজ। হ্রলজ প্রজাতিগুলোর জীবনচক্র, বিশেষ করে নিষেকক্রিয়া সম্পন্ন করতে পানির প্রয়োজন হয়। তাই ব্রায়োফাইটা উভচর উদ্ভিদ হিসেবে পরিচিত। [Ref : হাসান]

02. ফার্নের কুণ্ডলিত পাতাকে বলা হয়– [CVASU : 16-17]

Ⓐ Frond Ⓑ Crozier
Ⓒ Rachis Ⓓ Pinna

Ans B Solve • ফার্নের পাতাকে ফ্রন্ড বলে।
• ফার্নের পাতায় র‍্যাকিস থাকে।
• ফার্নের পত্র যৌগপত্র এবং প্রতিটি পত্রখণ্ডককে পিনা বলে।

03. গিমা কাপ পাওয়া যায়- [CVASU : 15-16]

Ⓐ *Anthoceros* Ⓑ *Marchantia*
Ⓒ *Riccia* Ⓓ *Semibarbula*

Ans B Solve *Marchantia* এর থ্যালাসের পৃষ্ঠ বরাবর লম্বালম্বিভাবে মধ্যশিরা বিদ্যমান। মধ্যশিরা বরাবর পেয়ালা আকৃতির অঙ্গ সৃষ্টি হতে পারে এটি গিমা কাপ নামে পরিচিত। [Ref: হাসান]

04. মসের স্ত্রী জননাঙ্গের নাম কী? [CVASU: 14-15]

Ⓐ অ্যান্থেরিডিয়াম Ⓑ আর্কিগোনিয়াম
Ⓒ স্পোর Ⓓ ডিম্বাণু

Ans B Solve **গুরুত্বপূর্ণ তথ্য :**
• মসের পুরুষ জননাঙ্গের নাম অ্যান্থেরিডিয়াম।
• মসের স্ত্রী জননাঙ্গের নাম আর্কিগোনিয়াম। [Ref: হাসান]

05. পরিবহণ কলা অনুপস্থিত- [CVASU: 14-15]

Ⓐ অ্যানজিওস্পার্মে Ⓑ জিমনোস্পার্মে
Ⓒ ব্রায়োফাইটায় Ⓓ টেরিডোফাইটায়

Ans C Solve ব্রায়োফাইটার দেহে কোনো ভাস্কুলার বা পরিবহন টিস্যু নেই। এদের দেহ প্যারেনকাইমা টিস্যু দিয়ে গঠিত। [Ref: হাসান]

Part 4 গুরুত্বপূর্ণ MCQ

01. ব্রায়োফাইটা ও টেরিডোফাইটা উদ্ভিদের স্ত্রী জননাঙ্গকে কী বলে?

Ⓐ অ্যান্থেরিডিয়াম Ⓑ আর্কিগোনিয়াম
Ⓒ প্রোথ্যালাস Ⓓ অ্যানুলাস **Ans B**

02. রাইজয়েড থাকে–

Ⓐ ব্রায়োফাইটা Ⓑ টেরিডোফাইটা Ⓒ লাইকেন Ⓓ সবগুলোতে **Ans A**

03. এককোষী রাইজোম দেখা যায় কোনটিতে?

Ⓐ মস Ⓑ ফার্ন Ⓒ লাইকেন Ⓓ লিভারওয়ার্ট **Ans A**

04. রক ফ্লাওয়ার (Rock Flower) কিসের নাম?

Ⓐ ছত্রাক Ⓑ ফুল Ⓒ লাইকেন Ⓓ শৈবাল **Ans C**

05. মস উদ্ভিদের স্পোরোফাইটিক জনু কোনটি?

Ⓐ আর্কিগোনিয়াম Ⓑ ডিম্বাণু
Ⓒ উস্পোর Ⓓ প্রোটোনেমা **Ans C**

06. নিচের কোন উদ্ভিদের পরিবহনতন্ত্র নাই?

Ⓐ Moss Ⓑ *Selaginella*
Ⓒ *Pteris* Ⓓ *Cycas* **Ans A**

07. ফার্ন গ্যামিটোফাইট হলো–

Ⓐ ডিপ্লয়েড Ⓑ হ্যাপ্লয়েড Ⓒ পলিপ্লয়েড Ⓓ ট্রিপ্লয়েড **Ans B**

08. কোনটি স্পোরোফাইটিক উদ্ভিদ?

Ⓐ শৈবাল Ⓑ ছত্রাক Ⓒ মস Ⓓ ফার্ন **Ans D**

09. নিচের কোন উদ্ভিদকে মূল, কান্ড ও পাতায় বিভক্ত করা যায়?

Ⓐ ছত্রাক Ⓑ শৈবাল Ⓒ ভাইরাস Ⓓ ফার্ন **Ans D**

10. ব্রায়োফাইটা উদ্ভিদ কোন দশায় দেখা যায়?

Ⓐ গ্যামেটোফাইট Ⓑ স্পোরোফাইট
Ⓒ ফিয়োফাইট Ⓓ সায়ানোসাইট **Ans A**

11. ব্রায়োফাইটা বিভাগের উদ্ভিদ সমূহকে কয়টি শ্রেণিতে বিভক্ত করা হয়েছে?

Ⓐ ১৪টি Ⓑ ৫টি
Ⓒ ৩টি Ⓓ ২০টি **Ans C**

12. আমাদের দেশে পরিচিত মস কোনটি?

Ⓐ *Bryum* Ⓑ *Funaria*
Ⓒ *Semiberbula* Ⓓ সবগুলো **Ans D**

13. *Pteris*-এর কুণ্ডলিত কচি পাতাকে কী বলা হয়?

Ⓐ ফ্রন্ড Ⓑ ক্রোজিয়ার
Ⓒ পিনা Ⓓ র‍্যাকিস **Ans B**

14. *Riccia fluitans* উদ্ভিদ জন্মে–

Ⓐ মাটিতে Ⓑ গাছের উপর
Ⓒ পুরাতন দেওয়ালে Ⓓ জলাশয়ে **Ans D**

15. কোন উদ্ভিদটি থ্যালয়েড?

Ⓐ *Riccia* Ⓑ *Lycopodium*
Ⓒ *Pteris* Ⓓ *Cycas* **Ans A**

16. স্পোর বহনকারী পাতাকে কী বলা হয়?

Ⓐ সোরাস Ⓑ ইন্ডুসিয়াম
Ⓒ র‍্যামেন্টাম Ⓓ স্পোরোফিল **Ans A**

MEDISTRY

COLLECTION

You'll find here everything Exactly What You Need.

Join to our Channel to find Academic to Admission preparation

(Medical, Dental, Varsity & Engineering) All types of pdf.

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

Part 5 SELF TEST

01. *Pteris*-এর প্রতিটি পত্রখণ্ডকে কী বলে?
Ⓐ র‍্যাকিস Ⓑ ফ্রন্ড
Ⓒ রাইজোম Ⓓ পিনা

02. *Pteris*-এর গ্যামিটোফাইটকে বলা হয়–
Ⓐ গ্যামিটোফোর Ⓑ গ্যামিটোগোনিয়াম
Ⓒ থ্যালাস Ⓓ প্রোথ্যালাস

03. ব্রায়োফাইট ও ফার্নের সার্থক বংশবৃদ্ধির জন্য সবচেয়ে বেশি প্রয়োজন হয় কোনটি?
Ⓐ উচ্চ তাপমাত্রা Ⓑ সুপ্তাবস্থা
Ⓒ পানি Ⓓ আলো

04. সর্বাপেক্ষা প্রাচীন ভ্রূণ সৃষ্টিকারী উদ্ভিদ কোনটি?
Ⓐ ব্যাকটেরিয়া Ⓑ শৈবাল
Ⓒ টেরিডোফাইটা Ⓓ ব্রায়োফাইটা

05. নিচের কোন উদ্ভিদটি Horsetail নামে পরিচিত?
Ⓐ *Selaginella* Ⓑ *Equisetum*
Ⓒ *Riccia* Ⓓ *Marchantia*

06. পরিবেশ দূষণের সূচক হিসেবে কাজ করে কোনটি?
Ⓐ *Riccia* Ⓑ *Agaricus*
Ⓒ *Pteris* Ⓓ *Spirogyra*

07. সানফার্ন বলা হয় কোনটিকে?
Ⓐ *Semibarbula* Ⓑ *Marchantia*
Ⓒ *Pteris* Ⓓ *Equisetum*

08. জলজ টেরিডোফাইট কোনটি?
Ⓐ *Selagenella* Ⓑ *Lycopodium*
Ⓒ *Azolla* Ⓓ *Pteris*

09. *Pteris*-এর গ্যামিটোফাইটকে বলা হয়–
Ⓐ গ্যামিটোফোর Ⓑ স্টোমিয়াম
Ⓒ প্রোথ্যালাস Ⓓ প্রেটোনেমা

10. নিচের কোন উদ্ভিদে পরিবহনতন্ত্র নেই?
Ⓐ ব্রায়োফাইটা Ⓑ টেরিডোফাইটা
Ⓒ জিমনোস্পার্ম Ⓓ এনজিওস্পার্ম

11. ফার্নের পাতার মুকুল অবস্থায় কুণ্ডলী পাকানো গঠনকে বলে–
Ⓐ ফ্রন্ড Ⓑ পিনা
Ⓒ ক্রোজিয়ার Ⓓ সার্সিনেট ভার্নেশন

12. গ্যামিটোফাইটিক উদ্ভিদ হলো–
Ⓐ হ্যাপ্লয়েড Ⓑ ডিপ্লয়েড
Ⓒ ট্রিপ্লয়েড Ⓓ টেট্রাপ্লয়েড

13. মস্-এর পুং জননাঙ্গ হলো–
Ⓐ অ্যান্থেরিডিয়াম Ⓑ আর্কিগোনিয়াম
Ⓒ ডিম্বক Ⓓ স্পোর

14. সবচেয়ে আদি নালিকাধর উদ্ভিদ হলো–
Ⓐ Kelps Ⓑ Mosses
Ⓒ *Pinus* Ⓓ Ferns

15. ফার্ন সোরাসের ক্রোমোসোম সংখ্যা কত?
Ⓐ n Ⓑ 2n
Ⓒ 4n Ⓓ n+1

16. কোনটির পরিবহনতন্ত্র আছে, কিন্তু ফুল হয় না?
Ⓐ থ্যালোফাইটা Ⓑ ব্রায়োফাইটা
Ⓒ টেরিডোফাইটা Ⓓ স্পারমাটোফাইটা

17. নিচের কোন উদ্ভিদে স্টোমিয়াম থাকে?
Ⓐ *Riccia* Ⓑ *Anthoceros*
Ⓒ *Pteris* Ⓓ *Hibiscus*

18. যে ধরনের উদ্ভিদে পরিবহন তন্ত্র নেই–
Ⓐ Bryophyta Ⓑ Pteridophyta
Ⓒ Gymnosperm Ⓓ Angiosperm

19. নিচের কোনটিতে র‍্যামেন্টাম থাকে?
Ⓐ *Riccia* Ⓑ *Marchantia*
Ⓒ *Pteris* Ⓓ *Drynaria*

20. রাইজোফোর কোথা থেকে উৎপন্ন হয়?
Ⓐ মূল Ⓑ কাণ্ড
Ⓒ পাতা Ⓓ রাইজয়েড

21. কোনটি *Riccia*-র বৈশিষ্ট্য নয়?
Ⓐ দেহ থ্যালয়েড Ⓑ দেহ ভাস্কুলার
Ⓒ দেহ গ্যামিটোফাইট Ⓓ অপুষ্পক

22. পিপাকৃতির বায়ুরন্ধ্র পাওয়া যায়–
Ⓐ *Riccia* Ⓑ *Marchantia*
Ⓒ *Pteris* Ⓓ *Selaginella*

23. *Pteris*–এর গ্যামেটোফাইটকে বলা হয়–
Ⓐ গ্যামেটোফোর Ⓑ স্টোমিয়াম
Ⓒ প্রোথ্যালাস Ⓓ প্রোটোনেমা

24. নিচের কোনটি ফার্ন পাতার নাম?
Ⓐ Stomium Ⓑ Fronds
Ⓒ Prothallus Ⓓ Scale leave

25. র‍্যামেন্টাম কোথায় পাওয়া যায়?
Ⓐ *Marchantia* Ⓑ *Pteris*
Ⓒ *Equisetum* Ⓓ *Sargassum*

26. মাইক্রো ও মেগাস্পোর উৎপন্ন করে–
Ⓐ *Selaginella* Ⓑ *Equisetum*
Ⓒ *Pteris* Ⓓ *Psilotum*

27. 'গিমা কাপ' যুক্ত ব্রায়োফাইট হলো–
Ⓐ *Semibarbula* Ⓑ *Marchantia*
Ⓒ *Riccia* Ⓓ *Anthoceros*

28. 'র‍্যামেন্টা' কোথায় উপস্থিত?
Ⓐ *Marchantia* Ⓑ *Pteris*
Ⓒ *Semibarbula* Ⓓ *Selaginella*

29. স্বতন্ত্র স্বভোজী জনুক্রম দেখা যায় কোন উদ্ভিদে?
Ⓐ *Pteris* Ⓑ *Riccia*
Ⓒ *Spirogyra* Ⓓ *Sargassum*

30. নিচের কোন অঙ্গে পেরিস্টোম পাওয়া যায়?
Ⓐ মস ক্যাপসিউলে Ⓑ মস প্রোটোনেমায়
Ⓒ ফার্ন প্রোথ্যালাসে Ⓓ *Riccia* এর ক্যাপসিউলে

OMR

01.ⒶⒷⒸⒹ	02.ⒶⒷⒸⒹ	03.ⒶⒷⒸⒹ	04.ⒶⒷⒸⒹ	05.ⒶⒷⒸⒹ
06.ⒶⒷⒸⒹ	07.ⒶⒷⒸⒹ	08.ⒶⒷⒸⒹ	09.ⒶⒷⒸⒹ	10.ⒶⒷⒸⒹ
11.ⒶⒷⒸⒹ	12.ⒶⒷⒸⒹ	13.ⒶⒷⒸⒹ	14.ⒶⒷⒸⒹ	15.ⒶⒷⒸⒹ
16.ⒶⒷⒸⒹ	17.ⒶⒷⒸⒹ	18.ⒶⒷⒸⒹ	19.ⒶⒷⒸⒹ	20.ⒶⒷⒸⒹ
21.ⒶⒷⒸⒹ	22.ⒶⒷⒸⒹ	23.ⒶⒷⒸⒹ	24.ⒶⒷⒸⒹ	25.ⒶⒷⒸⒹ
26.ⒶⒷⒸⒹ	27.ⒶⒷⒸⒹ	29.ⒶⒷⒸⒹ	29.ⒶⒷⒸⒹ	30.ⒶⒷⒸⒹ

Answer

30.A	29.A	28.B	27.B	26.A	25.B	24.B	23.C	22.B	21.B
20.B	19.C	18.A	17.C	16.C	15.B	14.B	13.A	12.A	11.D
10.A	09.C	08.C	07.C	06.A	05.B	04.D	03.C	02.D	01.D

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

জীববিজ্ঞান ১ম পত্র

অধ্যায় ৭

নগ্নবীজী ও আবৃতবীজী উদ্ভিদ

Part 1 গুরুত্বপূর্ণ তথ্যাবলি

নগ্নবীজী উদ্ভিদ : ভূমিকা ও বৈশিষ্ট্য

বর্তমানে প্রায় 83 টি গণের অন্তর্গত 721টি (650-721 টি) প্রজাতির জীবিত নগ্নবীজী উদ্ভিদ পৃথিবীতে টিকে আছে (Christenhusz & Byng , 2016)। [Ref : হাসান + মাজেদা]

বিশেষ তথ্য :

- উদ্ভিদ বহুবর্ষজীবী, চিরসবুজ, স্পোরোফাইটিক অসমরেণুপ্রসূ (heterosporous) অর্থাৎ এরা মাইক্রোস্পোর ও মেগাস্পোর (পুং ও স্ত্রী লিঙ্গধর উদ্ভিদ) তৈরি করে।
- রেণুপত্র অর্থাৎ স্পোরোফিলগুলো ঘনভাবে সন্নিবেশিত হয়ে স্ট্রোবিলাস বা কোন (cone) তৈরি করে।
- **নগ্নবীজী উদ্ভিদে দ্বিনিষেক ঘটে না (ব্যতিক্রম : *Ephedra*), তাই শাঁস (endosperm) হ্যাপ্লয়েড** এবং নিষেকের পূর্বে সৃষ্টি হয়।
- মেগাস্পোরোফিল-এ (স্ত্রীরেণুপত্র) কোনো গর্ভাশয় তৈরি হয় না অর্থাৎ এদের গর্ভাশয়, গর্ভদণ্ড ও গর্ভমুণ্ড নেই। এর ফলে পরাগায়নকালে পরাগরেণু সরাসরি ডিম্বকরন্ধ্রে পতিত হয়।
- জাইলেম টিস্যুতে সত্যিকার **ভেসেল** কোষ থাকে না **(ব্যতিক্রম : *Gnetum*)** এবং ফ্লোয়েম টিস্যুতে সঙ্গীকোষ থাকে না।
- উঁচু নগ্নবীজী উদ্ভিদ *Sequoia sempervirens/S. gigantea*।
- বিভাগ সমূহ : Cycadophyta, Gingkophyta, Gnetophyta, Coniferophyta।

নগ্নবীজী ও আবৃতবীজী উদ্ভিদের মধ্যে পার্থক্য :

নগ্নবীজী (ব্যক্তবীজী)	আবৃতবীজী (গুপ্তবীজী)
১. এদের গর্ভাশয় ও গর্ভদণ্ড নেই।	১. এদের গর্ভাশয় ও গর্ভদণ্ড আছে।
২. গর্ভাশয় না থাকায় ফল হয় না।	২. গর্ভাশয় ফলে পরিণত হয়।
৩. ফল হয় না বলে বীজ নগ্ন অবস্থায় থাকে।	৩. বীজ ফলের ভেতর লুকায়িত থাকে।
৪. আর্কিগোনিয়া উপস্থিত।	৪. আর্কিগোনিয়া অনুপস্থিত।
৫. দ্বিনিষেক হয় না।	৫. দ্বিনিষেক হয়।
৬. এন্ডোস্পার্ম হ্যাপ্লয়েড। নিষেকের পূর্বে উৎপন্ন হয়।	৬. এন্ডোস্পার্ম ট্রিপ্লয়েড। নিষেকের পরে উৎপন্ন হয়।
৭. জাইলেমে সুগঠিত ভেসেল এবং ফ্লোয়েমে সঙ্গীকোষ নেই।	৭. জাইলেমে সুগঠিত ভেসেল এবং ফ্লোয়েমে সঙ্গীকোষ থাকে।

আবৃতবীজী উদ্ভিদের পরিচিতি :

স্বরূপ

নাম	বর্ণনা	উদাহরণ
বীরুৎ	ছোট ও নরম কাণ্ডবিশিষ্ট অকাষ্ঠল উদ্ভিদ।	ধান, গম ও দূর্বাঘাস
উপগুল্ম	গুল্মের চেয়ে অপেক্ষাকৃত ছোট আকৃতির উদ্ভিদ।	কালকাসুন্দা, দাঁতমর্দন
গুল্ম	একক গুঁড়িবিহীন ঝোপজাতীয় মাঝারি ধরনের কাষ্ঠল উদ্ভিদ।	রঙ্গন, জবা, গোলাপ
বৃক্ষ	একক কাণ্ডবিশিষ্ট বৃহদাকৃতির কাষ্ঠল উদ্ভিদ।	আম, জাম, কাঁঠাল

মূল

নাম	বর্ণনা
প্রধান মূল	- ভ্রূণমূল হতে সৃষ্ট প্রাথমিক মূল ক্রমাগত বৃদ্ধি পেয়ে যে মূলতন্ত্র গঠন করে তাই প্রধান মূল। - প্রধান মূল দ্বিবীজপত্রী উদ্ভিদের বৈশিষ্ট্য।
গুচ্ছমূল	- কাণ্ডের নিম্নাংশ হতে সৃষ্ট একগুচ্ছ সরু মূলকে গুচ্ছমূল বলে। - গুচ্ছমূল একবীজপত্রী উদ্ভিদের বৈশিষ্ট্য।

কাণ্ড

নাম	বর্ণনা	উদাহরণ
ফাঁপা কাণ্ড	মধ্যপর্ব ফাঁপা হয়	Poaceae গোত্র, Cyperaceae (কাণ্ড তিন কোণবিশিষ্ট), Lamiaceae (কাণ্ড চার কোণবিশিষ্ট)
রাইজোম	রাইজোম হলো ভূ-নিম্নস্থ রূপান্তরিত কাণ্ড।	আদা, হলুদ।
টিউবার	কাণ্ডের ভূ-নিম্নস্থ শাখার মাথার স্ফীত অংশকে টিউবার বলে।	গোল আলু।
বাল্ব	ভূ-নিম্নস্থ অতি সংক্ষিপ্ত রূপান্তরিত কাণ্ড হল বাল্ব।	পেঁয়াজ, রসুন।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

পাতা

নাম	উদাহরণ
সরল পত্র	জবা, আম, জাম, কাঁঠাল, লিচু প্রভৃতি
যৌগিক পত্র	গোলাপ, নিম, লজ্জাবতী, সজিনা, কামিনী, বাবলা, তেঁতুল
অচূড়পক্ষল যৌগিক পত্র	বাঁদর লাঠি
সচূড়পক্ষল যৌগিক পত্র	গোলাপ
দ্বিপক্ষল যৌগিক পত্র	কৃষ্ণচূড়া
ত্রিপক্ষল যৌগিক পত্র	সজিনা
একান্তর পত্র	জবা, বেগুন

পাতার শিরাবিন্যাস

নাম	উদাহরণ
রেটিকুলেট ভিনেশন/ জালিকা শিরাবিন্যাস	জালিকা শিরাবিন্যাস দ্বিবীজপত্রী উদ্ভিদের বৈশিষ্ট্য।
প্যারালেল ভিনেশন/ সমন্তরাল শিরাবিন্যাস	সমান্তরাল শিরাবিন্যাস একবীজপত্রী উদ্ভিদের বৈশিষ্ট্য।

বিভিন্ন প্রকার ফুল :

১. পূর্ণতা অনুসারে	অসম্পূর্ণ (লাউ, কুমড়া); সম্পূর্ণ (জবা, ধুতুরা)
২. লিঙ্গ অনুসারে	উভলিঙ্গ (জবা, ধুতুরা); এক লিঙ্গ (লাউ, কুমড়া)
৩. অঙ্গের সমতা অনুসারে	সমাঙ্গ (জবা); অসমাঙ্গ (অপরাজিতা, মটরশুঁটি)
৪. প্রতিসমতার ভিত্তিতে	একপ্রতিসম (শিম, অপরাজিতা); বহুপ্রতিসম (জবা, ধুতুরা, সরিষা); অপ্রতিসম (কলাবতী, অর্কিড)
৫. গর্ভাশয়ের অবস্থান অনুসারে	হাইপোগাইনাস/গর্ভপাদ (ধুতুরা, জবা, ধান); পেরিগাইনাস/গর্ভকটি (গোলাপ, মটর); এপিগাইনাস/গর্ভশীর্ষ (কুমড়া, পেয়ারা)

বিভিন্ন প্রকার ফল :

ফলের ধরন	উদাহরণ	ফলের ধরন	উদাহরণ
প্রকৃত ফল	আম, জাম, লিচু	বেরি	কলা, টমেটো, বেগুন, পেয়ারা
অপ্রকৃত ফল	আপেল, চালতা, ডুমুর	সাইজোকার্প	ধনে
সরল ফল	আম, শিম	সরোসিস	কাঁঠাল, আনারস
গুচ্ছিত ফল	আতা, নয়নতারা, ছাগলবটি, স্বর্ণচাপা	**লিগিউম**	শিম
যৌগিক ফল	কাঁঠাল, আনারস, বট, তুঁত	ফলিকল	নয়নতারা, আকন্দ, ছাতিম
ক্যাপসিউল	ধুতুরা, ঢেঁড়স, পাট	ড্রুপ	আম, কুল, আমড়া, নারিকেল
ক্যারিঅপসিস	ধান, গম	পেপো	কুমড়া, শসা
সিলিকুয়া	সরিষা		

বিভিন্ন রকম কাণ্ড :

- ফাঁপা কাণ্ড- Poaceae উদ্ভিদে দেখা যায়
- Lamiaceae চার কোণবিশিষ্ট
- বাল্ব - পেঁয়াজ, রসুন।
- বোঁটাবিহীন পাতা - সেসাইল
- **সবল কাণ্ড** - আম
- **রাইসোম** - আদা, হলুদ
- Lyperaceae তিন কোণবিশিষ্ট
- রাইজোম → আদা, হলুদ, টিউবার → আলু
- বোঁটাযুক্ত পাতা - পিটিওলেট
- **দুর্বল কাণ্ড** - দূর্বাঘাস, লাউ
- **বাল্ব** - পেঁয়াজ
- **টিউবার** - আলু

বিভিন্ন প্রকার পাতা :

- **সরল পাতা** - জবা, আম, জাম, কাঁঠাল, লিচু
- **একান্তর পাতা**- জবা, বেগুন
- **আবর্ত** - করবী, ছাতিম
- **জালিকাকার শিরাবিন্যাস** - আম, জাম, কুমড়া
- **যৌগিক পাতা** - তেঁতুল, গোলাপ, কামিনী, বাবলা, কৃষ্ণচূড়া .
- **প্রতিমুখ** - পেয়ারা, তুলসী, আকন্দ
- **মঞ্জুরিপত্র** - কলা, সূর্যমুখী
- **সমান্তরাল শিরাবিন্যাস** - আখ, ধান, গমের পাতা

আবৃতবীজী উদ্ভিদঃ পুষ্পবিন্যাস বা পুষ্প মঞ্জরী

কাণ্ডের শীর্ষমুকুল বা কাক্ষিকমুকুল থেকে উৎপন্ন শাখা বা শাখাতন্ত্রের ওপর পুষ্পের বিন্যাস পদ্ধতিকে পুষ্পবিন্যাস বা পুষ্পমঞ্জরী বলে। পুষ্পবিন্যাস প্রধানত দু'প্রকার। যথা - নিয়ত বা সাইমোস (definite or cymose) এবং অনিয়ত বা রেসিমোস (indefinite or racemose)।

নিয়ত পুষ্পবিন্যাসের প্রকারভেদ :

নাম	উদাহরণ	নাম	উদাহরণ
(i) একক (Solitary)	জবা, ধুতুরা ইত্যাদি।	(iii) দ্বিপার্শ্বীয় (Biparous/Dichasium)	জুঁই (*Jasminum auriculatum*)
(ii) একপার্শ্বীয় (Monochasium/Uniparous)	*Hamelia patens*	(iv) বহুপার্শ্বীয় (Multiparous/Polychasium)	*Calotropis procera*

☞ **অনিয়ত পুষ্পবিন্যাসের প্রকারভেদ :**


নাম	উদাহরণ	নাম	উদাহরণ
(i) রেসিম (Raceme)	সরিষা, মুলা ইত্যাদি।	(iv) ক্যাপিচুলাম (Capitulam) বা শিরমঞ্জরী (Head)	কসমস, সূর্যমুখী, গাঁদা ইত্যাদিতে এই পুষ্পবিন্যাস দেখা যায়।
(ii) মঞ্জরী/স্পাইক (Spike)	রজনীগন্ধা (*Polianthes tuberosa*)	(v) স্প্যাডিক্স (Spadix)	কলা, নারিকেল ইত্যাদি।
(iii) স্পাইকলেট (Spikelet)	Poaceae, Cyperaceae ও Juncaceae গোত্রের উদ্ভিদে স্পাইকলেট পুষ্পবিন্যাস দেখা যায়।		

আবৃতবীজী উদ্ভিদ: পুষ্পপত্রবিন্যাস (এস্টিভেশন)

☞ **এস্টিভেশন (Aestivation) বা মুকুল পত্রবিন্যাস বা পুষ্পপত্রবিন্যাস :**

পুষ্পপত্রবিন্যাস নিম্নলিখিত ছয় প্রকারের হয়ে থাকে। যেমন-

বিভিন্ন প্রকার এস্টিভেশন	উদাহরণ
ওপেন (Open) বা মুক্ত	জবা (*Hibiscus rosa-sinensis*) উপবৃতি বা গন্ধরাজের (*Gardenia jasminoides*) বৃতি।
ভালভেট (Valvate) বা প্রান্তস্পর্শী	জবার বৃতি, আতা (*Annona squamosa*), বাবলা (*Acacia arabica*), আকন্দ (*Calotropis procera*)
টুইস্টেড (Twisted) বা পাকানো	জবার দলমণ্ডল, করবী (*Nerium indicum*)।
ইমব্রিকেট (Imbricate)	কৃষ্ণচূড়া (*Delonix regia*), কালকাসুন্দা (*Cassia sophera*), বাঁদর লাঠি
কুইনকানসিয়াল (Quincuncial)	পেয়ারা (*Psidium guajava*), সরিষা (*Brassica napus*) ইত্যাদি।
ভেক্সিলারি (Vexillary)	অপরাজিতা (*Clitoria ternatea*), শিম (*Lablab purpureus*), মটরশুঁটি (*Pisum sativum*), অতসী (*Crotalaria incana*), বক (*Sesbania grandiflora*) ইত্যাদি।



চিত্র: বিভিন্ন প্রকার এস্টিভেশন

আবৃতবীজী উদ্ভিদ : অমরাবিন্যাস (প্লাসেন্টেশন)

গর্ভাশয়ের ভেতরে যে টিস্যু থেকে ডিম্বক সৃষ্টি হয় সে টিস্যুকে প্লাসেন্টা বা অমরা বলে। নিচে উদাহরণসহ এর প্রকারভেদ উপস্থাপন করা হলো :

বিভিন্ন প্রকার অমরাবিন্যাস	উদাহরণ
মার্জিনাল (Marginal) বা একপ্রান্তীয়	শিম, মটরশুঁটি (*Lablab purpureus*), অপরাজিতা ইত্যাদি।
অ্যাক্সাইল (Axile) বা অক্ষীয়	জবা, ধুতুরা (*Datura metel*), রজনীগন্ধা, ঢেঁড়শ (*Abelmoschus esculentus*), বেগুন ইত্যাদি।
ফ্রি সেন্ট্রাল (Free central) বা মুক্তমধ্য	তুঁত (*Morus indica*), নুনিয়া শাক (*Portulaca oleracea*), ডায়ান্থাস ইত্যাদি।
প্যারাইটাল (Parietal) বা বহুপ্রান্তীয়	শসা (*Cucumis sativus*), লাউ (*Lagenaria vulgaris*), কুমড়া (*Cucurbita pepo*), সরিষা ইত্যাদি।
সুপারফিশিয়্যাল (Superficial) বা গাত্রীয়	শাপলা (*Nymphaea nouchali*), পদ্ম (*Nelumbo nucifera*), শিয়াল কাঁটা (*Argemone mexicana*) ইত্যাদি।
বেসাল (Basal) বা মূলীয়	ধান (*Oryza sativa*), সূর্যমুখী (*Helianthus annuus*), গাঁদা (*Tagetes erecta*), ত্রিধারা ইত্যাদি।
এ্যাপিক্যাল Apical বা শীর্ষক	ধনিয়া (*Coriandrum sativum*), লালপাতা (*Euphorbia pulcherrima*), ক্রোটন, লাউ পাতা ইত্যাদি।

[Ref: মাজেদা + হাসান]

একবীজপত্রী ও দ্বিবীজপত্রী উদ্ভিদের মধ্যে পার্থক্য :

আলোচ্য বিষয়	একবীজপত্রী উদ্ভিদ	দ্বিবীজপত্রী উদ্ভিদ
১. বীজপত্রের সংখ্যা	বীজে বীজপত্র একটি।	বীজে বীজপত্র দুটি।
২. মূল	মূল গুচ্ছমূল।	মূল প্রধানমূল।
৩. শিরাবিন্যাস	পাতার শিরাবিন্যাস সাধারণত সমান্তরাল।	পাতার শিরাবিন্যাস সাধারণত জালিকাকার।
৪. পুষ্পপত্রের সংখ্যা	পুষ্পে পুষ্পপত্রের সংখ্যা ৩ বা এর গুণিতক। (৩টি, ৬টি বা ৯টি) অর্থাৎ পুষ্প ট্রাইমেরাস।	পুষ্পে পুষ্পপত্রের সংখ্যা ৪ বা ৫ বা এর গুণিতক। (৪, ৮ বা ৫, ১০ এরূপ) অর্থাৎ পুষ্প টেট্রামেরাস বা পেন্টামেরাস।
৫. বীজপত্রের অবস্থান	বীজপত্রের অবস্থান শীর্ষ এবং ভ্রূণমুকুল পার্শ্বীয়।	বীজে বীজপত্রের অবস্থান পার্শ্বীয় এবং ভ্রূণমুকুল শীর্ষ।
৬. উদাহরণ	ধান, গম, ইক্ষু, কলা, কচু, নারকেল, বাঁশ, ঘৃতকুমারি, শতমূলী, ভুট্টা, কচুরিপানা, পেঁয়াজ, রসুন, উলটচন্ডাল, কুমারিকা, অর্কিড, খেজুর, যব, ঘাস ইত্যাদি।	আম, জাম, লিচু, কাঁঠাল, চা, ছোলা, রেড়ি, তামাক, ধুতুরা, জবা, তেঁতুল, লাউ, কুমড়া, শিম, মরিচ ইত্যাদি।

একবীজপত্রী উদ্ভিদের গোত্র পরিচিতি : গোত্র- Poaceae

☞ **প্রজাতি সংখ্যা ও বিস্তৃতি :**

Poaceae গোত্র ঘাস পরিবার (Grass Family) নামে পরিচিত। পূর্বে একে Gramineae বলা হতো। Poaceae গোত্রে প্রায় 500 টি গণের অধীনে প্রায় 8000 টি প্রজাতি রয়েছে। এটি উদ্ভিদ জগতে তৃতীয় বৃহৎ গোত্র। টাইপ জিনাস *Poa* থেকে এই গোত্রের নামকরণ করা হয়েছে। এই গোত্রের উদ্ভিদ পৃথিবীর সব ধরনের অবস্থানে পাওয়া গেলেও বেশি পাওয়া যায় উষ্ণ মণ্ডলীয় এবং উত্তর-নাতিশীতোষ্ণ মৃদু শুষ্ক অঞ্চলে। বাংলাদেশে এই গোত্রের 113 টি গণ এবং 285 টি প্রজাতি শনাক্ত করা হয়েছে।

☞ **শ্রেণিবিন্যাসগত অবস্থান :**

Divission : Mangoliophyta
Class : Liliopsida
Subclass : Commelinidae
Order : Cyperales
Family : Poaceae (Gramineae)

☛ **Poaceae গোত্রের শনাক্তকারী বৈশিষ্ট্য:**

১। কাণ্ড সাধারণত নলাকার ও মধ্যপর্ব ফাঁপা ।
২। পাতা সরল, একান্তর, পত্রমূল কাণ্ডবেষ্টক এবং লিগিউলবিশিষ্ট।
৩। পুষ্পবিন্যাস স্পাইকলেট (Spikelet)।
৪। পুষ্পপুট লোডিকিউলে রূপান্তরিত।
৫। পরাগধানী সর্বমুখ (Versatile)।
৬। গর্ভমুণ্ড পক্ষল (পালকের ন্যায় লোমশ)।
৭। ফল ক্যারিঅপসিস (Caryopsis) জাতীয়।
৮। অমরাবিন্যাস মূলীয় (basal)।
৯। গর্ভাশয় এক প্রকোষ্ঠবিশিষ্ট।
১০। বীজ সস্যল, এতে বৈশিষ্ট্যপূর্ণ স্টার্চদানা থাকে।

☛ **Poaceae গোত্রের কয়েকটি উদ্ভিদের নাম, বৈজ্ঞানিক নাম ও অর্থনৈতিক গুরুত্ব :**

সাধারণ নাম	বৈজ্ঞানিক নাম	অর্থনৈতিক গুরুত্ব
ধান	*Oryza sativa*	এটি প্রধান খাদ্যশস্য। ধানের খড় উচ্চমানের গোখাদ্য। ধানের কুঁড়া থেকে বর্তমানে ভোজ্যতেল ও হাঁস-মুরগির খাদ্য তৈরি করা হয়। উপজাতীয় অঞ্চলে চাল থেকে দেশীয় মদ তৈরি হয়।
গম	*Triticum aestivum*	এটি দ্বিতীয় খাদ্যশস্য হিসেবে গৃহীত হয়। গমের খড় জ্বালানি হিসেবে ব্যবহৃত হয়।
ভুট্টা	*Zea mays*	এটিও খাদ্যশস্য হিসেবে গৃহীত হয়। খইসহ বিভিন্ন প্রকার খাদ্যসামগ্রী (যেমন- কর্নফ্লেক্স, পপকর্ন ইত্যাদি) ভুট্টা থেকে তৈরি করা হয়। ভুট্টার দানা থেকে কর্ন অয়েল পাওয়া যায়। ভুট্টার কাণ্ড জ্বালানি হিসেবে ব্যবহার করা হয়।
যব বা বার্লি	*Hordeum vulgare*	যব থেকে আটা তৈরি করা হয়। যবের ছাতু উপাদেয় সহজপাচ্য ও স্বাস্থ্যপ্রদ খাদ্য। বাণিজ্যিকভাবে হরলিক্স, কমপ্ল্যান জাতীয় খাদ্যদ্রব্যের উপাদান হিসেবে ব্যবহার করা হয়।
দূর্বা ঘাস	*Cynodon dactylon*	• লন তৈরি, পশু খাদ্য ও ঔষধি উদ্ভিদ হিসেবে। • রক্তপাত বন্ধ ও ক্ষত নিরাময়ে ভেষজ হিসেবে।
বাঁশ	*Bambusa bambos*	বাংলাদেশে ২৮ প্রজাতির বাঁশ জন্মে। গৃহনির্মান, কাগজ তৈরি, গৃহসজ্জা ও আসবাবপত্র তৈরিতে বাঁশের ভূমিকা অপরিসীম।

দ্বিবীজপত্রী উদ্ভিদের গোত্র পরিচিতি : গোত্র- Malvaceae.

☛ **প্রজাতি সংখ্যা ও বিস্তৃতি :**

Malvaceae একটি বড় গোত্র। ৭৫ টি গণ এবং ১০০০ থেকে ১৫০০ টি প্রজাতি নিয়ে এই গোত্র গঠিত। পৃথিবীর বহু দেশে এর বিভিন্ন প্রজাতি জন্মে থাকে। বাংলাদেশে এই গোত্রের আনুমানিক ১৪ টি গণভুক্ত ৪২ টি প্রজাতি জন্মে। এদের মধ্যে সবচেয়ে বড় গণ হলো *Hibiscus* (প্রজাতি ১৫ টি)। টাইপ জিনাস *Malva* থেকে Malvaceae গোত্রের নামকরণ করা হয়েছে।

☛ **শ্রেণিবিন্যাসগত অবস্থান :**

Divission : Magnoliophyta
Class : Magnoliopsida
Subclass : Dillenidae
Order : Malvales
Family : Malvaceae

☛ **Malvaceae গোত্রের শনাক্তকারী বৈশিষ্ট্য :**

১। উদ্ভিদের কাণ্ডের কচি অংশ রোমশ ও মিউসিলেজপূর্ণ (পিচ্ছিল পদার্থযুক্ত)।
২। পাতা সরল, একান্তর, উপপত্র মুক্তপার্শ্বীয়।
৩। পুংকেশর বহু, একগুচ্ছক, পুংকেশরীয় নালিকা গর্ভদণ্ডের চারদিকে বেষ্টিত।
৪। পুষ্প একক এবং সাধারণত উপবৃতিযুক্ত।
৫। পরাগধানী এক প্রকোষ্ঠী (এককোষী নয়) ও বৃক্কাকার।
৬। পরাগরেণু বৃহৎ ও কন্টকিত।
৭। অমরাবিন্যাস অক্ষীয় (axile)।
৮। দলমণ্ডল টুইস্টেড (পাকানো)

☛ **Malvaceae গোত্রের কয়েকটি উদ্ভিদের নাম ও তাদের অর্থনৈতিক গুরুত্ব :**

সাধারণ নাম	বৈজ্ঞানিক নাম	অর্থনৈতিক গুরুত্ব
জবা	*Hibiscus rosa-sinensis*	এটি শোভাবর্ধনকারী, তাই বাগানে লাগানো হয়। এটি একটি ভেষজ উদ্ভিদ।
ঢেঁড়শ	*Abelmoschus esculentus*	প্রধানত সবজি হিসেবে খাওয়া হয়, স্যুপ তৈরিতেও ব্যবহৃত হয়। এর ভেষজ গুণ রয়েছে। বহুমূত্র রোগে ব্যবহৃত হয়।
কার্পাস তুলা	*Gossypium herbaceum*	এটি বস্ত্রশিল্পের প্রধান উপাদান। এর সুতা দিয়ে সুতি কাপড় তৈরি হয়। লেপ, তোশক তৈরিতেও এটি ব্যবহৃত হয়।
মেস্তাপাট	*Hibiscus sabdariffa* var. *altissima*	এ গাছ থেকে পাট জাতীয় আঁশ পাওয়া যায়। এ আঁশ থেকে পাটের ন্যায় দড়ি, ব্যাগ, চট ও অন্যান্য সৌখিন দ্রব্য তৈরিতে ব্যবহৃত হয়।
কেনাফ-মেস্তাপাট	*Hibiscus cannabinus*	এ গাছের বাকল থেকেও পাট জাতীয় আঁশ পাওয়া যায়। এই আঁশ পাটের মতোই দড়ি, ব্যাগ, চট ইত্যাদি তৈরির কাজে ব্যবহৃত হয়।
ইন্ডিয়ান টিউলিপ	*Thespesia populnea*	এর কাঠ দিয়ে খেলনা, পেনসিল ও কৃষিকাজের উপকরণ তৈরি হয়। এ উদ্ভিদটি **Portia Tree** নামে পরিচিত।
মরিচ ফুল	*Malvaviscus arboreus*	এটিও শোভাবর্ধনকারী। এটি **'লঙ্কা জবা'** নামেও পরিচিত।

Malvaceae ও Poaceae গোত্রসমূহের মধ্যকার প্রধান প্রধান পার্থক্য :

বৈশিষ্ট্য	Malvaceae	Poaceae
মূল*	প্রধান মূল	গুচ্ছমূল
পাতা	জালিকা শিরাবিন্যাস	সমান্তরাল শিরাবিন্যাস
ফুল*	পেন্টামেরাস	ট্রাইমেরাস
পুংকেশর	অনেক, এক গুচ্ছক	৩টি (ধান ও বাঁশে ৬টি)
অমরাবিন্যাস	অক্ষীয়	মূলীয়
ফল*	ক্যাপসিউল, বেরি	ক্যারিঅপসিস
শনাক্তকারী বৈশিষ্ট্য	প্রধানত তন্তু জাতীয়	ঘাস গোত্রীয়
উদাহরণ	জবা, ঢ্যাঁড়শ, কার্পাস তুলা, কেনাফ-মেস্তা পাট, স্থল পদ্ম	ধান, গম, বাঁশ, আখ, ভুট্টা, যব, দূর্বাঘাস, নলখাগড়া, ঝাড়ুঘাস

Part 2 At a glance [Most Important Information]

- বীজ উৎপাদনকারী ভাস্কুলার উদ্ভিদগোষ্ঠীকে বলে– **স্পার্মাটোফাইটা**
- সবীজ উদ্ভিদ/স্পার্মাটোফাইটার উপগোষ্ঠী– **নগ্নবীজী ও আবৃতবীজী**
- নগ্নবীজী উদ্ভিদের উৎপত্তি হয়– **ডেভোনিয়ান যুগে**
- নগ্নবীজী উদ্ভিদের বিস্তৃতি ঘটে– **মেসোজোয়িক যুগে**
- *Sequoia sempervirens*-এর উচ্চতা– **328 ফুট**
- বিশ্বের সবচেয়ে প্রাচীন বৃক্ষ– **ব্রিসল কোন পাইন**
- ব্রিসল কোন পাইন বিদ্যমান– **আমেরিকার নাভাডা ও ক্যালিফোর্নিয়ায়**
- বিশ্বের সর্ববৃহৎ বনাঞ্চল রয়েছে– **সাইবেরিয়া অঞ্চলে**
- Gnetophyta বিভাগের উদ্ভিদের শুক্রাণু– **ফ্ল্যাজেলাবিহীন**
Ⓒ চট্টগ্রামের বারিয়াডালা বনে Ⓓ শ্রীমঙ্গল বনে

17. ডালজাতীয় উদ্ভিদসমূহ নিচের কোন গোত্রের অন্তর্গত?
Ⓐ লিলিয়েসি Ⓑ লিগিউমিনোসি
Ⓒ ক্রুসিফেরি Ⓓ সোলানেসি

18. কোন ফলটিতে এরিল আছে?
Ⓐ আম Ⓑ কলা Ⓒ লিচু Ⓓ আনারস

19. উচ্চ রক্তচাপ নিয়ন্ত্রণে ব্যবহার হয় কোন উদ্ভিদ?
Ⓐ পুনর্ণভা Ⓑ সর্পগন্ধা
Ⓒ নয়নতারা Ⓓ কালমেঘ

20. নিচের কোন প্রজাতি Cruciferae গোত্রের অন্তর্ভুক্ত?
Ⓐ *Shorea robusta* Ⓑ *Brassica napus*
Ⓒ *Lablab niger* Ⓓ *Hibiscus mutabilis*

21. কোন গোত্রের ফুলে ভ্যাক্সিলা থাকে?
Ⓐ Liliaceae Ⓑ Liguminosae
Ⓒ Solanaceae Ⓓ Malvaceae

22. কাশি নিরাময়ে ব্যবহৃত উদ্ভিদ কোনটি?
Ⓐ *Eclipta prostrata* Ⓑ *Adhatoda vasica*
Ⓒ *Ruellia tuberosa* Ⓓ *Cynodon dactylon*

23. বাংলাদেশে *Cycas* উদ্ভিদ প্রাকৃতিকভাবে জন্মে–
Ⓐ দিনাজপুরে Ⓑ বরিশালে
Ⓒ মোমেনশাহীর মধুপুর বনে Ⓓ চট্টগ্রামের বারিয়াডালা বনে

24. নিচের কোন প্রজাতি Papilionaceae উপগোত্রের অন্তর্ভুক্ত?
Ⓐ *Delonix regia* Ⓑ *Brassica napus*
Ⓒ *Dolichos lablab* Ⓓ *Hibiscus mutabilis*

25. নগ্নবীজী উদ্ভিদের এন্ডোস্পার্ম (শস্য) কোন ধরনের?
Ⓐ হ্যাপ্লয়েড Ⓑ ডিপ্লয়েড
Ⓒ ট্রিপ্লয়েড Ⓓ অ্যাম্ফিপ্লয়েড

26. গুপ্তবীজী উদ্ভিদের শস্য কোষ কীরূপ?
Ⓐ হ্যাপ্লয়েড Ⓑ ডিপ্লয়েড
Ⓒ ট্রিপ্লয়েড Ⓓ অ্যামফিডিপ্লয়েড

27. মূলা কোন গোত্রের উদ্ভিদ?
Ⓐ Malvaceae Ⓑ Cruciferae
Ⓒ Leguminosae Ⓓ Solanaceae

28. কোন উদ্ভিদে সরোসিস জাতীয় ফল পাওয়া যায়?
Ⓐ ডুমুর Ⓑ আতা
Ⓒ আনারস Ⓓ কমলালেবু

29. *Pisum sativum* কোন গোত্রের উদ্ভিদ?
Ⓐ Malvaceae Ⓑ Cruciferae
Ⓒ Leguminosae Ⓓ Solanaceae

30. বটের ঝুড়ি একটি রূপান্তরিত–
Ⓐ বায়বীয় কাণ্ড Ⓑ ঠেস মূল
Ⓒ বৃক্ষের শাখা Ⓓ অস্থানিক মূল

OMR

01.ⒶⒷⒸⒹ	02.ⒶⒷⒸⒹ	03.ⒶⒷⒸⒹ	04.ⒶⒷⒸⒹ	05.ⒶⒷⒸⒹ
06.ⒶⒷⒸⒹ	07.ⒶⒷⒸⒹ	08.ⒶⒷⒸⒹ	09.ⒶⒷⒸⒹ	10.ⒶⒷⒸⒹ
11.ⒶⒷⒸⒹ	12.ⒶⒷⒸⒹ	13.ⒶⒷⒸⒹ	14.ⒶⒷⒸⒹ	15.ⒶⒷⒸⒹ
16.ⒶⒷⒸⒹ	17.ⒶⒷⒸⒹ	18.ⒶⒷⒸⒹ	19.ⒶⒷⒸⒹ	20.ⒶⒷⒸⒹ
21.ⒶⒷⒸⒹ	22.ⒶⒷⒸⒹ	23.ⒶⒷⒸⒹ	24.ⒶⒷⒸⒹ	25.ⒶⒷⒸⒹ
26.ⒶⒷⒸⒹ	27.ⒶⒷⒸⒹ	28.ⒶⒷⒸⒹ	29.ⒶⒷⒸⒹ	30.ⒶⒷⒸⒹ

Answer

30.D	29.C	28.C	27.B	26.C	25.A	24.C	23.D	22.B	21.B
20.B	19.B	18.C	17.B	16.C	15.A	14.C	13.B	12.B	11.D
10.D	09.C	08.C	07.A	06.A	05.A	04.A	03.A	02.B	01.A

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

জীববিজ্ঞান ১ম পত্র

অধ্যায় ৮

টিস্যু ও টিস্যুতন্ত্র

Part 1 গুরুত্বপূর্ণ তথ্যাবলি

ভাজক টিস্যু : প্রাথমিক আলোচনা


যে টিস্যু কোষের বিভাজন ক্ষমতা বিদ্যমান থাকে তাকে ভাজক টিস্যু বলে। উদ্ভিদের জীবনের শুরুতে শুধু ভাজক টিস্যু থাকে, পরবর্তীতে স্থায়ী টিস্যু ও বিভিন্ন টিস্যুতন্ত্র গঠিত হয়। ভাজক টিস্যুর কোষে মাইটোকন্ড্রিয়া ব্যতীত অন্যান্য কোষীয় অঙ্গাণু অনুপস্থিত কিংবা অকার্যকর অবস্থায় থাকে।

ভাজক টিস্যুর অবস্থান :

১. কাণ্ড ও মূলের শীর্ষভাগে , ২. কাণ্ডের পর্ব ও মুকুলে, ৩. দ্বিবীজপত্রী উদ্ভিদের জাইলেম ও ফ্লোয়েম টিস্যুর মাঝে বিদ্যমান ক্যাম্বিয়ামে, ৪. দ্বিবীজপত্রী উদ্ভিদের এপিডার্মিসের নিচে বিদ্যমান কর্ক ক্যাম্বিয়ামে এবং ৫. মূলের পেরিসাইকেল ও নতুন সৃষ্ট শাখামূলে।


ভাজক টিস্যুর বৈশিষ্ট্য :

১. ভাজক টিস্যুর কোষগুলো সর্বদাই বিভাজন ক্ষমতাসম্পন্ন।
২. কোষগুলো জীবিত, ছোট ও সমব্যাসীয়।
৩. এ টিস্যুর কোষগুলো সেলুলোজ নির্মিত পাতলা কোষ প্রাচীরবিশিষ্ট হয়।
৪. কোষের নিউক্লিয়াস অপেক্ষাকৃত বড় এবং সাইটোপ্লাজম ঘন।
৫. ভাজক টিস্যুর কোষে সাধারণত কোষ গহ্বর থাকে না।
৬. কোষগুলো ঘন সন্নিবিষ্ট, আন্তঃকোষীয় ফাঁক থাকে না।
৭. কোষগুলো সমব্যাসীয়।




চিত্র: ভাজক টিস্যু

টিস্যুর প্রকারভেদ :



ভাজক টিস্যু বা Meristematic Tissue :

ভাজক টিস্যুর উৎস :



ভাজক টিস্যুর প্রকারভেদ :

উৎপত্তি অনুসারে ভাজক টিস্যু (৩ প্রকার) :

টিস্যুর প্রকারভেদ	অবস্থান
i. প্রারম্ভিক ভাজক টিস্যু (Promeristem)	মূল ও কাণ্ডের অগ্রভাগের শীর্ষদেশের ক্ষুদ্র অঞ্চল। এখান থেকে প্রথম বৃদ্ধি শুরু হয় এবং প্রথম বিস্তার ঘটে।
ii. প্রাইমারি ভাজক টিস্যু (Primary meristem)	মূল ও কাণ্ডের শীর্ষস্থ ভাজক টিস্যু, ফ্যাসিকুলার ক্যাম্বিয়াম।
iii. সেকেন্ডারি ভাজক টিস্যু (Secondary meristem)	ইন্টারফ্যাসিকুলার ক্যাম্বিয়াম, কর্ক ক্যাম্বিয়াম, মূলের অতিরিক্ত ক্যাম্বিয়াম।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

৬ অবস্থান অনুসারে ভাজক টিস্যু (৩ প্রকার) :

টিস্যুর প্রকারভেদ	উৎপত্তি
i. শীর্ষস্থ ভাজক টিস্যু (Apical meristem)	শীর্ষে পাওয়া যায়।
ii. নিবেশিত ভাজক টিস্যু (Intercalary meristem)	ঘাস জাতীয় উদ্ভিদ, পাইন, হর্সটেইল প্রভৃতি উদ্ভিদের পত্রমূল, মধ্যপর্বের গোড়ায়, পর্ব সন্ধিতে থাকে।
iii.পার্শ্বীয় ভাজক টিস্যু (Lateral meristem)	মূল বা কাণ্ডের পার্শ্ব বরাবর অবস্থান করে। উদাহরণ : কর্ক ক্যাম্বিয়াম, ইন্টারফ্যাসিকুলার ক্যাম্বিয়াম।

৬ বিভাজন অনুসারে ভাজক টিস্যু (৩ প্রকার) :

টিস্যুর প্রকারভেদ	অবস্থান
i. মাস ভাজক টিস্যু (Mass meristem)	কোষ বিভাজন সকল তলে ঘটে (তিন তলে)। অবস্থান : এন্ডোস্পার্ম, টিস্যু, মজ্জা, কর্টেক্স।
ii. প্লেট ভাজক টিস্যু (Plate meristem)	দুই তলে হয়। আয়তন বৃদ্ধি পায়। অবস্থান : পাতা, বর্ধিষ্ণু বহিঃত্বক।
iii. রিব ভাজক টিস্যু (Rib meristem)	বিভাজন এক তলে ঘটে। এক সারি কোষ উৎপন্ন হয়। বর্ধিষ্ণু কাণ্ড বা মূলের মজ্জায় হয়।

৬ কাজ অনুসারে ভাজক টিস্যু ৩ প্রকার :

টিস্যুর প্রকারভেদ	কাজ
i. প্রোটোডার্ম (Protoderm)	উদ্ভিদ দেহের বাইরে ত্বক সৃষ্টি করে।
ii. প্রোক্যাম্বিয়াম (Procambium)	ফ্লোয়েম, জাইলেম, ক্যাম্বিয়াম, পরিবহন টিস্যু নিয়ে প্রোক্যাম্বিয়াম গঠিত।
iii. গ্রাউন্ড মেরিস্টেম (Ground meristem)	মজ্জা, মজ্জারশ্মি ও কর্টেক্স সৃষ্টি করে।

৬ ভাজক টিস্যুর কাজ :

- ভাজক টিস্যুর অবিরাম বিভাজনের ফলে উদ্ভিদের বিভিন্ন অঙ্গে বৃদ্ধি ঘটে।
- ভাজক টিস্যু হতেই স্থায়ী টিস্যু সৃষ্টি হয়।
- এরা উদ্ভিদের ক্ষতস্থান পূরণ করে।
- এরা প্রয়োজনে অন্যান্য টিস্যুতে পরিণত হতে পারে।
- বিটপের অগ্রস্থ ভাজক কলা নতুন পাতা, কাক্ষিক মুকুল ও শাখা উৎপন্ন করে।
- কালচার মিডিয়ামে ভাজক টিস্যুই ক্যালাস সৃষ্টি করে, যা থেকে নতুন চারা পাওয়া যায়।

স্থায়ী টিস্যু (Permanent tissue) :

ভাজক কলা থেকে সৃষ্ট, উদ্ভিদের যে কলার নির্দিষ্ট আকার ও আকৃতিবিশিষ্ট কোষগুলো অস্থায়ী বা স্থায়ীভাবে বিভাজনে অক্ষম, পরিণত ও নির্দিষ্ট কার্যক্ষমতাযুক্ত তাকে স্থায়ী কলা বলে।


☛ **স্থায়ী টিস্যুর অবস্থান :** উদ্ভিদের প্রাথমিক দেহ বা প্রাথমিক অঙ্গ এবং গৌণ দেহ স্থায়ী কলা দিয়ে তৈরি হয়।

৬ স্থায়ী টিস্যুর বৈশিষ্ট্য :

১. স্থায়ী টিস্যুর কোষগুলো সাধারণত বিভাজনে অক্ষম।
২. স্থায়ী টিস্যুর কোষগুলো সজীব/মৃত।
৩. কোষগুলো আকারে গোলাকার/ডিম্বাকার/বহুভুজাকার।
৪. কোষ গহ্বর অপেক্ষাকৃত বড় এবং কোষগুলোর মধ্যে আন্তঃকোষীয় ফাঁক থাকতে পারে।
৫. মৃত কোষ প্রোটোপ্লাজমবিহীন।
৬. কোষগুলোর প্রাচীর অপেক্ষাকৃত স্থূল অর্থাৎ বেশ পুরু।
৭. নিউক্লিয়াস স্বাভাবিকের চেয়ে ছোট এবং কোষের এক পাশে অবস্থান করে।

৬ স্থায়ী টিস্যুর প্রকারভেদ :

ভাজক টিস্যু থেকে সৃষ্ট ও বিভাজনে অক্ষম পরিণত টিস্যু বা কলাকে স্থায়ী টিস্যু বলে। উদ্ভিদের মূল, কাণ্ড ও পাতা প্রভৃতি অঙ্গে এ টিস্যু দেখা যায়। গঠন ও কাজের ভিত্তিতে স্থায়ী টিস্যু ৩ প্রকার। স্থায়ী টিস্যুর প্রকারগুলো নিম্নরূপ :



৬ স্থায়ী টিস্যুর কাজ :

- খাদ্য উৎপাদন করা স্থায়ী টিস্যুর অন্যতম প্রধান কাজ।
- বিভিন্ন ধরনের কোষে পানি ও খাদ্যবস্তু পরিবহন করে থাকে।
- পানি ও খাদ্য সঞ্চয় করে থাকে।
- বিভিন্ন পদার্থের ক্ষরণ ও রেচন কাজে জড়িত থাকে।
- উদ্ভিদ দেহে দৃঢ়তা প্রদান করে।
- উদ্ভিদের রক্ষণমূলক কাজে সাহায্য করে।

উদ্ভিদভেদে ত্বকে কিছু বিশেষ ধরনের কোষ দেখা যায়। যেমন :

নাম	উদাহরণ	নাম	উদাহরণ
একসারি কোষ	বট, অশ্বত্থ, পাকুর	মাইরোসিন কোষ	সরিষা গোত্রীয় উদ্ভিদ
তিনসারি কোষ	করবী	বুলিফর্ম কোষ	গম, ভুট্টা, আখ
লিথোসিস্ট নামক বৃহদাকার কোষ	বট, অশ্বত্থ ইত্যাদি	কর্ক ও সিলিকা কোষ	ঘাস ও নলখাগড়া

৬ এপিডার্মিসের উপাঙ্গসমূহ :

(i) রোম বা ট্রাইকোম (Hair or trichome)	রোম সাধারণত সরল, শাখান্বিত বা তারকাকৃতি বা স্টিলেট (যেমন : *Althaea* পাতার)
(ii) পিড়কা বা গ্রন্থি বা কোলেটার্স (Glandular hair or colleters)	এটি মস্তক ও বৃন্ত এই দুটি অংশে বিভক্ত। যেমন : পুনর্ণভা, লেবুর তেলগ্রন্থি ইত্যাদি।
(iii) দংশক রোম (stinging hairs)	উদ্ভিদের এককোষী, লম্বা, সুচালো ও বিষাক্ত রসে পূর্ণ রোমকে দংশক রোম বলে। যেমন : বিছুটি, আলকুশি, অগ্নিচুতরা
(iv) পানিথলি (water bladders)	*Mesembryanthemum crystallinum* নামক বরফ উদ্ভিদে পানিথলি দেখা যায়।
(v) শল্ক (Scales)	বিশেষ ধরনের গ্রন্থিবিহীন পাতলা ঝিল্লি সদৃশ রোমকে শল্ক বলে।

ভাস্কুলার বা পরিবহন টিস্যুতন্ত্র :

ভাস্কুলার বান্ডলের (জাইলেম ও ফ্লোয়েম) সমন্বয়ে গঠিত টিস্যুতন্ত্রকে বলা হয় ভাস্কুলার টিস্যুতন্ত্র। এটি ফ্যাসিকুলার টিস্যুতন্ত্র নামেও পরিচিত। এ টিস্যুতন্ত্র খাদ্য উপাদান ও তৈরিকৃত খাদ্য পরিবহন করে বলে একে পরিবহন টিস্যুতন্ত্রও বলা হয়। জাইলেম ও ফ্লোয়েম টিস্যু নিয়ে এ টিস্যুতন্ত্র গঠিত।

নাম	বর্ণনা
জাইলেম টিস্যু	ট্রাকিড, ভেসেল (ট্রাকিয়া), জাইলেম ফাইবার এবং জাইলেম প্যারেনকাইমা- এই **চার প্রকার উপাদান** নিয়ে জাইলেম টিস্যু গঠিত। পরিণত জাইলেম টিস্যুর সজীব উপাদান জাইলেম প্যারেনকাইমা। ফার্নবর্গীয় উদ্ভিদ এবং নগ্নবীজী উদ্ভিদে জাইলেম টিস্যুতে ভেসেল থাকে না (নগ্নবীজী *Gnetum* - এ সরল প্রকৃতির ভেসেল থাকে)। ভেসেল আবৃতবীজী উদ্ভিদের বৈশিষ্ট্য হলেও **Winteraceae, Tetracentraceae, Trochodendraceae** গোত্রের উদ্ভিদে ভেসেল থাকে না।
ফ্লোয়েম টিস্যু	সিভনল, সঙ্গীকোষ, ফ্লোয়েম প্যারেনকাইমা, ফ্লোয়েম ফাইবার - এই **চার প্রকার কোষীয় উপাদান** নিয়ে ফ্লোয়েম টিস্যু গঠিত। পরিণত সিভনল বা **সিভকোষে কোনো নিউক্লিয়াস থাকে না। সঙ্গীকোষের নিউক্লিয়াস বড়**, সাইটোপ্লাজম ঘন এবং কোষগহ্বর ছোট থাকে। **নগ্নবীজী উদ্ভিদের ফ্লোয়েম টিস্যুতে সঙ্গীকোষ থাকে না**। সেকেন্ডারি ফ্লোয়েমে অবস্থিত ফাইবারকে বাস্ট ফাইবার বলা হয়। **পাটের আঁশ বাস্ট ফাইবার**।

পুষ্পক উদ্ভিদের টিস্যুতন্ত্র, টিস্যু, গঠনকারী কোষ এবং টিস্যুতন্ত্রের কাজ:

টিস্যুতন্ত্র	টিস্যু	কোষ	কাজ
১. এপিডার্মাল টিস্যুতন্ত্র	এপিডার্মিস	প্যারেনকাইমা কোষ, রক্ষীকোষ, ট্রাইকোম	দেহের আচ্ছাদন তৈরি।
	পেরিডার্ম	কর্ককোষ, কর্ক-ক্যাম্বিয়াম	
২. গ্রাউন্ড টিস্যুতন্ত্র	প্যারেনকাইমা	প্যারেনকাইমা কোষ	সালোকসংশ্লেষণ, সঞ্চয় ও দৃঢ়তা প্রদান।
	কোলেনকাইমা	কোলেনকাইমা কোষ	
	স্ক্লেরেনকাইমা	স্ক্লেরেনকাইমা কোষ	
৩. ভাস্কুলার টিস্যুতন্ত্র	জাইলেম	ট্রাকিড, ভেসেল, প্যারেনকাইমা কোষ, ফাইবার	পানি, খনিজ লবণ, প্রস্তুতকৃত খাদ্য পরিবহন ও দৃঢ়তা প্রদান।
	ফ্লোয়েম	সিভনল, সঙ্গীকোষ, প্যারেনকাইমা কোষ, ফাইবার কর্ক প্যারেনকাইমা	

পরিবহন টিস্যু বা ভাস্কুলার বান্ডল (Vascular bundle) :

ভাস্কুলার বান্ডল-এর প্রকারভেদ নিচে ছক আকারে উপস্থাপন করা হলো-

প্রকারভেদ			উদাহরণ
১. সংযুক্ত	i. সমপার্শ্বীয়	a. মুক্ত সমপার্শ্বীয়	দ্বিবীজপত্রী ও নগ্নবীজী উদ্ভিদের কাণ্ডের ভাস্কুলার বান্ডল।
		b. বদ্ধ সমপার্শ্বীয়	একবীজপত্রী উদ্ভিদের কাণ্ডের ভাস্কুলার বান্ডল।
	ii. সমদ্বিপার্শ্বীয়		লাউ, কুমড়া, ইত্যাদিতে উদ্ভিদের কাণ্ডের ভাস্কুলার বান্ডল।
২. অরীয়			সপুষ্পক উদ্ভিদের মূলের ভাস্কুলার বান্ডল।
৩. কেন্দ্রিক	i. হ্যাড্রোসেন্ট্রিক		*Pteris, Lycopodium, Selaginella, Psilotum* ইত্যাদি।
	ii. লেপ্টোসেন্ট্রিক		*Dracaena, Yucca* ইত্যাদি।

ভাস্কুলার বান্ডল-এর কাজ : ভাস্কুলার বান্ডল তথা পরিবহন টিস্যুতন্ত্র নিম্নলিখিত কাজ করে থাকে। যথা :

(i) পাতায় প্রস্তুতকৃত খাদ্য উদ্ভিদের মূল হতে কচি মুকুল পর্যন্ত বিভিন্ন অংশে প্রেরণ করা।	(iii) উদ্ভিদকে দৃঢ়তা এবং যান্ত্রিক শক্তি প্রদান করা।
(ii) উদ্ভিদের মূল হতে কাণ্ড ও পাতায় পানি এবং দ্রবীভূত খনিজ লবণ আয়ন হিসেবে পরিবহন করা।	

দ্বিবীজপত্রী ও একবীজপত্রী উদ্ভিদ মূলের প্রাথমিক অন্তর্গঠনগত প্রধান প্রধান পার্থক্য :

দ্বিবীজপত্রী উদ্ভিদের মূল	একবীজপত্রী উদ্ভিদের মূল
১. ভাস্কুলার বান্ডলের সংখ্যা সাধারণত ২-৬টি।	১. ভাস্কুলার বান্ডলের সংখ্যা সাধারণত ৬-এর অধিক।
২. মজ্জা ছোটো ও অস্পষ্ট বা অনুপস্থিত।	২. মজ্জা সর্বদা উপস্থিত, বড়ো ও সুস্পষ্ট।
৩. ভেসেল গহ্বর সাধারণত বহুকোণ বিশিষ্ট।	৩. ভেসেল গহ্বর গোলাকার বা ডিম্বাকার হয়।
৪. মূলের বৃদ্ধির সাথে সাথে ক্যাম্বিয়াম সৃষ্টি হয়।	৪. ক্যাম্বিয়াম কখনো সৃষ্টি হয় না।
৫. পেরিসাইকলে পার্শ্বমূল ও ভাজক টিস্যু উভয়ই সৃষ্টি হয়।	৫. পেরিসাইকল থেকে শুধু পার্শ্বমূলের সৃষ্টি হয়।
৬. এতে গৌণ বৃদ্ধি হয়।	৬. এতে গৌণ বৃদ্ধি হয় না।

মূল ও কাণ্ডের অন্তর্গঠনগত পার্থক্য:

কাণ্ড	মূল
১. এপিডার্মিসের বাইরের দিকে কিউটিকল থাকে।	১. এপিব্লেমার বাইরের দিকে কোনো কিউটিকল থাকে না।
২. কাণ্ডরোম বহুকোষী বা এককোষী হয়।	২. মূলরোম সর্বদাই এককোষী।
৩. কাণ্ডত্বকে সাধারণত স্টোম্যাটা থাকে।	৩. মূলত্বকে সাধারণত স্টোম্যাটা থাকে না।
৪. কর্টেক্সে অধঃত্বক বিদ্যমান।	৪. কর্টেক্সে অধঃত্বক থাকে না।
৫. অন্তঃত্বক থাকলে [একবীজপত্রী উদ্ভিদকাণ্ডে অনুপস্থিত] সাধারণত ঢেউ খেলানো, কোষের পার্শ্বপ্রাচীর স্থূল নয়।	৫. অন্তঃত্বক বিদ্যমান, এর বৃত্তাকার কোষের পার্শ্বপ্রাচীর স্থূল।
৬. ভাস্কুলার বাণ্ডল সংযুক্ত।	৬. ভাস্কুলার বাণ্ডল অরীয়।
৭. মেটাজাইলেম পরিধির দিকে এবং প্রোটোজাইলেম কেন্দ্রের দিকে থাকে।	৭. মেটাজাইলেম কেন্দ্রের দিকে ও প্রোটোজাইলেম পরিধির দিকে থাকে।
৮. পরিচক্র বহুস্তরযুক্ত [দ্বিবীজপত্রী উদ্ভিদ কাণ্ড], অথবা অনুপস্থিত [একবীজপত্রী উদ্ভিদ কাণ্ড]।	৮. পরিচক্র সর্বদাই উপস্থিত ও একস্তরযুক্ত।

একবীজপত্রী উদ্ভিদ কাণ্ডের শনাক্তকারী বৈশিষ্ট্য:

১. বহিঃত্বকে কিউটিকল উপস্থিত
২. অধঃত্বক আছে এবং সাধারণত স্ক্লেরেনকাইমা টিস্যু দিয়ে গঠিত।
৩. ভাস্কুলার বান্ডল গ্রাউন্ড টিস্যুতে বিক্ষিপ্তভাবে ছড়ানো।
৪. মেটাজাইলেম পরিধির দিকে এবং প্রোটোজাইলেম কেন্দ্রের দিকে অবস্থিত।
৫. জাইলেম Y বা V আকৃতিবিশিষ্ট।
৬. ভাস্কুলার বান্ডল সংযুক্ত কিন্তু বদ্ধ (জাইলেম ও ফ্লোয়েমের মধ্যে ক্যাম্বিয়াম নেই)।

দ্বিবীজপত্রী ও একবীজপত্রী উদ্ভিদের কাণ্ডের অন্তর্গঠনগত পার্থক্য:

দ্বিবীজপত্রী কাণ্ড	একবীজপত্রী কাণ্ড
১. বহিঃত্বকে বহুকোষী রোম বিদ্যমান।	১. বহিঃত্বকে বহুকোষী রোম থাকে না।
২. অধঃত্বক, সাধারণত কোলেনকাইমা টিস্যু দিয়ে গঠিত।	২. অধঃত্বক, সাধারণত স্ক্লেরেনকাইমা টিস্যু দিয়ে গঠিত।
৩. কর্টেক্সকে বহিঃস্টিলীয় অঞ্চলে ও অন্তঃস্টিলীয় অঞ্চলে ভাগ করা চলে।	৩. কর্টেক্সকে বহিঃস্টিলীয় অঞ্চলে ও অন্তঃস্টিলীয় অঞ্চলে ভাগ করা যায় না।
৪. বহিঃস্টিলীয় কর্টেক্সকে আবার অধঃত্বক, সাধারণত কর্টেক্স ও অন্তঃত্বকে ভাগ করা যায়।	৪. অধঃত্বকের নিচ হতে কেন্দ্র পর্যন্ত কর্টেক্স বিদ্যমান। একে সাধারণত কর্টেক্স ও অন্তঃত্বকে ভাগ করা যায় না।
৫. ভাস্কুলার বান্ডল চক্রাকারে বিদ্যমান ও নির্দিষ্ট সংখ্যক।	৫. ভাস্কুলার বান্ডল অসংখ্য ও বিভিন্নভাবে ভিত্তি টিস্যুতে বিদ্যমান।
৬. ভাস্কুলার বান্ডলের বাইরে পেরিসাইকেল অবস্থিত।	৬. পেরিসাইকল নেই।
৭. ভাস্কুলার বান্ডল স্ক্লেরেনকাইমা কোষের কোনো আবরণ দ্বারা আবৃত থাকে না।	৭. স্ক্লেরেনকাইমা কোষের কোনো আবরণ দ্বারা ভাস্কুলার বান্ডল আবৃত থাকে না।
৮. ভাস্কুলার বান্ডল সংযুক্ত সমপার্শ্বীয় অথবা সমদ্বিপার্শ্বীয় এবং মুক্ত।	৮. ভাস্কুলার বান্ডল সংযুক্ত সমপার্শ্বীয় এবং বদ্ধ।
৯. জাইলেম মোটামুটি লম্বভাবে থাকে এবং ফ্লোয়েমে প্যারেনকাইমা কোষ থাকে।	৯. জাইলেম Y বা V আকৃতির এবং ফ্লোয়েমে প্যারেনকাইমা কোষ থাকে না।
১০. মজ্জারশ্মি ও মজ্জা থাকে।	১০. গ্রাউন্ড টিস্যু হতে মজ্জা রশ্মি পৃথক করা যায় না।

Part 2 At a glance [Most Important Information]

- ভাজক টিস্যুর কোষে বিদ্যমান কোষীয় অঙ্গাণু– **মাইটোকন্ড্রিয়া**
- দ্বিবীজপত্রী উদ্ভিদের ক্যাম্বিয়ামে থাকে– **ভাজক টিস্যু**
- ভাজক টিস্যু থাকে– **এপিডার্মিসের নিচের কর্ক ক্যাম্বিয়ামে (কর্টেক্স)**
- ছোট গাছ ক্রমে উঁচু ও লম্বা হয়– **ভাজক টিস্যুর বিভাজনের ফলে**
- উদ্ভিদের ব্যাস বৃদ্ধি পায়– **পার্শ্বীয় ভাজক টিস্যুর বিভাজনের ফলে**
- উদ্ভিদের প্রথম বৃদ্ধির সূচনা ঘটে– **প্রারম্ভিক ভাজক টিস্যু হতে**
- ভ্রূণাবস্থাতেই উৎপত্তি লাভ করা ভাজক টিস্যু– **প্রাইমারি ভাজক টিস্যু**
- মূল ও কাণ্ডের শীর্ষে থাকা ভাজক টিস্যুই– **প্রাইমারি ভাজক টিস্যু**
- স্থায়ী টিস্যু থেকে উৎপন্ন ভাজক টিস্যু– **সেকেন্ডারি ভাজক টিস্যু**
- রক্ষণ ও ক্ষতস্থান পূরণে সাহায্য করে– **সেকেন্ডারি ভাজক টিস্যু**
- দুটি ভাস্কুলার বাণ্ডলের মধ্যবর্তী স্থানে অবস্থান করে– **সেকেন্ডারি ভাজক টিস্যু**
- উদ্ভিদ স্থূলত্বে বৃদ্ধি লাভ করে– **সেকেন্ডারি ভাজক টিস্যুর কার্যকারিতায়**
- কাণ্ড, মূল, শাখা-প্রশাখার শীর্ষভাগে থাকে– **শীর্ষস্থ ভাজক টিস্যু**
- দুটি স্থায়ী টিস্যুর মাঝখানে অবস্থিত টিস্যুই– **ইন্টারক্যালারি ভাজক টিস্যু**
- ইন্টারক্যালারি/নিবেশিত ভাজক টিস্যু হচ্ছে– **প্রাইমারি টিস্যু**
- ঘাস, বাঁশ, গমের পর্বমধ্যে থাকে– **ইন্টারক্যালারি ভাজক টিস্যু**
- মূল ও কাণ্ডের পরিধি বৃদ্ধি করে– **পার্শ্বীয়/ল্যাটারাল ভাজক টিস্যু**
- ত্বকে একাধিক কোষস্তর থাকে– **বট, অশ্বত্থ, করবীতে**
- ত্বক/এপিডার্মিসের কোষে থাকে– **বর্ণহীন প্লাস্টিড (লিউকোপ্লাস্ট)**
- পাতলা প্রাচীর ও বড় গহ্বরযুক্ত বৃহদাকার পাতার ত্বকীয় কোষ– **বুলিফর্ম কোষ**
- 'মাইরোসিন' এনজাইম ধারণ ও নিঃসরণ করে– **মাইরোসিন কোষ**
- 'লিথোসিস্ট' নামক বৃহদাকার কোষ থাকে– **বট, অশ্বত্থ পাতার ত্বকে**
- 'সিস্টোলিথ' নামক $CaCO_3$ এর স্ফটিক থাকে– **লিথোসিস্ট কোষে**
- 'সিলিকা কোষ' ও কর্ককোষ থাকে– **কিছু ঘাস ও নলখাগড়া কাণ্ডের ত্বকে**
- উদ্ভিদকে প্রাণীর আক্রমণ থেকে রক্ষা করে– **রোমযুক্ত ত্বক / এপিডার্মিস**
- গ্রন্থিযুক্ত বহুকোষী রোমকে বলে– **পিড়কা/গ্রন্থিরোম/কোলেটার্স**
- জাইলেম ও ফ্লোয়েম একই ব্যাসার্ধে থেকে বান্ডল গঠন করে– **কাণ্ডে**
- জাইলেম ও ফ্লোয়েম পৃথক ব্যাসার্ধে থেকে বান্ডল গঠন করে– **মূলে**
- মূল হতে উদ্ভিদ দেহে পানি ও খনিজ লবণ পরিবহণ করে– **ফ্লোয়েম টিস্যু**
- জাইলেম, ফ্লোয়েম একই ব্যাসার্ধের ওপর অবস্থিত– **সংযুক্ত ভাস্কুলার বান্ডলে**
- জাইলেম ও ফ্লোয়েমের মাঝে ক্যাম্বিয়াম থাকে– **মুক্ত সমপার্শ্বীয় ভাস্কুলার বান্ডলে**
- মুক্ত সমপার্শ্বীয় ভাস্কুলার বান্ডল দেখা যায়– **নগ্নবীজী ও দ্বিবীজপত্রী কাণ্ডে**
- সূর্যমুখী, রক্তদ্রোণের কাণ্ডে দেখা যায়– **মুক্ত সমপার্শ্বীয় ভাস্কুলার বান্ডল**
- কুমড়া জাতীয় উদ্ভিদের কাণ্ডেও দেখা যায়– **মুক্ত সমপার্শ্বীয় ভাস্কুলার বান্ডল**
- বদ্ধ সমপার্শ্বীয় ভাস্কুলার বান্ডল দেখা যায়– **একবীজপত্রী উদ্ভিদের কাণ্ডে**
- ভুট্টা, কচু কাণ্ডে দেখা যায়– **বদ্ধ সমপার্শ্বীয় ভাস্কুলার বান্ডল**
- সমদ্বিপার্শ্বীয় ভাস্কুলার বান্ডল দেখা যায়– **দ্বিবীজপত্রী উদ্ভিদের কাণ্ডে**
- জাইলেম ও ফ্লোয়েম যোজক কলা দ্বারা পৃথক– **অরীয় ভাস্কুলার বান্ডলে**
- জাইলেম ও ফ্লোয়েমের মাঝে ক্যাম্বিয়াম থাকে না– **কেন্দ্রিক ভাস্কুলার বান্ডলে**
- কেন্দ্রিক ভাস্কুলার বান্ডল বেশি দেখা যায়– **টেরিডোফাইটে**
- হ্যাড্রোসেন্ট্রিক ভাস্কুলার বান্ডল দেখা যায়– **ফার্নজাতীয় উদ্ভিদের কাণ্ডে**
- দ্বিবীজপত্রী উদ্ভিদের ফুল/মূলেও দেখা যায়– **হ্যাড্রোসেন্ট্রিক ভাস্কুলার বান্ডল**
- লেপ্টোসেন্ট্রিক ভাস্কুলার বান্ডল দেখা যায়– **একবীজপত্রী উদ্ভিদের কাণ্ডে**
- ঘাস, বাঁশ, কলাবতী, ধান, গম, ভুট্টা, কচু হচ্ছে– **একবীজপত্রী উদ্ভিদ**
- অ্যারেনকাইমা/বায়ুকুঠুরী থাকে পারে– **কচু (একবীজপত্রী) মূলের কর্টেক্সে**
- অধঃত্বক গঠিত হয়– **কলাবতী (একবীজপত্রী) মূলের কর্টেক্সে**
- পিপাকৃতির প্যারেনকাইমা কোষ দ্বারা গঠিত (কলাবতীর মূলে– **অন্তঃত্বক**
- অধঃত্বক/হাইপোডার্মিস অনুপস্থিত– **একবীজপত্রী উদ্ভিদের মূলে**
- ফ্লোয়েম প্যারেনকাইমা থাকে না– **ভুট্টার ফ্লোয়েমে**
- ভুট্টা কাণ্ডে ফ্লোয়েম অবস্থিত– **জাইলেমের 'Y'/'V' এর বাহুর মাঝখানে**
- একবীজপত্রী উদ্ভিদের কাণ্ডে থাকে না– **কাণ্ডরোম**
- একবীজপত্রী উদ্ভিদের কাণ্ডের বহিঃত্বক– **কিউটিকলযুক্ত**
- একবীজপত্রী উদ্ভিদের কাণ্ডে বিদ্যমান– **অধঃত্বক**
- একবীজপত্রী উদ্ভিদের কাণ্ডের অধঃত্বক গঠিত– **স্ক্লেরেনকাইমা টিস্যু দিয়ে**
- দ্বিবীজপত্রী উদ্ভিদের কাণ্ডের অধঃত্বক গঠিত– **কোলেনকাইমা টিস্যু দিয়ে**
- একবীজপত্রী উদ্ভিদের কাণ্ডে থাকে না– **অন্তঃত্বক ও পরিচক্র**

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

Part 3 কৃষি বিশ্ববিদ্যালয়ের বিগত বছরের প্রশ্ন ও সমাধান

গুচ্ছভুক্ত কৃষি বিশ্ববিদ্যালয়

01. পাতায় পানি-পত্ররন্ধ্রের অবস্থান– [Agri Cluster : 22-23]

Ⓐ ঊর্ধ্ব ত্বক Ⓑ নিম্নত্বক
Ⓒ পত্রবৃন্ত Ⓓ কিনারা

Solve • পাতায় পানি-পত্ররন্ধ্রের অবস্থান কিনারায়।
• পত্ররন্ধ্রের অবস্থান-পাতার ঊর্ধ্ব ও নিম্ন ত্বকে।

02. মূলের বহিরাবরণের নাম কী? [Agri Cluster : 21-22]

Ⓐ এপিডার্মিস Ⓑ এপিব্লেমা
Ⓒ হাইপোডার্মিস Ⓓ কর্টেক্স

Solve • মূলের বহিরাবরণকে এপিব্লেমা বলে।
• উদ্ভিদের বায়বীয় অঙ্গের বহিরাবরণকে এপিডার্মিস বলে।
• মূলে হাইপোডার্মিস থাকে না।
• পানি ও খাদ্য সঞ্চয়ই মূলের কর্টেক্সের প্রধান কাজ।

03. পাতার গ্রাউন্ড টিস্যুকে কী বলে? [Agri Cluster : 21-22]

Ⓐ কর্টেক্স Ⓑ মেসোফিল
Ⓒ পেরিসাইকেল Ⓓ পিথ

Solve • পাতার গ্রাউন্ড টিস্যুকে মেসোফিল বলে।
• একসারি পাতলা প্রাচীরবিশিষ্ট ছোট প্যারেনকাইমা কোষ হলো পেরিসাইকেল।
• মূলের কেন্দ্রস্থলে প্যারেনকাইমা জাতীয় কোষ হলো পিথ যা খাদ্য সঞ্চয় করে।
• তরুণ মূলের সবচেয়ে বড় অংশই কর্টেক্স।

04. ভুট্টা কাণ্ডের ভাস্কুলার বান্ডলে কোনটি অনুপস্থিত? [Agri Cluster : 21-22]

Ⓐ এপিডার্মিস Ⓑ জাইলেম
Ⓒ ফ্লোয়েম Ⓓ ক্যাম্বিয়াম

Solve • ভুট্টা কাণ্ডের ভাস্কুলার বান্ডলে ক্যাম্বিয়াম বলয় অনুপস্থিত।
• এপিডার্মিস → পানির অপচয় রোধ করে।
• জাইলেম → পানি ও খনিজ লবণ পরিবহন করে।
• ফ্লোয়েম → প্রস্তুতকৃত খাদ্য পরিবহন করে।

05. কোনটির ভাস্কুলার টিস্যু গঠনগত দিক থেকে দূর্বল? [Agri Cluster : 21-22]

Ⓐ শাপলা Ⓑ সুন্দরী Ⓒ জবা Ⓓ ধান

Solve • ভাস্কুলার টিস্যুর মূল সুগঠিত হয় না, সংক্ষিপ্ত ও দুর্বল প্রকৃতির হয়।
• মেকানিক্যাল টিস্যু খুবই কম থাকে, তাই অঙ্গ-প্রত্যঙ্গ খুব শক্ত হয় না। যেমন– শাপলা, কলমিলতা ও কেশরদাম।

06. বর্ষবলয় উৎপন্ন হয় কোন কারণে– [Agri Cluster : 20-21]

Ⓐ উদ্ভিদের গৌণ বৃদ্ধির জন্য Ⓑ কর্ক ক্যাম্বিয়ার সৃষ্টির জন্য
Ⓒ লেন্টিসেল তৈরির জন্য Ⓓ কর্টেক্স বৃদ্ধির জন্য

Solve উদ্ভিদের গৌণ বৃদ্ধির জন্য বর্ষবলয় উৎপন্ন হয়। বার্ষিক বৃদ্ধির রিং গণনা করে বহুবর্ষজীবী উদ্ভিদের বয়স গণনা করা হয়।

07. কোনটি নিউক্লিয়াসবিহীন জীবিত কোষ? [Agri Cluster : 20-21]

Ⓐ সঙ্গী কোষ Ⓑ সীভ কোষ
Ⓒ ফ্লোয়েম প্যারেনকাইমা Ⓓ জাইলেম প্যারেনকাইমা

Solve সীভনল, সঙ্গীকোষ, ফ্লোয়েম ফাইবার এবং ফ্লোয়েম প্যারেনকাইমা নিয়ে ফ্লোয়েম টিস্যু গঠিত। পরিণত সিভনল হলো নিউক্লিয়াস বিহীন জীবিত কোষ। [Ref : হাসান]

08. সমপার্শ্বীয় মুক্ত ভাস্কুলার বান্ডল পাওয়া যায়– [Agri Cluster : 20-21]

Ⓐ একবীজপত্রী কাণ্ডে Ⓑ একবীজপত্রী মূলে
Ⓒ দ্বিবীজপত্রী কাণ্ডে Ⓓ পাতায়

Solve দ্বিবীজপত্রী উদ্ভিদ (কুমড়া জাতীয় উদ্ভিদের কাণ্ড ব্যতীত) ও নগ্নবীজী উদ্ভিদের কাণ্ডের ভাস্কুলার বান্ডল সমপার্শ্বীয় মুক্ত ধরনের হয়ে থাকে। [Ref : হাসান]

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়

01. প্রয়োজনের অতিরিক্ত পানি কোন পথে উদ্ভিদদেহ থেকে তরল আকারে বের হয়ে যায়? [BAU : 17-18]

Ⓐ স্টোম্যাটা Ⓑ লেন্টিসেল
Ⓒ হাইডাথোড Ⓓ এপিডার্মিস

Solve উদ্ভিদ হতে তরল অবস্থায় পানি বের হওয়ার প্রণালিকে গাটেশন, পানি নির্গমন বা পানি চোয়ানো বলে। যে বিশেষ অঙ্গ দ্বারা পানি নির্গত হয় তাকে হাইডাথোড বলে। প্রস্বেদন কম হলে বা একেবারে বন্ধ থাকলে পানি নির্গমন ঘটে থাকে। [Ref : হাসান]

02. জীবিত কোন কোষে নিউক্লিয়াস থাকে না? [BAU : 16-17]

Ⓐ সঙ্গীকোষ Ⓑ ট্রাকিড
Ⓒ পরিণত সীভনল Ⓓ ভেসেল

Solve পরিণত সীভনল বা সীভকোষে কোনো নিউক্লিয়াস থাকে না। [Ref : হাসান]

03. ক্লোরোপ্লাস্টযুক্ত প্যারেনকাইমাকে কী বলা হয়? [BAU : 16-17]

Ⓐ ক্লোরোফিল Ⓑ কোলেনকাইমা
Ⓒ অ্যারেনকাইমা Ⓓ ক্লোরেনকাইমা

Solve কোষে প্লাস্টিড, বিশেষ করে ক্লোরোপ্লাস্ট থাকলে এ টিস্যুকে ক্লোরেনকাইমা বলে। পাতার ক্লোরেনকাইমাকে মেসোফিল বলে। প্যারেনকাইমা টিস্যুতে বড় বড় বায়ুকুঠরি থাকলে তাকে অ্যারেনকাইমা বলে। জলজ উদ্ভিদে অ্যারেনকাইমা থাকে। [Ref : হাসান]

04. একবীজপত্রী উদ্ভিদের কাণ্ডে ভাস্কুলার বান্ডল কীভাবে সাজানো থাকে? [BAU : 15-16]

Ⓐ বৃত্তাকারে Ⓑ সমান্তরাল অবস্থায়
Ⓒ আয়তাকারে Ⓓ বিচ্ছিন্নভাবে ছড়ানো অবস্থায়

Solve **একবীজপত্রী উদ্ভিদ কাণ্ডের অন্তর্গঠনগত শনাক্তকারী বৈশিষ্ট্য :**
→ সাধারণত কাণ্ডরোম অনুপস্থিত।
→ বহিঃত্বকে কিউটিকল উপস্থিত।
→ অধঃত্বক আছে এবং সাধারণত স্ক্লেরেনকাইমা টিস্যু দিয়ে গঠিত।
→ ভাস্কুলার বান্ডলগুলো গ্রাউন্ড টিস্যুতে বিক্ষিপ্তভাবে ছড়ানো।
→ মেটাজাইলেম পরিধির দিকে এবং প্রোটোজাইলেম কেন্দ্রের দিকে অবস্থিত।
→ জাইলেম Y বা V আকৃতিবিশিষ্ট।
→ ভাস্কুলার বান্ডল সংযুক্ত, সমপার্শ্বীয় ও বদ্ধ। [Ref : হাসান]

05. দ্বিবীজপত্রী গাছের কাণ্ডের প্রস্থচ্ছেদের যে স্তরে শ্বেতসার দানা পরিলক্ষিত হয় তার নাম কী? [BAU : 13-14]

Ⓐ পরিবহন কলাগুচ্ছ Ⓑ পরিচক্র
Ⓒ মজ্জা Ⓓ অন্তঃত্বক

Solve দ্বিবীজপত্রী উদ্ভিদের কাণ্ডের এন্ডোডার্মিস বা অন্তঃত্বক একসারি প্যারেনকাইমা কোষ দিয়ে গঠিত। এতে বহু শ্বেতসার কণা বিদ্যমান। শ্বেতসার বহন করে বলে এ স্তরকে শ্বেতসার স্তর (Starch sheath) বলে। [Ref : হাসান]

06. কোন ধরনের টিস্যু পানি ও খনিজ লবণ পরিবহন করে? [BAU : 13-14]

Ⓐ জাইলেম টিস্যু Ⓑ ফ্লোয়েম টিস্যু
Ⓒ প্যারেনকাইমা টিস্যু Ⓓ কোলেনকাইমা টিস্যু

Solve জাইলেম টিস্যু প্রধানত মূল থেকে পাতা পর্যন্ত পানি পরিবহন করে, অপরপক্ষে পাতায় প্রস্তুতকৃত খাদ্য ফ্লোয়েম টিস্যুর মাধ্যমে উদ্ভিদদেহের সব সজীব কোষে পৌঁছে। খাদ্য এবং খাদ্যের কাঁচামাল পরিবহন করে বলে এরা পরিবহন টিস্যু নামে পরিচিত। [Ref : হাসান]

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

07. ভাজক টিস্যুর বৈশিষ্ট্য কোনটি? [BAU : 13-14]

Ⓐ কোষগুলো বিভাজন ক্ষমতাসম্পন্ন Ⓑ কোষের নিউক্লিয়াস আকারে বড়
Ⓒ সাধারণত কোষ গহ্বর থাকে না Ⓓ সবগুলো

Ans D Solve ভাজক টিস্যুর বৈশিষ্ট্য :

- কোষগুলো জীবিত, অপেক্ষাকৃত ছোট ও সমব্যাসীয়।
- কোষগুলো বিভাজন ক্ষমতাসম্পন্ন।
- কোষগুলো সেলুলোজ নির্মিত পাতলা কোষপ্রাচীরবিশিষ্ট হয়।
- কোষের নিউক্লিয়াস অপেক্ষাকৃত বড় এবং সাইটোপ্লাজম ঘন থাকে।
- ভাজক টিস্যুর কোষে সাধারণত কোষগহ্বর থাকে না।
- কোষগুলো ঘন সন্নিবিষ্ট হওয়ায় এদের মধ্যে আন্তঃকোষীয় ফাঁক থাকে না।

08. খাদ্য জমা করে রাখা কোন টিস্যুর কাজ? [BAU : 09-10]

Ⓐ প্যারেনকাইমা Ⓑ কোলেনকাইমা
Ⓒ ক্লেরেনকাইমা Ⓓ ক্লোরেনকাইমা **Ans A**

09. কোনটি ভাজক কলার কাজ? [BAU : 08-09]

Ⓐ অঙ্গের দৃঢ়তা প্রদান Ⓑ উদ্ভিদের দেহকে টান সহায়তা প্রদান
Ⓒ কাণ্ডের বৃদ্ধি ঘটানো Ⓓ বর্জ্য পদার্থ ধারণ

Ans C Solve ভাজক কলার কাজ–

১. শীর্ষস্থ ভাজক টিস্যুর বিভাজনের মাধ্যমে উদ্ভিদ দৈর্ঘ্যে বৃদ্ধি পায়। এতে ছোট গাছ ক্রমে উঁচু ও লম্বা হয়।
২. পার্শ্বীয় ভাজক টিস্যুর বিভাজনের ফলে উদ্ভিদের ব্যাস বৃদ্ধি পায়। এতে কাণ্ড ক্রমে মোটা হয়।
৩. ভাজক টিস্যু হতে স্থায়ী টিস্যু সৃষ্টি হয়।

10. সূর্যমুখী ফুলের কাণ্ডের ভাস্কুলার বান্ডল কোন প্রকার? [BAU : 08-09]

Ⓐ সমদ্বিপার্শ্বীয় মুক্ত Ⓑ সমপার্শ্বীয় মুক্ত Ⓒ অরীয় Ⓓ কেন্দ্রিক

Ans A Solve লাউ, কুমড়া, সূর্যমুখী প্রভৃতি ফুলের কাণ্ডের ভাস্কুলার বান্ডল সমদ্বিপার্শ্বীয় মুক্ত।

11. Pallisade Parenchyma কোষের কাজ কী? [BAU : 07-08]

Ⓐ খাদ্য তৈরি করা Ⓑ অভ্যন্তরীণ কোষসমূকে রক্ষা করা
Ⓒ পানি তৈরি করা Ⓓ বায়ু প্রকোষ্ঠে O_2 জমা রাখা

Ans A Solve প্যালিসেড প্যারেনকাইমা টিস্যুর কাজ :

- খাদ্য তৈরি করা।
- গাছের দৃঢ়তা প্রদান করে।
- ক্ষরণে অংশগ্রহণ করো।
- ক্ষত নিরাময়ে সাহায্য করো।
- খাদ্য সঞ্চয় করো।
- খরার সময় কোষের প্রয়োজনীয় পানি ধরে রাখো।

12. সমদ্বিপার্শীয় পরিবহন কলাগুচ্ছ যে গাছে পরিলক্ষিত হয়– [BAU : 06-07]

Ⓐ কুমড়া গাছ Ⓑ ধান গাছ
Ⓒ সূর্যমুখী Ⓓ ভুট্টা গাছ

Ans A Solve সমদ্বিপার্শ্বীয় পরিবহন কলাগুচ্ছ কুমড়া ও লাউ গাছে পরিলক্ষিত হয়।

13. ক্যাম্বিয়াম অনুপস্থিত থাকে নিচের কোন গাছে? [BAU : 06-07]

Ⓐ সূর্যমুখী Ⓑ কুমড়া
Ⓒ ছোলা Ⓓ কলাবতী

Ans D Solve ক্যাম্বিয়াম উপস্থিত থাকে নিম্নলিখিত গাছে–

i) সূর্যমুখী ii) কুমড়া iii) ছোলা।

14. দুটি স্থায়ী টিস্যুর মাঝখানে অবস্থিত ভাজক টিস্যুর নাম কি? [BAU : 05-06]

Ⓐ শীর্ষ ভাজক টিস্যু Ⓑ পার্শ্বীয় ভাজক টিস্যু
Ⓒ ইন্টারক্যালারি ভাজক টিস্যু Ⓓ সেকোন্ডারি ভাজক টিস্যু

Ans C Solve দুটি স্থায়ী টিস্যুর মাঝে অবস্থিত ভাজক টিস্যুর নাম ইন্টারক্যালারি ভাজক টিস্যু।

15. পরিবহন কলাগুচ্ছ দ্বারা পরিবেষ্টিত মূল বা কাণ্ডের কেন্দ্রস্থলে যে প্যারেনকাইমা টিস্যু থাকে তার নাম কি? [BAU : 05-06]

Ⓐ মজ্জা Ⓑ মজ্জারশ্মি Ⓒ গ্রাউন্ড টিস্যু Ⓓ পেরিসাইকল

Ans A Solve পরিবহন কলাগুচ্ছ দ্বারা পরিবেষ্টিত মূল বা কাণ্ডের কেন্দ্রস্থলে যে প্যারেনকাইমা টিস্যু থাকে তার নাম মজ্জা।

16. প্যারেনকাইমা টিস্যুতে বড় বড় বায়ু কুঠুরী থাকলে, তাকে কী বলে? [BAU : 04-05]

Ⓐ কোলেনকাইমা Ⓑ ক্লোরেনকাইমা
Ⓒ অ্যারেনকাইমা Ⓓ মেসোফিল

Ans C Solve প্যারেনকাইমা টিস্যুতে বড় বড় বায়ু কুঠুরী থাকলে তাকে অ্যারেনকাইমা বলে। জলজ উদ্ভিদে অ্যারেনকাইমা থাকে।

17. কুমড়া গাছের ভাস্কুলার বান্ডল কোন ধরনের? [BAU : 04-05]

Ⓐ অরীয় Ⓑ সমপার্শ্বীয় ও মুক্ত
Ⓒ সমপার্শ্বীয় ও বদ্ধ Ⓓ সমদ্বিপার্শ্বীয়

Ans D Solve ভাস্কুলার বান্ডল সংযুক্ত, সমপার্শ্বীয় (উদাহরণ– সূর্যমুখী) অথবা সমদ্বিপার্শ্বীয় (উদাহরণ– লাউ, কুমড়া) এবং মুক্ত। এটি দ্বিবীজপত্রী উদ্ভিদ কাণ্ডের একটি অন্তর্গঠন।

18. ফ্লোয়েম ফাইবার এক প্রকার– [BAU : 02-03]

Ⓐ সরল কলা Ⓑ জটিল কলা
Ⓒ ক্ষরণকারী কলা Ⓓ গ্রন্থি কলা

Ans B Solve ফ্লোয়েম ফাইবার হলো ফ্লোয়েম টিস্যুর অংশ। অপর দিকে ফ্লোয়েম টিস্যু হলো এক প্রকার জটিল টিস্যু। সুতরাং, ফ্লোয়েম ফাইবার এক ধরনের জটিল কলা।

19. দ্বিবীজপত্রী কাণ্ডে অন্তঃত্বক (Endodermis) অবস্থান করে– [BAU : 02-03]

Ⓐ মেটাজাইলেম ও প্রোটোজাইলেমের মাঝখানে
Ⓑ কর্টেক্সের নিচে ও পেরিসাইকলের বাইরে
Ⓒ ক্যাম্বিয়ামের নিচ ও উপর দিয়ে
Ⓓ এপিডার্মিসের ঠিক নিচেই

Ans B Solve দ্বিবীজপত্রী উদ্ভিদের কাণ্ডের বৈশিষ্ট্য :

- বহিঃত্বকের বাইরের দিকে কিউটিকল থাকে।
- কর্টেক্স বহুকোষস্তরবিশিষ্ট ও এতে অধঃত্বক থাকে।
- পরিচক্র সাধারণত বহুস্তর বিশিষ্ট তবে আবার নাও থাকতে পারে।
- ভাস্কুলার বান্ডল সর্বদা সংযুক্ত, সমদ্বিপার্শ্বীয় ও সমপার্শ্বীয়।
- মেটাজাইলেম পরিধির দিকে ও প্রোটোজাইলেম কেন্দ্রের দিকে অবস্থিত।
- এদের অন্তঃত্বক কর্টেক্সের নিচে ও পেরিসাইকেলের বাইরে অবস্থান করে।

20. পাটের আঁশ কোন ধরনের ফাইবার? [BAU : 01-02]

Ⓐ উড Ⓑ জাইলেম Ⓒ প্যারেনকাইমা Ⓓ বাস্ট **Ans D**

21. একবীজপত্রী উদ্ভিদের কাণ্ডে কোন ধরনের ভাস্কুলার বান্ডল দেখা যায়? [BAU : 00-01]

Ⓐ সমপার্শ্বীয় ও মুক্ত Ⓑ অরীয়
Ⓒ সমপার্শ্বীয় ও বন্ধ Ⓓ সমদ্বিপার্শ্বীয়

Ans C Solve

About Vascular Bundle			
A. সংযুক্ত	সমপার্শ্বীয় (পুষ্পক উদ্ভিদের কাণ্ড)	মুক্ত	দ্বিবীজপত্রী উদ্ভিদের কাণ্ড (সূর্যমুখী)।
		বদ্ধ	একবীজপত্রী উদ্ভিদের কাণ্ড (ভুট্টা কাণ্ড, কলাবতীর ভৌমপুষ্পদণ্ড, বাঁশ পাতা, কুমড়ার পাতা)।
	সমদ্বিপার্শ্বীয়		লাউ, কুমড়ার কাণ্ড।
B. অরীয়	পুষ্পক উদ্ভিদের মূল (কচু, ছোলা)		
C. কেন্দ্রিক	হ্যাড্রোসেন্ট্রিক/ জাইলেম কেন্দ্রিক		*Pteris, Lycopodium*
	লেপ্টোসেন্ট্রিক/ ফ্লোয়েম কেন্দ্রিক		*Dracaena*

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়

01. দ্বিবীজপত্রী উদ্ভিদের কাণ্ডে কোন ধরনের পরিবহন কলাগুচ্ছ পাওয়া যায়? [SAU : 16-17]

Ⓐ মুক্ত Ⓑ বদ্ধ Ⓒ অরীয় Ⓓ কেন্দ্রিক

Ans A Solve দ্বিবীজপত্রী উদ্ভিদের কাণ্ডে ভাস্কুলার বান্ডল বা পরিবহন কলাগুচ্ছ সংযুক্ত, সমপার্শ্বীয় বা সমদ্বিপার্শ্বীয়, মুক্ত এবং সংখ্যায় বহু। [Ref : হাসান]

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

02. নিউক্লিয়াসবিহীন কোন কোষকে জীবন্ত বিবেচনা করা হয়? [SAU : 16-17]
Ⓐ সঙ্গীকোষ Ⓑ সীভনল
Ⓒ ট্রাকিয়া Ⓓ ক্যাম্বিয়াম কোষ
Ans B Solve নিউক্লিয়াসবিহীন জীবিত উদ্ভিদ কোষ হলো সীভনল। [Ref : হাসান]

03. ক্যাম্বিয়াম অনুপস্থিত থাকে কোন গাছে? [SAU : 14-15]
Ⓐ সূর্যমুখী Ⓑ কুমড়া Ⓒ ছোলা Ⓓ কলাবতী **Ans C**

04. খাদ্য জমা করে রাখা কোন টিস্যুর কাজ? [SAU : 14-15]
Ⓐ ক্লেরাইড Ⓑ জাইলেম Ⓒ ফাইবার Ⓓ প্যারেনকাইমা
Ans D Solve খাদ্য জমা করে রাখা প্যারেনকাইমা টিস্যুর কাজ। [Ref : হাসান]

05. সবচেয়ে বেশি সংখ্যায় ক্লোরোপ্লাস্ট থাকে– [SAU : 13-14]
Ⓐ প্যালিসেড প্যারেনকাইমায় Ⓑ নিম্নত্বকে
Ⓒ স্পঞ্জী প্যারেনকাইমায় Ⓓ উর্ধ্বত্বকে **Ans A**

06. প্যারেনকাইমা কোষে ক্লোরোপ্লাস্ট থাকলে সেই কলাকে বলে– [SAU : 05-06]
Ⓐ ক্লোরেনকাইমা Ⓑ কোলেনকাইমা Ⓒ স্ক্লেরেনকাইমা Ⓓ অ্যারেনকাইমা
Ans A Solve • প্যারেনকাইমা কোষে ক্লোরোপ্লাস্ট থাকলে সেই কলাকে ক্লোরেনকাইমা বলে।
• পাতার ক্লোরেনকাইমাকে মেসোফিল বলে।
• প্যারেনকাইমা টিস্যুতে বড় বড় বায়ুকুঠুরী থাকলে তাকে অ্যারেনকাইমা বলে।

07. দ্বিবীজপত্রী উদ্ভিদের কাণ্ডের পরিবহন কলাগুচ্ছ যেসব অংশ নিয়ে গঠিত সেগুলো হচ্ছে– [SAU : 04-05]
Ⓐ জাইলেম ও ফ্লোয়েম Ⓑ জাইলেম ও ক্যাম্বিয়াম
Ⓒ ফ্লোয়েম ও ক্যাম্বিয়াম Ⓓ জাইলেম, ফ্লোয়েম ও ক্যাম্বিয়াম
Ans A Solve জাইলেম ও ফ্লোয়েম টিস্যু নিয়ে উদ্ভিদের পরিবহন টিস্যুতন্ত্র গঠিত হয়। এ টিস্যুতন্ত্র খাদ্যের উপাদান ও তৈরিকৃত খাদ্য পরিবহন করে। দ্বিবীজপত্রী উদ্ভিদের কাণ্ডের পরিবহন কলাগুচ্ছ জাইলেম ও ফ্লোয়েমে গঠিত।

08. মেসোফিল থাকে– [SAU : 04-05]
Ⓐ মূলে Ⓑ কাণ্ডে Ⓒ পাতায় Ⓓ ফলে
Ans C Solve পাতার উর্ধ্ব ও নিম্নত্বকের মধ্যবর্তী স্থানে মেসোফিল থাকে। মেসোফিল টিস্যু ক্লোরোপ্লাস্টযুক্ত প্যারেনকাইমা কোষে গঠিত। মেসোফিল টিস্যু দুই প্রকার : ১. প্যালিসেড প্যারেনকাইমা, ২. স্পঞ্জী প্যারেনকাইমা।

সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়

01. স্টোম্যাটা কোন টিস্যুতন্ত্রের গঠন? [SylAU : 18-19]
Ⓐ এপিডার্মাল Ⓑ ভাস্কুলার
Ⓒ বহিঃস্টিলীয় Ⓓ অন্তঃস্টিলীয়
Ans A Solve ত্বক এর ছিদ্র (স্টোম্যাটা = পত্ররন্ধ্র) দিয়ে উদ্ভিদ অভ্যন্তর ও বাইরের পরিবেশের মধ্যে বিভিন্ন গ্যাসের আদান প্রদান করে থাকে। [Ref: হাসান]

02. নিচের কোনটিতে Cystolith বিদ্যমান? [SylAU : 17-18]
Ⓐ গম Ⓑ কচুরিপানা Ⓒ ঘাস Ⓓ বট
Ans D Solve আঙুরের থোকার মত ক্যালসিয়াম কার্বনেটের কৃস্টালকে বলা হয় সিস্টোলিথ (Cystolith)। [Ref : হাসান]

03. কোন পরিণত জীবিত কোষে নিউক্লিয়াস থাকে না? [SylAU : 16-17]
Ⓐ ট্রাকিড Ⓑ সঙ্গীকোষ
Ⓒ ভেসেল Ⓓ সিভনল
Ans D Solve মানুষের পরিণত লোহিত রক্তকণিকায় এবং উদ্ভিদের সিভনলে নিউক্লিয়াস থাকে না। [Ref: আজমল + হাসান]

04. ক্যাম্বিয়াম যে টিস্যু দ্বারা গঠিত হয় তার নাম– [SylAU : 14-15]
Ⓐ কোলেনকাইমা Ⓑ স্ক্লেরেনকাইমা
Ⓒ প্যারেনকাইমা Ⓓ মেরিস্টেম
Ans A Solve লিগনিনবিহীন স্থূলপ্রাচীরবিশিষ্ট সজীব কোষগুচ্ছ নিয়ে কোলেনকাইমা টিস্যু গঠিত। এদের কোষগুলো প্যারেনকাইমার কোষগুলোর তুলনায় দীর্ঘ ও সরু।

05. শীতকালে যে বস্তু জমা হয়ে উদ্ভিদ কোষের টিস্যুর সিভপ্লেটের ছিদ্র বহুলাংশে বন্ধ হয়ে যায় ফলে খাদ্য চলাচলের পরিমাণ ও হ্রাস পায় তা হলো– [SylAU : 13-14]
Ⓐ Phloos Ⓑ Callose
Ⓒ Bast fiber Ⓓ Cellulose **Ans B**

06. কোনটি জাইলেম টিস্যুর উপাদান নয়? [SylAU : 11-12]
Ⓐ ট্রাকিড Ⓑ ভেসেল
Ⓒ জাইলেম ফাইবার Ⓓ সিভনল
Ans D Solve জাইলেম ও ফ্লোয়েম টিস্যুসমূহ :
• জাইলেম টিস্যু : ট্রাকিড, ভেসেল, জাইলেম প্যারেনকাইমা ও জাইলেম ফাইবার।
• ফ্লোয়েম টিস্যু : সিভনল, সঙ্গীকোষ, ফ্লোয়েম প্যারেনকাইমা ও ফ্লোয়েম ফাইবার। [Ref : হাসান]

07. কোনটি গুপ্তবীজী উদ্ভিদের জাইলেম টিস্যুর প্রধান উপাদান? [SylAU : 10-11]
Ⓐ ভেসেল Ⓑ ট্রাকিড
Ⓒ জাইলেম প্যারেনকাইমা Ⓓ জাইলেম ফাইবার
Ans A Solve গুপ্তবীজী উদ্ভিদের জাইলেম টিস্যুর প্রধান উপাদান ভেসেল। ব্যক্তবীজী উদ্ভিদে সাধারণত ভেসেল থাকে না। [Ref : হাসান]

08. নিচের কোনটি তরুক্ষীর নালিবিশিষ্ট উদ্ভিদ? [SylAU : 10-11]
Ⓐ রাবার Ⓑ ভাটিকা
Ⓒ শিশু Ⓓ কমলা **Ans A**

09. প্রজাতির উপর নির্ভর করে পাতার প্রতি এক বর্গ সেন্টিমিটার এলাকায় পত্ররন্ধ্র থাকতে পারে– [SylAU : 10-11]
Ⓐ ১০০-৬০০০টি Ⓑ ১০-৬০০টি
Ⓒ ১-৬টি Ⓓ কোনোটিই নয়
Ans D Solve প্রজাতির উপর নির্ভর করে পাতার প্রতি এক বর্গসেমি এলাকায় ১০০০ থেকে ৬০,০০০ পত্ররন্ধ্র থাকে। [Ref : হাসান]

10. নিচের কোন টিস্যুর কোষগুলো মৃত– [SylAU : 09-10]
Ⓐ প্যারেনকাইমা Ⓑ কোলেনকাইমা
Ⓒ স্ক্লেরেনকাইমা Ⓓ জাইলেম
Ans C Solve পরিপক্ক অবস্থায় স্ক্লেরেনকাইমার কোষগুলো মৃত এবং প্রোটোপ্লাস্টবিহীন। [Ref: হাসান]

পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

01. নিচের কোন উদ্ভিদে ক্যাম্বিয়াম উপস্থিত থাকে না? [PSTU : 14-15]
Ⓐ সূর্যমুখী Ⓑ কলাবতী
Ⓒ কুমড়া Ⓓ ছোলা গাছের কাণ্ডে **Ans B**

02. মুক্ত নিউক্লিয়াস বিভাজনে কোনটি ঘটে না? [PSTU : 12-13]
Ⓐ সাইটোকাইনেসিস Ⓑ টেলোফেজ
Ⓒ অ্যানাফেজ Ⓓ ক্যারিওকাইনেসিস
Ans A Solve মুক্ত নিউক্লিয়াস বিভাজনে ক্যারিওকাইনেসিস হয়। মুক্ত নিউক্লিয়াস বিভাজনের ফলে ডাবের পানি তৈরি হয়। [Ref: হাসান]

03. উদ্ভিদের কোন অংশে মেসোফিল টিস্যু বিদ্যমান? [PSTU : 12-13]
Ⓐ মূলে Ⓑ কাণ্ডে
Ⓒ পাতায় Ⓓ পুষ্পদণ্ডে
Ans C Solve উদ্ভিদের পাতায় মেসোফিল টিস্যু বিদ্যমান। পাতার মেসোফিলকে অ্যারেনকাইমা বলে। [Ref: হাসান]

04. সমপার্শ্বীয় পরিবহণ কলাগুচ্ছ পরিলক্ষিত হয় কোন গাছে? [PSTU : 09-10]
Ⓐ ধান গাছ Ⓑ কুমড়া গাছ
Ⓒ সরিষা গাছ Ⓓ বেগুন গাছ **Ans C**

05. উদ্ভিদের মূল হতে পাতায় খাদ্য পরিবহণ করে কোনটি? [PSTU : 06-07]
Ⓐ জাইলেম Ⓑ ফ্লোয়েম
Ⓒ কোলেনকাইমা Ⓓ স্ক্লেরেনকাইমা **Ans A**

MEDISTRY

COLLECTION

You'll find here everything Exactly What You Need.

Join to our Channel to find Academic to Admission preparation

(Medical, Dental, Varsity & Engineering) All types of pdf.

06. উদ্ভিদ পানি ও খাদ্য সঞ্চয় করে কিসের মাধ্যমে? [PSTU : 04-05]

Ⓐ প্যারেনকাইমা Ⓑ স্ক্লেরেনকাইমা
Ⓒ জাইলেম Ⓓ ফ্লোয়েম কলা

Solve প্যারেনকাইমার কোষগুলো জীবিত। এরা খাদ্য তৈরি ও সঞ্চয় করে থাকে। [Ref: হাসান]

ঝিনাইদহ সরকারি ভেটেরিনারি কলেজ

01. হাইডাথোড বা পানিরন্ধ্র দিয়ে তরল পানি বের হওয়াকে কী বলা হয়? [JGVC: 18-19]

Ⓐ ফটোলাইসিস Ⓑ গাটেশন
Ⓒ অটোলাইসিস Ⓓ ব্যাপন

Solve পানি পত্ররন্ধ্র এক বিশেষ ধরনের পানি নির্মোচন অঙ্গ। বিশেষ পরিস্থিতিতে উদ্ভিদ দেহ থেকে পানি এই রন্ধ্রের মাধ্যমে পরিত্যক্ত হয় বলে এই রন্ধ্রপথকে পানি পত্ররন্ধ্র বলে। [Ref : হাসান]

02. বহিঃস্টিলীয় অঞ্চল কোনটি? [JGVC: 18-19]

Ⓐ পরিচক্র Ⓑ কর্টেক্স
Ⓒ মজ্জা Ⓓ মজ্জা রশ্মি

Solve বহিঃস্টিলীয় অঞ্চল নিম্নলিখিত অংশ নিয়ে গঠিত। যথা : (i) অধঃত্বক (ii) কর্টেক্স (iii) অন্তঃত্বক। পানি ও খাদ্য সঞ্চয়ই মূলের কর্টেক্সের প্রধান কাজ। কাণ্ডের কর্টেক্স পানি ও খাদ্য সঞ্চয় ছাড়াও উদ্ভিদকে দৃঢ়তা প্রদান করে এবং সালোকসংশ্লেষণে অংশগ্রহণ করে। [Ref : হাসান]

03. জাইলেম টিস্যু প্রধানত কয় ধরনের উপাদান নিয়ে গঠিত? [JGVC: 18-19]

Ⓐ ১ Ⓑ ২
Ⓒ ৩ Ⓓ ৪

Solve ট্রাকিড, ভেসেল, জাইলেম ফাইবার এবং জাইলেম প্যারেনকাইমা– এই চার প্রকার উপাদান দিয়ে জাইলেন টিস্যু গঠিত।[Ref: হাসান]

চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়

01. একবীজপত্রী উদ্ভিদের কাণ্ডে কোন ধরনের ভাস্কুলার বান্ডল পাওয়া যায়? [CVASU: 18-19]

Ⓐ মুক্ত সমপার্শ্বীয় Ⓑ বদ্ধ সমপার্শ্বীয়
Ⓒ সমদ্বিপার্শ্বীয় Ⓓ অরীয়

Solve সমপার্শ্বীয় বান্ডলের জাইলেম ও ফ্লোয়েমের মধ্যখানে ক্যাম্বিয়াম না থাকলে তাকে বদ্ধ সমপার্শ্বীয় ভাস্কুলার বান্ডল বলে। যেমন : একবীজপত্রী উদ্ভিদের কাণ্ডের ভাস্কুলার বান্ডল। [Ref : হাসান]

02. মূলের ভাস্কুলার বান্ডল হলো– [CVASU: 17-18]

Ⓐ সমপার্শ্বীয় Ⓑ সমদ্বিপার্শ্বীয়
Ⓒ অরীয় Ⓓ কেন্দ্রিক

Solve যে ভাস্কুলার বান্ডলে জাইলেম এবং ফ্লোয়েম একত্রে একটি বান্ডলের সৃষ্টি না করে পৃথক পৃথকভাবে ভিন্ন ভিন্ন বান্ডলের সৃষ্টি করে তাকে অরীয় ভাস্কুলার বান্ডল বলে। পুষ্পক উদ্ভিদের মূলে এ ধরনের ভাস্কুলার বান্ডল দেখা যায়। Ref : হাসান]

03. নিচের কোনটি জাইলেমের অংশ নয়? [CVASU: 17-18]

Ⓐ ট্রাকিড Ⓑ জাইলেম ফাইবার
Ⓒ সঙ্গী কোষ Ⓓ জাইলেম প্যারেনকাইমা

Solve ট্রাকিড, ভেসেল (ট্রাকিয়া), জাইলেম ফাইবার এবং জাইলেম প্যারেনকাইমা এই চার প্রকার উপাদান দিয়ে জাইলেম টিস্যু গঠিত। অন্যদিকে, সীভনল, সঙ্গীকোষ, ফ্লোয়েম প্যারেনকাইমা ও ফ্লোয়েম ফাইবার এই চার প্রকার কোষীয় উপাদান নিয়ে ফ্লোয়েম টিস্যু গঠিত। [Ref : হাসান]

04. নিচের কোনটিতে নিউক্লিয়াস থাকে না? [CVASU: 16-17]

Ⓐ সীভনল Ⓑ সঙ্গীকোষ
Ⓒ ট্রাকিড Ⓓ অশ্বকোষ

Solve পরিণত সীভনলে নিউক্লিয়াস থাকে না।

05. Casperian stripe দেখা যায়– [CVASU: 16-17]

Ⓐ মূলে Ⓑ কাণ্ডে Ⓒ পাতায় Ⓓ ফলে

Solve দ্বিবীজপত্রী উদ্ভিদের মূলে অন্তঃত্বক বিদ্যমান। অন্তঃত্বক Casperian stripe দেখা যায়।

06. দ্বি-বীজপত্রী উদ্ভিদের মূলে জাইলেম অথবা ফ্লোয়েম বান্ডল এর সংখ্যা– [CVASU: 16-17]

Ⓐ তিনটি Ⓑ পাঁচটি
Ⓒ পাঁচ-এর কম Ⓓ পাঁচ-এর বেশি

Solve • একবীজপত্রী উদ্ভিদে জাইলেম বা ফ্লোয়েম গুচ্ছের সংখ্যা এর অধিক।
• দ্বিবীজপত্রী উদ্ভিদে জাইলেম বা ফ্লোয়েম গুচ্ছের সংখ্যা সাধারণত পাঁচ কম থাকে (2 - 4 টি)। [Ref : হাসান]

07. ভাজক কলার সবচেয়ে বাইরের স্তরকে বলে? [CVASU: 15-16]

Ⓐ প্রোক্যাম্বিয়াম Ⓑ প্রোটোডার্ম
Ⓒ ক্যাম্বিয়াম Ⓓ পেরিসাইকল

Solve ভাজক কলার সবচেয়ে বাইরের স্তরকে প্রোটোডার্ম বলে। মূল কাণ্ড ও এদের শাখা প্রশাখার ত্বক সৃষ্টি করা প্রোটোডার্ম এর কাজ। [Ref : হাসান]

সিরাজগঞ্জ সরকারি ভেটেরিনারি কলেজ

01. জাইলেম টিস্যুর জীবিত উপাদান– [SGVC: 19-20]

Ⓐ ট্রাকিড Ⓑ ভেসেল
Ⓒ সীভনল Ⓓ জাইলেম প্যারেনকাইমা

Solve ট্রাকিড, ভেসেল (ট্রাকিয়া), জাইলেম ফাইবার এবং জাইলেম প্যারেনকাইমা। এই চার প্রকার উপাদান দিয়ে জাইলেম টিস্যু গঠিত। পরিণত জাইলেম টিস্যুর সজীব উপাদান জাইলেম প্যারেনকাইমা। ফানবর্গীয় উদ্ভিদ নগ্নবীজী উদ্ভিদের জাইলেম টিস্যুর ভেসেল থাকেনা।

02. ক্যাসপেরিয়ান স্ট্রিপ কোথায় পাওয়া যায়? [SGVC: 19-20]

Ⓐ অন্তঃত্বক Ⓑ বহিঃত্বক Ⓒ পরিচক্র Ⓓ স্টিলি

Solve অন্তঃত্বকের কোষগুলোর ভিতরের প্রাচীরে ফিতার ন্যায় এবং লিগনিন ও সুবেরিন আবরণ দিয়ে বেষ্টিত থাকে। বিজ্ঞানী ক্যাসপেরি এটি লক্ষ করেন এবং তার নামানুসারে এর নাম ক্যাসপেরিয়ান স্ট্রিপ করা হয়।

বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের কৃষি অনুষদ

01. ক্যাম্বিয়াম অনুপস্থিত থাকে না কোন গাছে? [BSMRSTU : 19-20]

Ⓐ কুমড়া Ⓑ কলাবতী Ⓒ ছোলা Ⓓ সূর্যমুখী

Solve দ্বিবীজপত্রী উদ্ভিদ (কুমড়া ব্যতীত) ও নগ্নবীজী উদ্ভিদের কাণ্ডে মুক্ত সমপার্শ্বীয় ভাস্কুলার বান্ডল (ক্যাম্বিয়াম উপস্থিত) রয়েছে। কলাবতী একবীজপত্রী উদ্ভিদ। [Ref: হাসান]

02. সাধারণত কোন ধরনের উদ্ভিদের কাণ্ডে শ্বেতসার আবরণ থাকে? [BSMRSTU: 19-20]

Ⓐ দ্বিবীজপত্রী Ⓑ একবীজপত্রী
Ⓒ নগ্নবীজী Ⓓ ফার্নবর্গীয়

Solve উদ্ভিদে অন্তঃত্বকের যেসব কোষগুলোর প্রাচীর পাতলা থাকে তাদের প্যাসেজ সেল বলে। এ স্তরে প্রচুর শ্বেতসার কণিকা থাকলে তাকে শ্বেতসার আবরণ বলে। যা সাধারণত দ্বিবীজপত্রী কাণ্ডে থাকে। [Ref: হাসান]

03. পিথ এর কাজ কী? [BSMRSTU : 19-20]

Ⓐ খাদ্য সঞ্চয় Ⓑ যোগাযোগ রক্ষা
Ⓒ খাদ্য পরিবহন Ⓓ খাদ্য তৈরি

Solve একবীজপত্রী মূলের কেন্দ্রস্থলে প্যারেনকাইমা জাতীয় কোষগঠিত অংশ হলো Pith বা মজ্জা; যা খাদ্য সঞ্চয় করে। [Ref: হাসান]

04. নিচের কোনটি এককোষী? [HSTU : 19-20]

Ⓐ মূলরোম Ⓑ কাণ্ড
Ⓒ কচিপাতা Ⓓ কোনোটিই নয়

Solve এপিব্লেমার কোনো কোনো কোষ হতে এককোষী রোম উৎপন্ন হয়। এদেরকে মূলরোম বলে। [Ref: হাসান]

Part 4 গুরুত্বপূর্ণ MCQ

01. নগ্নবীজী উদ্ভিদের ফ্লোয়েম টিস্যুতে কোনটি থাকে না?
Ⓐ সিভনল Ⓑ সঙ্গীকোষ
Ⓒ ফ্লোয়েম প্যারেনকাইমা Ⓓ ফ্লোয়েম ফাইবার Ans B

02. গঠন ও কাজের ভিত্তিতে স্থায়ী টিস্যু কত প্রকার?
Ⓐ ২ Ⓑ ৩
Ⓒ ৪ Ⓓ ৫ Ans B

03. প্রাইমারি ফ্লোয়েম যে ধরনের কোষ দিয়ে গঠিত হয় না–
Ⓐ প্যারেনকাইমা Ⓑ বাস্তুতন্তু
Ⓒ সিভনল Ⓓ সঙ্গীকোষ Ans A

04. পাটের আঁশ হলো–
Ⓐ বাস্ট ফাইবার Ⓑ উড ফাইবার
Ⓒ ট্রাকিয়া Ⓓ কোলেনকাইমা Ans A

05. যে ভাজক টিস্যু উদ্ভিদের ভ্রূণাবস্থায়ই উৎপত্তি লাভ করে তাকে কী বলে?
Ⓐ প্রারম্ভিক ভাজক টিস্যু Ⓑ প্রাইমারি ভাজক টিস্যু
Ⓒ সেকেন্ডারি ভাজক টিস্যু Ⓓ পার্শ্বীয় ভাজক টিস্যু Ans B

06. যে ভাজক টিস্যুর কোষ বিভাজন সব তলে ঘটে তাকে বলে–
Ⓐ প্লেট Ⓑ মাস
Ⓒ রিব Ⓓ কোনোটিই নয় Ans B

07. প্লেট ভাজক টিস্যু হচ্ছে–
Ⓐ এন্ডোস্পার্ম Ⓑ মজ্জা
Ⓒ পাতা Ⓓ কর্টেক্স Ans C

08. নরম টিস্যুতে স্ক্লেরাইড কোষ থাকলে তাকে কি বলা হয়?
Ⓐ স্ক্লেরোটিক কোষ Ⓑ ট্রাকিয়া
Ⓒ স্টোন কোষ Ⓓ ট্রাকিড Ans A

09. বিভিন্ন কাজকর্মে আমরা যে কাঠ ব্যবহার করে থাকি তা হলো–
Ⓐ সেকেন্ডারি জাইলেম Ⓑ সেকেন্ডারি ফ্লোয়েম
Ⓒ উভয়ই Ⓓ কোনোটিই নয় Ans A

10. কোন গোত্রে ভেসেল আছে?
Ⓐ *Winteraceae* Ⓑ *Tetracentraceae*
Ⓒ *Trochodendraceae* Ⓓ কোনোটিই নয় Ans D

11. উদ্ভিদ দেহের মূল কাঠামো গঠন করে–
Ⓐ ফ্লোয়েম Ⓑ জাইলেম
Ⓒ সিভনল Ⓓ কোনোটিই নয় Ans B

12. নিম্নলিখিত কোন কোষে নিউক্লিয়াস অনুপস্থিত?
Ⓐ প্যারেনকাইমা Ⓑ সঙ্গীকোষ
Ⓒ রক্ষীকোষ Ⓓ সিভনল Ans D

13. বিভাজন প্রক্রিয়াভেদে নিচের কোনটি ভাজক কলার শ্রেণিবিভাগ নয়?
Ⓐ মাস Ⓑ প্লেট
Ⓒ ইন্টারকেলারি Ⓓ রিব Ans C

14. বর্জ্য পদার্থ সমন্বিত কোষকে বলা হয়–
Ⓐ ইডিওব্লাস্ট Ⓑ সিমপ্লাস্ট
Ⓒ অ্যাপোপ্লাস্ট Ⓓ ইলায়োপ্লাস্ট Ans A

15. উদ্ভিদের গৌণ বৃদ্ধিতে সহায়তা করে কোনটি?
Ⓐ জাইলেম Ⓑ ক্যাম্বিয়াম
Ⓒ ফ্লোয়েম Ⓓ গৌণ কলা Ans B

16. কোনটি স্টিলির অংশ?
Ⓐ এপিডার্মিস Ⓑ হাইপোডার্মিস
Ⓒ এন্ডোডার্মিস Ⓓ ভাস্কুলার বান্ডল Ans D

17. মূলের বহিঃত্বককে বলা হয়–
Ⓐ এপিব্লেমা Ⓑ এপিডার্মিস
Ⓒ এন্ডোডার্মিস Ⓓ ভাস্কুলার বান্ডল Ans A

18. কোনটি বহিঃস্টিলীয় অংশ নয়?
Ⓐ অধঃত্বক Ⓑ কর্টেক্স
Ⓒ অন্তঃত্বক Ⓓ মজ্জা Ans D

19. মজ্জা রশ্মি পাওয়া যায়–
Ⓐ একবীজপত্রী কাণ্ডে Ⓑ দ্বিবীজপত্রী কাণ্ডে
Ⓒ একবীজপত্রী মূলে Ⓓ দ্বিবীজপত্রী মূলে Ans B

20. উদ্ভিদের মূলে কোন ধরনের ভাস্কুলার বান্ডল থাকে?
Ⓐ সমপার্শ্বীয় Ⓑ অরীয়
Ⓒ সমদ্বিপার্শ্বীয় Ⓓ কেন্দ্রিক Ans B

21. ট্রাকিড ও ভেসেল কোন কলার উপাদান?
Ⓐ কোলেনকাইমা Ⓑ জাইলেম
Ⓒ প্যারেনকাইমা Ⓓ ফ্লোয়েম Ans B

22. পাতায় তৈরি খাদ্য যার মাধ্যমে গাছের সব অংশে যায়–
Ⓐ স্ক্লেরেনকাইমা Ⓑ ফ্লোয়েম
Ⓒ জাইলেম Ⓓ কোলেনকাইমা Ans B

23. লাউ, কুমড়া ইত্যাদি বিভিন্ন কাণ্ডের ভাস্কুলার বান্ডল–
Ⓐ সমপার্শ্বীয় Ⓑ সমদ্বিপার্শ্বীয়
Ⓒ অরীয় Ⓓ কেন্দ্রিক Ans B

24. জাইলেম টিস্যুর কোষীয় উপাদান নয় কোনটি?
Ⓐ সিভনল Ⓑ ট্রাকিড
Ⓒ ভেসেল Ⓓ জাইলেম ফাইবার Ans A

25. সমপার্শ্বীয়মুক্ত ভাস্কুলার বান্ডল পাওয়া যায়–
Ⓐ দ্বিবীজপত্রী কাণ্ডে Ⓑ একবীজপত্রী কাণ্ডে
Ⓒ একবীজপত্রী মূলে Ⓓ পাতায় Ans A

26. জাইলেম কলার একমাত্র জীবিত কোষ–
Ⓐ ট্রাকিডসমূহ Ⓑ ভেসেলসমূহ
Ⓒ জাইলেম ফাইবার Ⓓ জাইলেম প্যারেনকাইমা Ans D

27. পুষ্পক উদ্ভিদের মূলের ভাস্কুলার বান্ডল–
Ⓐ সমপার্শ্বীয় Ⓑ সমদ্বিপার্শ্বীয়
Ⓒ অরীয় Ⓓ কেন্দ্রিক Ans C

28. একবীজপত্রী উদ্ভিদের কাণ্ডের ভাস্কুলার বান্ডল–
Ⓐ মুক্ত সমপার্শ্বীয় Ⓑ বদ্ধ সমপার্শ্বীয়
Ⓒ অরীয় Ⓓ কেন্দ্রিক Ans B

29. দ্বিবীজপত্রী মূলে জাইলেম ও ফ্লোয়েম বান্ডলের সংখ্যা–
Ⓐ 2 – 6 Ⓑ 2 – 4
Ⓒ 2 – 8 Ⓓ 1 – 2 Ans B

30. বহুকোষী রোম বিদ্যমান কোনটিতে?
Ⓐ দ্বিবীজপত্রীর মূল Ⓑ একবীজপত্রীর মূল
Ⓒ একবীজপত্রীর কাণ্ড Ⓓ দ্বিবীজপত্রীর কাণ্ড Ans D

31. কোনটি মৃত কোষ–
Ⓐ Parenchyma Ⓑ Colenchyma
Ⓒ Sclerenchyma Ⓓ কোনোটিই নয় Ans C

32. সিভনলের পাশে সঙ্গীকোষ দেখা যায়–
Ⓐ গুপ্তবীজী উদ্ভিদে Ⓑ ব্যক্তবীজী উদ্ভিদে
Ⓒ উভয় উদ্ভিদে Ⓓ কোনোটিই নয় Ans A

Dedicated to Admission Candidates ✿ pdf collection

Part 5 SELF TEST

01. কাণ্ডের পরিধি বৃদ্ধি হয় কোন টিস্যুর বিভাজনের কারণে?
Ⓐ এপিকাল মেরিস্টেম Ⓑ ক্যাম্বিয়াম
Ⓒ স্টেম সেল Ⓓ জাইলেম ও ফ্লোয়েম

02. নিম্নবর্ণিত কোন কোষে নিউক্লিয়াস অনুপস্থিত?
Ⓐ প্যারেনকাইমা Ⓑ ক্লোরেনকাইমা
Ⓒ সিভনল Ⓓ রক্ষীকোষ

03. কোন টিস্যু উদ্ভিদের খাদ্য তৈরি করে না?
Ⓐ কোলেনকাইমা Ⓑ ভাজক টিস্যু
Ⓒ স্থায়ী টিস্যু Ⓓ জাইলেম

04. উদ্ভিদের মজ্জার প্রধান কাজ কোনটি?
Ⓐ খাদ্য উৎপাদন Ⓑ খাদ্য সঞ্চয়
Ⓒ টিস্যু তৈরি Ⓓ পানি সঞ্চয়

05. একবীজপত্রী উদ্ভিদে সাধারণত নিচের কোনটি থাকে না?
Ⓐ কিউটিকল Ⓑ স্ক্লেরেনকাইমা
Ⓒ প্রোটোজাইলেম Ⓓ কাণ্ডরোম

06. উদ্ভিদের গৌণ বৃদ্ধিতে সহায়তা করে কোনটি?
Ⓐ জাইলেম Ⓑ ফ্লোয়েম
Ⓒ ক্যাম্বিয়াম Ⓓ গৌণকলা

07. কোনটি ফ্লোয়েম টিস্যু?
Ⓐ এক্সার্ক Ⓑ এন্ডার্ক
Ⓒ মেসার্ক Ⓓ বাস্ট ফাইবার

08. সাবসিডিয়ারী কোষ দুটি রক্ষীকোষে সমান্তরালভাবে অবস্থিত হলে তাকে বলে–
Ⓐ Diacytic Ⓑ Paracytic
Ⓒ Tetracytic Ⓓ Anisocytic

09. মেসোফিল কোন ধরনের টিস্যু?
Ⓐ মেরিস্টেমেটিক Ⓑ গ্রাউন্ড
Ⓒ এপিডার্মাল Ⓓ জাইলেম

10. এপিথেলিয়ামের ঠিক নিচে কী অবস্থান করে?
Ⓐ ট্রাকিয়া Ⓑ ট্রাকিড
Ⓒ সিভনল Ⓓ প্যারেনকাইমা

11. Bulliform কোষ কোন উদ্ভিদে থাকে?
Ⓐ আখ Ⓑ ভুট্টা
Ⓒ গম Ⓓ সবকটিতে

12. বাস্ট ফাইবার নামে পরিচিত–
Ⓐ ক্লোরেনকাইমা Ⓑ ফ্লোয়েম ফাইবার
Ⓒ কোলেনকাইমা Ⓓ জাইলেম ফাইবার

13. সেকেন্ডারি ভাজক কলার উদাহরণ কোনটি?
Ⓐ মেরিস্টেম Ⓑ কর্ক ক্যাম্বিয়াম
Ⓒ মজ্জা Ⓓ কর্টেক্স

14. কোনটিতে হ্যাড্রোসেন্ট্রিক ভাস্কুলার বান্ডল থাকে?
Ⓐ *Pteris* Ⓑ *Dracaena*
Ⓒ *Nymphaea* Ⓓ *Cynodon*

15. কোন কোষে নিউক্লিয়াস অনুপস্থিত?
Ⓐ সঙ্গীকোষ Ⓑ রঙ্গীকোষ
Ⓒ সীভনল Ⓓ প্যারেনকাইমা

16. নিউক্লিয়াসবিহীন জীবিত কোষ কোনটি?
Ⓐ জাইলেম বাহিকা Ⓑ স্ক্লেরেনকাইমা
Ⓒ সঙ্গী কোষ Ⓓ সিভনল

17. সরিষার রক্ষী কোষে থাকে–
Ⓐ রাইবোসোম Ⓑ সাইটোপ্লাজম
Ⓒ মাইটোকন্ড্রিয়া Ⓓ প্লাজমা

18. কোনটি জাইলেম কলার উপাদান নয়?
Ⓐ ট্রাকিড Ⓑ ভেসেল
Ⓒ উড ফাইবার Ⓓ সীভনল

19. কোনটিতে ট্রাকিড পাওয়া যায়?
Ⓐ জাইলেম Ⓑ ফ্লোয়েম
Ⓒ কোলেনকাইমা Ⓓ স্ক্লেরেনকাইমা

20. পেরিডার্মের উপাদান কোনটি?
Ⓐ লেন্টিসেল Ⓑ কর্ক ক্যাম্বিয়াম
Ⓒ কর্টেক্স Ⓓ গৌণ জাইলেম

21. বাস্টতন্তু হলো এক প্রকার–
Ⓐ প্যারেনকাইমা টিস্যু Ⓑ কোলেনকাইমা টিস্যু
Ⓒ স্ক্লেরেনকাইমা টিস্যু Ⓓ কোনোটিই সঠিক নয়

22. সংযুক্ত ভাস্কুলার বান্ডল কোনটি?
Ⓐ সমদ্বিপার্শ্বীয় বান্ডল Ⓑ হ্যাড্রোসেন্ট্রিক
Ⓒ লেপ্টোসেন্ট্রিক Ⓓ পেরিসাইকল

23. প্রোক্যাম্বিয়াম সৃষ্টি করে–
Ⓐ ক্যাম্বিয়াম Ⓑ জাইলেম
Ⓒ ফ্লোয়েম Ⓓ সবগুলো

24. মূলে মেরিস্টেম হলো–
Ⓐ প্রান্তীয় Ⓑ নিবেশিত
Ⓒ অনুপস্থিত Ⓓ উপ-প্রান্তীয়

25. দ্বিবীজপত্রী মূলে কর্ক ক্যাম্বিয়াম তৈরি হয়–
Ⓐ এপিডার্মিসে Ⓑ কর্টেক্সে
Ⓒ পেরিসাইকেলে Ⓓ হাইপোডার্মিসে

26. সমদ্বিপার্শ্বীয় ভাস্কুলার বান্ডল কোনটিতে পাওয়া যায়?
Ⓐ কুমড়া Ⓑ ড্রাসিনা
Ⓒ টেরিস Ⓓ লাইকোপোডিয়াম

27. এক্সার্ক জাইলেম পাওয়া যায়–
Ⓐ কাণ্ডে Ⓑ পাতায়
Ⓒ মূলে Ⓓ কোনোটিই নয়

28. নিচের কোন উদ্ভিদে হাইডাথোড বিদ্যমান?
Ⓐ শসা Ⓑ কচু
Ⓒ বেগুন Ⓓ মরিচ

29. পাটের আঁশ কোন জাতীয় টিস্যু?
Ⓐ শীর্ষস্থ ভাজক টিস্যু Ⓑ পার্শ্বীয় ভাজক টিস্যু
Ⓒ সেকেন্ডারি জাইলেম টিস্যু Ⓓ সেকেন্ডারি ফ্লোয়েম টিস্যু

30. একবীজপত্রী মূলে কোনটি অনুপস্থিত?
Ⓐ এন্ডোডার্মিস Ⓑ পেরিসাইকল
Ⓒ কর্টেক্স Ⓓ হাইপোডার্মিস

OMR

01.ⒶⒷⒸⒹ	02.ⒶⒷⒸⒹ	03.ⒶⒷⒸⒹ	04.ⒶⒷⒸⒹ	05.ⒶⒷⒸⒹ
06.ⒶⒷⒸⒹ	07.ⒶⒷⒸⒹ	08.ⒶⒷⒸⒹ	09.ⒶⒷⒸⒹ	10.ⒶⒷⒸⒹ
11.ⒶⒷⒸⒹ	12.ⒶⒷⒸⒹ	13.ⒶⒷⒸⒹ	14.ⒶⒷⒸⒹ	15.ⒶⒷⒸⒹ
16.ⒶⒷⒸⒹ	17.ⒶⒷⒸⒹ	18.ⒶⒷⒸⒹ	19.ⒶⒷⒸⒹ	20.ⒶⒷⒸⒹ
21.ⒶⒷⒸⒹ	22.ⒶⒷⒸⒹ	23.ⒶⒷⒸⒹ	24.ⒶⒷⒸⒹ	25.ⒶⒷⒸⒹ
26.ⒶⒷⒸⒹ	27.ⒶⒷⒸⒹ	28.ⒶⒷⒸⒹ	29.ⒶⒷⒸⒹ	30.ⒶⒷⒸⒹ

Answer

30.D	29.D	28.B	27.C	26.A	25.B	24.B	23.D	22.A	21.C
20.B	19.A	18.D	17.B	16.D	15.C	14.A	13.B	12.B	11.D
10.B	09.B	08.B	07.D	06.C	05.D	04.B	03.B	02.C	01.B

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

জীববিজ্ঞান ১ম পত্র

অধ্যায় ৯

উদ্ভিদ শারীরতত্ত্ব

Part 1

গুরুত্বপূর্ণ তথ্যাবলি

উদ্ভিদের অত্যাবশ্যকীয় পুষ্টি উপাদান :

উদ্ভিদ মোট ১৭টি পুষ্টি উপাদান গ্রহণ করে। এগুলো হলো C, H, O, N, K, Ca, Mg, P, S, Mn, Zn, Cu, B, Fe, Mo, Ni ও Cl। এগুলোর মধ্যে যে উপাদানগুলো অধিক পরিমাণে লাগে সেগুলোকে ম্যাক্রো উপাদান বা ম্যাক্রোমৌল বা বৃহৎ পুষ্টি উপাদান (macronutrients) বা অতিমাত্রিক পুষ্টি উপাদান বলে। আর যে মৌলগুলো কম পরিমাণে লাগে সেগুলোকে মাইক্রোউপাদান বা মাইক্রোমৌল বা ক্ষুদ্র পুষ্টি উপাদান (micronutrients) বা স্বল্পমাত্রিক পুষ্টি উপাদান বলে। ম্যাক্রোমৌল ৯টি, যথা : C, H, O, N, K, Ca, Mg, P ও S। মাইক্রোমৌল ৮টি, যথা : Mn, Zn, Cu, B, Fe, Mo, Ni ও Cl।

উদ্ভিদের অত্যাবশ্যকীয় পুষ্টি উপাদান :

ম্যাক্রো উপাদান	গৃহীত যৌগ বা আয়ন	মাইক্রো উপাদান	গৃহীত যৌগ বা আয়ন
কার্বন (C)	CO_2	দস্তা (Zn)	Zn^{2+}
হাইড্রোজেন (H)	H_2O	ম্যাঙ্গানিজ (Mn)	Mn^{2+}
অক্সিজেন (O)	CO_2, H_2O, O_2	তামা (Cu)	Cu^{3+}, Cu^{2+}
নাইট্রোজেন (N)	NO_3, NH_4^+, NO_2^-	নিকেল (Ni)	Ni^+
পটাশিয়াম (K)	K^+	ক্লোরিন (Cl)	Cl^-
ফসফরাস (P)	PO_4^{3-}	মলিবডেনাম (Mo)	MoO_3^-
ক্যালসিয়াম (Ca)	Ca^{2+}	বোরন (B)	BO_3^-
ম্যাগনেশিয়াম (Mg)	Mg^{2+}	আয়রন (Fe)	Fe^{2+}, Fe^{3+}
সালফার (S)	SO_4^{2-}		

পানি পরিশোষণ :

- Active বা সক্রিয় পরিশোষণে ATP দরকার।
- ATP কে Biological Coin বলে।
- Passive বা নিষ্ক্রিয় পরিশোষণে ATP দরকার নেই।
- নিষ্ক্রিয় পরিশোষণ মূলরোম দিয়ে হয়।

খনিজ লবণ পরিশোষণ প্রক্রিয়া : সক্রিয় ও নিষ্ক্রিয় পরিশোষণ

উদ্ভিদের বৃদ্ধি ও বিকাশের জন্য বিভিন্ন প্রকার খনিজ লবণ অপরিহার্য। যে প্রক্রিয়ায় সজীব উদ্ভিদ মূলের অগ্রভাগের নবগঠিত কোষ দ্বারা খনিজ লবণ অন্তঃগ্রহণ করে তাকে খনিজ লবণ পরিশোষণ বলে। উদ্ভিদের খনিজ লবণ পরিশোষণের সর্বজনস্বীকৃত কোনো মতবাদ নেই। তবে খনিজ লবণ পরিশোষণের প্রক্রিয়াকে সাধারণত দুই ভাগে ভাগ করা যায়। যথা : ১. নিষ্ক্রিয় পরিশোষণ (Passive absorption) ২. সক্রিয় পরিশোষণ (Active absorption)

নিষ্ক্রিয় পরিশোষণ		সক্রিয় পরিশোষণ	
i. ব্যাপন প্রক্রিয়া	Hope & Istevens (1952)	i. আয়ন বাহক মতবাদ	V.D. Honert (1937)
ii. আয়ন বিনিময় প্রক্রিয়া	Devalin (1969), Panda & Sinha (1972)	ii. লুনডেগড়/সাইটোক্রোম পাম্প মতবাদ	Lundegardh (1955)
iii. ডোনান সাম্যাবস্থা	F.G. Donnan (1911)	iii. প্রোটন-অ্যানায়ন কো-ট্রান্সপোর্ট	Peter Mitchel (1968)
iv. ব্যাপক প্রবাহ	Hylmo (1955) & Kramen (1956)	iv. লেসিথিন মতবাদ	Bennet Clark (1956)

খনিজ লবণ পরিশোষণ সম্পর্কিত গুরুত্বপূর্ণ কিছু তথ্য :

- আয়ন হিসাবে শোষিত হয়।
- প্রয়োজনীয় খনিজ লবণের অধিকাংশই সক্রিয়ভাবে শোষিত হয়।
- সবচেয়ে দ্রুত শোষিত হয় : K^+, NO_3^- ; ধীরে শোষিত হয় : Ca^{++}, SO_4^{2-}।
- খনিজ লবণ পরিশোষণের জন্য বিপাকীয় শক্তি ও বাহক প্রয়োজন।
- মুলাগ্রের কোষ বিভাজনক্ষম অঞ্চলের নতুন কোষ দ্বারাই অধিকাংশ লবণ শোষিত হয়।

প্রস্বেদনের প্রকারভেদ নিম্নরূপ :

নাম	অবস্থান
পত্ররন্ধ্রীয় প্রস্বেদন (৯৫-৯৮%) (Stomatal transpiration)	পত্ররন্ধ্রের মধ্য দিয়ে প্রস্বেদন।
লেন্টিকুলার প্রস্বেদন (১%) (Lenticular transpiration)	কাণ্ডের লেন্টিসেলের মধ্য দিয়ে প্রস্বেদন।
ত্বকীয় প্রস্বেদন (২-৫% বা কম) (Cuticular transpiration)	পত্রত্বকের কিউটিকলের মধ্য দিয়ে প্রস্বেদন।

পত্ররন্ধ্র : গঠন, খোলা ও বন্ধ হওয়ার কৌশল

পাতার উর্ধ্ব ও নিম্নত্বকের এপিডার্মিসে (বহিঃত্বকে), কচিকাণ্ডে, ফুলের বৃতি, পাপড়ি প্রভৃতিতে অবস্থিত দুটি রক্ষীকোষ দিয়ে পরিবেষ্টিত সূক্ষ্ম রন্ধ্রকে পত্ররন্ধ্র বা স্টোমাটা (stomata, একবচনে - stoma) বলে। নিচে পত্ররন্ধ্র সম্পর্কিত গুরুত্বপূর্ণ কিছু তথ্য উপস্থাপন করা হলো :

অবস্থান	পাতা, কচিকাণ্ড, ফুলের বৃতি, পাপড়ি।	
সংখ্যা	প্রজাতির ওপর নির্ভর করে পাতার প্রতি এক বর্গসেমি. এলাকায় ১,০০০-৬০,০০০ পত্ররন্ধ্র থাকতে পারে।	
গঠন	পত্ররন্ধ্র পাতার উপরিভাগে অবস্থিত দুটি অর্ধচন্দ্রাকৃতির রক্ষীকোষ এবং এদের বেষ্টিত রন্ধ্র দিয়ে গঠিত।	
খোলা ও বন্ধ হওয়ার সময়	সকাল ১০-১১টা এবং বিকাল ২-৩টা	অধিকাংশ উদ্ভিদে পূর্ণ খোলা
	অন্যান্য সময়	আংশিক খোলা
	রাত্রিতে	বন্ধ (ব্যতিক্রম– পাথরকুচি)
খোলা ও বন্ধ হওয়া নিয়ন্ত্রণ	রক্ষীকোষ, অভিস্রবণ, ব্লু লাইট পত্ররন্ধ্র খোলা ও বন্ধ হওয়া ত্বরান্বিত করে	

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

৬ পত্ররন্ধ্রীয় প্রস্বেদন ও ত্বকীয় প্রস্বেদন এর মধ্যে পার্থক্য:

পত্ররন্ধ্রীয় প্রস্বেদন	ত্বকীয় প্রস্বেদন
১. প্রস্বেদন পত্ররন্ধ্রের মাধ্যমে ঘটে।	১. কিউটিকলের মাধ্যমে ঘটে।
২. শুধু সূর্যালোকের উপস্থিতিতে ঘটে।	২. এটি দিবা-রাত্রি ২৪ ঘন্টাই ঘটে।
৩. প্রস্বেদনের হার অনেক বেশি। প্রায় ৯৫-৯৮%।	৩. প্রস্বেদনের হার খুবই কম। প্রায় ২-৫%।
৪. রক্ষীকোষ কর্তৃক নিয়ন্ত্রিত।	৪. রক্ষীকোষের কোনো ভূমিকা নেই।

- রক্ষীকোষের চারপাশে Stomata নামক কোষ থাকে।
- কিউটিকল ও লেন্টিসেলের মধ্যে দিন-রাত প্রস্বেদন চলে।
- পত্ররন্ধ্রীয় প্রস্বেদন সাধারণত দিনের বেলায় ঘটে (10–11am & 2–3pm)
- CAM উদ্ভিদে পত্ররন্ধ্র রাতে খোলা থাকে, দিনে বন্ধ থাকে (পাথরকুচি, ঘৃতকুমারী)।
- Stomata খোলার জন্য দায়ী K^+ (আধুনিক) Glucose (প্রাচীন)
- প্রস্বেদনকে প্রয়োজনীয় আপদ বলা হয়।

৬ প্রস্বেদনের প্রভাবকসমূহ: [নির্দেশক : ↑ -বৃদ্ধি ; ↓ - কম]

বাহ্যিক প্রভাবক	অভ্যন্তরীণ প্রভাবক
• ↑ প্রখর সূর্যালোক → ↑ প্রস্বেদন • ↑ বায়ুমন্ডলের তাপমাত্রা → ↑ প্রস্বেদন • ↓ আপেক্ষিক আর্দ্রতা → ↑ প্রস্বেদন • ↑ বায়ুপ্রবাহ → ↑ প্রস্বেদন • ↑ মাটিস্থ পানি → ↑ প্রস্বেদন • ↑ চাপ → ↓ প্রস্বেদন	• মূল বিটপ অনুপাত • পাতার গঠন • ↑ পাতার আয়তন সংখ্যা → ↑ প্রস্বেদন • ↑ মেসোফিল টিস্যুতে পানির পরিমাণ → ↑ প্রস্বেদন • ↑ জীবনীশক্তি → ↑ প্রস্বেদন • ↑ পত্ররন্ধ্র → ↑ প্রস্বেদন

ইলেকট্রন বাহকের পরিচিতি :

ইলেকট্রন বাহক	প্রকৃতি	ইলেকট্রন গ্রহীতা
i. ফিয়োফাইটিন (Ph)	একটি রূপান্তরিত ক্লোরোফিল a অণু	-
ii. প্লাস্টোকুইনন (PQ)	অতি ছোট চলনশীল লিপিড	-
iii. সাইটোক্রোম (Cyt)	লৌহঘটিত হিম গ্রুপবিশিষ্ট প্রোটিন	হিম গ্রুপের প্রোটিন
iv. প্লাস্টোসায়ানিন (PC)	অত্যন্ত চলনশীল একটি ক্ষুদ্র মেমব্রেন প্রোটিন	কপার (Cu)
v. NADP reductase	ফ্ল্যাভোপ্রোটিন এবং বাউন্ড কো-এনজাইম	-
vi. ফেরিডক্সিন (Fd)	আয়রন-সালফার (Fe-s) প্রোটিন	লৌহ

সালোকসংশ্লেষণ : প্রাথমিক আলোচনা

সংজ্ঞা : যে জৈব রাসায়নিক প্রক্রিয়ায় উদ্ভিদ কার্বোহাইড্রেট (শর্করা) জাতীয় খাদ্য প্রস্তুত করে থাকে, তাকে সালোকসংশ্লেষণ বা ফটোসিনথেসিস বলে।

নামকরণ : বার্ণেস (১৮৯৮)

প্রয়োজনীয় উপকরণ:

(i) ৬ অণু CO_2, (ii) 12 অণু পানি, (iii) ৫০ – ৬০ ফোটন আলো (iv) ক্লোরোফিল

বিক্রিয়া : $6CO_2 + 12H_2O \xrightarrow[\text{ক্লোরোফিল}]{\text{সূর্যালোক}} C_6H_{12}O_6 + 6H_2O + 6O_2$

সালোকসংশ্লেষণকারী অঙ্গসমূহ :

১. পাতার সবুজ অংশ। (উচ্চ শ্রেণির উদ্ভিদের সালোসংশ্লেষণের প্রধান অঙ্গ)
২. সবুজ পাতা।
৩. থ্যালয়েড (সবুজ উদ্ভিদের সম্পূর্ণ থ্যালাস)
৪. ফুলের বৃতি ও বৃন্ত
৫. ফলের সবুজ ত্বক
৬. কতিপয় ব্যাকটেরিয়াতে সুগঠিত প্লাস্টিড না থাকাতে সাইটোপ্লাজমে সালোক সংশ্লেষণ হয়।

Must to know :

- **ফটোসিনথেসিস অঙ্গ :** উদ্ভিদের সবুজ অঙ্গ, সবুজ পাতা
- **ফটোসিনথেসিস অঙ্গাণু :** ক্লোরোপ্লাস্ট
- **ফটোসিনথেসিস এর স্থান :** ক্লোরোপ্লাস্টের থাইলাকয়েড

সালোকসংশ্লেষণের প্রভাবকসমূহ :

বাহ্যিক প্রভাবক	অভ্যন্তরীণ প্রভাবক
১. ↑ আলো → ↑সালোকসংশ্লেষণ ২. ↑ CO_2 → সালোকসংশ্লেষণ ↑ ৩. ↑ তাপমাত্রা → সালোকসংশ্লেষণ↓ ৪. ↓ পানি → সালোকসংশ্লেষণ↓ ৫. ↑ O_2 → সালোকসংশ্লেষণ↓ ৬. ↓খনিজ পদার্থ → সালোকসংশ্লেষণ↓ ৭. ↓ ভিটামিন ও অন্যান্য রাসায়নিক দ্রব্য → সালোকসংশ্লেষণ↓	১. ↑ শর্করা পরিমাণ → সালোকসংশ্লেষণ↓ ২. ↓ পটাশিয়াম (অনুঘটক) → সালোকসংশ্লেষণ↓ ৩. পাতার বয়স ৪. পাতার অন্তর্গঠন ৫. ক্লোরোফিল ৬. প্রোটোপ্লাজম ৭. এনজাইম

☛ **সাংকেতিক চিহ্ন :** ↑- বাড়ে ; ↓- কমে

৬ সালোকসংশ্লেষণে নির্গত O_2 এর উৎস :

সালোকসংশ্লেষণ প্রক্রিয়ার রাসায়নিক সমীকরণ হলো : $6CO_2 + 12H_2O \xrightarrow[\text{ক্লোরোফিল}]{\text{সূর্যালোক}} C_6H_{12}O_6 + 6H_2O + 6O_2$

উক্ত সমীকরণ হতে দেখা যায়, এই প্রক্রিয়ায় এক অণু গ্লুকোজ তৈরি হওয়ার মাধ্যমে 6 অণু O_2 নির্গত হয়। এই প্রক্রিয়ার কাঁচামাল হলো CO_2 ও H_2O। অতএব, সালোকসংশ্লেষণের নির্গত অক্সিজেনের দুটি উৎস হতে পারে; যথা: CO_2 ও H_2O। হিল বিক্রিয়া, ভ্যান নীল এর পরীক্ষা, রুবেন ও কামেন এর তেজস্ক্রিয় চিহ্নিতকরণ পরীক্ষা দ্বারা নিঃসন্দেহে প্রমানিত হয়েছে যে, সালোকসংশ্লেষণ প্রক্রিয়ায় নির্গত অক্সিজেনের উৎস হচ্ছে পানি, CO_2 নয়।

সালোকসংশ্লেষণের গুরুত্ব :

জীবজগতে সালোকসংশ্লেষণ প্রক্রিয়ার গুরুত্ব অপরিসীম। একে একটি প্রাকৃতিক জৈব রাসায়নিক শিল্প বলা হয়। নিচে সালোকসংশ্লেষণ প্রক্রিয়ার গুরুত্ব সম্পর্কিত গুরুত্বপূর্ণ কিছু **Key Point** উপস্থাপন করা হলো-

• উদ্ভিদের খাদ্য প্রস্তুত	• শক্তির উৎস	• জৈব রাসায়নিক বিক্রিয়া পরিচালন	• পরিবেশ পরিশোধন
• উদ্ভিদের দৈহিক বৃদ্ধি	• মানব সভ্যতায় অবদান	• প্রাণীকুলের খাদ্য	

হ্যাচ ও স্ল্যাকচক্র এবং C_4 উদ্ভিদের বৈশিষ্ট্য :

- এ চক্র প্রথম ইক্ষু উদ্ভিদের আবিষ্কার করেন M.D Hatch ও C. R Slack
- এ চক্রের প্রথম স্থায়ী পদার্থ **৪-কার্বনবিশিষ্ট অক্সালো অ্যাসিটিক অ্যাসিড।**
- এ চক্রের সুবিধাজনক তাপমাত্রা হলো (৩০ – ৪৬)°C।
- এ চক্রের CO_2 গ্রহীতা হলো ফসফোইনল পাইরুভিক অ্যাসিড।
- এ পর্যন্ত ৩টি একবীজপত্রী ও ১৬টি দ্বিবীজপত্রী গোত্রে C_4 চক্র পাওয়া গেছে।

C_4 গতিপথ তিন প্রকার :

১. NADP – Malic Enzyme → **ভুট্টা, ইক্ষু, সরগাম, ক্র্যাব, ঘাস।**
২. NAD Malic Enzyme → **মিল্ল্যাত, কাউন, চিনা**
৩. Phosphoenol pyruvate carboxykinease → **গিনি ঘাস (Guinea grass)**

উদাহরণ : ভুট্টা, আখ, বাজরা, কাউন, চিনা, গিনিঘাস, ডাটা শাক, মুথাঘাস, ওট, বার্লি, জোয়ার ইত্যাদি।

৬ ক্যালভিন চক্র এবং হ্যাচ ও স্ল্যাক চক্রের পার্থক্য :

ক্যালভিন চক্র	হ্যাচ ও স্ল্যাক চক্র
১. কেবল মেসোফিল কোষে হয়।	১. মেসোফিল ও বান্ডলসিথ কোষে হয়।
২. ফটোরেসপিরেশন ঘটে।	২. ফটোরেসপিরেশন ঘটে না।
৩. প্রাথমিক CO_2 গ্রহীতা RuBP.	৩. প্রাথমিক CO_2 গ্রহীতা PEP.
৪. CO_2 ফিকসিং এনজাইম রুবিস্কো।	৪. CO_2 ফিকসিং এনজাইম PEP কার্বোক্সিলেজ।
৫. প্রথম স্থায়ী দ্রব্য 3PGA (৩-কার্বন)।	৫. প্রথম স্থায়ী দ্রব্য অক্সালো অ্যাসিটিক অ্যাসিড (৪-কার্বন)।
৬. আদর্শ তাপমাত্রা ১০° সে. থেকে ২৫° সে.।	৬. আদর্শ তাপমাত্রা ৩০° সে. থেকে ৪৫° সে.।
৭. বায়ুমণ্ডলে প্রতি মিলিয়নে কমপক্ষে ৫০ ppm পরিমাণ CO_2 থাকা প্রয়োজন।	৭. বায়ুমণ্ডলে প্রতি মিলিয়নে নিম্নতম ০.১০ ppm পরিমাণ CO_2 থাকলেও চলে।

৬ C_3 ও C_4 উদ্ভিদের মধ্যে পার্থক্য :

C_3 উদ্ভিদ	C_4 উদ্ভিদ
১. উচ্চ তাপমাত্রায় খাপ খাইয়ে নিতে সক্ষম নয়।	১. উচ্চ তাপমাত্রায় খাপ খাইয়ে নিতে সক্ষম।
২. পাতার বান্ডলসিথকে ঘিরে মেসোফিল কোষের কোনো পৃথক স্তর থাকে না।	২. পাতার বান্ডলসিথকে ঘিরে অরীয়ভাবে সজ্জিত মেসোফিল কোষের ঘন স্তর বিদ্যমান (ক্র্যাঞ্জ অ্যানাটমি)।
৩. গঠনগতভাবে ক্লোরোপ্লাস্ট একই রকম।	৩. গঠনগতভাবে ক্লোরোপ্লাস্ট দুই রকম (ক) গ্রানাযুক্ত মেসোফিল ক্লোরোপ্লাস্ট এবং (খ) গ্রানাবিহীন বান্ডলসিথ ক্লোরোপ্লাস্ট।
৪. সালোকসংশ্লেষণের জন্য বায়ুমণ্ডলে CO_2 এর ঘনত্ব কমপক্ষে ৫০ ppm (parts per million) প্রয়োজন (৫০-১৫০ ppm)।	৪. সালোকসংশ্লেষণের জন্য বায়ুমণ্ডলে CO_2 এর ঘনত্ব কমপক্ষে ০.১০ ppm প্রয়োজন (০.১০-১০ ppm)।
৫. মনে করা হয় বেশির ভাগ C_3 উদ্ভিদ অপেক্ষাকৃত শীতপ্রধান অঞ্চলে উৎপত্তি লাভ করেছে।	৫. মনে করা হয় বেশির ভাগ C_4 উদ্ভিদ উষ্ণমণ্ডলে উৎপত্তি লাভ করেছে।

ক্রেবস চক্র (Krebs Cycle) বা সাইট্রিক অ্যাসিড চক্র :

সবাত শ্বসনের যে বিক্রিয়া চক্রে অ্যাসিটাইল Co-A, অক্সালো অ্যাসিটিক অ্যাসিডের সাথে যুক্ত হয়ে বিভিন্ন প্রকার জৈব অ্যাসিড, কার্বন ডাইঅক্সাইড, পানি ও বিজারিত হাইড্রোজেন বাহক উৎপাদন করে এবং সবশেষে অক্সালো অ্যাসিটিক অ্যাসিড পুনঃউৎপাদনের মাধ্যমে চক্রকে গতিশীল করে তাকে ক্রেবস চক্র বা ট্রাইকার্বোক্সিলিক অ্যাসিড চক্র বলে। সাইট্রিক অ্যাসিডে তিনটি কার্বক্সিল (-COOH) গ্রুপ থাকার কারণে চক্রটিকে ট্রাইকার্বোক্সিলিক অ্যাসিড চক্র বলা হয়। ক্রেবস চক্রের সব বিক্রিয়াই মাইটোকন্ড্রিয়াতে সংঘটিত হয়ে থাকে।

৬ ক্রেবস চক্র (Krebs Cycle) বা সাইট্রিক অ্যাসিড চক্রের বৈশিষ্ট্য :

১. সাইট্রিক অ্যাসিড চক্র কোষীয় শ্বসনের তৃতীয় ধাপ। এ চক্রের প্রধান কাঁচামাল অ্যাসিটাইল Co-A.
২. এ চক্র কোষের মাইটোকন্ড্রিয়ায় সম্পন্ন হয় এবং সবাত শ্বসনে সীমাবদ্ধ থাকে।
৩. এটি একটি চক্রাকার জারণ প্রক্রিয়া এবং এর প্রতিটি ধাপ সুনির্দিষ্ট এনজাইম দ্বারা নিয়ন্ত্রিত হয়।
৪. সাইট্রিক অ্যাসিড চক্রে কোনো শক্তি (ATP) ব্যবহৃত হয় না।
৫. এ চক্রে 2 অণু GTP/ATP, 8 অণু $NADH_2$, 2 অণু $FADH_2$ এবং 6 অণু CO_2 উৎপন্ন হয়।

৬ ক্রেবস চক্রে উৎপন্ন পদার্থসমূহ :

প্রতি অণু গ্লুকোজ জারণে দুইবার TCA চক্র সম্পাদিত হয়। প্রতিবারে অ্যাসিটাইলমূলক জারিত হয়ে ২ অণু CO_2, ২ অণু $NADH+H^+$, ১ অণু $FADH_2$ ও ১ অণু ATP/GTP উৎপন্ন হয়।

৬ ক্রেবস চক্র নিয়ন্ত্রণ :

এই চক্রের প্রধান নিয়ন্ত্রক হচ্ছে আইসোসাইট্রেট ডিহাইড্রোজিনেজ এনজাইম। এটি একটি অ্যালোস্টেরিক এনজাইম, যার উদ্দীপক হলো NAD ও ADP এবং ইনহিবিটর হলো $NADH+H^+$ ও ATP। ইনহিবিটর ($NADH+H^+$ বা ATP) বেশি জমা হলে ক্রেবস চক্র বন্ধ হয়ে যায়।

৬ ক্রেবস চক্রের গুরুত্ব বা তাৎপর্য :

১. ক্রেবস চক্র হলো শক্তি উৎপাদনের প্রধান কেন্দ্র। অর্থাৎ খনিজ লবণ শোষণ, পানি শোষণ, পরিবহন, বৃদ্ধি, চলন, পুষ্পায়ন ইত্যাদি কাজের জন্য প্রয়োজনীয় শক্তি ক্রেবস চক্র থেকে পাওয়া যায়।
২. ক্রেবস চক্রে উৎপাদিত একাধিক জৈব অ্যাসিড উদ্ভিদের অ্যামিনো অ্যাসিড সৃষ্টিতে ব্যবহৃত হয়।
৩. শর্করা, ফ্যাটি অ্যাসিড এবং অ্যামিনো অ্যাসিড জারণের সাধারণ পথ হচ্ছে ক্রেবস চক্র। জীবকোষে অধিকাংশ বিজারিত কো-এনজাইম $NADH_2$ ($NADH+H^+$), $FADH_2$ এই পথে সংশ্লেষিত হয়।
৪. ক্লোরোফিল, সাইটোক্রোম, ফাইকোবিলিন, হিমোগ্লোবিন ইত্যাদি তৈরির উৎস্য সাকসিনাইল CO-A যা, ক্রেবস চক্রের অন্যতম যৌগ।
৫. এই চক্রে উৎপন্ন অক্সালোঅ্যাসিটিক অ্যাসিড, পাইরিমিডিন (সাইটোসিন, থাইমিন), অ্যালকোলয়েড যৌগ (পোরোফাইরিন, হিম ইত্যাদি) গঠনে অংশ নেয়।
৬. এই চক্রে উৎপাদিত α-কিটোগ্লুটারিক অ্যাসিড ও অক্সালো অ্যাসিটিক অ্যাসিড নাইট্রোজেন বিপাকের সঙ্গে যোগসূত্র স্থাপন করে।

শ্বসনের প্রকারভেদ :

প্রকারভেদের ভিত্তি	প্রকারভেদ	গুরুত্বপূর্ণ তথ্য
সবাত শ্বসন (যে শ্বসন প্রক্রিয়ায় মুক্ত অক্সিজেনের প্রয়োজন হয় এবং শ্বসনিক বস্তু সম্পূর্ণভাবে জারিত হয়ে CO_2, H_2O ও বিপুল পরিমাণ শক্তি উৎপন্ন করে তাকে সবাত শ্বসন বলে)	গ্লাইকোলাইসিস (সাইটোপ্লাজমে ঘটে)	যে প্রক্রিয়ায় এক অণু গ্লুকোজ বিভিন্ন রাসায়নিক বিক্রিয়ায় জারিত হয়ে দুই অণু পাইরুভিক অ্যাসিড উৎপন্ন করে তাকে গ্লাইকোলাইসিস বলে। এটি অবাত এবং সবাত উভয় শ্বসনের প্রথম ধাপ
	ক্রেবস চক্র/TCA/সাইট্রিক অ্যাসিড চক্র (মাইটোকন্ড্রিয়ার ম্যাট্রিক্সে ঘটে)	পাইরুভিক অ্যাসিড সম্পূর্ণ জারিত হয়ে তিন অণু CO_2 উৎপন্ন করে। এই চক্রের প্রথম উৎপন্ন ও গুরুত্বপূর্ণ পদার্থ সাইট্রিক অ্যাসিড। অ্যাসিটাইল Co-A হলো গ্লাইকোলাইসিস ও ক্রেবস চক্রে রাসায়নিক উপাদান। ম্যাট্রিক্সে স্থায়ী অবস্থানের কারণে অক্সালো এসিটিক অ্যাসিডকে আবাসিক অণু বলা হয়
	ইলেকট্রনে স্থানান্তর ও ATP তৈরি (মাইট্রোকন্ডিয়ার মেমব্রেনে ঘটে)	ATP তৈরির প্রক্রিয়াকে অক্সিডেটিভ ফসফোরাইলেশন বলে। ETC-এ অক্সিজেনই হলো ইলেকট্রনের শেষ গ্রহীতা। ETC সবাত শ্বসনের একটি পর্যায় মাত্র, কাজেই ETC ছাড়া সবাত শ্বসন পূর্ণ হয় না।
অবাত শ্বসন (এই শ্বসন প্রক্রিয়া অক্সিজেনের অনুপস্থিতিতে সংঘটিত হয়)	গ্লাইকোলাইসিস	এটি অবাত এবং সবাত উভয় শ্বসনের প্রথম ধাপ
	পাইরুভিক অ্যাসিডের অসম্পূর্ণ জারণ	অবাত শ্বসনের দ্বিতীয় পর্যায়ে পাইরুভিক অ্যাসিড অসম্পূর্ণভাবে জারিত হয়ে ইথানল ও CO_2 অথবা শুধু ল্যাকটিক অ্যাসিড সৃষ্টি করে **i. অ্যালকোহলিক ফার্মেন্টেশন তথা ইথানল সৃষ্টি (ঈস্ট ও কতিপয় ব্যাকটেরিয়া) :** প্রথম ধাপে অ্যাসিটেল্ডিহাইড উৎপন্ন হয় এবং দ্বিতীয় ধাপে অ্যালকোহল ডিহাইড্রোজিনেজ এনজাইমের কারণে ইথানল তৈরি হয় ও NAD মুক্ত হয় **ii. ল্যাকটিক অ্যাসিড সৃষ্টি :** কতিপয় ব্যাকটেরিয়া ও প্রাণীতে, বিশেষ করে পেশিতে, ল্যাকটিক অ্যাসিড অধিক উৎপন্ন হয়। অবাত শ্বসন অধিকাংশ আণুবীক্ষণিক জীবেরই শক্তি উৎপাদনের একমাত্র প্রক্রিয়া

৬ শ্বসনের অবস্থান :

প্রকৃতকোষী এবং আদিকোষী জীবে শ্বসনের স্থান	
প্রকৃতকোষী	**আদিকোষী**
ক. মাইটোকন্ড্রিয়নের বাইরে (সাইটোপ্লাজমে) • গ্লাইকোলাইসিস • ফার্মেন্টেশন খ. মাইটোকন্ড্রিয়নের ভিতরে ম্যাট্রিক্স-এ গ. মাইটোকন্ড্রিয়নের ভিতরের ঝিল্লিতে	ক. সাইটোপ্লাজমে • গ্লাইকোলাইসিস • ফার্মেন্টেশন • ক্রেবস্ চক্র খ. কোষঝিল্লির ভিতরের তল • ইলেকট্রন ট্রান্সপোর্ট সিস্টেম।

৬ সবাত শ্বসন (Aerobic respiration) :

যে শ্বসন প্রক্রিয়ায় মুক্ত অক্সিজেনের উপস্থিতিতে কোষস্থ শ্বসনিক বস্তু সম্পূর্ণরূপে জারিত হয়ে CO_2 ও পানি উৎপন্ন করে এবং বিপুল পরিমাণ শক্তি উৎপাদন করে, তাকে সবাত শ্বসন বলে। অক্সিজেনের উপস্থিতিতে সংঘটিত হয় বলে এ প্রকার শ্বসনকে সবাত শ্বসন বলে। সকল বায়ুজীবী জীবকোষে (বহু ব্যাকটেরিয়া, অধিকাংশ ছত্রাক, উদ্ভিদ ও প্রাণী) সবাত শ্বসন সংঘটিত হয়। গ্লুকোজকে শ্বসনিক বস্তু হিসেবে ধরলে সবাত শ্বসনের বিক্রিয়াটি নিম্নরূপ :

$$C_6H_{12}O_6 + 6O_2 + 6H_2O + 36ADP + 36Pi \xrightarrow{\text{এনজাইম}} 6CO_2 + 12H_2O + 36ATP$$

৬ সবাত শ্বসনে (Aerobic respiration) উৎপন্ন মোট শক্তি :

সবাত শ্বসনে এক অণু গ্লুকোজ সম্পূর্ণ জারিত হয়ে CO_2 ও পানি উৎপাদনকালে নিম্নরূপ শক্তি উৎপাদন করে :

গ্লাইকোলাইসিস	ক্রেবস্ চক্র/ TCA চক্র	ETC (ETS)	সর্বমোট ATP
2ATP	.....	..... →	= 2 ATP
$2NADH + H^+$	.....	4 ATP	= 4 ATP
(যা সাইটোপ্লাজম থেকে মাইটোকন্ড্রিয়্যাল ম্যাট্রিক্স-এ প্রবেশকালে একটি ATP হারিয়ে $FADH_2$ তে পরিণত হয়।)	অ্যাসিটাইল Co-A সৃষ্টিকালে→ $2NADH+ H^+$..	6 ATP	= 6 ATP
	মূল ক্রেবস চক্রে .....→ $6NADH+ H^+$....	18 ATP	= 18 ATP
	মূল ক্রেবস চক্রে .....→ $2FADH_2$	4 ATP	= 4 ATP
	মূল ক্রেবস চক্রে .....→ 2ATP	.....→ 32 ATP	= 2 ATP = 36 ATP

এখানে উল্লেখ্য যে, এক মোল গ্লুকোজকে পোড়ালে ৬৮৬ কিলোক্যালরি শক্তি বের হয় কিন্তু বায়োলজিক্যাল সিস্টেমে মাত্র ৩৮০ কিলোক্যালরি কার্যকরী শক্তি পাওয়া যায় এবং বাকি শক্তি তাপশক্তি হিসেবে নষ্ট হয়ে যায়। বিভিন্ন রাসায়নিক বিক্রিয়ায় প্রতিটি ATP হতে মাত্র ১০ কিলোক্যালরি হিসেবে ৩৬টি ATP হতে ৩৬০ কিলোক্যালরি অথবা ৩৮টি ATP হতে ৩৮০ Kcal শক্তি সরবরাহ হয়, যার ফলে কার্যক্ষমতা দাঁড়ায় প্রায় ৫৫.৪% বা তারও কম। অনেকের মতে ৪০%।

অবাত ও সবাত শ্বসনের মধ্যে পার্থক্য :

অবাত শ্বসন	সবাত শ্বসন
• O_2 এর প্রয়োজন নেই।	• O_2 এর প্রয়োজন হয়।
• 2 টি ATP উৎপন্ন হয়	• 6 অণু CO_2 ও 36টি ATP উৎপন্ন হয়।
• ল্যাকটিক এসিড উৎপন্ন হয়।	• ল্যাকটিক এসিড উৎপন্ন হয় না
• পানি উৎপন্ন হয় না	• পানি উৎপন্ন হয়

জানতে হবে :

- C_3 উদ্ভিদের প্রথম স্থায়ী যৌগ 3PGA (৩ ফসফোগ্লিসারিক অ্যাসিড)।
- C_4 উদ্ভিদের প্রথম স্থায়ী যৌগ OAA (অক্সালো অ্যাসিটিক অ্যাসিড)।
- ক্যালভিন চক্রে Co_2 এর গ্রাহক RuBP।

Part 2 At a glance [Most Important Information]

- উদ্ভিদ শারীরতত্ত্বের জনক– **Stephen Hales**
- 'পাতা বায়ুমণ্ডল থেকে কিছু মৌল গ্রহণ করে' মতটি– **Hales এর (1727)**
- সোডিয়াম ক্লোরাইড পানিতে দ্রবীভূত হয়ে পরিণত হয়– **Na^+ ও Cl^- আয়নে**
- উদ্ভিদ সরাসরি বায়ুমণ্ডল হতে গ্রহণ করে– **C, H ও O**
- মাটি থেকে গ্রহণকৃত উদ্ভিদের ১৪টি মৌলকে বলে– **খনিজ পুষ্টি দ্রব্য**
- C_4 ফিকসিং লিগিউমের জন্য উপকারী মৌল– **কোবাল্ট**
- আয়ন বাহক ধারণার প্রবক্তা– **Vanden Honert (1937)**
- ব্যাপন হয়– **কোষরস অপেক্ষা মাটির রসের আয়নের ঘনত্ব বেশি হলে**
- পত্ররন্ধ্রের খোলা ও বন্ধ হওয়ার জীবজ ছন্দকে বলে– **পত্ররন্ধ্রীয় ঘড়ি**
- পত্ররন্ধ্র বন্ধ/খোলার কারণ সম্পর্কিত মতবাদ– **Loyd এর মতবাদ (1908)**
- Loyd এর মতে পত্ররন্ধ্র খোলা/বন্ধের কারণ– **রক্ষীকোষের অভিস্রবণিক চাপ**
- পত্ররন্ধ্র খোলা/বন্ধের কারণ সম্পর্কিত মতবাদ– **Sarye- এর মতবাদ (1926)**
- প্রোটন প্রবাহ মতবাদের পূর্বে প্রতিষ্ঠিত ছিল– **স্টার্চ-শুগার মতবাদ**
- রক্ষীকোষে K^+ প্রবেশ বৃদ্ধি পায়– **কোষে CO_2 এর পরিমাণ কমলে**
- পত্ররন্ধ্র বন্ধ হয়ে যায়– **রক্ষীকোষ থেকে K^+ বের হলে**
- প্রোটন প্রবাহ/আধুনিক মতবাদের প্রবক্তা– **বিজ্ঞানী Levitt (1974)**
- উৎপন্ন H^+ রক্ষীকোষ থেকে প্রবেশ করে– **সহকারী কোষে**
- প্রস্বেদনের হার নির্ণয় করা হয়– **গ্যানংপটোমিটারের সাহায্যে**
- কাণ্ডের কর্ক টিস্যুর স্থানে স্থানে ফেটে গিয়ে সৃষ্টি হয়– **লেন্টিসেল**
- লেন্টিসেল সৃষ্টি হয়– **উদ্ভিদের সেকেন্ডারি বৃদ্ধির ফলে**
- দ্বিবীজপত্রী গুল্ম/কাষ্ঠল উদ্ভিদের কাণ্ডের ক্ষুদ্র ক্ষুদ্র ছিদ্র– **লেন্টিসেল**
- সর্বপ্রথম Photosynthesis শব্দটি প্রবর্তন করেন– **বার্নেস (1898)**
- সালোকসংশ্লেষণে CO_2 ব্যবহৃত হয়– **কার্বোহাইড্রেট তৈরির জন্য**
- উদ্ভিদের সালোকসংশ্লেষণের অতি প্রয়োজনীয় উপাদান– **আলো**
- H থেকে He পরমাণুতে রূপান্তরে বিকিরিত শক্তি– **ফোটন কণা**
- সালোকসংশ্লেষণীয় কার্যকর বর্ণালি বলে– **বর্ণালির 'লাল ও নীল' অংশকে**
- বায়ুমণ্ডলে প্রতিফলিত হয় পৃথিবীতে আপতিত সূর্যালোকের– **12%**
- ফটোসিস্টেম অবস্থান করে– **ক্লোরোপ্লাস্টের থাইলাকয়েড মেমব্রেনে**
- C_3 চক্রে CO_2 এর প্রথম গ্রহীতা– **রাইবুলোজ 1,5-বিসফসফেট (RuBp)**
- RuBP এর সঙ্গে CO_2 যুক্ত হয়ে উৎপন্ন হয়– **কিটো অ্যাসিড**
- ফটোরেসপিরেশনে RuBP-র পরিবর্তে তৈরি হয়– **গ্লাইকোলেট**
- ফটোরেসপিরেশন C_3 উদ্ভিদের সালোকসংশ্লেষণের হার কমাতে পারে– **25%**
- C_2 চক্রের প্রথম স্থায়ী পদার্থ– **গ্লাইকোলিক অ্যাসিড (2-কার্বনবিশিষ্ট)**
- আলোক সংশ্লেষণে সংশ্লেষিত হয়– **গ্লাইসিন, সেরিন (অ্যামাইনো অ্যাসিড)**
- পাট, আম, জাম, লিচু (দ্বিবীজপত্রী উদ্ভিদ)– **C_3 উদ্ভিদ**
- C_3 ও C_4 উভয় চক্রই পাওয়া গেছে– **১১টি গণের সপুষ্পক উদ্ভিদে**
- অবাত গ্লাইকোলাইসিসে ATP-র প্রকৃত উৎপাদন ঘটে– **2 অণু**
- সাইট্রিক এসিডে কার্বোক্সিল (– COOH) গ্রুপ থাকে– **৩টি**
- ট্রাই কার্বক্সিলিক অ্যাসিড চক্র/TCA চক্র বলা হয়– **ক্রেবস চক্রকে**
- অক্সিডেটিভ ফসফোরাইলেশন নামে পরিচিত– **ETS**
- ইলেকট্রন ট্রান্সপোর্ট সিস্টেম আবিষ্কার করেন– **ম্যাকমুন (1880)**
- কখনো কখনো ইলেকট্রন গ্রহীতা হিসেবে কাজ করে– **FMN**
- রাসায়নিকভাবে CoQ সম্পর্কযুক্ত– **ভিটামিন E ও K এর সাথে**
- ফ্ল্যাভোপ্রোটিনকে Cyt.b এর সাথে সম্পর্কযুক্ত করে– **CoQ**

Part 3 কৃষি বিশ্ববিদ্যালয়ের বিগত বছরের প্রশ্ন ও সমাধান

গুচ্ছভুক্ত কৃষি বিশ্ববিদ্যালয়

01. উদ্ভিদের সবচেয়ে ধীর গতিতে শোষিত হয় কোনটি? [Agri Cluster : 22-23]

Ⓐ K^+ Ⓑ Ca^{2+} Ⓒ Na^+ Ⓓ Mg^{2+}

Solve • উদ্ভিদে সবচেয়ে ধীর গতিতে শোষিত হয় Ca^{2+} এবং SO_4^{2-}।

• সবচেয়ে দ্রুতগতিতে শোষিত হয় K^+ এবং NO_3^- আয়ন।

02. কোন আয়নটির শোষণ হার সবচেয়ে মন্থর? [Agri Cluster : 21-22]

Ⓐ Na^+ Ⓑ K^+ Ⓒ Mg^{++} Ⓓ Ca^{++}

Solve • K^+ এবং NO_3^- আয়ন সবচেয়ে দ্রুতগতিতে শোষিত হয়।

• Ca^{2+} এবং SO_4^{2-} আয়ন সবচেয়ে মন্থর গতিতে শোষিত হয়।

• Na^+ ও Cl^- আয়ন হিসেবেই মূল কর্তৃক শোষিত হয়।

• খনিজ লবণ উদ্ভিদ আয়ন হিসেবেই পরিশোষণ করে থাকে।

03. কোন আলোতে পত্ররন্ধ্রের খোলা ত্বরান্বিত হয়? [Agri Cluster : 21-22]

Ⓐ লাল Ⓑ নীল Ⓒ হলুদ Ⓓ কমলা

Solve • ব্লু লাইট পত্ররন্ধ্র খোলা ত্বরান্বিত করে।

• আলোকের উপস্থিতিতে পত্ররন্ধ্র খোলা থাকে এবং আলোর অনুপস্থিতিতে পত্ররন্ধ্র বন্ধ হয়ে যায়।

• পত্ররন্ধ্র খোলা ও বন্ধ হওয়াতে K^+ আয়ন মূখ্য ভূমিকা পালন করে।

04. কোনটি ট্রাইকার্বোক্সিলিক চক্র? [Agri Cluster : 21-22]

Ⓐ গ্লাইকোলাইসিস Ⓑ ক্রেবস চক্র Ⓒ C_3 চক্র Ⓓ C_4 চক্র

Solve • C_4 গতিপথ → ডাইকার্বোক্সিলিক চক্র।

• ক্রেবস চক্র → ট্রাইকার্বোক্সিলিক চক্র।

• গ্লাইকোলাইসিস → EMP পাথওয়ে

• গ্লাইকোলাইসিস শ্বসনের সাধারণ গতিপথ বা সাইটোপ্লাজমিক শ্বসন নামেও পরিচিত।

05. গ্লাইকোলাইসিস ও ক্রেবস চক্রের সংযোগকারী রাসায়নিক উপাদান কোনটি? [Agri Cluster : 21-22]

Ⓐ সাইট্রিক অ্যাসিড Ⓑ পাইরুভিক অ্যাসিড

Ⓒ অ্যাসিটাইল CoA Ⓓ অক্সালো অ্যাসিটিক অ্যাসিড

Solve • অ্যাসিটাইল Co-A হলো ক্রেবসচক্রের প্রধান কাচাঁমাল এবং একে গ্লাইকোলাইসিস ও ক্রেবস চক্রের সংযোগকারী রাসায়নিক উপাদানও বলা হয়।

• পাইরুভিক অ্যাসিডের সবাত জারণ ক্রেবস চক্রের মাধ্যমেই ঘটে।

• ম্যাট্রিক্সে স্থায়ী আবাসনের জন্য অক্সালো অ্যাসিটিক অ্যাসিডকে আবাসিক অণু বলা হয়।

06. সাইট্রিক অ্যাসিড চক্রে নির্গত হাইড্রোজেন গ্রহণ করে কোনটি? [Agri Cluster : 21-22]

Ⓐ GTP Ⓑ ATP Ⓒ NADP Ⓓ FAD

Solve • সাইট্রিক অ্যাসিড চক্রে নির্গত হাইড্রোজেন গ্রহণ করে FAD।

$$\text{সাকসিনিক অ্যাসিড} \xrightarrow[\text{সাকসিনেট ডিহাইড্রোজিনেজ}]{\text{FAD} \rightarrow \text{FADH}_2} \text{ফিউমারিক অ্যাসিড}$$

• এ চক্রের প্রধান নিয়ন্ত্রক হচ্ছে আইসোসাইট্রেট ডিহাইড্রোজিনেজ এনজাইম।

• আমরা শ্বসনে যে CO_2 ত্যাগ করি তা এই চক্র থেকেই উৎপন্ন হয়।

07. সকল সালোকসংশ্লেষিত সবুজ উদ্ভিদ ধারণ করে– [Agri Cluster : 20-21]

Ⓐ Chlorophyll a Ⓑ Chlorophyll b

Ⓒ Chlorphyll c Ⓓ Chloraphyll d

Solve ক্লোরোফিল a হলো ক্লোরোফিলের একটি নির্দিষ্ট রূপ যা অক্সিজেনিক সালোকসংশ্লেষণে ব্যবহৃত হয়। এটি বেগুনি-নীল এবং কমলা-লাল আলোর তরঙ্গদৈর্ঘ্য থেকে সর্বাধিক শক্তি শোষণ করে। Chlorophyll a সালোকসংশ্লেষিত সবুজ উদ্ভিদ ধারণ করে।

08. সালোকসংশ্লেষণের সময় মুক্ত অক্সিজেন কোথা থেকে আসে? [Agri Cluster : 20-21]

Ⓐ CO_2 Ⓑ Water

Ⓒ Phosphoglyceric acid Ⓓ Cholorophyll

Solve নিচের রাসায়নিক বিক্রিয়াটির মাধ্যমে উচ্চতর উদ্ভিদে সংঘটিত সালোকসংশ্লেষণের প্রক্রিয়াকে দেখানো যায় :

$$6CO_2 + 12H_2O \xrightarrow[\text{ক্লোরোফিল}]{\text{সূর্যালোক}} C_6H_{12}O_6 + 6H_2O + 6O_2$$

সালোকসংশ্লেষণ প্রক্রিয়ায় ১ অণু হেক্সোজ শর্করা প্রস্তুত করতে ৬ অণু CO_2 ও ১২ অণু H_2O প্রয়োজন পড়ে এবং ৫০-৬০ ফোটন কণা ব্যবহৃত হয়। এটি জারণ-বিজারণ বিক্রিয়া নামেও পরিচিত। কারণ, এখানে H_2O থেকে একদিকে যেমন O_2 মুক্ত হয়, অন্যদিকে তেমনি CO_2 এর সাথে হাইড্রোজেন সংযুক্ত হয়। [Ref : হাসান]

09. গ্লাইকোলাইসিস কোথায় ঘটে? [Agri Cluster : 20-21]

Ⓐ সাইটোপ্লাজম Ⓑ ক্লোরোপ্লাস্ট Ⓒ রাইবোসোম Ⓓ মাইটোকন্ড্রিয়া

Solve গ্লাইকোলাইসিস কোষের শ্বসনকালে ঘটে। কোষের সাইটোপ্লাজমে সম্পন্ন হয়। সূর্যালোকের প্রয়োজন পড়ে না। এই প্রক্রিয়াকে EMP পথ বলে। [Ref : হাসান]

10. কোন ধরনের উদ্ভিদে সালোকসংশ্লেষণের দক্ষতা বেশি? [Agri Cluster : 19-20]

Ⓐ CAM Ⓑ C_3 Ⓒ C_4 Ⓓ All

Solve সালোকসংশ্লেষণের জন্য C_3 উদ্ভিদের ক্ষেত্রে 50 ppm CO_2 থাকা প্রয়োজন। C_4 উদ্ভিদের জন্য 0.10 ppm CO_2 প্রয়োজন। অনেক কম পরিমাণ CO_2 থাকলেও C_4 উদ্ভিদ সালোক সংশ্লেষণ করতে পারে। [Ref : হাসান]

11. শ্বসন সংঘটিত হয় না কোথায়? [Agri Cluster : 19-20]

Ⓐ অঙ্কুরিত ছোলা বীজ Ⓑ চালের দানা Ⓒ পাকা আমে Ⓓ সবগুলো

Solve চালের দানায় বিপাকীয় কার্যাবলি ঘটেনা বলে শ্বসন হয়না। অঙ্কুরিত হওয়ার পূর্বে বীজে শ্বসন ঘটেনা।

12. কোষের শ্বসন প্রক্রিয়ার কোন ধাপে সবচেয়ে বেশি ATP তৈরি হয়? [Agri Cluster : 19-20]

Ⓐ গ্লাইকোলাইসিস Ⓑ পাইরুভেট অক্সিডেশন

Ⓒ ক্রেবস চক্র Ⓓ কেমিঅসমোসিস

Solve এক অণু গ্লুকোজে উৎপন্ন ATP :

• গ্লাইকোলাইসিস → 2 ATP

• ক্রেবস চক্র → 2 ATP

• কেমিঅসমোসিস (ETS) → 32 ATP [Ref : হাসান]

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়

01. প্রস্বেদন প্রক্রিয়ায় উদ্ভিদের পাতা থেকে পানি কী আকারে বায়ুমণ্ডলে নির্গত হয়? [BAU : 18-19]

Ⓐ বাষ্প Ⓑ তরল Ⓒ প্লাজমা Ⓓ অণু

Solve উদ্ভিদের বায়বীয় অঙ্গ হতে বাষ্পাকারে পানি নির্গত হওয়ার প্রক্রিয়াকে প্রস্বেদন বলে। [Ref : হাসান]

02. কোন জৈব প্রক্রিয়ায় উদ্ভিদ মাটি থেকে মূলে পানি শোষণ করে? [BAU : 18-19]

Ⓐ ইমবাইবিশন Ⓑ অভিস্রবণ Ⓒ ব্যাপন Ⓓ শ্বসন

Solve পানি সার্বজনীন দ্রাবক। মাটিতে পানির ঘনত্ব বেশি থাকে এবং উদ্ভিদের মূলে ঘনত্ব কম থাকে। তাই, পানি মাটি হতে অসমোসিস প্রক্রিয়ায় মূলে প্রবেশ করে। [Ref : হাসান]

03. গ্লাইকোলাইসিস প্রক্রিয়ায় এক অণু গ্লুকোজ ভেঙে কয় অণু পাইরুভিক অ্যাসিডে পরিণত হয়? [BAU : 18-19]

Ⓐ ১ Ⓑ ২ Ⓒ ৩ Ⓓ ৪

Solve যে প্রক্রিয়ায় এক অণু গ্লুকোজ ভেঙ্গে বিভিন্ন রাসায়নিক বিক্রিয়ায় জারিত হয়ে দুই অণু পাইরুভিক অ্যাসিড তৈরি হয় তাকে গ্লাইকোলাইসিস বলে। এটি অবাত ও সবাত শ্বসন উভয়েরই প্রথম ধাপ। [Ref : হাসান]

04. কোন উদ্ভিদ পাতার পরিবর্তে কাণ্ডের সাহায্যে সালোকসংশ্লেষণ সম্পন্ন করে থাকে? [BAU : 17-18]

Ⓐ আনারস Ⓑ পেঁয়াজ
Ⓒ ফণীমনসা Ⓓ লেটুস

Ans Ⓒ

05. সালোকসংশ্লেষণে অক্সিজেনের উৎস কী? [BAU : 17-18]

Ⓐ CO_2 Ⓑ H_2O Ⓒ H_2O_2 Ⓓ $C_6H_{12}O_6$ Ans Ⓑ

06. সালোকসংশ্লেষণের আলোক অধ্যায়ে কোন যৌগ উৎপন্ন হয়? [BAU : 16-17]

Ⓐ ATP & ADP Ⓑ PEP & ATP
Ⓒ FAD & ATP Ⓓ ATP & $NADPH_2$

Ans Ⓓ Solve সালোকসংশ্লেষণের আলোক পর্যায়ের বিক্রিয়াসমূহ থাইলাকয়েড মেমব্রেনে সংঘটিত হয়। এ অধ্যায়ে H_2O ভেঙে O_2 নির্গত হয় এবং NADP বিজারিত হয়ে $NADPH + H^+$ তৈরি হয়।

$$2ADP + 2Pi + 2NADP + 4H_2O \xrightarrow[\text{ক্লোরোফিল}]{\text{সূর্যালোক}} 2ATP + 2NADP + H^+ + 2H_2O + O_2$$

07. বীজ অঙ্কুরোদ্গমের সময়ে যে প্রক্রিয়ায় পানি শোষিত হয় তাকে কী বলা হয়? [BAU : 16-17]

Ⓐ ব্যাপন Ⓑ অভিস্রবণ Ⓒ কোহেসন Ⓓ ইমবাইবিশন

Ans Ⓓ Solve কলয়েড জাতীয় শুষ্ক বা আংশিক শুষ্ক পদার্থ কর্তৃক তরল পদার্থ শোষণের বিশেষ প্রক্রিয়াকে ইমবাইবিশন বলে। যেসব পদার্থ পানি শোষণ করে স্ফীত হয় সেসব পদার্থকে হাইড্রোফিলিক পদার্থ বলে। যেমন– আঠা, সেলুলোজ, স্টার্চ, প্রোটিন, জেলাটিন ইত্যাদি। [Ref : হাসান]

08. যে প্রক্রিয়ায় উদ্ভিদে আলোক শক্তি রাসায়নিক শক্তিতে রূপান্তরিত হয় তার নাম কী? [BAU : 12-13]

Ⓐ শ্বসন Ⓑ সালোকসংশ্লেষণ
Ⓒ গ্লাইকোলাইসিস Ⓓ ইমবাইবিশন

Ans Ⓑ Solve সালোকসংশ্লেষণ প্রক্রিয়ায় প্রয়োজন হয় CO_2, পানি, সূর্যালোক এবং ক্লোরোফিল। উৎপন্ন হয় কার্বোহাইড্রেট বা শর্করা এবং O_2। CO_2 ব্যবহৃত হয় রাসায়নিক শক্তি হিসেবে $NADPH + H^+$ তৈরির জন্য। সূর্যালোকের প্রয়োজন হয় শক্তির জন্য এবং ক্লোরোফিলের প্রয়োজন হয় সূর্যশক্তিকে শোষণ করে রাসায়নিক শক্তিতে রূপান্তরের জন্য। এটি একটি শারীরবৃত্তীয় প্রক্রিয়া। [Ref : হাসান]

09. সাবাত শ্বসন প্রক্রিয়ার এক অণু গ্লুকোজ সম্পূর্ণ জারিত হয়ে CO_2 ও পানি উৎপাদনকালে কয় অণু ATP তৈরি করে? [BAU : 10-11]

Ⓐ 28ATP Ⓑ 18ATP Ⓒ 25ATP Ⓓ 36ATP Ans Ⓓ

10. কোন প্রক্রিয়ায় মাটির কণার ফাঁকের পানি উদ্ভিদের মূলরোমে প্রবেশ করে? [BAU : 08-09]

Ⓐ ব্যাপন Ⓑ ইমবাইবিশন
Ⓒ অভিস্রবণ Ⓓ প্রস্বেদন

Ans Ⓒ Solve অভিস্রবণ প্রক্রিয়ায় মাটির কণার ফাঁকের পানি উদ্ভিদের মূলরোমে প্রবেশ করে।

11. C_4 উদ্ভিদে প্রথম স্থায়ী পদার্থ হলো– [BAU : 07-08]

Ⓐ পাইরুভিক অ্যাসিড Ⓑ ফসফোগ্লিসারিক অ্যাসিড
Ⓒ অক্সালো অ্যাসিটিক অ্যাসিড Ⓓ ম্যালিক অ্যাসিড

Ans Ⓒ Solve **গুরুত্বপূর্ণ তথ্য :**

- C_4 উদ্ভিদের প্রথম স্থায়ী পদার্থ অক্সালো অ্যাসিটিক অ্যাসিড।
- ক্যালভিন চক্রের প্রথম স্থায়ী পদার্থ 3 ফসফোগ্লিসারিক অ্যাসিড।
- হ্যাচ ও স্ল্যাক চক্রের প্রথম স্থায়ী পদার্থ অক্সালো অ্যাসিটিক অ্যাসিড।
- ক্যালভিন চক্রে CO_2 এর প্রথম গ্রাহক রাইবুলোজ 1, 5 বিসফসফেট।
- হ্যাচ স্ল্যাক চক্রে CO_2 এর প্রথম গ্রাহক পাইরুভিক অ্যাসিড।

12. উদ্ভিদের জন্য সহজলভ্য পানির উৎস কোনটি? [BAU : 07-08]

Ⓐ অভিকর্ষীয় পানি Ⓑ বাষ্পকণাজাত পানি
Ⓒ কণা শোষিত পানি Ⓓ কৈশিক পানি

Ans Ⓓ Solve উদ্ভিদের জন্য সহজলভ্য পানি হলো কৈশিক পানি। উদ্ভিদ মূলের সাহায্যে মাটি থেকে সহজেই কৈশিক পানি গ্রহণ করতে পারে।

13. $NADPH_2$ সালোকসংশ্লেষণের কোন পর্যায়ে তৈরি হয়? [BAU : 07-08]

Ⓐ অচক্রীয় আলোক পর্যায়ে Ⓑ অন্ধকার পর্যায়ে
Ⓒ চক্রীয় আলোক পর্যায়ে Ⓓ কোনোটিই নয়

Ans Ⓐ Solve **গুরুত্বপূর্ণ কয়েকটি তথ্য :**

- $NADPH_2$ সালোকসংশ্লেষণের অচক্রীয় আলোক পর্যায়ে গঠিত হয়।
- চক্রীয় ও অচক্রীয় উভয় প্রক্রিয়ায় এক অণু ATP তৈরি হয়।
- অন্ধকার পর্যায়ে কোনো ATP ও $NADPH_2$ উৎপন্ন হয় না।

14. ক্রেবস চক্রের বিক্রিয়া কোথায় সংঘটিত হয়? [BAU : 07-08]

Ⓐ মাইটোকন্ড্রিয়া Ⓑ সাইটোপ্লাজম Ⓒ গলগি বডি Ⓓ রাইবোসোম

Ans Ⓐ Solve **বিভিন্ন প্রক্রিয়া সংঘটনের স্থান :**

- **ক্রেবস চক্র :** মাইটোকন্ড্রিয়া।
- **গ্লাইকোলাইসিস :** সাইটোপ্লাজম।
- **অ্যাসিটাইল কো-এ সৃষ্টি :** সাইটোপ্লাজম।
- **ETS :** মাইটোকন্ড্রিয়া।

15. সালোকসংশ্লেষণ প্রক্রিয়ায় উপজাত দ্রব্য হিসেবে যে অক্সিজেন নির্গত হয় তার উৎস– [BAU : 06-07]

Ⓐ H_2O Ⓑ CO_2 Ⓒ Chlorophyll Ⓓ Light Ans Ⓐ

16. উদ্ভিদ মূলরোমের সাহায্যে মাটি থেকে যে প্রক্রিয়ায় পানি শোষণ করে তার নাম– [BAU : 05-06]

Ⓐ অভিস্রবণ Ⓑ ব্যাপন Ⓒ প্রস্বেদন Ⓓ ইমবাইবিশন

Ans Ⓐ Solve উদ্ভিদ মূলরোমের সাহায্যে মাটি থেকে অভিস্রবণ প্রক্রিয়ায় পানি শোষণ করে।

17. CAM উদ্ভিদ কোনটি? [BAU : 05-06]

Ⓐ ইক্ষু Ⓑ ভুট্টা Ⓒ যব Ⓓ আনারস

Ans Ⓓ Solve CAM উদ্ভিদ হলো আনারস, ক্যাকটাস, অর্কিড প্রভৃতি।

18. দিন নিরপেক্ষ উদ্ভিদ কোনটি? [BAU : 05-06]

Ⓐ সূর্যমুখী Ⓑ মূলা Ⓒ যব Ⓓ ইক্ষু

Ans Ⓐ Solve দিন নিরপেক্ষ উদ্ভিদ : টম্যাটো, আনারস, শসা, তুলা, কার্পাস, সূর্যমুখী প্রভৃতি।

19. বায়ুমণ্ডলে কার্বন ডাইঅক্সাইড-এর পরিমাণ কত ভাগ? [BAU : 05-06]

Ⓐ 0.01 ভাগ Ⓑ 0.05 ভাগ Ⓒ 0.03 ভাগ Ⓓ 0.07 ভাগ

Ans Ⓒ Solve বায়ুমণ্ডলে CO_2 এর পরিমাণ 0.03 ভাগ।

20. সালোকসংশ্লেষণ প্রক্রিয়ায় উপজাত দ্রব্য হিসেবে যে O_2 নির্গত হয় তার উৎস কী? [BAU : 04-05]

Ⓐ H_2O Ⓑ CO_2 Ⓒ ক্লোরোফিল Ⓓ আলো

Ans Ⓐ Solve হিল বিক্রিয়া, ভ্যান নীল ও রুবেন-কামেন এর তেজস্ক্রিয়তা চিহ্নিতকরণ বিক্রিয়া থেকে সহজেই প্রমাণিত হয় যে, সালোকসংশ্লেষণ প্রক্রিয়ায় উপজাত হিসেবে নির্গত O_2 এর পুরোটাই আসে H_2O থেকে।

21. ছোট দিনের উদ্ভিদ কোনটি? [BAU : 04-05]

Ⓐ ইক্ষু Ⓑ ভুট্টা Ⓒ টম্যাটো Ⓓ যব

Ans Ⓐ Solve কয়েকটি ছোট দিনের উদ্ভিদ হলো সয়াবিন, গোল আলু, তামাক, চন্দ্রমল্লিকা, পাট, আম, ডালিয়া, কসমস, শিম, অ্যাস্টার, ইক্ষু, ওকরা, জিনিয়া ও কলমি শাক।

22. তাপমাত্রা বৃদ্ধি পেলে আর্দ্রতার অবস্থা কী হয়? [BAU : 04-05]

Ⓐ বৃদ্ধি পায় Ⓑ কোনো পরিবর্তন হয় না
Ⓒ কমে যায় Ⓓ কোনোটিই নয়

Ans Ⓐ

23. ক্রেবস চক্রে অক্সালো অ্যাসিটিক অ্যাসিড ও অ্যাসিটাইল কো-এ বিক্রিয়া শেষে তৈরি হয়– [BAU : 03-04]

Ⓐ সাইট্রিক অ্যাসিড Ⓑ আইসোসাইট্রিক অ্যাসিড
Ⓒ সাকসিনিক Ⓓ ম্যালিক অ্যাসিড

Ans Ⓐ Solve ক্রেবস চক্রে অক্সালো অ্যাসিটিক অ্যাসিড ও অ্যাসিটাইল কো-এ বিক্রিয়া করে তৈরি করে সাইট্রিক অ্যাসিড।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

24. চক্রিয় ফটোফসফোরাইলেশন এর মাধ্যমে কত অণু ATP তৈরি হয়? [BAU : 03-04]

Ⓐ এক অণু Ⓑ দুই অণু Ⓒ তিন অণু Ⓓ চার অণু

Ans A Solve অচক্রিয় ফটোফসফোরাইলেশন ও চক্রিয় ফটোফসফোরাইলেশন এ দুটোই আলোক শক্তি ব্যবহার করে উদ্ভিদের ATP তৈরি প্রক্রিয়া। এ দুটি প্রক্রিয়াতেই উদ্ভিদ একটি করে ATP উৎপন্ন করে।

25. যে প্রক্রিয়া ফলের মিষ্টতা বৃদ্ধিতে সহায়তা করে তার নাম– [BAU : 02-03]

Ⓐ অভিস্রবণ Ⓑ শোষণ Ⓒ শ্বসন Ⓓ প্রস্বেদন

Ans D Solve প্রস্বেদনের উপকারিতা :

- কোষ বিভাজন
- দৈহিক বৃদ্ধি
- লবণ পরিশোষণ, পানি শোষণ, শক্তি নির্গমণ
- ফল সৃষ্টি ও ফলের মিষ্টতা বৃদ্ধি
- অভিস্রবণ প্রক্রিয়া
- খাদ্য পরিবহন
- পাতায় ছত্রাকের আক্রমণ রোধ ইত্যাদি।

26. C_4 উদ্ভিদ সালোকসংশ্লেষণ প্রক্রিয়ার CO_2 গ্রাহক হলো– [BAU : 02-03]

Ⓐ 3-ফসফোগ্লিসারিক অ্যাসিড Ⓑ ডি-কার্বক্সিলিক অ্যাসিড
Ⓒ ফসফোইনোল পাইরুভিক অ্যাসিড Ⓓ ডিহাইড্রোজিনেজ পাইরুভিক অ্যাসিড

Ans C Solve ক্যালভিন চক্র বা C_3 চক্রে রাইবুলোজ 1, 5 বিসফসফেট হলো CO_2 এর প্রথম গ্রাহক। কিন্তু হ্যাচ ও স্ল্যাকচক্রে CO_2 এর প্রথম গ্রাহক হলো ফসফোইনোল পাইরুভিক অ্যাসিড।

27. অবাত শ্বসনে গ্লাইকোলাইসিস প্রক্রিয়ায় উৎপন্ন পাইরুভিক অ্যাসিড অসম্পূর্ণভাবে জারিত হয়ে উৎপন্ন করে– [BAU : 02-03]

Ⓐ ইথানল ও CO_2 Ⓑ লেকটেট ও CO_2
Ⓒ ফসফোগ্লিসারিক অ্যাসিড ও CO_2 Ⓓ ম্যালেট ও CO_2

Ans A Solve অবাত শ্বসনে গ্লাইকোলাইসিস প্রক্রিয়ায় পাইরুভিক অ্যাসিড জারিত হয়ে ইথানল উৎপন্ন হয়।

28. উদ্ভিদ মূলরোম দিয়ে কোনটি শোষণ করতে পারে? [BAU : 01-02]

Ⓐ বাষ্পকণাজাত Ⓑ কৈশিক পানি
Ⓒ অভিকর্ষিয় পানি Ⓓ শুধুমাত্র কণাশোষিত পানি

Ans B Solve কৈশিক পানিই উদ্ভিদ মূলরোম দিয়ে শোষণ করে। উদ্ভিদের জন্য এ পানিই সহজলভ্য। এছাড়া কণাশোষিত পানিও মূলরোম কিছু শোষণ করতে পারে।

তথ্য : মাটিতে যে পানি থাকে তা চার প্রকার :
১। অভিকর্ষীয় পানি, ২। কণাজাত পানি, ৩। কণা বিশোষিত পানি ও কৈশিক পানি।
পানি পরিশোষণ প্রক্রিয়াসমূহের নাম :
১। ইমবাইবিশন, ২। ডিফিউশন বা ব্যাপন, ৩। অসমোসিস বা অভিস্রবণ।

29. গ্লাইকোলাইসিস বলতে কি বুঝায়? [BAU : 01-02]

Ⓐ কেবল সবাত শ্বসনের প্রথম ধাপ Ⓑ সবাত ও অবাত শ্বসনের প্রথম ধাপ
Ⓒ কেবল অবাত শ্বসনের প্রথম ধাপ Ⓓ সাধারণত সবাত শ্বসনের প্রথম ধাপ

Ans B Solve গ্লাইকোলাইসিস সম্পর্কে কিছু তথ্য :

1. এ প্রক্রিয়ায় নীট উৎপাদ → 2 অণু ATP; 2 অণু $NADH_2$ এবং 2 অণু পাইরুভিক অ্যাসিড।
2. গ্লাইকোলাইসিসের বিক্রিয়াগুলো কোষের সাইটোপ্লাজমে ঘটে।

30. পত্ররন্ধ্রের মাধ্যমে শতকরা কতভাগ প্রস্বেদন হয়? [BAU : 01-02]

Ⓐ 40% – 50% Ⓑ 55 – 65% Ⓒ 80 – 85% Ⓓ 95 – 98%

Ans D Solve পত্ররন্ধ্রের মাধ্যমে শতকরা 95–98% ভাগ ত্বকীয় বা কিউটিকুলার প্রস্বেদন এবং ৫-১০ ভাগ লেন্টিকুলার প্রস্বেদন সম্পন্ন হয়।

31. অসমোসিস প্রক্রিয়ায় কি ঘটে? [BAU : 01-02]

Ⓐ শুধু দ্রাবকের ব্যাপন ঘটে Ⓑ শুধু দ্রব্য পদার্থের ব্যাপন ঘটে
Ⓒ আংশিক দ্রব পদার্থের ব্যাপন ঘটে
Ⓓ দুটি একই ঘনত্বের দ্রবণ একটি বৈষম্যভেদ্য ঝিল্লি দিয়ে পৃথক থাকতে হয়

Ans A Solve ব্যাপন প্রক্রিয়ায় (দ্রব+দ্রাবকের) উভয়েরই ব্যাপন ঘটে।

32. C_4 উদ্ভিদ কোনটি? [BAU : 00-01]

Ⓐ ধান Ⓑ গম Ⓒ যব Ⓓ ভুট্টা

Ans D Solve

Example of C_3 & C_4 Plant	
C_3 উদ্ভিদ : ধান, গম, রাই ইত্যাদি।	C_4 উদ্ভিদ : ইক্ষু, ভুট্টা, মুথা ঘাস ইত্যাদি।

33. কোন উদ্ভিদকে ছোটো দিনের উদ্ভিদ বলা হয়? [BAU : 00-01]

Ⓐ ভুট্টা Ⓑ ইক্ষু Ⓒ যব Ⓓ টম্যাটো

Ans B Solve

ছোটো দিনের উদ্ভিদ	বড়ো দিনের উদ্ভিদ	নিরপেক্ষ দিনের উদ্ভিদ
i. পাট	i. মূলা	i. টম্যাটো
ii. তামাক	ii. স্পাইনাক	ii. শসা
iii. আলু	iii. আফিং	iii. তুলা
iv. সয়াবিন	iv. বীট	iv. সূর্যমুখী
v. কফি	v. যই	v. সন্ধ্যামালতী
vi. ইক্ষু	vi. গম	vi. মটর
vii. কসমস	vii. ভুট্টা	
viii. চন্দ্র মল্লিকা	viii. পালং শাক	
ix. ডালিয়া	ix. লেটুস	

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়

01. কোন আলোতে সালোকসংশ্লেষণ বেশি হয়? [SAU : 17-18]

Ⓐ সবুজ Ⓑ বেগুনি Ⓒ লাল Ⓓ নীল

Ans C Solve একক আলো হিসেবে লাল আলোতে সালোকসংশ্লেষণ বেশি হয়। অন্যদিকে সবুজ আলোতে কম।

02. কোনটি উদ্ভিদের জন্য নাইট্রোজেনের দ্রবণীয় রূপ? [SAU : 17-18]

Ⓐ NO_3^- Ⓑ NO_3^+ Ⓒ NO_3 Ⓓ NH_3

Ans A Solve উদ্ভিদ আয়ন হিসেবে নাইট্রোজেন গ্রহণ করে। NO_3^- আয়ন হলো উদ্ভিদের জন্য গুরুত্বপূর্ণ আয়ন। K^+ ও NO_3^- আয়ন উদ্ভিদ কর্তৃক দ্রুতগতিতে শোষিত হয়।

03. উদ্ভিদের সালোকসংশ্লেষণ প্রক্রিয়ার আলোক বিক্রিয়ায় কয়টি ATP পরবর্তী অন্ধকার বিক্রিয়ায় ব্যবহারের জন্য তৈরি হয়? [SAU : 17-18]

Ⓐ 38 Ⓑ 30
Ⓒ 18 Ⓓ 12 Ans D

04. গ্লুকোজ থেকে গ্লুকোজ-৬ ফসফেট তৈরিতে অনুঘটক হিসেবে কাজ করে কোনটি? [SAU : 16-17]

Ⓐ আইসোমারেজ Ⓑ অ্যালডোলেজ
Ⓒ হেক্সোকাইনেজ Ⓓ ফসফোগ্লিসারোমিউটেজ

Ans C Solve গ্লুকোজ ATP থেকে একটি ফসফেট গ্রহণ করে গ্লুকোজ-৬ ফসফেট যৌগ ও ADP তৈরি হয়। এ বিক্রিয়ায় হেক্সোকাইনেজ এনজাইম ক্রিয়াশীল থাকে। [Ref : আজমল]

05. আধুনিক ধারণায় পত্ররন্ধ্র খোলা ও বন্ধ হওয়ার জন্য কোনটি দায়ী? [SAU : 16-17]

Ⓐ P Ⓑ NO_3
Ⓒ B Ⓓ K^+

Ans D Solve আধুনিক ধারণা মতে, পত্ররন্ধ্র খোলা ও বন্ধ হওয়ার জন্য দায়ী K^+ আয়ন। [Ref : হাসান]

06. ক্যালভিন চক্রের প্রথম স্থায়ী পদার্থ কী? [SAU : 16-17]

Ⓐ রাইবোলোজ বাই ফসফেট Ⓑ ৩-ফসফোগ্লিসারিক অ্যাসিড
Ⓒ ডাই হাইড্রোক্সি এসিটোন ফসফেট Ⓓ জাইলোলুজ

Ans B Solve C_3 ও C_4 চক্রের ১ম স্থায়ী পদার্থ :

- ক্যালভিন চক্র বা C_3 চক্রের প্রথম স্থায়ী পদার্থ → ৩-ফসফোগ্লিসারিক অ্যাসিড।
- হ্যাচ ও স্ল্যাক চক্র বা C_4 চক্রের প্রথম স্থায়ী পদার্থ → অক্সালো অ্যাসিটিক অ্যাসিড। [Ref : হাসান]

07. NADP কী ধরনের রাসায়নিক দ্রব্য? [SAU : 16-17]

Ⓐ এনজাইম Ⓑ ভিটামিন
Ⓒ ফাইটোহরমোন Ⓓ কো-এনজাইম

Ans D Solve এনজাইমের প্রোসথেটিক গ্রুপটি কোনো জৈব রাসায়নিক পদার্থ হলে তাকে কো-এনজাইম বলে। যেমন : ATP, NAD, NADP, FAD প্রভৃতি কো-এনজাইম। [Ref : হাসান]

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

08. উদ্ভিদের খনিজ লবণ পরিশোষণের জন্য কোন তথ্যটি সঠিক? [SAU : 15-16]

Ⓐ মূলরোম দ্বারাই অধিকাংশ ক্ষেত্রে শোষিত হয়
Ⓑ বিপাকীয় শক্তির প্রত্যক্ষ প্রয়োজন নেই
Ⓒ আয়ন হিসেবে শোষিত হয় Ⓓ অণু হিসেবে শোষিত হয়

Ans C Solve উদ্ভিদ কখনো কঠিন অবস্থায় কোনো পদার্থ শোষণ করতে পারে না। মাটিই খনিজ লবণ সরবরাহের একমাত্র উৎস। উদ্ভিদ খনিজ লবণ আয়ন হিসেবে পরিশোষণ করে। [Ref : হাসান]

09. আয়ন প্রবাহ মতবাদ অনুযায়ী পত্ররন্ধ্র বন্ধ ও খোলা রাখার জন্য কোন আয়ন ভূমিকা রাখে? [SAU : 15-16]

Ⓐ K^+ Ⓑ Na^+ Ⓒ Fe^{++} Ⓓ Fl^-

Ans A Solve আয়ন প্রবাহ মতবাদ অনুযায়ী পত্ররন্ধ্র খোলা ও বন্ধ রাখার জন্য K^+ আয়ন ভূমিকা রাখে। [Ref : হাসান]

10. হ্যাচ ও স্ল্যাক চক্রের প্রথম স্থায়ী পদার্থ হলো– [SAU : 14-15]

Ⓐ ম্যালিক অ্যাসিড Ⓑ অক্সালো অ্যাসিটিক অ্যাসিড
Ⓒ পাইরুভিক অ্যাসিড Ⓓ সাইট্রিক অ্যাসিড

Ans B Solve **গুরুত্বপূর্ণ তথ্য :**

- ক্যালভিন চক্রের প্রথম স্থায়ী পদার্থ ৩-ফসফোগ্লিসারিক অ্যাসিড।
- হ্যাচ ও স্ল্যাক চক্রের প্রথম স্থায়ী পদার্থ অক্সালো অ্যাসিটিক অ্যাসিড। [Ref : হাসান]

11. সালোকসংশ্লেষণের সময় সবচেয়ে বেশি ব্যবহৃত বর্ণালি কোনটি? [SAU : 10-11]

Ⓐ লাল Ⓑ হলুদ Ⓒ কমলা Ⓓ বেগুনি-নীল

Ans D Solve সালোকসংশ্লেষণের সময় বেগুনি-নীল ও কমলা-লাল আলো বেশি ব্যবহৃত হয়। একক আলো হিসেবে লাল আলোতে সালোকসংশ্লেষণ বেশি হয়। [Ref : হাসান]

12. যে জৈবিক প্রক্রিয়ায় পাইরুভিক অ্যাসিড সম্পূর্ণভাবে জারিত হয় তাকে বলে– [SAU : 10-11]

Ⓐ সবাত শ্বসন Ⓑ অবাত শ্বসন Ⓒ সংশ্লেষণ Ⓓ দহন

Ans A Solve সবাত শ্বসন প্রক্রিয়ায় পাইরুভিক অ্যাসিড সম্পূর্ণভাবে জারিত হয়। [Ref : হাসান]

13. কোনটি নিরপেক্ষ দিনের উদ্ভিদ? [SAU : 08-09]

Ⓐ আউশ ধান Ⓑ আমন ধান Ⓒ পালং শাক Ⓓ শিম

Ans A Solve
- **ছোট দিনের উদ্ভিদ :** সয়াবিন, গোলআলু, তামাক, চন্দ্রমল্লিকা, পাট, আম, ডালিয়া, কসমস, শিম, রোপা আমন ধান, অ্যাস্টার, ইক্ষু, ওকরা, জিনিয়া, কলমি শাক ইত্যাদি।
- **বড় দিনের উদ্ভিদ :** মূলা, পালংশাক, গম, বীট, লেটুস, মটরশুঁটি, আফিম, যব, ঝিঙা, ডায়ান্থাস ইত্যাদি।
- **দিন-নিরপেক্ষ উদ্ভিদ :** টম্যাটো, তুলা, শসা, কার্পাস, সূর্যমুখী, আউশ ধান ইত্যাদি।

14. C_3 উদ্ভিদে সালোকসংশ্লেষণ প্রক্রিয়ায় তৈরিকৃত খাদ্যের প্রথম স্থায়ী পদার্থ হলো– [SAU : 08-09]

Ⓐ পানি Ⓑ অক্সালো অ্যাসিটিক অ্যাসিড
Ⓒ ম্যালিক অ্যাসিড Ⓓ ফসফোগ্লিসারিক অ্যাসিড Ans D

15. ইক্ষু, ভুট্টা, দূর্বাঘাস কোন ধরনের উদ্ভিদ? [SAU : 08-09]

Ⓐ C_4 উদ্ভিদ Ⓑ C_3 উদ্ভিদ Ⓒ দ্বিবীজপত্রী উদ্ভিদ Ⓓ নগ্নবীজী উদ্ভিদ

Ans A Solve সালোকসংশ্লেষণের আলোক নিরপেক্ষ অধ্যায়ের ক্যালভিন চক্রের প্রথম স্থায়ী পদার্থ তিন কার্বনবিশিষ্ট ৩-ফসফোগ্লিসারিক অ্যাসিড হওয়ায় এ চক্রকে C_3 চক্রও বলা হয়। যে সব উদ্ভিদে C_3 চক্র দেখা যায় সেগুলোকে C_3 উদ্ভিদ বলে। হ্যাচ ও স্ল্যাক চক্রে প্রথম স্থায়ী পদার্থ 4-কার্বন বিশিষ্ট ডাইকার্বোক্সিলিক অ্যাসিড বলে এ চক্রকে C_4 চক্র বলা হয় এবং এ চক্র যেসব উদ্ভিদে দেখা যায় তাদেরকে C_4 উদ্ভিদ বলে। ইক্ষু, ভুট্টা, দূর্বাঘাস ইত্যাদি C_4 উদ্ভিদ।

16. সালোকসংশ্লেষণে কোন উৎস থেকে অক্সিজেন নির্গত হয়? [SAU : 07-08]

Ⓐ কার্বন ডাই-অক্সাইড Ⓑ পানি
Ⓒ আলোক শক্তি Ⓓ গ্লুকোজ

Ans B Solve রবিন হিল এর হিল বিক্রিয়া, ভ্যান নীল এর পরীক্ষা এবং রুবেন ও কামেনের তেজস্ক্রিয় চিহ্নিতকরণ পরীক্ষায় প্রমাণিত হয়েছে সালোকসংশ্লেষণ প্রক্রিয়ায় নির্গত অক্সিজেন এর উৎস পানি।

17. জীবিত উদ্ভিদের বায়বীয় অংশের অভ্যন্তরীণ কলা হতে জলীয় বাষ্প বের হওয়াকে বলে– [SAU : 07-08]

Ⓐ শ্বসন Ⓑ প্রস্বেদন
Ⓒ বাষ্পীয়ভবন Ⓓ সালোকসংশ্লেষণ Ans B

18. কেলভিন চক্র ঘটে কোনটিতে? [SAU : 06-07]

Ⓐ মাইটোকন্ড্রিয়া Ⓑ ক্লোরোপ্লাস্ট Ⓒ নিউক্লিয়াস Ⓓ গলগি বডি

Ans B Solve আলোক নিরপেক্ষ অধ্যায় অর্থাৎ ক্যালভিন চক্র, হ্যাচ ও স্ল্যাক চক্র এবং CAM প্রক্রিয়া ক্লোরোফিল এর স্ট্রোমাতে সংঘটিত হয়।

19. বীজের অঙ্কুরোদগমে প্রয়োজন– [SAU : 05-06]

Ⓐ আর্দ্রতা Ⓑ আলো Ⓒ তাপ Ⓓ বাতাস

Ans A Solve বপনের পর শুষ্কবীজ ইমবাইবিশন প্রক্রিয়ায় পানি শোষণ করে অঙ্কুরোদগমের উপযোগী হয় অর্থাৎ, আর্দ্রতা বীজের অঙ্কুরোদগমে অত্যাবশ্যক।

20. জীবিত উদ্ভিদের অভ্যন্তরীণ কলা হতে জলীয় বাষ্প নিষ্কৃত হওয়াকে বলে– [SAU : 05-06]

Ⓐ শ্বসন Ⓑ প্রস্বেদন
Ⓒ বাষ্পীয় ভবন Ⓓ সালোকসংশ্লেষণ

Ans B Solve যে শারীরতাত্ত্বিক প্রক্রিয়ায় উদ্ভিদের বায়বীয় অঙ্গ হতে প্রয়োজনের অতিরিক্ত পানি বাষ্পাকারে বের হয়ে যায়, তাকে প্রস্বেদন বলে।

21. যে প্রক্রিয়ায় স্বভোজী জীব অজৈব পদার্থ থেকে জৈব যৌগ তৈরি করে তাকে বলে– [SAU : 04-05]

Ⓐ সালোকসংশ্লেষণ Ⓑ শ্বসন Ⓒ গ্রস্বেদন Ⓓ আত্তীকরণ

Ans A Solve সালোকসংশ্লেষণ প্রক্রিয়ায় স্বভোজী জীব অজৈব পদার্থ থেকে জৈব যৌগ তৈরি করে।

সালোকসংশ্লেষণে সংঘটিত বিক্রিয় :

$$6CO_2 + 12H_2O \xrightarrow[\text{ক্লোরোফিল}]{\text{আলো}} C_6H_{12}O_6 + 6O_2 + 6H_2O$$

প্রস্বেদন : যে শারীরতাত্ত্বিক প্রক্রিয়ায় উদ্ভিদের বায়বীয় অঙ্গ হতে প্রয়োজনের অতিরিক্ত পানি বাষ্পাকারে বের হয়ে যায় তাকে প্রস্বেদন বলে।

শ্বসন : যে জৈব রাসায়নিক প্রক্রিয়ায় জীবকোষস্থ জটিল জৈব যৌগ জারিত হয়ে সেখানে উপস্থিত স্থিতিশক্তি রূপান্তরিত হয়ে গতিশক্তিতে পরিণত হয়, তাকে শ্বসন বলে।

সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়

01. $NADPH_2$ মানবদেহে সালোকসংশ্লেষণের কোন পর্যায়ে তৈরি হয়? [SylAU : 18-19]

Ⓐ অচক্রীয় আলোক পর্যায় Ⓑ অন্ধকার পর্যায়
Ⓒ চক্রীয় আলোক পর্যায় Ⓓ কোনোটিই নয় Ans Blank

02. ক্যালভিন চক্রের প্রথম স্থায়ী জৈব পদার্থ কোনটি? [SylAU : 18-19]

Ⓐ কিটো এসিড Ⓑ ৩-ফসফোগ্লিসারিক এসিড
Ⓒ রাইবুলোজ Ⓓ অক্সালো এসিটিক এসিড

Ans B Solve ৬ কার্বনবিশিষ্ট কিটো এসিড এক অণু H_2O গ্রহণ করে হাইড্রোলাইসিস প্রক্রিয়ায় সাথে সাথেই দুই অণু ফসফোগ্লিসারিক এসিড (3PGA) উৎপন্ন করে। ক্যালভিন চক্রে উৎপন্ন প্রথম স্থায়ী পদার্থ ৩-কার্বনবিশিষ্ট বলে একে C_3 চক্রও বলা হয়।

03. নিচের কোন প্রক্রিয়ায় অক্সিজেনের প্রয়োজন পড়ে না? [SylAU : 17-18]

Ⓐ Krebs cycle Ⓑ Glycolysis
Ⓒ Acetyl Co-A Ⓓ Calvin cycle

Ans B Solve গ্লাইকোলাইসিস প্রক্রিয়ায় জন্য কোনো O_2 প্রয়োজন পড়ে না। এটি সবাত ও অবাত উভয় শ্বসনেরই প্রথম ধাপ। [Ref: হাসান]

04. কোনটি পত্ররন্ধ্রের খোলা বন্ধের ওপর প্রভাব বিস্তার করে? [SylAU : 17-18]

Ⓐ Pressure potential Ⓑ Water potential
Ⓒ Solute potential Ⓓ Osmotic potential

Ans D Solve কোষ হতে অন্তঃঅভিস্রবণ প্রক্রিয়ায় পানি শোষণ করে রক্ষী কোষ স্ফীত হয়ে উল্টোদিকে বেঁকে যায় এবং রন্ধ্র খুলে যায়। অপরপক্ষে বহিঃঅভিস্রবণের ফলে রক্ষীকোষদ্বয় স্ফীতি হারিয়ে শিথিল হয়ে পড়ে ফলে রন্ধ্র বন্ধ হয়ে যায়।

05. নিচের কোনটি আয়রন-সালফার প্রোটিন? [SylAU : 17-18]

Ⓐ এনএডিপি-রিডাক্টেজ Ⓑ প্লাস্টোসায়ানিন
Ⓒ ফিয়োফাইটিন Ⓓ ফেরিডক্সিন

Ans D Solve ফেরিডক্সিন একটি আয়রন-সালফার প্রোটিন। এর লৌহ ইলেকট্রন গ্রহণ করে ও বিতরণ করে। [Ref: হাসান]

06. সালোকসংশ্লেষণের সময় নির্গত O_2 এর উৎস কী? [SylAU : 16-17]

Ⓐ CO_2 Ⓑ H_2O Ⓒ H_2O_2 Ⓓ $C_6H_{12}O_6$

Ans B Solve সালোকসংশ্লেষণের সময় নির্গত O_2 এর উৎস হলো পানি (H_2O)। [Ref: হাসান]

07. কোনটি বায়োলজিক্যাল কয়েন? [SylAU : 16-17]

Ⓐ DNA Ⓑ RNA Ⓒ ATP Ⓓ NAD

Ans C Solve ATP কে বায়োলজিক্যাল কয়েন বলে। উদ্ভিদদেহে শক্তি ATP আকারে সঞ্চিত হয়।

08. 'ল অব মিনিমাম' এর প্রস্তাবক কে? [SylAU : 15-16]

Ⓐ লুন্ডেবার্গ Ⓑ লিবিগ Ⓒ বেনেট ক্লার্ক Ⓓ জে.কে.পানাম

Ans B Solve ১৮৪৩ সালে লিবিগ (Liebig, 1843) 'ল অব মিনিয়াম' (Law of minimum) প্রস্তাব করেন। [Ref: হাসান]

09. পাতার পরিবর্তে কাণ্ডের সাহায্যে সালোকসংশ্লেষণ করে কোন উদ্ভিদ? [SylAU : 14-15]

Ⓐ কলাগাছ Ⓑ ভুট্টা
Ⓒ পেঁয়াজ Ⓓ ফণীমনসা **Ans D**

10. কোনটি ছোট দিনের উদ্ভিদের উদাহরণ? [SylAU : 14-15]

Ⓐ টমেটো Ⓑ মূলা Ⓒ সূর্যমুখী Ⓓ আম

Ans D Solve সয়াবিন, আলু, তামাক, চন্দ্রমল্লিকা, পাট, আম, ডালিম, শিম, রোপা আমন, ধান, ইক্ষু প্রভৃতি উদ্ভিদ হলো ছোট দিনের উদ্ভিদ। [Ref : হাসান]

11. হাইড্রোফিলিক পদার্থ হলো– [SylAU : 13-14]

Ⓐ আঠা Ⓑ প্রোটিন
Ⓒ জিলাটিন Ⓓ সবগুলোই **Ans D**

12. NADP কী? [SylAU : 13-14]

Ⓐ এনজাইম Ⓑ কো-এনজাইম Ⓒ ভিটামিন Ⓓ হরমোন

Ans B Solve **কয়েকটি কো-এনজাইমের উদাহরণ:** NADP, NAD, ATP, $NADPH + H^+$, FAD প্রভৃতি। [Ref : হাসান]

13. উদ্ভিদের পত্ররন্ধ্র পূর্ণখোলা থাকে– [SylAU : 12-13]

Ⓐ সকাল ৬-৮টা Ⓑ সকাল ১০-১১টা
Ⓒ বিকাল ৩-৫টা Ⓓ রাত্রিতে

Ans B Solve সূর্যরশ্মির প্রখরতা বাড়ার সাথে সাথে পত্ররন্ধ্র ক্রমেই গিয়ে বেলা ১০-১১ টার মধ্যে পুরোপুরি খুলে যায়। [Ref : হাসান]

14. কোনটি নিরপেক্ষ দিনের উদ্ভিদ? [SylAU : 12-13]

Ⓐ গোল আলু Ⓑ কলমি শাক
Ⓒ লেটুস Ⓓ টমেটো

Ans D Solve টমেটো, তুলা, শসা, কার্পাস, সূর্যমুখী প্রভৃতি হলো দিন নিরপেক্ষ উদ্ভিদ। [Ref : হাসান]

15. ক্লোরোফিল-a এর আণবিক সংকেত– [SylAU : 11-12]

Ⓐ $C_{55}H_{70}O_6N_4Mg$ Ⓑ $C_{55}H_{72}O_5N_4Mg$
Ⓒ $C_{55}H_{72}O_6N_4Mg$ Ⓓ $C_{55}H_{70}O_5N_4Mg$

Ans B Solve • ক্লোরোফিল a-এর সংকেত → $C_{55}H_{72}O_5N_4Mg$
• ক্লোরোফিল b-এর সংকেত → $C_{55}H_{70}O_6N_4Mg$ [Ref : হাসান]

16. নিচের কোনটি C_4 উদ্ভিদ নয়? [SylAU : 11-12]

Ⓐ ভুট্টা Ⓑ ইক্ষু
Ⓒ মুথা ঘাস Ⓓ তামাক

Ans D Solve **C_3 ও C_4 উদ্ভিদমূহ :**
• **C_4 উদ্ভিদ :** ভুট্টা, ইক্ষু, মুথা ঘাস প্রভৃতি।
• **C_3 উদ্ভিদ :** পাট, আম, জাম, কলা, লিচু প্রভৃতি। [Ref : হাসান]

17. ATP তৈরি হয় কোন ফটোফসফোরাইলেশনে? [SylAU : 10-11]

Ⓐ চক্রীয় Ⓑ অচক্রীয়
Ⓒ A ও B উভয়টিতে Ⓓ কোনোটিই নয়

Ans C Solve সালোকসংশ্লেষণ প্রক্রিয়ায় আলোক শক্তি ব্যবহার করে ATP তৈরির প্রক্রিয়াকে বলে ফটোফসফোরাইলেশন। ফটোফসফোরাইলেশন অচক্রীয় ও চক্রীয় দুভাবেই হয়। [Ref : হাসান]

18. পত্ররন্ধ্র বন্ধ ও খোলা রাখার মূল কাজটি করে– [SylAU : 09-10]

Ⓐ জাইলেম কোষ Ⓑ রক্ষীকোষ
Ⓒ ট্রাইস্যাকারাইড Ⓓ মনোস্যাকারাইড

Ans B Solve পত্ররন্ধ্র বন্ধ ও খোলা রাখার মূল কাজটি করে রক্ষীকোষ। [Ref: হাসান]

19. কোন খনিজ লবণের অভাবে গাছের পাতা ও ফুল ঝরে পড়ে? [SylAU : 09-10]

Ⓐ ফসফরাস Ⓑ ম্যাঙ্গানিজ Ⓒ লৌহ Ⓓ ম্যাগনেশিয়াম **Ans A**

20. শ্বসন একটি– [SylAU : 09-10]

Ⓐ উপচিতি প্রক্রিয়া Ⓑ অপচিতি প্রক্রিয়া
Ⓒ A ও B উভয়ই Ⓓ কোনোটিই নয় **Ans B**

21. ক্রেবস চক্র কোন অঙ্গাণুতে সংঘটিত হয়? [SylAU : 09-10]

Ⓐ লাইসোসোম Ⓑ সেন্ট্রিওল
Ⓒ মাইটোকন্ড্রিয়া Ⓓ গলগি বডি

Ans C Solve ক্রেবস চক্র, ফ্যাটি এসিড চক্র, ইলেকট্রন ট্রান্সপোর্ট প্রভৃতি মাইটোকন্ড্রিয়াতে সংঘটিত হয়। [Ref: হাসান]

22. এক গ্লাস পানিতে এক চামচ চিনি ঢেলে দিলে চিনির অণুগুলো ক্রমান্বয়ে গ্লাসের সমস্ত পানিতে মিশে যায় কোন প্রক্রিয়ায়– [SylAU : 09-10]

Ⓐ অভিস্রবন Ⓑ ইমবাইবিশন
Ⓒ প্লাজমোলাইসিস Ⓓ ব্যাপন

Ans D Solve এক গ্লাস পানিতে এক চামচ চিনি ঢেলে দিলে চিনির অণুগুলো ক্রমান্বয়ে গ্লাসের সমস্ত পানিতে ব্যাপনের মাধ্যমে বিস্তার লাভ করবে এবং পানিটুকুকে সমান মিষ্টি স্বাদ প্রদান করবে। [Ref: হাসান]

23. নিচের কোনটি Long Day Plant? [SylAU : 09-10]

Ⓐ মূলা Ⓑ পাট Ⓒ ধান Ⓓ গম

Ans A Solve মূলা, পালংশাক, লেটুস, আফিম, যব, ঝিঙা প্রভৃতি বড় দিনের উদ্ভিদ বা Long Day Plants। [Ref: হাসান]

পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

01. মাটিস্থ কোন পানি উদ্ভিদের জন্য সহজলভ্য? [PSTU : 14-15]

Ⓐ Gravitional water Ⓑ Capillary water
Ⓒ Imbibitonal water Ⓓ Hygroscopic water

Ans B Solve মাটি কণার কৈশিকত্বের প্রভাবে যে পানি তার ফাঁকে ফাঁকে সঞ্চিত থাকে তাকে কৈশিক পানি বলে। কৈশিক (Capillary) পানি উদ্ভিদের জন্য সহজলভ্য। [Ref: হাসান]

02. উদ্ভিদ মাটির কোন পানি বেশি গ্রহণ করে? [PSTU : 12-13]

Ⓐ কৈশিক পানি Ⓑ কণাশোষিত পানি
Ⓒ বাষ্পকণাজাত পানি Ⓓ অভিকর্ষীয় পানি

Ans A Solve উদ্ভিদের জন্য মাটির কৈশিক পানি বেশি গৃহীত হয়। কারণ কৈশিক পানি খুব সহজেই উদ্ভিদ শোষণ করতে পারে। [Ref: হাসান]

03. সালোকসংশ্লেষণ প্রক্রিয়া কোথায় সম্পন্ন হয়? [PSTU : 12-13]

Ⓐ এপিডার্মিসে Ⓑ কোষ ও শিরায়
Ⓒ পত্ররন্ধ্র ও বায়ু কুঠুরিতে Ⓓ প্যালিসেড স্পাঞ্জিকলার কোষে

Ans D Solve পাতার মেসোফিল টিস্যুতে ক্লোরোপ্লাস্ট বিন্যস্ত থাকে। মেসোফিল টিস্যু প্যালিসেড স্পঞ্জিকলার কোষে গঠিত। [Ref: হাসান]

04. উদ্ভিদ কোন প্রক্রিয়ায় পানি শোষণ করে? [PSTU : 10-11]

Ⓐ ব্যাপন Ⓑ ইমবাইবিশন Ⓒ অভিস্রবণ Ⓓ সবকটি

Ans D Solve A, B, C অপশনের সকল বিষয়গুলো উদ্ভিদের পানি শোষণের ক্ষেত্রে প্রযোজ্য। [Ref: হাসান]

05. উদ্ভিদের শ্বসনের ধাপকে নিয়ন্ত্রণ করে? [PSTU : 10-11]
Ⓐ এনজাইম Ⓑ জিবেরেলিন Ⓒ প্রভাবক Ⓓ ভিটামিন
Solve উদ্ভিদের শ্বসন প্রক্রিয়াকে নিয়ন্ত্রণ করে এনজাইম। এনজাইম ছাড়া বিক্রিয়া সংঘটিত হওয়া সম্ভব নয়। [Ref: হাসান]

06. কোনটি C_4 উদ্ভিদ? [PSTU : 09-10]
Ⓐ গম Ⓑ ধান Ⓒ ভুট্টা Ⓓ আনারস
Solve • C_3 উদ্ভিদ: ধান, গম, আম, জাম প্রভৃতি।
• C_4 উদ্ভিদ: ইক্ষু, ভুট্টা ক্র্যাব ঘাস প্রভৃতি। [Ref: হাসান]

07. অ্যাসিটাইল কো-এ নিচের কোন চক্রে প্রবেশ করে? [PSTU : 06-07]
Ⓐ গ্লাইকোলাইসিস Ⓑ ফারমেনটেমন
Ⓒ ক্রেবস চক্র Ⓓ ফসফোরাইলেশন **Ans Ⓒ**

08. হ্যাচ ও স্লাক চক্রে C_4 উদ্ভিদে প্রথম স্থায়ী পদার্থ কোনটি? [PSTU : 06-07]
Ⓐ অক্সালোএসিটিক এসিড Ⓑ ম্যালিক এসিড
Ⓒ পাইরুভিক এসিড Ⓓ ফসফোগ্লিসারিক এসিড **Ans Ⓐ**

09. উদ্ভিদে সবচেয়ে বেশি প্রস্বেদন হয় কিসের মাধ্যমে? [PSTU : 06-07]
Ⓐ পত্ররন্ধ্রের মাধ্যমে Ⓑ লেন্টিকুলারের মাধ্যমে
Ⓒ কিউটিকলের মাধ্যমে Ⓓ হাইডাথোডের মাধ্যমে **Ans Ⓐ**

10. সবাত শ্বসনে এক অণু গ্লুকোজ সম্পূর্ণ জারিত হয়ে কত অণু ATP উৎপন্ন করে? [PSTU : 06-07]
Ⓐ ১৮ Ⓑ ৩২ Ⓒ ৪০ Ⓓ ৩৬ **Ans Ⓓ**

11. সালোকসংশ্লেষণ প্রক্রিয়ার আলোকে রাসায়নিক দশটি সংঘটিত হয়– [PSTU : 04-05]
Ⓐ মাইটোকন্ড্রিয়ায় Ⓑ ক্লোরোপ্লাস্টে Ⓒ স্টোমাটায় Ⓓ ক্লোরোপ্লাস্টের গ্রানায়
Solve
• সালোকসংশ্লেষণের আলোক পর্যায় সংঘটিত হয় ক্লোরোপ্লাস্টের গ্রানাতে।
• সালোকসংশ্লেষণের অন্ধকার পর্যায় সংঘটিত হয় স্ট্রোমাতে। [Ref: হাসান]

12. C_4 উদ্ভিদে সালোকসংশ্লেষণ প্রক্রিয়ায় প্রথম স্থায়ী পদার্থ– [PSTU : 02-03]
Ⓐ Phosphoglyceric Acid Ⓑ Phosphoenol Pyruvic Acid
Ⓒ Oxalo acetic Acid Ⓓ Ribulose 5-Phosphate
Solve C_3 উদ্ভিদের প্রথম স্থায়ী পদার্থ ফসফোগ্লিসারিক এসিড, এবং C_4 উদ্ভিদের প্রথম স্থায়ী পদার্থ অক্সালো অ্যাসিটিক এসিড। [Ref: হাসান]

13. কোন প্রক্রিয়ায় আলোক শক্তি রাসায়নিক শক্তিতে রূপান্তরিত হয়– [PSTU : 02-03]
Ⓐ Respiration Ⓑ Imbibition
Ⓒ Glycolysis Ⓓ Photosysthesis
Solve সালোকসংশ্লেষণ বা Photosynthesis প্রক্রিয়ায় আলোক শক্তি রাসায়নিক শক্তিতে রূপান্তরিত হয়। [Ref: হাসান]

14. মরুজ উদ্ভিদগুলোকে সাধারণত কি নামে আখ্যায়িত করা হয়? [PSTU : 00-01]
Ⓐ C_3 উদ্ভিদ Ⓑ CAM উদ্ভিদ Ⓒ C_4 উদ্ভিদ Ⓓ কোনোটিই নয়
Solve মরুভূমির উদ্ভিদের স্টোম্যাটা সাধারণত রাত্রিতে খোলে তাই পানির অপচয় হয় না। এরা অধিকাংশ CAM উদ্ভিদ। [Ref: হাসান]

ঝিনাইদহ সরকারি ভেটেরিনারি কলেজ

01. ইলেকট্রন ট্রান্সপোর্ট সিস্টেম ATP তৈরির প্রক্রিয়াকে কী বলা হয়? [JGVC: 19-20]
Ⓐ অক্সিডেটিভ ফসফোরাইলেশন Ⓑ রেসপিরেশন
Ⓒ ফটোসিনথেসিস Ⓓ ফটোফসফোরাইলেশন
Solve • অক্সিডেটিভ ফসফোরাইলেশন → ইলেকট্রন ট্রান্সপোর্ট সিস্টেমে ATP তৈরির প্রক্রিয়া।
• রেসপিরেশন → জীবকোষস্থ জটিল জৈবযৌগে সঞ্চিত স্থিতিশক্তি রূপান্তরিত হয়ে রাসায়নিক গতিশক্তিতে পরিণত হওয়ার প্রক্রিয়া।
• ফটোসিনথেসিস → আলোকশক্তিকে শোষণ করে তা সঞ্চিত রাসায়নিক শক্তিতে রূপান্তরের প্রক্রিয়া।
• ফটোফসফোরাইলেশন → সূর্যালোকের শক্তিকে ব্যবহার করে ATP তৈরির প্রক্রিয়া।

02. গ্লাইকোলাইসিস কোষের কোথায় সংঘটিত হয়? [JGVC: 18-19]
Ⓐ মাইটোকন্ড্রিয়ায় Ⓑ নিউক্লিয়াসে Ⓒ কোষ পর্দায় Ⓓ সাইটোপ্লাজম
Solve জীবের জন্য সবচেয়ে বড় শারীরবৃত্তীয় কাজ হলো শ্বসন। শ্বসনের প্রথম পর্যায় তথা গ্লাইকোলাইসিস সংঘটিত হয় সাইটোপ্লাজমে। [Ref : হাসান]

চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়

01. সালোকসংশ্লেষণে নির্গত অক্সিজেনের উৎস কী? [CVASU: 18-19]
Ⓐ CO_2 Ⓑ H_2O Ⓒ O_3 Ⓓ CO
Solve সালোকসংশ্লেষণে নির্গত অক্সিজেনের উৎস হলো পানি (H_2O)। পানি ফটোসিনথেসিস প্রক্রিয়ায় অংশগ্রহণ করে এবং ফটোলাইসিস তথা সালোক বিভাজনের মাধ্যমে ভেঙে O_2 হিসেবে বায়ুতে নির্গত হয়। [Ref : হাসান]

02. ক্রাঞ্জ অ্যানাটমি দেখা যায়– [CVASU: 18-19]
Ⓐ CAM উদ্ভিদে Ⓑ C_4 উদ্ভিদে Ⓒ C_3 উদ্ভিদে Ⓓ সবগুলোতে
Solve C_4 উদ্ভিদে ক্রাঞ্জ অ্যানাটমি দেখা যায়। C_4 উদ্ভিদের পাতায় Kranz অ্যানাটমির জন্য এর খাদ্য উৎপাদন ক্ষমতা বেশি ও অতি সহজভাবে এটি পরিবাহিত হতে পারে।
[**Note :** পাতায় বান্ডলসিথকে ঘিরে অরীয়ভাবে সজ্জিত মেসোফিল কোষের ঘন স্তরকে kranz anatomy বলা হয়।] [Ref : হাসান]

03. ক্লোরোফিল আলোক রশ্মির কোনটি শোষণ করে- [CVASU: 18-19]
Ⓐ আয়ন Ⓑ নিউট্রন Ⓒ ফোটন Ⓓ ইলেকট্রন
Solve ক্লোরোফিল অণু আলোকরশ্মির ফোটন (photon) শোষণ করে এবং শোষণকৃত ফোটন হতে শক্তি সঞ্চয় করে উচ্চ শক্তিসম্পন্ন ATP তৈরি করে। [Ref : হাসান]

04. সালোকসংশ্লেষণ-এর প্রধান রঞ্জক হলো– [CVASU: 18-19]
Ⓐ ক্লোরোফিল-a Ⓑ ফাইলোইরিথ্রিন
Ⓒ ক্যারোটিন Ⓓ জ্যান্থোফিল
Solve সালোকসংশ্লেষণের প্রধান রঞ্জক হলো ক্লোরোফিল-a। অধুনা বিজ্ঞানীরা মনে করেন, ক্লোরোফিল-a একমাত্র পিগমেন্ট যার শোষিত আলোকশক্তি সালোকসংশ্লেষণে কাজে লাগে এবং অন্যান্য পিগমেন্টগুলো তাদের শোষিত আলোকশক্তি ক্লোরোফিল-a কে প্রদানপূর্বক সালোকসংশ্লেষণে সাহায্য করে।

05. সালোকসংশ্লেষণে উৎপাদিত আত্তীকরণ শক্তি হলো- [CVASU: 17-18]
Ⓐ ATP ও $NADPH_2$ Ⓑ RuDP ও RuMP
Ⓒ পানি ও অক্সিজেন Ⓓ গ্লুকোজ ও পানি
Solve CO_2 আত্তীকরণের মাধ্যমে শর্করা প্রস্তুত করতে ATP ও $NADPH + H^+$ এর শক্তি ব্যবহৃত হয় বলে ATP ও $NADPH + H^+$ কে আত্তীকরণ শক্তি বলে। [Ref : হাসান]

06. কোনটি C_4 উদ্ভিদ? [CVASU: 17-18]
Ⓐ ধান Ⓑ গম Ⓒ আটা Ⓓ ইক্ষু
Solve C_3 ও C_4 উদ্ভিদ :
• C_3 উদ্ভিদ : ধান, গম, পাট, আম, জাম প্রভৃতি।
• C_4 উদ্ভিদ : ভুট্টা, ইক্ষু, ক্র্যাব ঘাস প্রভৃতি। [Ref : হাসান]

07. সালোকসংশ্লেষণে ব্যবহৃত দৃশ্যমান আলোক বর্ণালির তরঙ্গ দৈর্ঘ্যের সীমা হলো– [CVASU: 16-17]
Ⓐ 360 - 790nm Ⓑ 390 - 760nm Ⓒ 460 - 970nm Ⓓ 630 - 970nm
Solve সলোকসংশ্লেষণে ব্যবহৃত আলোতে সাত ধরনের তড়িৎ তরঙ্গ রয়েছে যার সর্বনিম্ন দৈর্ঘ্য 390 nm এবং সর্বোচ্চ দৈর্ঘ্য 760 nm.

08. কোনটি ছোট দিনের উদ্ভিদ? [CVASU: 16-17]
Ⓐ গম Ⓑ তামাক Ⓒ মূলা Ⓓ মটরশুঁটি **Ans Ⓑ**

09. সালোকসংশ্লেষণ প্রক্রিয়ায় কোন রঙের আলো বেশি ব্যবহৃত হয়? [CVASU: 15-16]
Ⓐ লাল ও সবুজ Ⓑ লাল ও কমলা Ⓒ লাল ও নীল Ⓓ লাল ও বেগুনি
Solve সালোকসংশ্লেষণের সময় বেগুনি-নীল ও কমলা-লাল আলো বেশি ব্যবহৃত হয়। একক আলো হিসেবে লাল আলোতে সালোকসংশ্লেষণ বেশি হয়। [Ref : হাসান]

10. কোনটি দিন নিরপেক্ষ উদ্ভিদ? [CVASU: 15-16]
Ⓐ আলু Ⓑ পাট Ⓒ গম Ⓓ টম্যাটো
Solve দিন নিরপেক্ষ উদ্ভিদ : টম্যাটো, তুলা, শসা, কার্পাস, সূর্যমুখী প্রভৃতি। [Ref : হাসান]

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

11. অভিস্রবণ প্রক্রিয়ায় কোন ধরনের ঝিল্লি প্রযোজ্য? [CVASU: 15-16]

Ⓐ ভেদ্য Ⓑ বৈষম্যভেদ্য
Ⓒ অভেদ্য Ⓓ কোনোটিই নয়

Ans B Solve অভিস্রবণ প্রক্রিয়ায় বৈষম্যভেদ্য প্রকৃতির ঝিল্লি প্রযোজ্য। এ প্রক্রিয়ায় দ্রাবক পদার্থ বেশি ঘনত্ব থেকে কম ঘনত্বে ব্যাপিত হয়। [Ref : হাসান]

12. কোন অম্লটি ক্রেবস চক্রের সাথে সম্পৃক্ত নয়? [CVASU: 15-16]

Ⓐ সাইট্রিক অ্যাসিড Ⓑ ফিউমারিক অ্যাসিড
Ⓒ অক্সালো অ্যাসিটিক অ্যাসিড Ⓓ নাইট্রিক অ্যাসিড

Ans D Solve A, B ও C অপশনের অ্যাসিডগুলো ক্রেবস চক্রের জন্য প্রযোজ্য। কিন্তু নাইট্রিক অ্যাসিড ক্রেবস চক্রের জন্য প্রযোজ্য নয়। [Ref : হাসান]

13. ক্যালভিন চক্রে কোন পদার্থটি জমা হয়? [CVASU: 14-15]

Ⓐ কিটোঅ্যাসিড Ⓑ রাইবুলোজ ১, ৫ বিসফসফেট
Ⓒ গ্লুকোজ Ⓓ ফসফোগ্লিসারালডিহাইড **Ans C**

14. C_3 উদ্ভিদের সালোকসংশ্লেষণে প্রথম স্থায়ী যৌগ কোনটি? [CVASU: 14-15]

Ⓐ পাইরুভিক অ্যাসিড Ⓑ অক্সালো-অ্যাসিটিক অ্যাসিড
Ⓒ ফসফোগ্লিসারিক অ্যাসিড Ⓓ সাকসিনিক অ্যাসিড

Ans C Solve C_3 উদ্ভিদের প্রথম স্থায়ী পদার্থ ফসফোগ্লিসারিক এসিড। C_4 উদ্ভিদের প্রথম স্থায়ী পদার্থ হলো অক্সালো অ্যাসিটিক অ্যাসিড। [Ref : হাসান]

15. মূলরোম হতে পানি ও খনিজ লবণ জাইলেম পর্যন্ত যেতে কয়টি পাথওয়ে অনুসরণ করে? [CVASU: 14-15]

Ⓐ ৫টি Ⓑ ৩টি
